Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কঠোপনিষৎ

তং দুর্দর্শং গূঢ়মনুপ্রবিষ্টং
গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণম্ ।
অধ্যাত্মযোগাধিগমেন দেবং
মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি ॥

(কঠ ১।২।১২)

সম্পাদক

ব্রহ্মচারী শিশিরকুমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Sree Brahmananda.
Sree Sree Mata Anandamaya Ashram
B2/94 Bhadaini
Baranasi
U.P

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কঠোপনিষৎ

(মূল, অন্বয়, অনুবাদ ও অনুধ্যানসহ)

সম্পাদক

ব্রহ্মচারী শিশিরকুমার

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক

কিঙ্কর বিমলানন্দ

১১।বি চেতলা সেণ্ট্রাল রোড

কলিকাতা—২৭

প্রথম সংস্করণ—১১০০

শ্রীপঞ্চমী

১৩৭৭ বাংলা

মূল্য—২'০০ টাকা

মুদ্রক

শ্রীজীবনকৃষ্ণ বসু

নব শ্রীধর প্রেস

৫৭।৪এ, কলেজ ষ্ট্রীট

কলিকাতা—১২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসর্গ

শ্রীগুরুকৃপার অমৃত সিঞ্চনে
সঞ্জীবিত্ হইয়া
যাঁহার জীবন-তরু
অধ্যাত্মতত্ত্বের ফল: ফুলে
শোভায়মান,
— গুরুগতপ্রাণ
আমাদের পরমপূজনীয় গুরুভ্রাতা শ্রী১০৮ স্বামী
ধনঞ্জয়দাসজী, ব্রজবিদেহী মহন্ত মহারাজের
শ্রীকরকমলে পরমশ্রদ্ধাভরে এই গ্রন্থ
অর্পণ করিয়া কৃতার্থ হইলাম।

শ্রীপঞ্চমী
১৩৭৭ বাং } প্রণতঃ
ব্রহ্মচারী শিশিরকুমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাপ্তিস্থান :

১। প্রকাশকের নিকট—

২। আর্য্যশাস্ত্র কার্য্যালয়
৬৮সি বিধান সরণী, কলিকাতা-৬

৩। মহেশ লাইব্রেরী
২।১ শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা—১২

৩। শ্রীনির্ম্মল কুমার ভট্টাচার্য্য
৬৫।৫সি বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা—৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

শ্রীযুক্তা গঙ্গাদেবী, পঞ্চতীর্থ, বেদান্ত সরস্বতী।

শ্রীযুক্ত শিশির ব্রহ্মচারী দীর্ঘদিন যাবৎ গীতা, চণ্ডী, ভাগবৎ প্রভৃতি শাস্ত্রসমূহের প্রচারে ব্রতী আছেন। তিনি সর্ব্বজনপরিচিত সুলেখক। বর্ত্তমানে ব্রহ্মচারীজি উপনিষৎ প্রচারে আত্মনিয়োগ করিয়াছেন। তাঁহার সম্পাদিত কঠোপনিষদের ভূমিকা লিখিতে অনুরুদ্ধ হইয়াছি।

কঠোপনিষৎ অধ্যাত্মরাজ্যের এক অমূল্য সম্পদ। ভাবের মাধুর্য্যে, তত্ত্বের গাম্ভীর্য্যে, ত্যাগ বৈরাগ্যের অনবদ্য সম্পদে আত্মবিজ্ঞানের চরম ও পরম মীমাংসায় কঠোপনিষৎ অতুলনীয়।

উপনিষৎ অপৌরুষেয়। ইহার ভাব ভাষা ছন্দ তত্ত্ব-বিশ্লেষণ প্রচলিত সাধারণ সংস্কৃত হইতে উন্নত সংক্ষিপ্ত, সুতরাং ভিন্ন। বৈদিক ভাষায় কথঞ্চিৎ জ্ঞান না থাকিলে উপনিষদের তত্ত্ব বোধগম্য হওয়া সুকঠিন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফলে সাধারণ মানুষ উপনিষৎকে দুর্জ্ঞেয় মনে করিয়া দূরেই থাকেন ও এড়াইয়া চলেন।

মাননীয় ব্রহ্মচারী মহাশয় উপনিষদের অন্বয়, অনুবাদ করিয়া অনুধ্যানে তাহার গভীর রহস্য সকল সরল ভাষায় উদ্‌ঘাটন করতঃ উপনিষৎকে সর্ব্বজনের বোধগম্য করিয়াছেন। উপনিষদের দুর্ব্বোধ্যতা দূর হইয়াছে। ক্ষুদ্র আকারে সহজ সরল উপনিষৎ দেখিয়া অনেকেরই উপনিষদ্ ভীতি দূর হইয়াছে এবং সর্ব্বদা সঙ্গে রাখিয়া অনেকেই নিত্য উপনিষৎ পাঠের সৌভাগ্য লাভ করিবেন মনে করি।

উপনিষদবেদ্য "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" বিজ্ঞান, সর্ব্বত্র সমবুদ্ধি সকলের মধ্যে সুপ্রকাশ হউক। অনাদি অনন্ত ভেদবুদ্ধি বিদূরিত হইয়া উপনিষৎ-প্রতিপাদ্য সাম্যবাদ সর্ব্বত্র সুপ্রসারিত হউক। গৃহ সমাজ রাষ্ট্রে শান্তির হাওয়া প্রবাহিত হউক। ব্রহ্মচারীজির শ্রম সার্থক—ধন্য হউক। তিনি সুস্থকায় দীর্ঘায়ু হইয়া শাস্ত্র ও উপনিষদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মর্ম্মবাণী সকল উদ্ঘাটন ও প্রচার করতঃ জনসেবা করিতে থাকুন।

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ

পরিচিতি

এক বহু হলেন, আনন্দ আস্বাদনের জন্য। সৃষ্টি করলেন চতুর্দশ ভুবন, অনন্ত সৌর, জীব ও জগৎ। অনাদির আদি পুরুষ ব্রহ্মার হৃদয়ে প্রকাশ করলেন "ওঁকারতত্ত্ব"—একের মধ্যে অনন্তকে, অণুর মধ্যে অসীম চেতন সত্তাকে বিধাতা নিহিত রাখতে জানেন। তাঁর অচিন্ত্য সৃজনকৌশলে একটি ক্ষুদ্র জীবনকণার মধ্যে এক বিপুল জীবনকে তিনি ধরে রাখেন। ওঁকারের মধ্যেও বিধৃত ছিল মহাসৃষ্টির সমস্ত তত্ত্ব। সেজন্য ওঁকারকে নিত্য সত্য স্বয়ম্ভু ব্রহ্মেরই শব্দরূপ বলা হয়। যেমন অতি ক্ষুদ্র বীজ থেকে বিরাট মহীরুহের জন্ম, তেমনি সর্বজ্ঞানের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমাহার মহাময় লক্ষ শ্লোকাত্মক বেদ ওঁকার-তত্ত্ব থেকেই বিকশিত।

আদিপুরুষ নিজেকে বহুরূপে ব্যক্ত করলেন। আনন্দলীলার পুষ্টির জন্য সৃষ্টি করলেন আলো অন্ধকার, মায়া ও মুক্তি, আনন্দ ও বেদনা, অমৃত ও গরল, জীবন ও মৃত্যু, জরা, দুঃখ, শোক, ভয়—সকল ক্ষয় ও ক্ষমাহীন মৃত্যুর তাড়না থেকে মুক্তির উপায়ও করলেন প্রকাশ। কেমন করে সৃষ্টির বিকাশ বৃদ্ধি ও বিনাশ হয় তার পরম তত্ত্ব বেদে বিধৃত। অদ্বয়পুরুষ থেকে বেদের আবির্ভাব। বেদের কোন রচয়িতা নাই, তাই বেদকে বলা হয় 'অপৌরুষেয়'। পরা-অপরা সকল জ্ঞানের বীজ নিহিত রয়েছে বেদে। বেদের দুই ভাগ—মন্ত্র ও ব্রাহ্মণ। "মন্ত্রব্রাহ্মণাত্মকঃ বেদনামধেয়ম্" ॥ মন্ত্রভাগকে বলা হয় সংহিতা। এই ভাগে আছে যাগযজ্ঞ, ক্রিয়াকর্ম, বিধি নিষেধ ও মন্ত্রমালা। ব্রাহ্মণভাগে আছে স্তোত্র, ইতিবৃত্ত, উপাসনা ও ব্রহ্মবিদ্যার বর্ণনা। বেদের এক লক্ষ মন্ত্রের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশি হাজার কর্মপ্রধান, ষোল হাজার উপাসনাপ্রধান, চার হাজার জ্ঞানপ্রধান। এই জ্ঞানপ্রধান মন্ত্রগুলিই উপনিষদ্। বেদের অন্ত, মন্থিত পরাজ্ঞানের অমৃত বলেই উপনিষদকে বলা হয় বেদান্ত। বেদান্ত বলতে প্রাচীনকালে সাধারণতঃ 'আরণ্যক' ও 'উপনিষদ্' এই দুটীকেই বোঝাত। ব্রাহ্মণভাগে যে কর্ম প্রপঞ্চিত—তার রহস্যাখ্যান ব্যক্ত হয়েছে আরণ্যকে আর তাত্ত্বিক বিবৃতি উপনিষদে।

উপনিষদে রয়েছে পরম তত্ত্ব, চরম সত্য—অনন্ত জীবসৃষ্টি ও জগৎসৃষ্টির রহস্য উন্মোচনের কুঞ্চিকা—জীবের পরিচয় কি, তার সত্য প্রয়োজন কিসে, কোন সম্পদে তা মিটে, কোন ঘটে জীবনের পুষ্টি, নিত্যানন্দময় স্থিতি, পরম পরিণতি—তার অলোকসামান্য আলোচনা—জীবনকে জানার, জ্যোতির্ময়রূপে পাওয়ার,—অখণ্ড আনন্দলোকে পৌঁছার আলো—যে আলো জরা, ব্যাধি, দুঃখ, অসংখ্য ভয়তাড়িত তমসালোক থেকে আত্মাকে নিয়ে যায় চিন্ময় চৈতন্যলোকে ; যে জীবনে অবিরল আনন্দের ক্ষরণ আছে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

·· Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু ক্ষয় নাই—মৃত্যু থেকে সেই মহাজীবনে উত্তরণের পন্থা বিধৃত রয়েছে উপনিষদে। ক্ষণচপল সুখ—যা বড় দুঃখের, বহু বেদনার পটভূমি রচনা করে আত্ম অপচয়ে, অবক্ষয়ে—তা থেকে শেষহীন ভাস্বর ভূমানন্দ লাভের, সকল ভয় থেকে অনন্ত অভয়লোকে, দৈবীমায়ার দুরন্ত দাহ ও দহন থেকে দিব্যধামে পৌছার পরম মন্ত্র হোল উপনিষদ্। উপনিষদ্ সকল তত্ত্বের অন্ত,—অনন্ত জ্ঞানের আকর,—সত্যের শাশ্বত, সুমঙ্গল ভাণ্ডার।

যা সত্য তার অভিব্যক্তি অশেষ, তার অভিনিবেশ নব নব আলোকে, আনন্দলোকে,—নিত্যনিরঞ্জন সত্তার নিয়ত বিকাশে। যা সত্য, তা ফুরায় না, হারায় না; উপনিষদ্ সত্যের বাণীরূপ। অমর প্রাণধর্মে কালোপযোগী ব্যাখ্যায়, ব্যঞ্জনায় অক্লান্ত তার প্রকাশ। নিত্য নব ভাষায় ও ভঙ্গিতে অনুভূতির রঙে বারবার ঘটছে তার অনাস্বাদিত, অভিনব আবির্ভাব।

উপনিষদ্ শুধু সত্যঘন তত্ত্বও নয়,—তত্ত্ব ও কাব্যের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিভাজ্য অনুপম অনন্য সম্পদ। কাব্য ও তত্ত্বের এক অত্যাশ্চর্য্য মিলন ঘটেছে বিশ্ববীক্ষায় যার তুলনা নাই। উপনিষদ্ নিঃসন্দেহে জগতের শ্রেষ্ঠ কাব্যসম্পদ।

উপনিষদের নিগূঢ় দিব্য আবেগময় আবেদন অপরিসীম, তার আস্বাদন অফুরন্ত। উপনিষদের উর্জিতা জ্ঞান ও কাব্যময় শ্লোকগুলো পড়ে কার না চিত্ত অভিভূত হয়—এক অনাস্বাদিত আনন্দে অনুরণিত হয় অন্তর। "অসতো মা সদ্গময়, তমসো মা জ্যোতির্গময়, মৃত্যোর্মা অমৃতং গময়", "শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রা, আ যে ধামানি দিব্যানি তস্থুঃ॥" "বেদাহমেতং পুরুষং মহান্তম্, আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাতি মৃত্যুমেতি, নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়॥"—এইসব আশ্চর্য সুন্দর শ্লোকের অঙ্গকান্তি, আত্মিক ঐশ্বর্য, অভিব্যক্ত রূপ—কালের প্রভাবে, বহু আলোচনায় আজো কিছুমাত্র ম্লান হয়নি,—তার উপ-ভোগ্যতা ও উপযোগিতা হারায় নি। উপনিষদ্ অনন্ত জ্ঞানের খনি, নিত্যপ্রবাহিণী অমৃতনির্ঝর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপনিষদকে সন্ত ভক্ত সাধকরা বহু বিচিত্র ভাব রূপে ভঙ্গিতে ও আলোতে অনুভব করেছেন আর কত ভাবে করেছেন ব্যক্ত, কত অনিন্দ্যরূপে করেছেন পরিবেশন, কিন্তু আজো তার জানার শেষ হয়নি, বলার কথা যায়নি ফুরিয়ে। সুদূর অতীত, বর্তমান ও ভবিষ্যৎকে চিরদিন আলোকিত করেছে ও করবে উপনিষদের আলো —যা আন্দোলিত ও আলোড়িত করবে চিরদিনের মানব-মনকে—মহাময় ভাবে, জ্ঞানে ও দিব্য আনন্দে করবে সিক্ত।

সত্যের আলো জ্বলে সাধনায়। সত্যের আলো জ্বলে অভিমানশূন্য মনের ঘরে, দীন অন্তরে। শ্রীমৎ শিশির কুমার ব্রহ্মচারী মহারাজ দীনতার নির্মল মূর্তি, নিরলস সাধনার অক্লান্ত কল্যাণব্রতী। এমন ত্যাগ ও তিতিক্ষাপূর্ণ জীবন বিরল। কিন্তু এই সবকিছুর চেয়ে বড় তাঁর আনুগত্য।

মহানগরী যখন লোভে চঞ্চল, বহু সুখের তাড়নায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চির অসুখী, বহু রোগে পীড়িত, অসুস্থ বাসন চিন্তার দৌরাত্ম্যে অধিকাংশ মানুষের মন যখন অন্ধকার কবলিত, সেই সময়ে বাগবাজারের গলির মুখে একটি অপরিসর নির্জন ঘরে তিনি আদর্শের আলোকে সুদীর্ঘ তিরিশ বৎসর ধরে অনির্বাণ জ্বালিয়ে রেখেছেন। শান্ত সমাহিত চিত্তে নিজের কর্তব্যে, নিঃসঙ্গ জ্ঞান সাধনায় রয়েছেন নিমগ্ন। তিনি শুধু সুখভোগ ও ঐহিক স্বাচ্ছন্দ্যকেই ত্যাগ করেননি, আত্মোন্নতির জন্য সাধন-ভজনের লোভটুকুও ত্যাগ করেছেন —শ্রীগুরুর ইচ্ছার আলোকে জ্বালিয়ে রাখার গৌরবে। অবিস্মরণীয় আনুগত্যের দৃষ্টান্ত তিনি।

আনুগত্যই মানুষকে সুন্দর করে—চিরসুন্দরের সঙ্গে ঘটায় অন্তরের মিলন। আত্মাকে দেয় দিব্য বিভূতি। আনুগত্য এলে সমস্ত সাধন সম্পদই 'করতলন্যস্ত আমলক-বৎ' হয়। এই আনুগত্যই শ্রীমৎ শিশির কুমার ব্রহ্মচারী মহারাজকে দিয়েছে সত্যকে দেখার দৃষ্টি, পরমতত্ত্বকে অনুভবের উজ্জ্বল অন্তর,—উপনিষদের নিগূঢ় তত্ত্বকে সহজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সরল ভাষায় প্রকাশের সুদক্ষ ক্ষমতা। এ পণ্ডিতের ভাষ নয়, প্রাণের ভাষা প্রাণে গিয়ে পৌঁছে। অল্প কথায় তিনি অনেক কথা বলতে জানেন। এই সংযম তাঁর আলোচনাকে দিয়েছে এক অভিনবত্ব।

লেখকের মনীষার গুণে ও পরিবেশন-নৈপুণ্যে উপনিষদের অনাস্বাদিত প্রসাদ পেয়ে জ্ঞানপিপাসু ও জীবনজিজ্ঞাসুরা নিঃসন্দেহে তৃপ্ত হবেন। এ'ছাড়া, শাস্ত্রালোচনায় ঘটে জাতির সার্বিক কল্যাণ, আত্মিক সমৃদ্ধি ও মানবতা বোধের মহান অভ্যুদয়। ইতি—

১৬ই ভাদ্র, ১৩৭৭ শ্রীপরমানন্দ সরস্বতী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার কথা

শাস্ত্রপ্রচারে ব্যাসকল্প শ্রীশ্রীঠাকুর সীতারাম ওঙ্কারনাথ বাবার বিশেষ কৃপাপ্রাপ্ত আমার একান্ত আদরের কিঙ্কর বিমলানন্দ কঠোপনিষদ্ প্রকাশ করিয়া শাস্ত্রমূর্তি তাঁহার পরমপূজনীয় শ্রীশ্রীগুরুদেবেরই পদাঙ্ক অনুসরণ করিয়াছেন। শাস্ত্রপ্রচারে তাহার ঐকান্তিকতা মহৎ কর্মেরই ফলশ্রুতি। কারণ—

"তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি॥

(গীতা ১৬।২৪)

আমাদের জীবনে চলার পথের আলোকদিশারী শাস্ত্র। অতএব শাস্ত্রের বিধিবিধান জানিয়া লইয়াই আমাদিগকে কর্তব্যাকর্তব্য নির্ণয় করিতে হইবে।

অতএব শাস্ত্রপ্রচারের গুরুত্ব যে কতখানি তাহা ভগবদ্‌বিশ্বাসী ব্যক্তিমাত্রই উপলব্ধি করিবেন। সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরুভার কিঙ্কর বিমলানন্দ বহন করিয়া চলিয়াছেন। পরমকল্যাণকর এই কর্ম। কর্মমাত্রই ফলপ্রসূ। মহৎ-কর্মের মহৎ ফল। তিনি সেই মহৎ ফল লাভ করিয়া ধন্য হইবেন—কৃতার্থ হইবেন তাহাতে আর সন্দেহ কি? হউন, ইহাই আজিকার এই পুণ্য দিনে আমার আন্তরিক প্রার্থনা।

আমাদের পরমশ্রদ্ধেয়া গুরুভগিনী শ্রীযুক্তা গঙ্গাদেবী পঞ্চতীর্থ, বেদান্ত-সরস্বতী মহাশয়ার ভূমিকায় কঠোপনিষদের মর্মবাণী উদ্‌ঘাটিত হইয়াছে, গ্রন্থে প্রবেশের পথ সুগম হইয়াছে। ইহা লিখিয়া দিয়া শ্রীযুক্তা গঙ্গাদেবী আমার প্রতি যে কৃপা ও স্নেহ প্রদর্শন করিয়াছেন তজ্জন্য আমি তাঁহার নিকট চিরকৃতজ্ঞ।

তিনি পরমপূজনীয় শ্রীগুরুদেবের বিশেষ কৃপাপ্রাপ্ত ও উচ্চকোটির সাধিকা। তাঁহাকে আমার সশ্রদ্ধ দণ্ডবৎ প্রণতি নিবেদন করিতেছি, কৃপাপূর্বক তিনি তাহা গ্রহণ করুন এই প্রার্থনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ, বৈরাগ্য ও ধর্মের মূর্তবিগ্রহ শ্রীমৎ স্বামী পরমানন্দ সরস্বতী মহারাজ এই গ্রন্থের ভূমিকা লিখিয়া দিয়া আমার প্রতি যে অহৈতুকী কৃপা প্রদর্শন করিয়াছেন তাহা প্রকাশ করিবার ভাষাসামর্থ্য আমার নাই। একমাত্র প্রাণে প্রাণে অনুভব করিতেছি—মূকাস্বাদনবৎ। তাঁহার লিখিত এই ভূমিকায় গ্রন্থোক্ত আত্মতত্ত্ব সর্বসাধারণের উপযোগী সহজ ও সরল হইয়াছে—সুকঠিন অধ্যাত্মতত্ত্বে প্রবেশের দ্বার উন্মুক্ত হইয়াছে। কত ভাবেই যে আমি তাঁহার নিকট অনুগ্রহ ও কৃপা লাভ করিয়াছি ও করিতেছি তাহার ইয়ত্তা নাই। আমি সর্ববিষয়ে নিঃস্ব। বিনিময়ে আমার দিবার কিছুই নাই। শুধু তাঁহাকে জানাইতেছি আমার সশ্রদ্ধ দণ্ডবৎ প্রণতি এই পুণ্য দিনে; আর প্রার্থনা করিতেছি তাঁহার কৃপাশীর্বাদ অধ্যাত্মপথে চলিবার পাথেয়রূপে।

গ্রন্থ-লিখন বিষয়ে শ্রীমান নির্মল কুমার ভট্টাচার্য যে সহায়তা করিয়াছেন তজ্জন্য তিনি গ্রন্থের অন্যতম লেখক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিসাবে গণ্য হইবার যোগ্য। গ্রন্থমুদ্রণে প্রুফসংশোধন দুরূহ কার্য। তৎসমস্তই তিনি করিয়াছেন। অসুস্থতা নিবন্ধন আমি কিছুই করিতে পারি নাই। অতএব গ্রন্থ-মুদ্রণের সকল কৃতিত্ব তাঁহারই।

নব শ্রীধর প্রেসের মালিক শ্রীমান জীবনকৃষ্ণ বসুর ঐকান্তিক আগ্রহ ও প্রচেষ্টাতেই গ্রন্থটি যথাসময়ে প্রকাশিত হইয়াছে।

শ্রীভগবৎচরণে এই প্রার্থনা জানাইয়া আমার বক্তব্য শেষ করিতেছি যে গ্রন্থপ্রকাশে যাঁহারা যেভাবে সাহায্য করিয়াছেন তাঁহারা সকলেই শ্রীভগবৎ কৃপায় পুণ্যকর্মের ফল লাভ করিয়া কৃতকৃতার্থ হউন।

গ্রন্থকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাক্‌কথন

স্রষ্টার বুকে সৃষ্টির বীজ বিধৃত রহিয়াছে। জগৎরূপে সৃষ্টির প্রথম প্রকাশ তখনও হয় নাই। সেই আদি-অন্ত-হীন যুগে ভগবান্ সহস্রশীর্ষ ধ্যাননিমগ্ন ব্রহ্মার হৃদয়ে শব্দ-রূপে 'ওঁকার-তত্ত্ব' প্রকাশ করেন। বিরাট মহীরুহ যেমন সর্ষপতুল্য একটি ক্ষুদ্র বীজে নিহিত থাকে, তেমনি লক্ষ-শ্লোকাত্মক সমস্ত বেদ 'ওঁকার-তত্ত্বে' সন্নিবিষ্ট ছিল।

ব্রহ্মা সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হইলেন। ভগবদ্‌বিধানেই ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা। ব্রহ্মার প্রথম সৃষ্টি ব্রহ্মলোক। ব্রহ্মলোকে তাঁহার মানসপুত্র চতুঃসন জাত হইলেন। এক লক্ষ মন্ত্র ও ব্রাহ্মণসমন্বিত বেদ, যাহা 'ওঁকার-তত্ত্বে' সন্নিবিষ্ট ছিল তাহা সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা তাঁহাদিগকে সর্ব্বপ্রথম উপদেশ করেন।

বেদ জগতের আদিগ্রন্থ। শুধু তাহাই নহে, ইহা নিত্য শাশ্বত, সৃষ্টির আদি— জ্ঞানেরও আদি। বেদেরই বুকে সকল জ্ঞান, সকল সৃষ্টি বিধৃত। বেদ অপৌরুষেয়—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"অপৌরুষেয়ং বাক্যং বেদ-" (সায়নাচার্য্য, ঋগ্‌বেদ ভাষ্য)। সায়নাচার্য্য আরও বলেন—যাঁহা হইতে ইষ্টপ্রাপ্তি এবং অনিষ্ট পরিহার সম্বন্ধে অলৌকিক উপায় জানা যায় তাহাই বেদ—"ইষ্টপ্রাপ্ত্যনিষ্টপরিহারয়োরলৌকিকমুপায়ং যো বেদয়তি স বেদঃ।" বেদের জ্ঞান ইন্দ্রিয়াতীত, যুক্তি-তর্কের বাহিরে। যাহা আমাদিগের ইন্দ্রিয়গ্রাহ্য নহে, সেই সর্ব্বাতীত পরব্রহ্ম সম্বন্ধে বেদই একমাত্র প্রমাণ। তাই আচার্য্য সায়ন বলেন—প্রত্যক্ষ বা অনুমান দ্বারা যে উপায় জানা যায় না, বেদ দ্বারা সেই উপায় অবগত হওয়া যায়, বেদের বেদত্ব ইহাই—

প্রত্যক্ষেণানুমিত্বা বা যস্তূপায়ো ন বুধ্যতে।
এবং বিদন্তি বেদেন তস্মাদ্ বেদস্য বেদতা॥

বেদের স্বয়ম্ভুত্ব সম্বন্ধে নিম্নলিখিত প্রমাণবাক্যটি দৃষ্ট হয়—

ঋষয়ো মন্ত্রদ্রষ্টারো ন তু বেদস্য কর্ত্তারঃ।
ন কশ্চিদ্বেদকর্ত্তা চ বেদস্মর্ত্তা চতুর্ম্মুখঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—ঋষিরা মন্ত্রের দ্রষ্টামাত্র, কর্ত্তা নহেন। বেদের কর্ত্তা কেহই নাই, চতুর্মুখ ব্রহ্মা ধ্যাননিমীলিত নেত্রে বেদমন্ত্র সকল দর্শন করিয়াছিলেন মাত্র।

বৃহদারণ্যকের ঋষি বলেন—ঋগ্বেদাদি সমস্ত শাস্ত্রই পরমাত্মা পরমেশ্বরের নিঃশ্বাস-স্বরূপ—"অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো ..." (বৃঃ উঃ ২।৪।১০)।

বেদের দুই ভাগ,—মন্ত্র ও ব্রাহ্মণ—"মন্ত্রব্রাহ্মণয়োর্বেদ-নামধেয়ম্"। মন্ত্রভাগ সংহিতা নামে অভিহিত। 'মন্ত্রা মননাৎ' (যাস্ক ৭।৩।৬)। তিনি মন্ত্র শব্দের এই-রূপ অর্থও করিয়াছেন—সকাম ঋষি কোন দেবতার নিকট অর্থাপত্য প্রভৃতির নিমিত্ত যে স্তুতি পাঠ করেন, তাহাই সেই দেবতার মন্ত্র। ইহার ব্যাখ্যায় বৃত্তিকার দুর্গাচার্য্য বলেন—মন্ত্র প্রয়োগকারীরা মন্ত্রসমূহ হইতে অধ্যাত্ম, অধিদৈব ও অধিযজ্ঞাদি মনন করেন এই নিমিত্ত ইহারা মন্ত্রনামে অভিহিত হয়।

ব্রাহ্মণভাগে ক্রিয়াদির বিধিনিষেধ, যাগযজ্ঞ, ইতিবৃত্ত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপাসনা ও ব্রহ্মবিদ্যা বর্ণিত হইয়াছে। ইহা গদ্যে লিখিত।

বেদ লক্ষমন্ত্রাত্মক। বেদমন্ত্রসকল এইভাবে ভাগ করা যায়—৮০ হাজার কর্ম্মপ্রধান, ১৬ হাজার উপাসনা প্রধান, বাকি ৪ হাজার জ্ঞানপ্রধান। জ্ঞানপ্রধান মন্ত্রগুলিই উপনিষৎ। ব্রাহ্মণ অংশের অন্তভাগ আরণ্যক। বানপ্রস্থাশ্রমে এই আরণ্যক চর্চ্চা হইত। প্রত্যেক আরণ্যকের শেষ অংশ উপনিষৎ। ইহা বেদের শেষ অংশ অর্থাৎ বেদের অন্ত এই অর্থে বেদান্ত। উপ+নি+সদ্ ধাতুর উত্তর ক্বিপ্ প্রত্যয় করিয়া উপনিষৎ শব্দ নিষ্পন্ন হয়। উপনিষদের ব্যুৎপত্তিগত অর্থ—'উপ' অর্থ সমীপে, নিকটে। 'নি' অর্থ নিশ্চিত, নিশ্চয়রূপে। 'সদ্' অর্থ ছেদন বা প্রাপ্তি। অতএব গুরুর নিকট যে জ্ঞান লাভ করিয়া সংসার-বন্ধন নিশ্চিতরূপে ছেদন করা যায়, অথবা গুরুর যে উপদেশের দ্বারা ব্রহ্মকে নিশ্চিতরূপে পাওয়া যায় তাহাই উপনিষৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপনিষৎ ব্রহ্মপ্রতিপাদক—'সেয়ং ব্রহ্মবিদ্যা উপনিষৎ-শব্দবাচ্যা' (আচার্য্য শঙ্কর)। উপনিষৎ বহু—১০৮। তন্মধ্যে দ্বাদশ খানা প্রধান—ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডূক্য, ঐতরেয়, তৈত্তিরীয়, শ্বেতাশ্বতর, ছান্দোগ্য, বৃহদারণ্যক ও কৌষীতকী। আচার্য শঙ্কর কৌষীতকীর ভাষ্য রচনা করেন নাই। তদ্ভিন্ন পূর্ব্বোক্ত ১১খানা উপনিষদের তিনি যে ভাষ্য রচনা করিয়াছেন তাহা অদ্বৈতপর।

উপনিষৎ-প্রতিপাদ্য ব্রহ্মবিদ্যা এক্ষণে আলোচনা করা যাইতেছে। বিদ্যা ও অবিদ্যা: অবিদ্যা অজ্ঞান, বিদ্যা প্রজ্ঞান। অবিদ্যা ক্ষর—পরিবর্ত্তনশীল; বিদ্যা অক্ষর; ক্ষয়ব্যয়হীন, অচলপ্রতিষ্ঠ, অমৃতস্বরূপ—'ক্ষরন্ত্ব-বিদ্যা হ্যমৃতং তু বিদ্যা' (শ্বে: উ: ৫।১)। বিদ্যার ফল অমৃত—'বিদ্যয়া বিন্দতেঽমৃতম্' (কেন: উ: ২।৪)। বিদ্যা দ্বিবিধ—'পরা চৈবাপরা চ' (মু: উ: ১।১।৪)—পরা ও অপরা। উভয় বিদ্যাই জ্ঞাতব্য—'দ্বে বিদ্যে বেদি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তব্যো' (মুঃ উঃ ১।১।৪)। অপরা বিদ্যা—ঋগ্‌বেদ, সামবেদ, যজুর্বেদ, অথর্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ—"তত্রাপরা—ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি।" (মুঃ উঃ—১।১।৫)। পরা বিদ্যা—যাহা দ্বারা সেই অক্ষর ব্রহ্মকে পাওয়া যায়—"অথ পরা—যয়া তদক্ষরমধিগম্যতে" (মুঃ উঃ—১।১।৫)।

বেদের অপর নাম শ্রুতি। অতএব বেদাংশ উপনিষৎও শ্রুতি। যাহা শ্রুত হয় তাহাই শ্রুতি—'শ্রবণাৎ শ্রুতিঃ'। গুরুপরম্পরাক্রমে বেদ শ্রুত হইয়া আসিতেছে। তাই বিদ্যা গুরুমুখী। ছান্দোগ্য শ্রুতি বলেন—গুরুর আশ্রয়েই বিদ্যা লাভ হইয়া থাকে—"আচার্যবান্ পুরুষো বেদ" (ছাঃ উঃ ৬।১৪।২)। আরও আছে—"আচার্যাদ্ধ্যেব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং প্রাপয়তীতি" (ছাঃ উঃ—৪।৯।৩)—গুরু কর্তৃক উপদিষ্ট বিদ্যাই সার্থক তথা কল্যাণতম হইয়া থাকে। বিদ্যালাভে গুরুই প্রধান। তাই দেখি শ্বেতাশ্বতর শ্রুতি বলিতেছেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ
প্রকাশন্তে মহাত্মনঃ ॥
(শ্বেঃ উঃ ৬।২৩)

—ঈশ্বরে যেমন, গুরুতেও তেমনি পরাভক্তিসম্পন্ন হইলে উপনিষদুক্ত তত্ত্বসকল প্রকাশিত হয়, প্রকাশিত হয়।

গুরুমুখে স্থূল উপদেশ শ্রবণে যেমন ব্রহ্মবিদ্যা লাভ হয়, তেমনি গুরুর সান্নিধ্যে আন্তর-প্রেরণাতেও তাহা লাভ হইতে পারে—"গুরোস্তু মৌনং ব্যাখ্যানম্, শিষ্যাস্তু ছিন্নসংশয়াঃ ॥"—গুরু মৌন থাকিয়াই আন্তর-প্রেরণাতেই শিষ্যের সর্ববিধ সংশয় ছিন্ন করেন।

উপনিষৎ গুরু-শিষ্য সংবাদ—গুরুমুখে শ্রুত তত্ত্ব মনন ও নিদিধ্যাসন দ্বারা শিষ্য প্রত্যক্ষ করেন। তত্ত্বদ্রষ্টা পুরুষই ঋষি। বিশ্বরহস্য ও জীবন-রহস্য তাঁহাদের নিকট উদ্‌ঘাটিত ও মীমাংসিত। আপ্ত অর্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভ্রমপ্রমাদশূন্য তত্ত্বজ্ঞানী। আপ্তবাক্য, ঋষিবাক্য শ্রুতি-বাক্যের ন্যায়ই প্রামাণ্য।

উপনিষৎ প্রতিপাদিত ব্রহ্মবিদ্যা জীব, জগৎ ও ঈশ্বরের স্বরূপ নির্ণয় করিয়াছেন এবং ইহাদের পরস্পরের সম্বন্ধও ইহাতে নির্ণীত হইয়াছে। সৃষ্টির ব্যখ্যায় শ্রুতি বলেন, সৎ-স্বরূপ পরমাত্মা অদ্বিতীয় পরব্রহ্মই নিজেকে বহুরূপে প্রকাশ করিয়াছেন—"সোঽকাময়ত—বহু স্যাং প্রজায়েয়েতি।" (তৈঃ উঃ ২।৬)—অদ্বিতীয় পরমাত্মা কামনা করিলেন—'আমি বহু হইব'। এই বাক্যেরই অনুবাদ—"ইদং সর্বমসৃজত। যদিদং কিঞ্চ। তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ। তদনুপ্রবিশ্য। সচ্চ ত্যচ্চাভবৎ। নিরুক্তং চানিরুক্তঞ্চ। নিলয়নঞ্চানিলয়নঞ্চ। বিজ্ঞানঞ্চাবিজ্ঞানঞ্চ। সত্যঞ্চানৃতঞ্চ সত্যমভবৎ। যদিদং কিঞ্চ।" (তৈঃ উঃ ২।৬)—'দৃশ্যমান সমস্তই সৃষ্টি করিলেন। সৃষ্টি করিয়া তৎসমস্তে প্রবেশ করিলেন; প্রবিষ্ট হইয়া মূর্ত্ত ও অমূর্ত্ত, সবিশেষ নির্বিশেষ, আশ্রিত অনাশ্রিত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য ও অসত্য যাহা কিছু—সত্যস্বরূপ ব্রহ্ম তৎসমস্তই হইলেন।'

অনুরূপ বাক্য নারায়ণ উপনিষদেও দৃষ্ট হইয়া থাকে—
"যচ্চ কিঞ্চিৎ জগৎ সর্বং দৃশ্যতে শ্রূয়তেঽপি বা।
অন্তর্বহিশ্চ তৎ সর্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিতঃ॥' (১৩ অনুবাক্)
—জগতে যাহা কিছু দৃষ্ট বা শ্রুত হয়, তৎসমস্তের অন্তরে এবং বাহিরে সর্বব্যাপী নারায়ণই বিরাজমান। বিষ্ণুপুরাণও বলেন—'এতৎ সর্বমিদং বিশ্বং জগদেতচ্চরাচরম্।
পরব্রহ্মস্বরূপস্য বিষ্ণোঃ শক্তিসমন্বিতম্॥'(৬।৭।৬০)
—দৃশ্যমান এতৎসমস্ত সমগ্র চরাচর বিশ্ব পরব্রহ্ম বিষ্ণুশক্তি-সমন্বিত।

অতএব সর্বরূপে যে একমাত্র ব্রহ্মই বিরাজমান তাহা অনস্বীকার্য্য। তিনি যেমন সবিশেষ, তেমনি নির্বিশেষ; যেমন সগুণ, তেমনি নির্গুণ। নির্গুণ অর্থ গুণাতীত, গুণহীন নহেন,—গুণস্থ হইয়াও গুণকে অতিক্রম করিয়া বর্ত্তমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সগুণ নিগুর্ণ উভয়লিঙ্গাত্মক বাক্যই উপনিষদে দৃষ্ট হয় যথা :—'স এষ নেতি নেতি আত্মা' (বৃঃ উঃ ৪।৪।২২)—তিনি ইহা নহেন, ইহা নহেন। 'অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্' (কঠ—১।৩.১৫) তিনি শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধ-বিহীন এবং অক্ষয়।

'যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণম্

অচক্ষুঃশ্রোত্রং তদপাণিপাদম্।' (মুঃ উঃ—১।১।৬)

—তিনি অদৃশ্য, অগ্রাহ্য, অগোত্র, অবর্ণ ; তাঁহার চক্ষু নাই, কর্ণ নাই, হস্ত নাই, পদ নাই।

এই সকল ব্যক্য দ্বারা ব্রহ্মের সগুণত্ব সবিশেষত্ব নিষেধ করা হইয়াছে বলা হয়। তাহা হইলে প্রশ্ন দাঁড়ায়, এই সকল বাক্যের সহিত যাহা পূর্বে উক্ত হইয়াছে তাহার —সগুণ এবং সবিশেষ ব্রহ্মপ্রতিপাদক বাক্য সকলের সামঞ্জস্য কোথায়? সামঞ্জস্য অবশ্যই আছে। তাহা না হইলে এতৎ সমস্ত শ্রুতিবাক্যের কোন একটাকে (সগুণ অথবা নিগু্র্ণ) গ্রহণ করিতে হয়, অথবা একটাকে গৌণ করিয়া অন্যটাকে মুখ্য বলিয়া ব্যাখ্যা করিতে হয়। তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে গেলে শ্রুতিবাক্যকেই খণ্ডিত করিতে হয়। ফলে তাঁহার প্রামাণ্য থাকে না। অপৌরুষেয় শ্রুতিবাক্যকে নিজের সুবিধাগত গৌণ অথবা মুখ্য বলিতে গেলে তাহার অপৌরুষেয়ত্ব কথা অর্থহীন হয়। শ্রুতি পুরুষের বুদ্ধি-সংবেদ্য নহে, তাই তাহা অপৌরুষেয়,—অতএব কোন অংশকেই বাদ না দিয়া, কোন একটিকে গৌণ বা মুখ্য না করিয়া, উভয় বাক্যের সামঞ্জস্য কি করিয়া হইতে পারে তাহাই দেখিতে হইবে। মুণ্ডক উপনিষদে দেখিতে পাই অন্তেবাসী আচার্য্যকে জিজ্ঞাসা করিতেছেন—হে ভগবন্! কাহাকে জানিলে সমস্তই জানা যায়?—'কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্বমিদং বিজ্ঞাতং ভবতীতি॥" (মুঃ উঃ ১।১।৩)। উত্তরে আচার্য্য বলেন—"যয়া তদক্ষরমধিগম্যতে" (মুঃ উঃ ১।১।৫)—যদ্দ্বারা সেই অক্ষরব্রহ্মকে জানা যায় তাহাই সর্ববিদ্যার মূল, তাহাই লাভ কর। তাহা হইলেই সৃষ্টি এবং সৃষ্টির বৈচিত্র্যকে সম্যক্ অবগত হইতে পারিবে। তখন দেখিবে স্রষ্টা সৃষ্টি ছাড়া নহেন, সৃষ্টির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অণুপরমাণু সর্ব্বত্রই তিনি অনুস্যূত রহিয়াছেন ; এই সত্য সর্ববিধ শাস্ত্রেই ঘোষিত হইয়াছে। শ্রুতি, স্মৃতি, পুরাণ সর্বত্র ইহার সমর্থক বাক্য যত্র তত্র দৃষ্ট হইয়া থাকে। তৈত্তিরীয় শ্রুতি বলেন—'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম'—ব্রহ্ম সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনন্ত। 'বিজ্ঞানমানন্দং ব্রহ্ম' (বৃঃ উঃ ৩।৯।২৮।৭)—ব্রহ্ম বিজ্ঞান ও আনন্দস্বরূপ। স্মৃতি বলেন—

'মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব॥' (গীতা—৭।৭)

—"হে ধনঞ্জয় ! আমা অপেক্ষা শ্রেষ্ঠ কিছুই নাই। আমাতে সমস্তই আশ্রিত আছে, যেমন সূত্রে মণিসকল গাঁথা থাকে।" এই সকল বাক্য তিনি যে সগুণ তাহারই পরিচায়ক নহে কি ? স্বরূপতঃ তিনি সর্বসৃষ্টির মূলাধার হইলে, তাঁহাকে নির্গুণ বলা যাইবে কি করিয়া ? বিশ্বসৃষ্টি কল্পনাবিলাস নহে। শ্রুতি বলেন—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে।·····তদ্‌ব্রহ্মেতি।" (তৈঃ উঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩।১)—যাঁহা হইতে দৃশ্যমান ভূতবর্গ উৎপন্ন হয় তাহাই ব্রহ্ম। "স যথোর্ণনাভিস্তন্তুনোচ্চরেদ্ যথাঽগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্বে প্রাণাঃ সর্বে লোকাঃ সর্বে দেবাঃ সর্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি" (বৃঃ উঃ ২।১।২০) —"মাকড়সা যেমন তন্তুসকল উদ্গীরণ করে, অগ্নি যেমন স্ফুলিঙ্গ বিস্তার করে, তদ্রূপ এই আত্মা হইতে সমস্ত প্রাণ, সমস্ত লোক, সমস্ত দেবতা ও সমস্ত ভূতবর্গ নিঃসৃত হইয়াছে।" এই বিশ্ব যে তাঁহাতেই নিহিত আছে ভাগবতে তাহার উল্লেখ দেখিতে পাই—'নারায়ণে ভগবতি তদিদং বিশ্বমাহিতম্।' (২।৬।৩০)—এই জগৎ ভগবান্ নারায়ণে প্রতিষ্ঠিত আছে। আরও আছে—

'যথা পুমান্ ন স্বাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ।
পারক্যবুদ্ধিং কুরুত এবং ভূতেষু মৎপরঃ॥'
(ভাঃ ৪।৭।৫৩)

—"মস্তক, হস্ত প্রভৃতি স্বীয় অঙ্গপ্রত্যঙ্গকে যেমন কেহ নিজ হইতে ভিন্ন মনে করে না, সেইরূপ আমার একান্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তগণও কোন প্রাণীকেই আমা হইতে ভিন্ন মনে করে না।" এখানেও দেখিতে পাই ভগবান্ স্বয়ংই বলিতেছেন —সমস্ত ভূতবর্গ অভিন্নভাবে আমাতেই স্থিত রহিয়াছে। অতএব শ্রুতির 'নেতি নেতি'—'কিছু নয়, কিছু নয়' বাক্যের দ্বারা তিনি একমাত্র নির্গুণ স্বভাবই এমন কথা বলা চলে না। পরন্তু উপরি-উক্ত শ্রুতিসমূহ এবং ভাগবত ও বিষ্ণুপুরাণের বাক্যের দ্বারা ইহাই প্রতিপন্ন হয় যে তিনিই 'সব কিছু'—শ্রুতির ভাষায় 'স সর্বমভবৎ'। ভগবান্ বেদব্যাসের "জন্মাদ্যস্য যতঃ" (ব্রঃ সূঃ ১।১।২) এতৎ সমস্ত সিদ্ধান্তেরই পরিপোষক। তাহা হইলে প্রশ্ন দাঁড়াইবে নেতিবাচক এবং অস্তিত্ববাচক, নির্গুণ এবং সগুণ—এই বিরুদ্ধধর্মবাক্যসকলের সামঞ্জস্য কি ? সাধারণ বুদ্ধি বলে, হয় 'হাঁ' বল, নয় 'না' বল ; 'হাঁ' এবং 'না' এক সঙ্গে কোন বস্তু সম্বন্ধে বলা চলে না। হাঁ, সাধারণ যুক্তিবিচারে এবং অনুমান ও প্রত্যক্ষ প্রমাণে এইরূপই সিদ্ধান্ত করিতে হয় বটে। এইরূপ সিদ্ধান্তের মূলে থাকে চক্ষুরাদি ইন্দ্রিয়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রাহ্যতা, মন বা বুদ্ধির বিচার সামর্থ্য। কিন্তু আমরা পূর্বে বেদার্থ নির্ণয় করিতে যাইয়া বলিয়াছি যাহা ইন্দ্রিয়-গ্রাহ্য নহে, ইন্দ্রিয়াতীত—'অবাঙ্‌মনসোগোচরঃ', যাহা স্থূল বিচারবুদ্ধির আয়ত্তীভূত নহে, তাহা অলৌকিক। তৎসম্বন্ধে অনুমান প্রত্যক্ষাদি প্রমাণকেই সত্য বলিয়া ধরা যায় না; তৎসম্বন্ধে স্বপ্রকাশ বেদবাক্যই একমাত্র প্রমাণ—স্বতঃপ্রমাণ। কারণ যিনি সর্বশক্তিমান, সকল শক্তির শক্তি, তাঁহার পক্ষে লৌকিক বিচারের সম্ভবত্ব বা অসম্ভবত্ব অর্থহীন। তাই আচার্য্য শঙ্করও বলিয়াছেন—'অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ'।

শাস্ত্রে আপাতপ্রতীয়মান বিরুদ্ধ-বাক্যের এবং বিরুদ্ধ ধর্মের সমাহার একমাত্র তাঁহাতেই, অর্থাৎ পরব্রহ্মেই সম্ভব। তাই ভগবান বেদব্যাস সূত্র করিলেন—'তত্তু সমন্বয়াৎ' (ব্রঃ সূঃ ১।১।৪) এক ব্রহ্মতেই সমস্ত শ্রুতিবাক্যের সমন্বয় হয়। সমস্ত শ্রুতি বলিলে সগুণ নির্গুণ, সবিশেষ নির্বিশেষ, স্থূল সূক্ষ্ম, আপাতপ্রতীয়মান সমস্ত বিরুদ্ধধর্মী

খ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাক্যই বুঝিতে হইবে, যেমন—'আসীনো দূরং ব্রজ
শয়ানো যাতি সর্বতঃ।' (কঠ-১।২।২১)—ব্রহ্ম উপ
থাকিয়াও দূরে গমন করেন এবং শুইয়া থাকিয়াও স
বিচরণ করেন। 'অণোরণীয়ান্ মহতো মহীয়ান্' (
১।২।২০)—তিনি অণু হইতেও অণু, মহৎ হইতে
মহীয়ান। "অপাণিপাদো জবনো গ্রহীতা, পশ্যত্যচ
স শৃণোত্যকর্ণঃ।" (শ্বেঃ উঃ ৩।১৯)—তাঁহার হাত ন
অথচ গ্রহণ করেন, পা নাই অথচ গমন করেন, চক্ষু ন
অথচ দর্শন করেন, কর্ণ নাই অথচ শ্রবণ করেন। "স
ন্দ্রিয়গুণাভাসং সর্বেন্দ্রিয়বিবর্জিতম্" (শ্বেঃ উঃ ৩।১৭)
তিনি সকল ইন্দ্রিয়শক্তিবর্জ্জিত, অথচ সকল ইন্দ্রিয়শ
প্রকাশক। "নির্গুণং গুণভোক্তৃ চ" (গীতা—১৩।১৪)
তিনি নির্গুণ অথচ গুণের ভোক্তা। "নির্গুণায় গুণাত্ম
(মহাভারত)—নির্গুণ অথচ গুণযুক্ত তাঁহাকে প্রণাম।

যদিও আমরা পূর্ব্বে বলিয়াছি সর্ব্বশক্তিমান ব্রহ্ম স
তর্ক, যুক্তি ও প্রত্যক্ষ প্রমাণ সর্বকালে প্রযোজ্য ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তথাপি আপাতপ্রতীয়মান বিরুদ্ধ বাক্যসমূহের সামঞ্জস্য এইভাবে হইতে পারে বলিয়া আমরা মনে করি। 'স এষ নেতি নেতি আত্মা' (বৃঃ উঃ ৪।৪।২২) ইহার অর্থ এই নয় যে দৃশ্যমান বস্তুর কোনটাই তিনি নহেন, পরন্তু দৃশ্যমান সমস্ত বস্তু মাত্রই তিনি নহেন, তদতীতরূপেও তাঁহার সত্তা বর্ত্তমান আছে, অর্থাৎ তাঁহার সত্তা জাগতিক বস্তু মাত্রেই পর্য্যবসিত হইয়া যায় নাই। এতৎ সমস্তে তিনি আছেন সত্য, কিন্তু তিনি এতটুকু মাত্রই নহেন, তাহা হইতে অধিকরূপে, অর্থাৎ তাহাকে ছাড়াইয়াও তিনি আছেন। বেদমন্ত্রেও ইহা স্পষ্টই বলা হইয়াছে —'পাদোঽস্য বিশ্বাভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি' (পুরুষসূক্ত) —'এই বিশ্ব পরমাত্মার একপাদ মাত্র, তদ্ভিন্ন তাঁহার আরও অমৃতময় তিন পাদ আছে যাহা তাঁহার নিজ দ্যোতনাত্মক স্বরূপে অবস্থিত।' অতএব বেদবাক্য অনুসারে সৃষ্ট জগৎ আদৌ নাই এমন কথা বলা চলে না।

শ্রুতি যে তাঁহাকে—'অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্' বলিয়া-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছেন, তাহার অর্থ হইল শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এত সমস্তে থাকিয়াও তিনি তদতীতরূপে বর্ত্তমান থাকেন তাঁহার এই অতীতস্বরূপকে লক্ষ্য করিয়াই শ্রুত্যা নেতি-বাচক শব্দ ব্যবহৃত হইয়াছে। তৎস্বরূপে অর্থা তাঁহার অতীত রূপে এতৎ সমস্ত স্থূল গুণের কার্য্য নাই অতএব তিনি যেমন সর্বরূপী তেমনি অরূপীও বটেন যেমনি সবিশেষ, তেমনি নির্বিশেষও; যেমনি সর্বাতী তেমনি অন্তর্য্যামীও তিনি—'এষ সর্বেশ্বর এষ সর্বজ্ঞ এযে হন্তর্য্যামী'—(মাণ্ডূক্য ৬)—ইনি সকলের ঈশ্বর, সর্বজ্ঞ এ অন্তর্য্যামী। এই বাক্য হইতেও ইহা প্রতিপন্ন হয় তিনি শুধু নির্গুণ নহেন, সগুণও বটেন। আবার তি শুধু কারণই নহেন, কার্য্য এবং কর্ত্তাও, যথা—'যি সর্বভূতের অন্তরে থাকিয়া সর্বভূতকে নিয়মন করে —'সর্বাণি ভূতান্যন্তরো যময়ত্যেষ' (বৃঃ উঃ—৩।৭।১৫)।

নাম ও নামী অভেদ। তাই নামের দ্বারা নামী আকর্ষণ করা যায়। জপের মূল কথা ইহাই। 'জপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিদ্ধিঃ'। কাজেই নাম অর্থহীন নয় এবং ইহাকে মিথ্যা বলা চলে না। চলে না যে বেদবাক্যেও তাহার প্রমাণ দেখিতে পাই—'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি। অগ্নিং যমং মাতরিশ্বানমাহু॥" (ঋগ্বেদ ১।১৬৬)—'এক তিনিই বহু-রূপে—অগ্নি, যম, মাতরিশ্বা নামে আখ্যাত; তাহা তত্ত্বদর্শিগণ বলিয়া থাকেন।'

সর্বশেষে আমরা উপনিষৎ সম্বন্ধে এই সিদ্ধান্তে আসিতে চাই যে তাঁহার উভয়লিঙ্গাত্মক সগুণ নির্গুণ বাক্য সমস্তই সার্থক, তাহার কোনটিকেই বাদ দেওয়া চলে না এবং একটিকে মুখ্য ও অপরটিকে গৌণও বলা চলে না। তাহা না হইলে শ্রুতির—বেদের অপৌরুষেয়ত্ব অস্বীকার্য্য হইয়া পড়ে। অতএব উপনিষৎ-প্রতিপাদিত তত্ত্ব যেমন সগুণ তেমনি নির্গুণ, অথচ কেহই কাহাকেও বাদ দিয়া থাকে না—যুগপৎ তাহাদের অবস্থিতি—ইহাই ঈশ্বরের ঈশ্বরত্ব, সর্বশক্তিমানের সর্বশক্তি-মত্তার পরিচয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বক্তব্যশেষে আমরা উপনিষদের এই তত্ত্বপ্রতিপাদক শ্রুতিবাক্য উচ্চারণ করিয়াই আমাদের প্রণতি নিবেদন করিতেছি—

'যো দেবো অগ্নৌ যো অপ্সু
যো বিশ্বং ভুবনমাবিবেশ।
য ওষধীষু যো বনস্পতিষু
তস্মৈ দেবায় নমো নমঃ॥' (শ্বেঃ উঃ ২।১৭)

—যে দেবতা অগ্নিতে, জলেতে, ঔষধিতে, বনস্পতিতে এবং নিখিল জগতে বিরাজমান, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার॥

কঠ উপনিষদের তত্ত্ব ও তথ্য—

উদ্দালক বাজশ্রবা—বহু অন্নদানকারীর পুত্র। স্বর্গ কামনায় তিনি বিশ্বজিৎ যজ্ঞের অনুষ্ঠান করেন, যজ্ঞের দক্ষিণা সর্ব্বস্বদান। যজ্ঞশেষে তিনি যথাকর্ত্তব্য দক্ষিণা করিলেন ঋত্বিক্‌গণকে। সেই দক্ষিণায় ছিল কতকগুলি অকর্ম্মণ্য জরাজীর্ণ গাভী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদ্দালকের পুত্র নচিকেতা বয়সে নবীন—বালক মাত্র। বালক হইলে কী হয়, তিনি ছিলেন শ্রদ্ধাবান—জাগ্রত-বিবেক। পিতার জরাজীর্ণ গাভীদানে তিনি চিন্তিত হইলেন। তাঁহার মনে শ্রদ্ধা তথা সত্যজ্ঞান জাগ্রত হইল। ভাবিলেন এইরূপ শ্রদ্ধাহীন দান যজ্ঞফল পণ্ড করিবে—বহন করিয়া আনিবে অমঙ্গল। তাহার চাইতে পিতা আমাকে যজ্ঞের দক্ষিণাস্বরূপ দান করিলেন না কেন? এইরূপ চিন্তায় জর্জরিত হইয়া অশান্ত চিত্তে পিতৃ-সমীপে গমন করতঃ কহিলেন—"পিতঃ! আমায় কাহাকে দান করিবেন?" উদ্দালক তাঁহার কথায় প্রথমে কর্ণপাত করিলেন না; কিন্তু নচিকেতা সহজে নিবৃত্ত হইবার পাত্র নহেন। বার বার তিনবার একই প্রশ্নের পুনরাবৃত্তি করিলেন। ইহা পুত্রের ঔদ্ধত্য মনে করিয়া পিতা হইলেন ক্রুদ্ধ—তাঁহার বুদ্ধিভ্রংশ ঘটিল। "বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি।" সেই বিনাশের পথ বাহিয়াই তিনি চলিলেন। বলিয়া বসিলেন—তোমায় যমকে দান করিলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতার বাক্যে নচিকেতা চিন্তান্বিত হইয়া মনে মনে ভাবিতে লাগিলেন, বহু শিষ্যের মধ্যে আমি প্রথম অথবা মধ্যমই হইব। কখনও অধম হইব না। আমার দ্বারা যমের এমন কি প্রয়োজন সিদ্ধ হইবে যে পিতা আমাকে যমকে দান করিলেন? যাহা হউক পিতৃবাক্য অবশ্য পালনীয়। আমি যমালয়ে নিশ্চয়ই গমন করিব। যাইতে প্রস্তুত হইলেন। তদ্দর্শনে পিতা হইলেন অপ্রস্তুত—হইলেন বিচলিত। কহিলেন—"বৎস! এইরূপ দুঃসাহসিকের কার্য্য কেহ কখন করে নাই, করিও না, করা উচিত হইবে না।" তদুত্তরে নচিকেতা কহিলেন—"হে পিতঃ! জীবন ক্ষণভঙ্গুর। শস্যের ন্যায় ইহা জন্মায় আবার শস্যের ন্যায় জীর্ণ হইয়া তাহা মরে। কাজেই ক্ষণস্থায়ী এই জীবনের জন্য সত্যভ্রষ্ট হওয়া উচিত নহে। পূর্ব্বপুরুষ পিতা পিতামহ এবং সাধুগণের চরিত্র পর্য্যালোচনা করুন, দেখিবেন, তাঁহারা কখনও কোন কারণেই সত্যভ্রষ্ট হন নাই। পুত্রের সত্যনিষ্ঠা, দৃঢ়চিত্ততা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং গুরুজনের প্রতি শ্রদ্ধা দর্শন করিয়া পিতা আশ্বস্ত হইলেন—কিছুটা সান্ত্বনাও পাইলেন। তাঁহাকে আর যমালয়ে যাইতে বারণ করিলেন না এবং কোনরূপ বাধারও সৃষ্টি করিলেন না।

অবিচলচিত্ত নচিকেতা চলিয়াছেন যমালয় অভিমুখে। পথের বিঘ্ন তাঁহার পথ আগুলিয়া দাঁড়াইতে পারিতেছে না। চলিয়া চলিয়া অবশেষে যমালয়ে উপস্থিত। কিন্তু যম গৃহে নাই। কার্যান্তরে অন্যত্র গমন করিয়াছেন। গৃহস্বামীর অনুপস্থিতিতে কে আর অতিথিকে সৎকার করিবেন? নচিকেতা অনভিনন্দিত হইয়াই যমগৃহে তিন দিন অনাহারে কাটাইলেন। চতুর্থ দিবসে যম স্বগৃহে ফিরিয়া আসিলেন। অনাহারক্লিষ্ট গৃহাগত ব্রাহ্মণ অতিথিকে দর্শন করিয়া যম দুঃখিত হইলেন। সেই সঙ্গে তাঁহার বিস্ময়েরও সীমা পরিসীমা রহিল না, কারণ ইতিপূর্ব্বে মনুষ্যদেহধারী কেহ কখনও এভাবে যমালয়ে আগমন করেন নাই। অভূতপূর্ব্ব এই ঘটনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যমের আত্মীয়বর্গ গৃহাগত যমকে বলিতে লাগিলেন—
"হে সূর্য্যপুত্র! ব্রাহ্মণ অতিথি তিন দিন আপনার গৃহে অনাহারে রহিয়াছেন। অগ্নিসদৃশ পবিত্র এবং তেজস্বী তিনি। শীঘ্র পাদ্যার্ঘ্য দানে তাঁহার শান্তি বিধান করুন। যাঁহার গৃহে অতিথি অভুক্ত থাকেন-তাঁহার সমস্ত পুণ্য লয় প্রাপ্ত হয়—যাগযজ্ঞ পণ্ড হয়। অতএব অনতিবিলম্বে তাঁহার সৎকার করিয়া সন্তোষ বিধান করুন। যম বিষয়ে অনবহিত ছিলেন না; কাজেই সত্বর অতিথির সমীপাগত হইয়া কহিলেন—"হে ব্রাহ্মণকুমার! তুমি আমার অতিথি—আমার নমস্য। তিন রাত্রি আমার গৃহে অনাহারে থাকিয়া যে ক্লেশভোগ করিয়াছ তজ্জন্য আমার যে অপরাধ হইয়াছে তাহা ক্ষমা কর। তোমার সন্তোষ বিধানার্থ প্রতি রাত্রির জন্য একটি করিয়া তিনটি বর আমি তোমাকে প্রদান করিব। তুমি আপন ইচ্ছামত বর চাহিয়া লও।

যমের কথায় নচিকেতা সন্তুষ্ট হইয়া কহিলেন, "হে যম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—যমরাজ! আমি প্রথম বরে ইহাই প্রার্থনা করিতেছি যে আমার অনুপস্থিতিতে পিতা যেন অনুদ্বিগ্ন থাকেন, তাঁহার ক্রোধ প্রশমিত হয়। আমার প্রতি তিনি প্রসন্নচিত্ত হউন। আমি ফিরিয়া গেলে যেন আমাকে চিনিতে পারেন এবং সাদর সম্ভাষণ করেন। যমরাজ তাঁহার প্রার্থিত বরদানে তাঁহাকে কৃতার্থ করিলেন। তখন যম কহিলেন—হে নচিকেত! এইবার তুমি দ্বিতীয় বর প্রার্থনা কর। তদুত্তরে নচিকেতা কহিলেন—"হে যমরাজ! স্বর্গকামী ব্যক্তিগণ যে অগ্নিবিদ্যার সহায়ে অমরত্ব লাভ করেন তাহা তুমি অবগত আছ। আমি শ্রদ্ধাবান—আমাকে তাহা বল। দ্বিতীয় বরে ইহাই আমার প্রার্থনা।" যমরাজ তাঁহার এই প্রার্থনাও পূরণ করিলেন। অধিকন্তু স্বতঃপ্রবৃত্ত হইয়াই আরেকটি বর তাঁহাকে দান করিয়া কহিলেন—এই অগ্নি এখন হইতে তোমার নামে—নচিকেতা অগ্নি নামে প্রসিদ্ধি লাভ করিবে। এবং এই অগ্নিসাধ্য যজ্ঞের দ্বারা যাজ্ঞিক জন্ম মৃত্যুর পাশ ছেদন করতঃ মুক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবেন। তখন নচিকেতা বলিলেন—"হে মৃত্যু
মৃত্যুর পর আত্মা থাকে কি থাকে না, মনুষ্যের মনে এই
সংশয় এ সম্বন্ধে যথার্থ তত্ত্ব আমি জানিতে ইচ্ছা করি
তৃতীয় বরে ইহাই আমি প্রার্থনা করি। এ বিষয়ে ব
দানে আমার সংশয় নিরসন করুন।" যম কহিলে
"হে নচিকেত! এই আত্মতত্ত্ব অতি সূক্ষ্ম ও দুর্ব্বিজ্ঞেয়
পূর্ব্বে দেবতাদিগেরও এ বিষয়ে সন্দেহ হইয়াছিল
তুমি এই আত্মতত্ত্ব জানিতে ইচ্ছা করিও না। অন্য ব
প্রার্থনা কর। নচিকেতা কহিলেন—"হে যমরাজ
দেবতাদিগেরও এ বিষয়ে সন্দেহ ছিল এবং ইহা দুর্বি
জ্ঞেয়। কাজেই ইহার শ্রেষ্ঠত্ব তোমার কথা হইতে
বুঝিতে পারিতেছি। ইহার উপদেষ্টা বিরল। তুমি এ
তত্ত্ব অবগত আছ। কাজেই তোমার নিকট এই ব
ছাড়া অন্য বর চাহিতে যাইব কেন? তুমি এই বর
আমাকে প্রদান কর।" যমরাজ বলিলেন—"হে নচিকেত
আত্মতত্ত্ব সম্বন্ধে জিজ্ঞাসায় প্রতিনিবৃত্ত হও। তু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জাগতিক ভোগ ঐশ্বর্য্য যাহা কিছু প্রার্থনা কর তাহাই তোমাকে দিব। দীর্ঘায়ু, দীর্ঘজীবি পুত্র এবং পৌত্র, বৃহৎ সাম্রাজ্য, আনন্দদায়িনী রমণী যাহা কিছু জগতে দুর্লভ তৎসমস্তই আমি তোমাকে দিতে প্রস্তুত আছি। তুমি আনন্দসহকারে তাহা ভোগ করিতে পারিবে। কিন্তু আত্মতত্ত্ব সম্বন্ধে তোমার জিজ্ঞাসার উত্তর দিতে আমি ইচ্ছা করি না। অতএব ইহা ছাড়া অন্য যাহা কিছু তোমার কাম্য তাহা বল। আমি তোমার সেই কামনা পূরণ করিব। তদুত্তরে নচিকেতা কহিলেন—"হে যমরাজ! তুমি যে সকল ভোগ্য বস্তুর কথা বলিলে তাহা ক্ষণস্থায়ী—কল্য পর্য্যন্ত থাকিবে কিনা তাহার নিশ্চয়তা নাই। অধিকন্তু ভোগ্যবস্তু সমূহের ভোগে ইন্দ্রিয়শক্তি হ্রাস প্রাপ্ত হয়। শুধু তাহাই রহে ভোগে ভোগাকাঙ্ক্ষা বাড়িয়াই চলে। তাহাতে কখনও তৃপ্ত হওয়া যায় না। অতএব তোমার কথিত ভোগ্যবস্তুসমূহ তোমারই থাকুক। আমি তাহা চাই না, তাহা ছাড়া তোমার দর্শন যখন পাই-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

য়াছি তাহার ফলে বিত্তলাভ তো হইবেই আর তুমি য
দিন যমলোকের অধিপতি ততদিন জীবিতও থাকি
জরামরণশীল কোন্ মানব তোমার সান্নিধ্য লাভ করি
তোমার নিকট শ্রেষ্ঠ পুরুষার্থ লাভের সম্ভাবনা আ
জানিয়াও ক্ষণস্থায়ী ভোগ ঐশ্বর্য্যের জন্য প্রার্থনা করিবে
হে মৃত্যু! তুমি আমাকে মুক্তিপ্রদ আত্মতত্ত্ব সম্বন্ধে
প্রদান কর। যম নচিকেতাকে নির্লোভ এবং সর্ব্বপ্রক
প্রলোভনমুক্ত দেখিয়া যারপরনাই সন্তুষ্ট হইলেন। বলিলে
—হে নচিকেত! তোমার মত উত্তম অধিকারী জিজ্ঞা
শিষ্য বড় বিরল। এইরূপ শিষ্যই যেন আমরা লাভ করি
এইরূপ বলিয়া নচিকেতার জিজ্ঞাসিত আত্মতত্ত্ব সম্ব
উপদেশ দিতে লাগিলেন—"জগতে প্রেয় এবং শ্রে
উভয়ই রহিয়াছে। প্রেয় আপাতসুখকর হইলেও প
ণামে দুঃখদায়ী। আর শ্রেয়ঃ আপাতমনোরম না হইলে
পরিণামে অশেষ কল্যাণ সাধনে আনন্দ দান করিয়া থাকে
জ্ঞানী ব্যক্তি প্রেয় অপেক্ষা শ্রেয়কেই শ্রেষ্ঠ জানি

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাকেই বরণ করেন। আত্মতত্ত্বই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং জীবের পরমপুরুষার্থসাধক। এই আত্মা সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, মহৎ হইতেও মহীয়ান। তিনি অজ, নিত্য, শাশ্বত। শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এ সমস্তের অতীত হইয়াও তিনি স্থূল সূক্ষ্ম সর্ব্ব বস্তুতে বিরাজমান। আত্মা স্বরূপতঃ নিরাকার হইয়াও সৃষ্ট জগতের সকল রূপেই তিনি রূপায়িত হন। তিনি সর্ব্বরূপী আবার অরূপী। তিনি বিশ্বানুগ আবার বিশ্বাতিগ। আত্মস্বরূপ বাক্যাতীত, শ্রবণাতীত। একমাত্র ব্রহ্মজ্ঞ গুরুর উপদেশেই এই আত্মতত্ত্ব অবগত হওয়া যায়। কৃপাসাপেক্ষ এই আত্মতত্ত্ব। এই আত্মতত্ত্ব অবগত হইলে মরণশীল মানব অমর হয়। সর্ব্বপ্রকার শোক দুঃখ ভয়বিনাশক এই আত্মজ্ঞান ইহজন্মেই লাভ হইতে পারে, লাভ হইলে হয় নিত্যানন্দে অচল অবস্থিতি। মৃত্যুপ্রোক্ত এই আত্মতত্ত্ব অবগত হইয়া নচিকেতা হইয়াছিলেন কৃতকৃতার্থ।

যমরাজ-কথিত এই আত্মতত্ত্ব মরণশীল মানবসমাজকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমৃতপথের সন্ধান দিয়াছে। হাতছানি দিয়া ডাকিতেছে —আইস অমৃতের পুত্রগণ, প্রেয় নয়, শ্রেয়কেই বরণ করি লও। জীবনের সকল অভাব ঘুচিয়া যাইবে—'যং লব্‌ চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ'। যাহা পাইলে অ কিছুই পাইবার বাকী থাকে না। এবং দুঃখসঙ্ক জীবনের সকল জ্বালাযালা মুছিয়া যায়। আত্মতত্ত্বা ভূতির ফলশ্রুতি ইহাই। নচিকেতার জিজ্ঞাসার উত্তর ইহাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ হরিঃ

কঠোপনিষৎ

শান্তিপাঠ

ওঁ সহ নাববতু। সহ নৌ ভুনক্তু। সহ বীর্য্যং করবাবহৈ। তেজস্বি নাবধীতমস্তু। মা বিদ্বিষাবহৈ। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

অন্বয়ঃ [ব্রহ্ম] নৌ (আমাদের উভয়কে—গুরু-শিষ্যকে) সহ (তুল্যরূপে) অবতু (রক্ষা করুন) নৌ (উভয়কে) সহ (সমানভাবে) [বিদ্যাফল] ভুনক্তু (ভোগ করান, দান করুন) সহ (তুল্যভাবে) [আমরা যেন বিদ্যালাভার্থ] বীর্য্যং (শক্তি, সামর্থ্য) করবাবহৈ (লাভ করিতে পারি) নৌ (আমাদের উভয়ের) অধীতম্ (অধীত বিদ্যা, লব্ধবিদ্যা) তেজস্বি অস্তু (সার্থক হউক) [আমরা যেন] মা বিদ্বিষাবহৈ (পরস্পর, অর্থাৎ একে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্যের প্রতি বিদ্বেষযুক্ত না হই) ওঁ শান্তিঃ শান্তিঃ শা[ন্তিঃ] (ত্রিবিধ দুঃখের অবসান হউক)॥

অনুবাদঃ পরমাত্মা গুরুশিষ্য আমাদের উভয়কে স[মান]ভাবে রক্ষা করুন এবং সমানভাবে বিদ্যাফল দান করু[ন]। আমরা যেন সমভাবে বিদ্যালাভে সমর্থ হই। আমাদে[র] উভয়ের লব্ধ বিদ্যা সার্থক হউক, অর্থাৎ যথাযথ ফলদ[ান] করুক। আমরা যেন একে অন্যকে বিদ্বেষ না করি॥

অনুধ্যান: অন্তেবাসী গুরুর নিকট পাঠ গ্র[হণ] করিবার জন্য সমুপস্থিত। এই অধ্যয়ন এবং অধ্যাপ[না] যাহাতে সার্থক হয় তজ্জন্য গুরুশিষ্য উভয়েই পরমা[ত্মা] পরমেশ্বরের নিকট প্রার্থনা করিতেছেন। প্রার্থনা [শু]ধু মৌখিক-বাক্য উচ্চারণ নহে, অন্তরের অন্তস্থল হইতে উত্থি[ত] আকূতি। প্রার্থনা আন্তরিক হইলে বিফল হয় না। ত[াই] সর্ববিধ মঙ্গলকার্য্যের—বৈদিক কর্ম্মের পূর্বেই প্রার্থন[ার] বিধান এবং তাহার সম্পাদন দেখিতে পাওয়া যা[য়]। এখানে উপনিষৎ-পাঠার্থী শিষ্য ও পাঠদাতা গুরু উভ[য়ে]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঠারম্ভের পূর্বে যে প্রার্থনা করিয়াছেন তাহার মূল বক্তব্য ছিল ব্রহ্ম যেন উভয়কে সর্বপ্রকার বিপদ আপদ হইতে রক্ষা করেন। পাঠ দান ও গ্রহণ কার্য্য যেন সুসম্পন্ন হয় এবং গুরু কর্ত্তৃক প্রদত্ত বিদ্যা শিষ্য গ্রহণ করতঃ যেন কৃতকৃত্য হয়। বিদ্যা শুধু গ্রহণেই সার্থক হয় না, দানেই তাহার সার্থকতা। এই সার্থকতা কল্যাণপ্রসূ। বিদ্যাফল গুরুশিষ্য উভয়ের পক্ষেই কল্যাণপ্রদ হউক ইহাও অন্যতম প্রার্থনা। দাতা ও গ্রহীতার সম্বন্ধ হওয়া চাই প্রেমের সম্বন্ধ—একে অন্যকে বিদ্বেষ করিবে না। বিদ্বেষের ফল দুঃখ—কর্ম্মে ব্যর্থতা আনয়ন করে। এই ব্যর্থতা নিবারণার্থই প্রার্থনা—'মা বিদ্বিষাবহৈ'। ত্রিবিধ দুঃখ—আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক শান্তির জন্যই 'শান্তি' শব্দ এখানে তিনবার পঠিত হইয়াছে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম অধ্যায়

প্রথম বল্লী

ওঁ উশন্ হ বৈ বাজশ্রবসঃ সর্ববেদসন্দদৌ।
হ নচিকেতা নাম পুত্র আস ॥১।১।১

অন্বয়ঃ বাজশ্রবসঃ (বাজশ্রবার পুত্র উদ্দালক উশন্ (যজ্ঞফলাকাঙ্ক্ষী হইয়া) [বিশ্বজিৎ যজ্ঞে] হ সর্ব্ববেদসম্ (সর্বস্ব) দদৌ (দান করিলেন)। তস্য (উদ্দালকের) হ (প্রসিদ্ধ) নচিকেতাঃ নাম (নচিকে নামে) পুত্রঃ আস (পুত্র ছিল)॥ ১।১।১

অনুবাদঃ বাজশ্রবার পুত্র উদ্দালক বিশ্বজিৎ করিয়া যজ্ঞফল কামনায় যথাসর্বস্ব দান করিয়াছিলে তাঁহার নচিকেতা নামে এক পুত্র ছিলেন ॥১।১।১

অনুধ্যানঃ ওঁ মঙ্গল বাচক শব্দ। তাই গ্রন্থার পূর্বে ওঁ উচ্চারণ করার বিধান রহিয়াছে। 'বাজ'

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্ন। অন্নদানে যিনি বিখ্যাত তিনি বাজশ্রবা। তাঁহার পুত্র উদ্দালক এক যজ্ঞ করেন। সেই যজ্ঞের নাম বিশ্বজিৎ যজ্ঞ। বিশ্বজিৎ যজ্ঞে সর্বস্বদানের বিধান রহিয়াছে। উদ্দালক সেই যজ্ঞফল কামনায় সর্বস্ব দান করিয়াছিলেন। তাঁহার একটি পুত্র ছিল। নাম নচিকেতা ॥১।১।১

তং হ কুমারং সন্তং দক্ষিণাস্থ নীয়মানাস্থ শ্রদ্ধা-বিবেশ, সোঽমন্যত ॥১।১।২

অন্বয়ঃ দক্ষিণাস্থ নীয়মানাস্থ (গবাদি দক্ষিণা ব্রাহ্মণদিগকে উদ্দালক দিতে উদ্যত হইলে) কুমারং সন্তং (যদিও ছোট বালক ছিলেন) [নির্ম্মল চিত্ত বলিয়া] তম্ হ (তাঁহার মধ্যে) শ্রদ্ধা আবিবেশ (শ্রদ্ধার উদয় হইল), সঃ অমন্যত (নচিকেতা এইরূপ চিন্তা করিতে লাগিলেন) ॥ ১।১।২

অনুবাদঃ যজমান উদ্দালক যখন ব্রাহ্মণদিগকে গো-ধন দক্ষিণা দিতে উদ্যত হইয়াছেন, তখন নচিকেতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বালক হইলেও (নির্ম্মলচিত্ত বলিয়া) তাঁহার মনে শ্রদ্ধা উদয় হইল। তিনি ভাবিতে লাগিলেন ॥ ১।১।২

পীতোদকা জগ্ধতৃণা দুগ্ধদোহা নিরিন্দ্রিয়াঃ।
অনন্দা নাম তে লোকাস্তান্ স গচ্ছতি তা দদৎ ॥
১।১।৩

অন্বয়ঃ পীত-উদকাঃ (জন্মের মত যাহাদের জল পান করা হইয়া গিয়াছে) জগ্ধ-তৃণাঃ (জন্মের মত যাহাদের তৃণ-ভক্ষণ শেষ হইয়া গিয়াছে) দুগ্ধ-দোহাঃ (জন্মের মত যাহাদের দুগ্ধদান করা শেষ হইয়া গিয়াছে) নিঃ-ইন্দ্রিয়াঃ (যাহাদের ইন্দ্রিয়সকল একেবারে শক্তিহীন হইয়াছে) তাঃ (সেই সকল গাভী) দদৎ (যিনি দান করেন) সঃ (তিনি) অনন্দাঃ নাম (অনন্দ নামক—দুঃখময়) তে (সেই) (সেই প্রসিদ্ধ) তান্ লোকাঃ (লোকসমূহে) গচ্ছতি (গমন করে)॥ ১।১।৩

অনুবাদঃ যে সকল গাভীর জলপান, তৃণ ভক্ষণ ও দুগ্ধদান কার্য্য জন্মের মত শেষ হইয়া গিয়াছে এবং সকল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন্দ্রিয়শক্তি একেবারে বিনষ্ট হইয়াছে এইরূপ গাভী যে জমান দান করেন তিনি 'অনন্দ' নামক—দুঃখময় লোক-মূহে গমন করেন ॥ ১।১।৩

অনুধ্যান ঃ নচিকেতা বালক হইলেও শুদ্ধচিত্ত ছিলেন। তাই পিতার যজ্ঞীয় দক্ষিণা যথাযথ না হওয়ায় তাহার বিবেক তথা শ্রদ্ধা জাগ্রত হইল। তিনি ভাবিলেন —যজ্ঞীয় দক্ষিণাস্বরূপ যে সকল গাভী ব্রাহ্মণকে দান করা হইয়াছে তাহারা জরাজীর্ণ—জন্মের মত তাহাদের জল-পান, তৃণভক্ষণ ও দুগ্ধদান কার্য্য শেষ হইয়া গিয়াছে; সমস্ত ইন্দ্রিয় শক্তিহীন—কোন প্রকার কার্য্য করিবার সামর্থ্যই তাহাদের নাই। এইরূপ গাভীর দানফল কখনই শুভ হইতে পারে না। এইরূপ দাতা দেহান্তে দুঃখময় লোকে গমন করিয়া থাকে। নচিকেতা আরও ভাবিলেন—পিতা তা যজ্ঞফল কামনা করিয়াই সর্বস্ব দান করিলেন, কিন্তু এইরূপ অশুদ্ধ দানে বিপরীত ফলই ফলিবে। এই চিন্তার মূলে ছিল তাঁহার পিতার প্রতি শ্রদ্ধা ও কল্যাণ-কামনা ॥১।১।৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স হোবাচ পিতরং তত কস্মৈ মাং দাস্যসীতি।
দ্বিতীয়ং তৃতীয়ং তং হোবাচ মৃত্যবে ত্বা দদামীতি॥
১।১

অন্বয়ঃ সঃ হ (সেই নচিকেতা) পিতরং উ
(পিতাকে বলিলেন) তত (=তাত, হে পিতা) মাং ক
দাস্যসি ইতি (আমায় কাহাকে দিবেন?) দ্বিতীয়ং তৃ
(দ্বিতীয়বার তৃতীয়বার পিতাকে এইরূপ বলিলেন)
হ (সেই পুত্রকে) [তাঁহার পিতা] উবাচ (বলিলেন)
(তোমায়) মৃত্যবে (যমকে) দদামি ইতি (দিব)॥ ১।১

অনুবাদঃ নচিকেতা পিতাকে বলিলেন, "
পিতা! আমায় কাহাকে দিবেন?" দ্বিতীয়বার
তৃতীয়বার এইরূপ বলিলে, পিতা বলিলেন, "তো
যমকে দিব"॥ ১।১।৪

অনুধ্যানঃ বিশ্বজিৎ যজ্ঞে যথাসর্বস্ব দান করি
হয়। পুত্র পিতার শ্রেষ্ঠ সম্পদ। পিতার সর্বস্ব
পুত্রই বা বাদ পড়িবে কেন এইরূপ ভাবিয়া নচিকে
পিতাকে জিজ্ঞাসা করিলেন, "আমায় কাহাকে দিবেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতা প্রথমে প্রশ্নের গুরুত্ব না দিয়া চুপ করিয়াই রহিলেন। কিন্তু পুত্র নচিকেতা জিজ্ঞাসার উত্তর না পাইয়া বার বার তিনবার সেই প্রশ্ন পিতাকে করিলেন। পিতার ধৈর্য্যচ্যুতি ঘটিল একই প্রশ্ন পুনঃ পুনঃ জিজ্ঞাসা করায়। রাগের মাথায় বলিয়া বসিলেন, "তোমায় যমকে দিলাম—যমকে দিব" ॥ ১।১।৪

বহূনামেমি প্রথমো বহূনামেমি মধ্যমঃ।
কিং স্বিদ্ যমস্য কর্তব্যং যন্ময়াঽদ্য করিষ্যতি ॥১।১।৫

অন্বয়ঃ বহূনাম্ (বহু পুত্র বা শিষ্যের মধ্যে) [আমি] প্রথমঃ (প্রথম) [হইয়া] এমি (চলিয়া থাকি অর্থাৎ আমি প্রথম স্থান অধিকার করিয়া থাকিব) [আর] বহূনাম্ (অনেকের মধ্যে) মধ্যমঃ এমি (মধ্যস্থানীয় হইয়া থাকিব) [অতএব] যমস্য (যমের) কিম্ স্বিৎ (এমন কি প্রয়োজন) কর্তব্যম্ (পিতার পক্ষে করণীয় হইল) যৎ অদ্য (যাহা আজ) ময়া করিষ্যতি (আমাকে যমের বাড়ী পাঠাইয়া সাধন করিবেন) ॥ ১।১।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ এই কথা শুনিয়া নচিকেতা মনে
চিন্তা করলেন,—বহু শিষ্যের মধ্যে আমি প্রথম অ
মধ্যমই হইব—কখনও অধম নহি। আমার দ্বারা য
এমন কি প্রয়োজন সিদ্ধ হইবে যে পিতা আমায় য
দান করিলেন ॥১।১।৫

অনুধ্যান ঃ শিষ্য বা পুত্র আচরণ দ্বারা তিন শ্রে
হইয়া থাকেন—উত্তম, মধ্যম ও অধম। যিনি পিতা
গুরুর ইচ্ছা নিজ হইতে বুঝিয়া লইয়া কর্ম করেন, তি
উত্তম পুত্র বা শিষ্য। যিনি গুরু বা পিতার আদেশ এ
চিত্তে সর্বতোভাবে পালন করেন, তিনি মধ্যম শিষ্য
পুত্র। আর যিনি পিতা বা গুরু বলিলেও সেই আ
পালন করেন না, তিনিই অধম পুত্র বা শিষ্য। এই
দিয়াই চিন্তা করিয়া নচিকেতা ভাবিলেন, "আমি প্র
অথবা দ্বিতীয় শ্রেণীভুক্ত অবশ্যই হইয়া থাকিব—অ
কিছুতেই নহি। তাহা সত্ত্বেও পিতা আমায় যমকে দ
করিলেন কেন? পিতা যমের এমন কি প্রয়োজন সি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিবার জন্য আমাকে যমালয়ে যাইতে বলিলেন ? যাহা হউক, পিতার বাক্য যাহাতে মিথ্যা না হয় তাহা আমার অবশ্যই করণীয়।" মনে মনে এইরূপ চিন্তা করিয়া পিতাকে বলিলেন ॥১।১।৫

অনুপশ্য যথা পূর্বে প্রতিপশ্য তথাঽপরে।
শস্যমিব মর্ত্যঃ পচ্যতে শস্যমিবাজায়তে পুনঃ ॥১।১।৬

অন্বয় ঃ [হে পিতা!] পূর্বে (পূর্ববর্তী পিতা পিতামহগণ) যথা (যে প্রকার সত্যাচরণ করিয়াছিলেন তাহা) অনুপশ্য (যথাযথরূপে বিচার করিয়া দেখুন) তথা (সেইরূপ) অপরে (বর্তমান কালের সাধুগণ যেরূপ সত্যাচরণ করেন) প্রতিপশ্য (তাহাও দেখুন) মর্ত্যঃ (মরণশীল মানুষ) শস্যম্ ইব (শস্যের ন্যায়) পচ্যতে (পচিয়া মরে) পুনঃ (আবার) শস্যম্ ইব অজায়তে (শস্যের ন্যায় উৎপন্ন হয়) ॥১।১।৬

অনুবাদ ঃ নচিকেতা বলিলেন, "হে পিতা! পূর্ব-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বর্ত্তী পিতৃপিতামহ এবং বর্ত্তমান সাধুগণের সত্যনিষ্ঠার কথা ভাবুন। শস্তের ন্যায় মানুষ জীর্ণ হইয়া মরে এবং শস্তের ন্যায়ই পুনঃ জন্মায় ॥১।১।৬

অনুধ্যান ঃ কি জানি পুত্রস্নেহ বশতঃ পিতা সত্যভ করেন, তাহাকে যমালয়ে পাঠাইতে বিরত হয়েন, তা চিন্তা করিয়া নচিকেতা নিজ হইতেই বলিলেন, "দেখু পূর্বকালে পিতৃপিতামহাদি সর্বাবস্থাতেই সত্যরক্ষা করিয় চলিতেন,—সত্যভঙ্গ করা তাঁহারা মহাপাপ বলিয় বিবেচনা করিতেন। একালের সাধুদেরও তদ্রূপ আচর দেখা যায়। অতএব, আপনি যখন আমায় যমকে দা করিয়াছেন, তখন আমার পক্ষে যমের বাড়ী যাওয়া সমীচীন, না গেলে আপনার সত্যভঙ্গ হইবে। পুত্রে পক্ষে পিতার সত্যভঙ্গের কারণ হওয়া অনুচিত। অতএ আমি যমালয়ে যাইতেছি। আরও দেখুন, ধান্যাদি শস্য গাছ যেমন কালে মরে ও পুনরায় জন্মায়, মানুষও তেমনি মরণশীল—জন্মায় ও মরে। অতএব, আমার যমালয়ে গমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্বন্ধে আপনার মনে কোনরূপ দ্বিধা বা সঙ্কোচ না হওয়াই ধর্ম্মকার্য্য হইবে ॥১।১।৬

বৈশ্বানরঃ প্রবিশত্যতিথির্ব্রাহ্মণো গৃহান্ ।
তস্যৈতাং শান্তিং কুর্বন্তি হর বৈবস্বতোদকম্ ॥১।১।৭

অন্বয়ঃ (পিতৃ-আদেশে নচিকেতা যমালয়ে গিয়া উপস্থিত হইলেন—যম তখন বাড়ী ছিলেন না। তিন দিন পরে যম ফিরিয়া আসিলে তাঁহার আত্মীয়গণ তাঁহাকে বলিতে লাগিলেন) ব্রাহ্মণঃ (ব্রাহ্মণ) অতিথিঃ (অতিথি) বৈশ্বানরঃ (অগ্নিরূপে) গৃহান্ (গৃহস্থ-গৃহে) প্রবিশতি (উপস্থিত হয়েন), তস্য (সেই অতিথির) এতাম্ শান্তিম্ (পাদ্যাদির দ্বারা শান্তি বিধানরূপ কার্য্য) কুর্বন্তি (করিয়া থাকেন), বৈবস্বত (হে সূর্য্যপুত্র যম !) উদকম্ হর (পাদপ্রক্ষালনের জন্য জল আনয়ন করুন) ॥১।১।৭

অনুবাদঃ (নচিকেতা যখন যমালয়ে আসেন তখন যম গৃহে ছিলেন না ; তিন দিন পর গৃহে ফিরিলে তাঁহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মীয়েরা বলিলেন) "ব্রাহ্মণ অতিথি অগ্নির ন্যায় গৃ
গৃহে আসেন। লোকে পাদ্যার্ঘ্য দ্বারা তাঁহার শা
বিধান করেন। হে সূর্য্যপুত্র ধর্ম্মরাজ যম! আ
তাঁহার পাদপ্রক্ষালনের জন্য জল আনয়ন করুন ॥"১।১

অনুধ্যান ঃ সর্বপ্রকার পবিত্র বস্তুর মধ্যে অ
শ্রেষ্ঠ। তাই অগ্নির অপর নাম 'পাবক'—'পাবকা
পাবকঃ'। অগ্নি যেমন পাবক, তেমনি তেজস্বীও বটে
অতিথি যেমন শুদ্ধচিত্ত তেমনি উজ্জ্বলমূর্ত্তি—অগ্নি
তেজীয়ান্। অতিথি গৃহস্থের ঘরে অগ্নিস্বরূপ হই
আসিয়া থাকেন। তাঁহার উপস্থিতি গৃহীর পরমকল্যা
কর। তাই শাস্ত্রে বিধান আছে—অতিথিকে নারায়ণর
পূজা করিবে, তাঁহার সেবায় যেন কোনরূপ ত্রুটি বিচ্যু
না ঘটে। ঘটিলে তাহা হইবে অন্যায়—বহন করি
আনিবে অমঙ্গল। তাই যমরাজ যখন প্রবাস হইতে গৃ
ফিরিয়া আসিলেন, তখন তাঁহার আত্মীয়গণ তাঁহা
অতিথি নচিকেতার যথাযথ সৎকার করিতে বলিলে

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতিথি নারায়ণ—নারায়ণরূপে তাঁহার পূজার্চ্চনা গৃহীর অবশ্য কর্ত্তব্য ॥১।১।৭

আশাপ্রতীক্ষে সঙ্গতং সুনৃতাং
চেষ্টাপূর্তে পুত্রপশূংশ্চ সর্বান্ ।
এতদ্বৃঙ্‌ক্তে পুরুষস্যাল্পমেধসো
যস্যানশ্নন্ বসতি ব্রাহ্মণো গৃহে ॥১।১।৮

অন্বয় ঃ যস্য গৃহে (যাঁহার গৃহে) ব্রাহ্মণঃ অনশ্নন্ বসতি (ব্রাহ্মণ অতিথি অভুক্ত থাকেন) অল্পমেধসঃ পুরুষস্য (অল্পবুদ্ধি পুরুষের) আশাপ্রতীক্ষে (অভীষ্টবস্তুর প্রত্যাশা) সঙ্গতম্ (সাধুসঙ্গের ফল) সুনৃতাম্ (প্রিয়বাক্যের ফল) ইষ্টাপূর্তে (ইষ্টাপূর্তজাত ফল) চ (এবং) পুত্রপশূংশ্চ (পুত্র এবং গোধন প্রভৃতি) সর্বান্ (সমস্তকেই এতৎ (এইরূপ অনাহার) বৃঙ্‌ক্তে (বিনাশ করে) ॥১।১।৮

অনুবাদ ঃ "যাঁহার গৃহে ব্রাহ্মণ অতিথি অভুক্ত থাকেন, সেই অল্পবুদ্ধি পুরুষের আশা, প্রত্যাশা, সাধুসঙ্গ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও প্রিয়বাক্যের ফল, যাগযজ্ঞ ও বাপীতড়াগাদি নির্মা
পুণ্য, পুত্র, পশু প্রভৃতি সবই নষ্ট হয়।"

অনুধ্যান ঃ অতিথির সম্মানার্হতা ও তাঁহার পূ
পূজার্চ্চনা সম্বন্ধে ভগবান মনুর বিধান—

সম্প্রাপ্তায় ত্বতিথয়ে প্রদদ্যাদাসনোদকে।
অন্নঞ্চৈব যথাশক্তি সংকৃত্য বিধিপূর্ব্বকম্॥

(মনুসংহিতা—৩।৯৯ টী

—'স্বয়মাগত অতিথিকে গৃহস্থ বিধিপূর্বক সংকারা
করতঃ আসন, পাদপ্রক্ষালনের জন্য জল ও যথাশক্তি অ
ব্যঞ্জন প্রদান করিবেন।' এইরূপে গৃহীর অতিথি-সংকা
অবশ্য করণীয়। সে কথাই যমের আত্মীয়গণ তাঁহাকে স্মর
করাইয়া দিলেন। অতিথি-সংকারে অবহেলা যে গৃহীর
পক্ষে অকল্যাণজনক তাহাও মনুসংহিতায় উক্ত আছে,
যথা :—

শিলানপ্যুঞ্ছতো নিত্যং পঞ্চাগ্নীনপি জুহ্বতঃ।
সর্ব্বং সুকৃতমাদত্তে ব্রাহ্মণোঽনর্চ্চিতো বসন্॥ (৩।১০০)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—উঞ্ছবৃত্তিজীবি গৃহস্থ ব্রাহ্মণ অথবা প্রতিদিন পঞ্চাগ্নিতে হোমকারী ব্রাহ্মণ, কিংবা যত দরিদ্র অথবা পুণ্যশালী ব্রাহ্মণই হউন কেন, যদি তাঁহার গৃহে অতিথি ব্রাহ্মণ অনাদৃত হন, তাহা হইলে তাঁহার সমুদায় সুকৃতিই সেই অতিথি হরণ করিয়া লইয়া যান।

(উঞ্ছবৃত্তি—ক্ষেত্রে পরিত্যক্ত শস্যাদি সংগ্রহ করিয়া জীবন ধারণ করাই উঞ্ছবৃত্তি। পঞ্চাগ্নি—দক্ষিণ, গার্হপত্য, আহবনীয়, আবসথ্য ও সভ্য এই পাঁচটি) ॥১।১।৮

তিস্রো রাত্রীর্যদবাৎসীর্গৃহে মেঽ-
নশ্নন্ ব্রহ্মন্নতিথির্নমস্যঃ।
নমস্তেঽস্তু ব্রহ্মন্ স্বস্তি মেঽস্তু
তস্মাৎ প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ্ব ॥১।১।৯

অন্বয়ঃ (যমরাজ নচিকেতাকে যথাবিহিত পূজা বন্দনাদি করিয়া কহিলেন) ব্রহ্মন্ (হে ব্রহ্মণ্যদেব !) তে নমঃ অস্তু (আপনাকে নমস্কার) মে স্বস্তি অস্তু (আপনার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশীর্ব্বাদে আমার মঙ্গল হউক) অতিথিঃ (অতিথি [আপনি] নমস্যঃ (নমস্য) [হইয়াও] মে (আমার গৃহে অনশ্নন্ (গৃহে না খাইয়া) তিস্রঃ রাত্রিঃ (তিন রাত্রি অবাৎসীঃ (বাস করিয়াছেন) তস্মাৎ (অতএব) ব্রহ্মন্ (হে ব্রাহ্মণ!) প্রতি ত্রীন্ বরান্ বৃণীষ্ব (প্রতি রাত্রির জন্য একটি একটি করিয়া তিনটি বর প্রার্থনা করুন) ॥১

অনুবাদ ঃ যম কহিলেন, "হে ব্রহ্মণ্যদেব! আপনাকে নমস্কার। আপনার আশীর্বাদে আমার মঙ্গল হউক। সম্মানীয় অতিথি আপনি অনাহারে তিন রাত্রি আমার গৃহে কাটাইয়াছেন। অতএব, হে ব্রাহ্মণ! প্রতি রাত্রির জন্য অপনি একটি একটি করিয়া তিনটি বর প্রার্থনা করুন ॥১।১।৯

অনুধ্যান ঃ শ্রুতি বলেন—'অতিথিদেবো ভব' (তৈঃ উঃ)—অতিথিকে দেবতার ন্যায়—ইষ্টের ন্যায় পূজা করিবে। সেই অতিথি আজ যমগৃহে অনাদৃত, যদিও অনিচ্ছাকৃত এই অপরাধ। বিশেষভাবে সৎকার তো হই

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না, অধিকন্তু তাঁহাকে তিন রাত্রি অনাহারেই কাটাইতে হইয়াছে। ইহাপেক্ষা দুর্দ্দৈব আর কি হইতে পারে? গৃহীর পক্ষে তাহার ঘরে অনাহারক্লিষ্ট অতিথির অবস্থান কত বড়ই না অপরাধ। যমরাজ আজ সেই অপরাধে অপরাধী। সেই অপরাধ ক্ষালনার্থ তিনি নচিকেতাকে তিনটি বর দানে সন্তুষ্ট করিতে চাহিতেছেন ॥১।১।৯

শান্তসংকল্পঃ সুমনা যথা স্যাদ্-
বীতমন্যুর্গৌতমো মাঽভি মৃত্যো।
ত্বৎপ্রসৃষ্টং মাঽভিবদেৎ প্রতীত
এতৎ ত্রয়াণাং প্রথমং বরং বৃণে ॥১।১।১০

অন্বয়ঃ (নচিকেতা বলিলেন) মৃত্যো (হে যমরাজ!) [আপনার অঙ্গীকৃত] ত্রয়াণাং (তিনটি বরের মধ্যে) এতৎ (এই) প্রথমং (প্রথম) বরং (বর) বৃণে (প্রার্থনা করিতেছি) যথা (যেন) গৌতমঃ (আমার পিতা গৌতম) মা অভি (আমার প্রতি) শান্ত-সঙ্কল্পঃ (উৎকণ্ঠাশূন্য),

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুমনাঃ (প্রসন্নমনা) বীতমন্যুঃ (বিগতক্রোধ) স্যা
(হয়েন) [এবং] প্রতীতঃ ('এই আমার পুত্র' এইরূপে
চিনিতে পারিয়া) ত্বৎ-প্রসৃষ্টং (মৃত্যুমুখ হইতে প্রত্যাগত ক
মা (আমাকে) অভিবদেৎ (সাদর সম্ভাষণ করেন)।
১।১।১০

অনুবাদঃ নচিকেতা কহিলেন, "হে যমরাজ
আপনার অঙ্গীকৃত তিনটি বরের মধ্যে প্রথমে এই ব
প্রার্থনা করিতেছি—আমার পিতা যেন আমার সম্বন্ধে উ
কণ্ঠাশূন্য, প্রসন্নমানস এবং বিগতক্রোধ হয়েন, এবং মৃত্যু
হইতে প্রত্যাগত আমাকে চিনিতে পারিয়া যেন সাদ
সম্ভাষণ করেন ॥১।১।১০

অনুধ্যানঃ দেবতাদিগের আশীর্ব্বাদ সর্বোপ
—সর্বকল্যাণের আস্পদ। আবার শাস্ত্রান্তরে উক্ত আছে
—"পিতরি প্রীতিমাপন্নে, প্রীয়ন্তে সর্বদেবতাঃ" পিতার
সন্তোষবিধানেই সমস্ত দেবগণ প্রীত হইয়া থাকেন। অত
এব দেখা যাইতেছে পিতার সম্মানার্হতা সর্বাপেক্ষা বেশী

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাচিকেতা শ্রদ্ধাবান পুত্র, তাই দেবদুর্লভ বর পাইবার সুযোগ পাইয়াও নিজের ব্যক্তিগত কি ঐহিক কি পারত্রিক কোন সুখস্বাচ্ছন্দ্যের প্রার্থনা না করিয়া পিতার সন্তুষ্টিরূপ বরই প্রথমে যমরাজের নিকট প্রার্থনা করিলেন। যথার্থ পুত্রবৎ এই আচরণ ॥১।১।১০

যথা পুরস্তাদ্ভবিতা প্রতীত
ঔদ্দালকিরারুণির্মৎপ্রসৃষ্টঃ।
সুখং রাত্রীঃ শয়িতা বীতমন্যু-
স্ত্বাং দদৃশিবান্ মৃত্যুমুখাৎ প্রমুক্তম্॥
১।১।১১

অন্বয়ঃ (যম বলিলেন) ঔদ্দালকিঃ আরুণিঃ (আরুণি উদ্দালক) পুরস্তাৎ যথা (পূর্বে তোমার প্রতি যেরূপ স্নেহপরায়ণ ছিলেন) মৎ-প্রসৃষ্টঃ (আমার আশীর্ব্বাদে) [তদ্রূপই] ভবিতা (হইবেন—থাকিবেন), [এবং তোমাকে] প্রতীতঃ (চিনিতে পারিবেন) ত্বাং মৃত্যুমুখাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রমুক্তম্ (তুমি যে মৃত্যুমুখ হইতে মুক্ত) দদৃশিবান্ (ত
দেখিয়া) বীতমন্যুঃ (উদ্বেগবিহীন হওতঃ) রাত্রীঃ সু
শয়িতা (রাত্রিতে সুখে নিদ্রা যাইবেন) ॥১।১।১১

অনুবাদ ঃ যম কহিলেন, "হে নচিকেতা! তো
পিতা আরুণি উদ্দালক পূর্বে যেমন তোমার প্রতি স্নে
পরায়ণ ছিলেন, আমার আশীর্বাদে এক্ষণেও তদ্র
থাকিবেন। মৃত্যুমুখ হইতে প্রত্যাগত তোমাকে চিনি
পারিবেন এবং নিরুদ্বিগ্নচিত্তে রাত্রিতে সুখে নি
যাইবেন ॥১।১।১১

অনুধ্যান ঃ নচিকেতার প্রার্থনা পিতার প্র
পুত্রের যথার্থ কল্যাণসাধন। ইহাতে পুত্রের স্বধর্ম পা
দৃষ্ট হইতেছে। ধর্মরাজ যমও নচিকেতার প্রতি তাই খ
সন্তুষ্ট হইলেন। ধর্মই ধার্মিককে রক্ষা করিয়া থাকে
এখানে ধর্মরাজ যম নচিকেতার ব্যবহারে এই বাক্যে
সার্থকতা দেখা যাইতেছে। যম সন্তুষ্টচিত্তে নচিকে
প্রথম বর অনুমোদন করিলেন। নচিকেতা বালক

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁর শ্রদ্ধা সহজাত। পিতা তথা গুরুজনদের প্রতি তিনি শ্রদ্ধাবান। শ্রদ্ধাবানের অপ্রাপ্য কি আছে? যম ধর্ম্মরাজ। কাজেই নচিকেতার পিতার সন্তুষ্টিরূপ বর-প্রার্থনা পূরণ না করিয়া পারেন কি? দুষ্প্রাপ্য ব্রহ্মজ্ঞানও একমাত্র শ্রদ্ধা-বানেরই লভ্য। গীতায় ভগবান বলিয়াছেন—'শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্'—শ্রদ্ধাবান ব্যক্তিই জ্ঞান (যেমন পার্থিব জ্ঞান তেমনি আত্মজ্ঞানও) লাভ করিয়া থাকেন। তাই না যম নচিকেতার প্রার্থনা পূরণ করিলেন ॥১।১।১১

স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চনাস্তি
ন তত্র ত্বং ন জরয়া বিভেতি।
উভে তীর্ত্বা২শনায়াপিপাসে
শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥১।১।১২

অন্বয়ঃ (নচিকেতা বলিলেন) স্বর্গলোকে (স্বর্গ-লোকে—ব্রহ্মলোকে, হিরণ্যগর্ভলোকে) কিম্ চন (কোনও) ভয়ং ন অস্তি (ভয় নাই) তত্র (সেখানে) ত্বং ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(তোমার কোন অধিকার নাই) [সেখানে] জরয়া ন বিভেতি (বার্দ্ধক্যেরও ভয় নাই) অশনায়া-পিপাসে (ক্ষুৎ পিপাসা) উভে তীর্ত্বা (জয় করতঃ) শোক-অতিগ (শোকাতীত হইয়া) স্বর্গলোকে (সেই ব্রহ্মলোকে) মোদতে (আনন্দ উপভোগ করেন) ॥ ১।১।১২

অনুবাদ : (নচিকেতা বলিলেন)—স্বর্গলোক-হিরণ্যগর্ভলোক কোন প্রকার ভয়ের স্থান নহে। হে মৃত্যুরাজ। আপনারও সেখানে কোনও অধিকার নাই। বার্দ্ধক্যভয়ে সেখানে কেহ ত্রস্ত নহে। সেখানকার অধিবাসী ক্ষুৎপিপাসা জয় করতঃ শোকাতীত হইয়া সেই দিব্য ধামে আনন্দ উপভোগ করেন ॥ ১।১।১২

অনুধ্যান : মন্ত্রোক্ত স্বর্গলোক অর্থ হিরণ্যগর্ভলোক সাধারণ স্বর্গলোক নহে—সিদ্ধ সাধক যেখানে গমন করিয়া দেহসম্পর্কীয় সর্ব্বপ্রকার দুঃখ যাতনা হইতে মুক্ত হইয়া আনন্দে বাস করেন। এই বাসের স্থিতিকাল সকলের পক্ষে সমান হয় না। কেহ কেহ পরবৈরাগ্য সহায়ে এই আনন্দ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ময় লোককেও অতিক্রম করিয়া পরমানন্দময় বিষ্ণুপদে তৎক্ষণাৎ প্রতিষ্ঠিত হয়েন। সাধনার শেষ এই ব্রহ্মলোক প্রাপ্তি; তৎপরে যে বিষ্ণুপদপ্রাপ্তি তাহা আপনা হইতেই হইয়া থাকে—ইহা কোন প্রকার সাধনসাপেক্ষ্য নহে। অধিকন্তু তাঁহার কৃপা প্রসাদেরই ইহা ফল। শ্রুত্যন্তরে উক্ত আছে—'যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ'—তিনি যাঁকে বরণ করেন—কৃপা করেন, তিনিই তাঁহাকে প্রাপ্ত হয়েন।

দেবতাগণের বাসস্থল যে স্বর্গ তাহা সর্বপ্রকার ভয়-ভীতিহীন নহে। পুরাণসমূহে এবং পঞ্চমবেদস্বরূপ মহাভারতেও স্বর্গলোকবাসী ভয়মুক্ত নহেন এইরূপ উক্তি বহুস্থানে আছে। তাহার প্রমাণস্বরূপ মার্কণ্ডেয় পুরাণোক্ত শ্রীশ্রীচণ্ডীর আখ্যায়িকা। দেবাসুর সংগ্রামে দেবতারা কত ক্লেশই না ভোগ করিয়াছেন তাহা সেখানে বলা হইয়াছে। অতএব নচিকেতা-প্রোক্ত স্বর্গলোক যে সাধারণ স্বর্গলোক নহে তাহা বুঝিতে বিলম্ব হয় না ॥১।১।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স ত্বমগ্নিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো
প্রব্রূহি ত্বং শ্রদ্দধানায় মহ্যম্।
স্বর্গলোকা অমৃতত্বং ভজন্ত
এতদ্দ্বিতীয়েন বৃণে বরেণ ॥১।১।১৩

অন্বয়ঃ (নচিকেতা বলিলেন) মৃত্যো (হে মৃত্যু-রাজ!) সঃ ত্বং (আপনিই) স্বর্গম্ অগ্নিম্ (সেই স্বর্গলোকপ্রাপ্তির উপায়স্বরূপ অগ্নিবিদ্যা) অধ্যেষি (জানেন) [যাহার সহায়ে] স্বর্গলোকাঃ (স্বর্গকামিগণ) অমৃতত্বং ভজন্তে (অমৃতত্ব প্রাপ্ত হন) শ্রদ্দধানায় মহ্যম্ (শ্রদ্ধাশীল আমাকে) [তাহা] ত্বং প্রব্রূহি (আপনি বলুন) দ্বিতীয়েন (দ্বিতীয়) বরেণ (বরে) এতৎ (স্বর্গসাধ্য এই অগ্নিবিদ্যা) বৃণে (প্রার্থনা করি) ॥১।১।১৩

অনুবাদঃ হে মৃত্যুরাজ! স্বর্গলোক প্রাপ্তির সাধনস্বরূপ অগ্নিবিদ্যা আপনি অবগত আছেন যদ্দ্বারা স্বর্গকামিগণ অমৃতত্ব লাভ করেন। আমি শ্রদ্ধাশীল; আমাকে সে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

র্গপ্রাপক অগ্নিবিদ্যা বলুন। দ্বিতীয় বরে ইহাই আমার প্রার্থনা ॥ ১।১।১৩

প্র তে ব্রবীমি তদু মে নিবোধ
স্বর্গ্যমগ্নিং নচিকেতঃ প্রজানন্‌ ।
অনন্তলোকাপ্তিমথো প্রতিষ্ঠাং
বিদ্ধি ত্বমেতং নিহিতং গুহায়াম্‌ ॥১।১।১৪

অন্বয়ঃ (যম বলিলেন) নচিকেতঃ ! (হে নচিকেতা !) স্বর্গ্যম্‌ অগ্নিং (স্বর্গলাভের উপায়স্বরূপ অগ্নিবিদ্যা) প্রজানন্‌ (উত্তমরূপে আমি অবগত আছি) [অতএব] (তোমায়) ব্রবীমি (বলিতেছি) তৎ উ (উহা) মে নিবোধ (আমার বাক্য হইতে অবগত হও) ত্বম্‌ (তুমি) এতম্‌ (মৎকথিত এই অগ্নিবিদ্যা) অনন্তলোক-আপ্তিম্‌ (সেই দিব্যলোক প্রাপ্তির উপায়) অথো (আর) প্রতিষ্ঠাং (সর্বলোকের আশ্রয়) [এবং] গুহায়াং (বিদ্বানদিগের হৃদয়গুহায়) নিহিতং (নিহিত রহিয়াছেন) বিদ্ধি (জান) ॥ ১।১।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদঃ (যম বলিলেন)—হে নচিকেতা! স্বর্গ সাধ্য সেই অগ্নিবিদ্যা উত্তমরূপে আমি অবগত আছি; আমি বলিতেছি, শ্রবণ কর। এই অগ্নিবিদ্যা অনন্তলোক প্রাপ্তির উপায়, জগতের আশ্রয়স্থল এবং ইহা হৃদয়-গুহায় নিহিত বলিয়া জানিও ॥১।১।১৪

লোকাদিমগ্নিং তমুবাচ তস্মৈ
যা ইষ্টকা যাবতীর্বা যথা বা।
স চাপি তৎ প্রত্যবদদ্ যথোক্ত-
মথাস্য মৃত্যুঃ পুনরেবাহ তুষ্টঃ ॥১।১।১৫

অন্বয়ঃ [যম], তস্মৈ (নচিকেতাকে) লোক-আদিম্ (জগতের আদিকারণ) তম্ অগ্নিম্ (সেই অগ্নি সম্বন্ধে) উবাচ (বলিলেন) যাঃ (যেরূপ) যাবতীঃ (বা যতগুলি) ইষ্টকাঃ (ইষ্টকসমূহ) [যজ্ঞবেদী নির্মাণে প্রয়োজনীয়] যথা বা (এবং যে প্রকারে) [অগ্নি চয়ন করিতে হয় তৎসমস্তই বলিলেন] সঃ চ অপি (এবং

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেতাও) তৎ (যমরাজকথিত অগ্নিবিদ্যা) যথা-উক্তম্ (যথাযথরূপে) প্রতি-অবদৎ (পুনরাবৃত্তি করিলেন) অথ (অনন্তর) মৃত্যুঃ (যমরাজ) অস্য তুষ্টঃ (নচিকেতার আবৃত্তিতে তুষ্ট হইয়া) পুনঃ এব আহ (পুনরায় বলিলেন) ॥ ১।১।১৫

অনুবাদঃ যমরাজ নচিকেতাকে জগৎকারণ অগ্নিবিদ্যা বিষয়ে উপদেশ করিলেন। (যজ্ঞবেদী নির্ম্মাণার্থ কতগুলি ইষ্টক সংগ্রহ করিতে হয় এবং যজ্ঞাগ্নি কিরূপে চয়ন করিতে হয় তৎসমস্তই বলিলেন) যমরাজ কথিত অগ্নিবিদ্যা শ্রবণানন্তর নচিকেতা পুনরাবৃত্তি করিলে যমরাজ সন্তুষ্ট হইয়া পুনরায় বলিতে লাগিলেন ॥ ১।১।১৫

অনুধ্যানঃ বৃহদারণ্যক শ্রুতি বলেন—সেই বিরাট নিজেকে অগ্নি, বায়ু ও আদিত্যরূপে বিভক্ত করিলেন—

"সঃ আত্মানম্ ত্রেধা ব্যকুরুত" (১।২।৩)।

এক তিনি যে ত্রিধা বিভক্ত হইলেন, তাহা এক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকিয়াই হইলেন, তাহাতে মূল স্বরূপের কোন ব্যত ঘটে নাই। শ্বেতাশ্বতরে উক্ত আছে—

একো হংসো ভুবনস্যাস্য মধ্যে
স এবাগ্নিঃ সলিলে সন্নিবিষ্টঃ।
তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি
নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ (৬।১৫)

ভুবনমধ্যে একমাত্র পরমাত্মাই বিদ্যমান। তিনি অগ্নিরূপে, তিনিই সলিলরূপে। তাঁহাকে জানিয়াই মৃত্যু অতিক্রম করা যায়। ইহা ছাড়া অমৃতত্ব লাভের অ অন্য পথ নাই।

শাস্ত্রান্তরে উক্ত আছে—

"স বৈ শরীরী প্রথমঃ স বৈ পুরুষ উচ্যতে।
আদিকর্ত্তা স ভূতানাং ব্রহ্মাগ্রে সমবর্ত্তত ॥

—অগ্নীরূপী বিরাট পুরুষই জীবসৃষ্টির মধ্যে প্রথমজ জীব এবং তাঁহা হইতেই এই জগৎ প্রপঞ্চ প্রাদুর্ভূ হইয়াছে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নচিকেতা-জিজ্ঞাসিত অগ্নিবিদ্যা সকল কারণের কারণরূপে উক্ত হইয়াছে। উপরে উদ্ধৃত শাস্ত্রবাক্যসমূহ তাহারই প্রমাণ। অতএব অগ্নিবিদ্যা যে মোক্ষপ্রদ—সর্ববিদ্যার শ্রেষ্ঠবিদ্যা—তাহাই যম নচিকেতাকে বলিলেন। ইহা যেমন উপেয়, তেমনি উপায়ও বটে। উপায়রূপে যজ্ঞাগ্নি। ভগবৎপ্রীত্যর্থে যে কর্ম্ম তাহাই যজ্ঞ। 'যজ্ঞো বৈ বিষ্ণুঃ'। যজ্ঞের আহুতি সর্বব্যাপী বিষ্ণু অগ্নিমুখেই গ্রহণ করেন। তাই এখানে বিষ্ণু ও অগ্নি অভিন্ন তত্ত্ব। সাধনার প্রারম্ভেই ইহা অনুভূত হয় না। অনুভূতির জন্য প্রয়োজন চিত্তশুদ্ধির। যজ্ঞার্থে তথা ভগবৎপ্রীত্যর্থে কর্ম্মই চিত্তশুদ্ধির উপায়। তাই এখানে যজ্ঞসাধনের উপায়গুলিও বলা হইয়াছে, যথাঃ—যজ্ঞবেদী প্রস্তত করণের জন্য কি প্রকার এবং কত সংখ্যক ইষ্টকের প্রয়োজন এবং যজ্ঞাগ্নি কিভাবে প্রজ্জলিত করিতে হইবে। উপনিষৎ শুধু তত্ত্বাবধারণই করেন নাই,—কি করিয়া তত্ত্বানুভূতি হইবে তাহারও উপায় নির্দ্দেশ করিয়াছেন—তাহাই যজ্ঞাদি ক্রিয়া॥ (১।১।১৩-১৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমব্রবীৎ প্রীয়মাণো মহাত্মা
বরং তবেহাদ্য দদামি ভূয়ঃ।
তবৈব নাম্না ভবিতাঽয়মগ্নিঃ
সৃঙ্কাঞ্চেমামনেকরূপাং গৃহাণ ॥ ১।১।

অন্বয় ঃ মহাত্মা (যম) প্রীয়মাণঃ (প্রীতিযুক্ত হই সন্তুষ্ট হইয়া) তম্ (তাঁহাকে—নচিকেতাকে) অব্র (বলিলেন) ইহ অদ্য (এই হেতু এক্ষণে) তব (তোমা ভূয়ঃ (পুনরায়) বরং দদামি (আর একটি বর দিতে অয়ম্ (মৎকথিত) অগ্নিঃ (অগ্নিবিদ্যা) তব (তোমারই) নাম্না (নামে) ভবিতা (প্রসিদ্ধ হইবে (এবং) ইমাম্ (এই) অনেক-রূপাম্ (বহু শব্দবিশি সৃঙ্কাম্ (মন্ত্রমালা) গৃহাণ (গ্রহণ কর) ॥ ১।১।১৬

অনুবাদ ঃ যমরাজ সন্তুষ্ট হইয়া নচিকেতা বলিলেন, "আমি তোমার প্রতি প্রীতিযুক্ত, তাই এ তোমাকে আর একটি বর দিতেছি। সেই বর—মৎক অগ্নিবিদ্যা তোমার নামেই প্রসিদ্ধি লাভ করিবে। বহু

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশিষ্টা রত্নপ্রসবিনী (তত্ত্বপ্রকাশিকা) এই মন্ত্রমালা গ্রহণ কর ॥ ১ ১।১৬

অনুধ্যান ঃ উপযুক্ত শিষ্য মিলা বড়ই কঠিন। 'অনুপযুক্ত শিষ্যকে বিদ্যাদান করিবে না' এই নিষেধ-বাক্য শ্রুতি স্মৃতি পুরাণ সর্বত্রই দেখিতে পাওয়া যায়। অনুর্ব্বর ক্ষেত্রে বীজ বপন যেমন ব্যর্থ হয়, অনুপযুক্ত শিষ্যের হৃদয়-ক্ষেত্রে মন্ত্ররূপ বীজ রোপনও বৃথাই হইয়া থাকে। গুরুর স্বধর্ম্ম বিদ্যাদান। উপযুক্ত ক্ষেত্রেই বিদ্যাদান করিতে হয়। তাই শিষ্যের উপযুক্ততা দানের প্রকৃষ্টতা হেতু গুরুকে আনন্দিত করে। নচিকেতার সম্বন্ধেও গুরু যমের আনন্দ প্রকাশের ইহাই হেতু। প্রথমে তিনটি বরই নচিকেতাকে দিবেন বলিয়াছেন কিন্তু আনন্দাতিশয্যে তাঁহার মনে চতুর্থ বর দিতে ইচ্ছার উদয় হইল। দিলেন। সেই বর— পূর্ব-কথিত অগ্নিবিদ্যা নচিকেতার নামে প্রসিদ্ধি লাভ করিবে। শিষ্যের গৌরবে গৌরবান্বিত গুরু—'তোমারি গরবে গরবিনী হাম্। রূপসী তোমারি রূপে'। যম পুনরায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিলেন, "অগ্নিতত্ত্ব এবং যজ্ঞাদি ক্রিয়ার উপায় সম্বন্ধে সকল বাক্য তোমাকে বলিলাম তাহাকে শব্দময়ী মালার গ্রহণ কর, অর্থাৎ তদনুযায়ী কর্ম্ম করিলে তাহা ব্রহ্মবিদ্‌রূপ তথা আত্মতত্ত্বরূপ মহারত্ন প্রসব করিবে। অতএব এই মালা কণ্ঠে ধারণ করিয়া কৃতকৃতার্থ হও॥ ১।১।১৬

ত্রিণাচিকেতস্ত্রিভিরেত্য সন্ধিং
ত্রিকর্মকৃৎ তরতি জন্মমৃত্যু।
ব্রহ্মজজ্ঞং দেবমীড্যং বিদিত্বা
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥১।১।১৭

অন্বয়ঃ ত্রিভিঃ (মাতা, পিতা ও আচার্যে সহিত) সন্ধিং এত্য (সম্বন্ধযুক্ত হইয়া) ত্রিণাচিকে (যিনি তিন প্রকার নাচিকেতা অগ্নি চয়ন করেন, অ যজ্ঞ, অধ্যয়ন ও দানরূপ যজ্ঞ অনুষ্ঠান করেন) [তি জন্মমৃত্যু তরতি (জন্ম মৃত্যু অতিক্রম করেন) ঈ (পূজনীয়) ব্রহ্মজজ্ঞম্ (ব্রহ্ম হইতে জাত এবং সর্বজ্ঞ) দে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(অগ্নিতত্ত্ব—বিরাটকে) বিদিত্বা (জানিয়া) [এবং] নিচায্য (আত্মরূপে উপলব্ধি করিয়া) ইমাম্ (এই অনুভূতিসম্ভূত) শান্তিম্ (শান্তি) অত্যন্তম্ (বিশেষরূপে) এতি (প্রাপ্ত হয়েন) ॥ ১।১।১৭

অনুবাদ : যিনি পিতা, মাতা ও আচার্য্যের উপদেশে যজ্ঞ অধ্যয়ন ও দানরূপ ত্রিবিধ কর্ম্মের অনুষ্ঠান করেন, তিনি পূজনীয় ব্রহ্ম হইতে জাত এবং সর্বজ্ঞ অগ্নিকে —বিরাটকে জানিয়া এবং আত্মরূপে উপলব্ধি করতঃ জন্ম-মৃত্যু অতিক্রম করিয়া আত্মোপলব্ধিসম্ভূত আত্যন্তিক শান্তি লাভ করেন ॥ ১।১।১৭

অনুধ্যান : যমরাজের বরে এই যজ্ঞাগ্নি নাচিকেত নামে প্রসিদ্ধ হইয়াছে। অগ্নিতে কেবল আহুতি প্রদানই যে যজ্ঞ তাহা নহে। শাস্ত্রবিহিত সর্ববিধ কর্ম্ম ভগবৎ-প্রীত্যর্থে কৃত হইলে, তাহাও যজ্ঞ। আর স্বাধ্যায় তো ঋষিযজ্ঞ নামে প্রসিদ্ধই আছে। যজ্ঞসাধনার মূলে থাকে পিতা, মাতা ও আচার্য্যের উপদেশ বা প্রেরণা। এখানে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগ্নিকে যজ্ঞের যজ্ঞেশ্বর বলিয়া ধরা হইয়াছে। এই অগ্নি বিরাট তথা হিরণ্যগর্ভেরই নামান্তর। সাধ্য হিসাবে হিরণ্যগর্ভই পরাকাষ্ঠা; তিনি সর্বজ্ঞ ও পূজনীয়। 'মহতো মহীয়ান্' বলিয়াই পূজনীয়। সৃষ্ট বস্তু মাত্রেরই তিনি আদি, মধ্য ও অন্ত অবগত আছেন—ইহাই তাঁহার সর্বজ্ঞত্ব। এইরূপভাবে যমকথিত নাচিকেত অগ্নিকে অব- গত হইলে, জন্মমৃত্যুর হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যায় এবং স্বরূপানুভূতিতে ব্রহ্মে সংস্থিত হইয়া ঐকান্তিক শান্তি লাভ করেন ॥ ১।১।১৭

ত্রিণাচিকেতস্ত্রয়মেতদ্বিদিত্বা

য এবং বিদ্বাংশ্চিনুতে নাচিকেতম্।

স মৃত্যুপাশান্ পুরতঃ প্রণোদ্য

শোকাতিগো মোদতে স্বর্গলোকে ॥১।১।১৮

অন্বয়ঃ যঃ (যিনি) ত্রিণাচিকেতঃ (তিনবার নাচিকেত -অগ্নি চয়ন করেন) এতৎ (পূর্বকথিত) ত্র

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইষ্টকের সংখ্যা, স্বরূপ ও অগ্নিচয়ন বিধি) বিদিত্বা (অবগত
হইয়া) নাচিকেতম্ (নাচিকেত) [অগ্নিম্] চিনুতে
(নাচিকেত অগ্নির সেবা করেন) সঃ (তিনি) মৃত্যুপাশান্
(মৃত্যুরূপ বন্ধন) পুরতঃ (শরীর ত্যাগের পূর্বেই) প্রণোদ্য
(ছেদন করিয়া) শোকাতিগঃ (শোকাতীত হইয়া) স্বর্গ-
লোকে মোদতে (স্বর্গলোকে—ব্রহ্মলোকে—ব্রহ্মের সহিত
অভিন্নরূপে স্থিত হইয়া) মোদতে (আনন্দ উপভোগ
করেন) ॥ ১।১।১৮

অনুবাদ : যিনি পূর্বোক্তরূপ ইষ্টকের সংখ্যা, স্বরূপ ও অগ্নিচয়ন বিধি অবগত হইয়া তিনবার নাচিকেত অগ্নির চয়ন করেন, অর্থাৎ নাচিকেত অগ্নিতে যজ্ঞানুষ্ঠান করেন এবং যিনি নাচিকেত অগ্নিকে আত্মস্বরূপে অবগত হয়েন, তিনি শরীর ত্যাগের পূর্বেই মৃত্যুপাশ ছেদন করতঃ ব্রহ্মলোকে—ব্রহ্মসাযুজ্যে শোকাতীত হইয়া আত্যন্তিক আনন্দ উপভোগ করেন ॥ ১।১।১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষ তেঽগ্নির্নচিকেতঃ স্বর্গ্যো
যমবৃণীথা দ্বিতীয়েন বরেণ।
এতমগ্নিং তবৈব প্রবক্ষ্যন্তি জনাস-
স্তৃতীয়ং বরং নচিকেতো বৃণীষ্ব ॥১।১।১৯

অন্বয়ঃ নচিকেতঃ (হে নচিকেতা!) যম্ (অগ্নিবর) দ্বিতীয়েন বরেণ (দ্বিতীয় বরে) অ… (প্রার্থনা করিয়াছিলে) তে (তোমায়) এষঃ অগ্নিঃ (এই সেই স্বর্গলাভের উপায়স্বরূপ অগ্নি…) [তোমাকে দিলাম] জনাসঃ (জনগণ) এতম্ (এই অগ্নিকে) তব এব (তোমারই) [নামে] প্রব… (অখ্যাত করিবে) নচিকেতঃ (হে নচিকেতা!) তৃ… বরম্ (তৃতীয় বর) বৃণীষ্ব (প্রার্থনা কর) ॥ ১।১।১৯

অনুবাদঃ হে নচিকেতা! তুমি দ্বিতীয় বর… চাহিয়াছিলে, স্বর্গলাভের হেতুভূত সেই অগ্নিবিষয়ক… তোমাকে দিলাম। এই অগ্নিকে লোকে তোমার… অভিহিত করিবে। এক্ষণে তৃতীয় বর প্রার্থনা কর। ১।১।…

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ যজ্ঞ দ্বিবিধ হইতে পারে—ব্রহ্মযজ্ঞ এবং ঐশ্বর্য্যপ্রাপ্তির হেতুভূতরূপে সকাম যজ্ঞ। এখানে ব্রহ্মসাধ্য যজ্ঞের কথাই বলা হইয়াছে, যাহার দ্বারা সর্ববিধ আসক্তি হইতে মুক্ত হইয়া আত্মানুভূতিতে ব্রহ্ম-সাযুজ্যে শোকাতীত হইয়া দেহত্যাগের পূর্বেই নিরবচ্ছিন্ন ব্রহ্মানন্দ উপভোগ করা যায়। ইহাকেই জীবন্মুক্তাবস্থা বলা হয়। তদনন্তর যমরাজ নচিকেতাকে পূর্বকথিত তৃতীয় বর প্রার্থনা করিতে বলিলেন॥ ১।১।১৮-১৯

যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যে-
ঽস্তীত্যেকে নায়মস্তীতি চৈকে।
এতদ্বিদ্যামনুশিষ্টস্ত্বয়াঽহং
বরাণামেষ বরস্তৃতীয়ঃ॥ ১।১।২০

অন্বয় ঃ প্রেতে মনুষ্যে (মানুষের মৃত্যু হইলে পর) অয়ম্ যা (এই যে) বিচিকিৎসা (সংশয়, সন্দেহ) একে (কেহ কেহ) [আত্মা সম্বন্ধে] অস্তি ইতি (আছেন এই কথা) চ (এবং) একে (কেহ কেহ) অয়ম্ ন অস্তি (এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মার অস্তিত্ব নাই) ইতি (এইরূপ বলেন) অহং
(তোমাকর্তৃক আমি) অনুশিষ্টঃ (উপদিষ্ট হইয়া)
(আত্মার অস্তিত্ব বা অনস্তিত্ব সম্বন্ধে) বিদ্যাম্ (জানি
চাই) বরাণাম্ (আপনার কথিত তিনটি বরের ম
এষঃ (এইটিই) তৃতীয়ঃ বরঃ (তৃতীয় বর আমি প্রা
করিতেছি) ॥ ১।১।২০

অনুবাদ ঃ নচিকেতা বলিলেন, "মৃত মানুষ
এই যে সংশয় দেখা দেয়, কেহ কেহ বলেন পরলোকে
আত্মা 'আছেন', আবার কেহ কেহ বলেন 'নাই'—আপ
কর্তৃক উপদিষ্ট হইয়া এই 'অস্তি' এবং 'নাস্তি' সম্বন্ধে
তত্ত্ব আমি জানিতে চাই। আপনার কথিত তিনটি বর
মধ্যে ইহাই আমার প্রার্থিত তৃতীয় বর ॥ ১।১।২০

অনুধ্যান ঃ নচিকেতার প্রার্থিত তৃতীয় বর
তাৎপর্য্যপূর্ণ। যদি দেহাতিরিক্ত আত্মার অস্তিত্ব
থাকে, তবে ইহকালের সুখভোগই পরমপুরুষার্থ
দাঁড়ায়—ন্যায় অন্যায়, সততা অসততা—এ সব বি

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ান মূল্যই থাকে না। যতদিন দেহ আছে, ততদিনই ামি আছি। দেহের সুখবিধানের জন্য যাহা ইচ্ছা রিতে পার; আইন বাঁচাইয়া, লোক-চক্ষে ধূলি দিয়া রিতে পারিলেই হইল। আত্মার অনস্তিত্বে বিশ্বাসই স্তিক্যবাদ। নাস্তিক দেহসর্বস্ব। পরকাল তাহার কট শূন্য। এই মতবাদকে চার্বাক দর্শন, চার্বাক-মতবাদ া হইয়া থাকে। এই মতবাদ যে কেবল বর্ত্তমান কালেই হইতেছে তাহা নহে—পূর্বেও ছিল। এই মতবাদ চারিত হইলে সমাজ শৃঙ্খলা ব্যাহত হইবারই সম্ভাবনা শী। কাড়িয়া খাওয়া ও মারিয়া লওয়াই এই মতবাদের উদ্দেশ্য। ফলে দুর্বল সবলের হস্তে পীড়িত হইবেই— য় স্বার্থ "যেন তেন প্রকারেণ" সাধন করিতে হইবে। হারও মূলে রহিয়াছে অন্যনিরপেক্ষ আত্মসম্ভোগ। তাই র্বাকের নীতি হইল—

'যাবজ্জীবেৎ সুখং জীবেৎ ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ।
ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—যতদিন বাঁচিয়া থাক, সুখে কাল অতিবাহিত কর। করিয়াও ঘৃত খাও। যে মৃতদেহকে শ্মশানচুল্লীতে ভূত করা হইয়াছে, তাহার আর পুনরাগমনের সম্ভ কোথায়? অতএব মৃত্যুতেই যখন সব শেষ, তখন যত বাঁচিয়া আছ, নির্ব্বিচারে খাইয়া দাইয়া স্ফূর্তি করিয়া অতিবাহিত কর। পাপপুণ্যের বিচার, তদ্ধেতু সুখদুঃ ভোগ অমূলক। অতএব, নচিকেতা-জিজ্ঞাসিত প্র সুষ্ঠু মীমাংসার উপরই আর্য্যধর্ম্ম তথা আর্য্যনীতি নি করিতেছে। প্রশ্ন যুক্তিযুক্ত—সুকঠিন, মীমাংসা শুধু বিচারে। কথার মাধ্যমে সম্ভব নহে। তজ্জন্য প্রয়ে তত্ত্বদর্শী গুরুর নিকট তত্ত্ব শ্রবণানন্তর মনন ও নিদিধ্যা এইবার আমরা ধর্ম্মরাজমুখে জিজ্ঞাসার সদুত্তর করিব ॥ ১।১।২০

দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা
ন হি সুবিজ্ঞেয়ম্ অণুরেষ ধর্ম্মঃ।
অন্যং বরং নচিকেতো বৃণীষ্ব
মা মোপরোৎসীরতি মা সৃজৈনম্ ॥ ১।১।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ অত্র (এই বিষয়ে) পুরা (পূর্বে—সৃষ্টির আরম্ভে) দেবৈঃ অপি (দেবতারাও) বিচিকিৎসিতম্ (সন্দিহান ছিলেন) হি (যেহেতু) এষঃ (এই) ধর্ম্মঃ (আত্মতত্ত্ব) সুবিজ্ঞেয়ম্ ন (সহজে জ্ঞাতব্য নহে) [কেননা এই তত্ত্ব] অণুঃ (বড়ই সূক্ষ্ম) [সুতরাং] নচিকেতঃ (হে নচিকেতা!) অন্যম্ বরম্ বৃণীষ্ব (অন্য বর প্রার্থনা কর) মা (আমাকে) মা উপরোৎসীঃ (উপরোধ—অনুরোধ করিও না) মা (আমার প্রতি) এনম্ (এই বর) অতিসৃজ (পরিত্যাগ কর অর্থাৎ আমার নিকট আর এই বর প্রার্থনা করিও না) ॥ ১।১।২১

অনুবাদঃ যম বলিলেন, "হে নচিকেতা! এই তত্ত্ব সম্বন্ধে পূর্বে দেবতারাও সন্দিহান ছিলেন। ইহা বড়ই সূক্ষ্মতত্ত্ব—দুর্বিজ্ঞেয়। কাজেই সহজ লভ্য নহে। অতএব, হে নচিকেতা! তুমি অন্য বর প্রার্থনা কর। এ বিষয়ে আর আমাকে অনুরোধ করিও না। আত্মতত্ত্ব সম্বন্ধে আমাকে জিজ্ঞাসা তুমি পরিত্যাগ কর ॥ ১।১।২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ আত্মতত্ত্ব বড়ই সূক্ষ্ম, সহজে বোধ হয় না। তাই বলিয়া যে একেবারেই হয় না তাহা ন উপযুক্ত আচার্য্য কর্ত্তৃক উপদিষ্ট হইয়া উপযুক্ত শিষ্য অ এই আত্মতত্ত্ববিদ্যা অধিগত করিতে পারেন। কা ইহা জ্ঞাতব্য। কোন কালে কোন অবস্থাতেই ই অজ্ঞাতব্য বলিয়া মনে করিবার কারণ নাই। ইহা 'জা 'না-জানা' নির্ভর করে অধিকারবাদের উপর। নচিকে যথার্থই অধিকারী কিনা তাহা নির্ণর করিবার জন্যই রাজ এই আত্মতত্ত্ব সুবিজ্ঞেয়, অর্থাৎ সহজলভ্য, নহে ব নচিকেতাকে প্রতিনিবৃত্ত হইবার জন্য অনুরোধ করিলে ইহা আসলে নচিকেতাকে পরীক্ষা করা ছাড়া আর কি নহে ॥ ১।১।২১

দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিল
ত্বঞ্চ মৃত্যো যন্ন সুবিজ্ঞেয়মাত্থ।
বক্তা চাস্য ত্বাদৃগন্যো ন লভ্যো
নান্যো বরস্তুল্য এতস্য কশ্চিৎ ॥ ১।১।২২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ [নচিকেতা বলিলেন] দেবৈঃ অপি (দেবতারাও) অত্র (এই বিষয়ে) কিল (নিশ্চয়ই, অবশ্যই) বিচিকিৎসিতম্ (সন্দিহান ছিলেন) মৃত্যো (হে যমরাজ!) ত্বম্ চ (এবং আপনিও) যৎ (যেহেতু) [এই আত্মতত্ত্ব] ন আত্থ সুজ্ঞেয়ম্ (সহজগম্য নহে বলিতেছেন) [অতএব] অস্য (এই আত্মতত্ত্বের) বক্তা চ উপদেষ্টাও) ত্বাদৃক্ (আপনার ন্যায়) অন্যঃ (অপর কেহ, অন্য কাহাকেও) ন লভ্যঃ (পাওয়া যাইবে না) [তাহা ছাড়া] এতস্য তুল্যঃ (ইহার সমান) অন্যঃ (অপর) কঃ চিৎ (কোনও) বরঃ ন (বর নাই)॥ ১।১।২২

অনুবাদঃ (নচিকেতা বলিলেন) হে যমরাজ! দেবতারাও যখন এবিষয়ে সন্দিহান ছিলেন এবং এবিষয় সহজগম্য নহে বলিয়া বলিতেছেন, তখন আপনার ন্যায় আত্মতত্ত্বের উপদেষ্টা আর কাহাকেই বা পাওয়া যাইবে? এবং এই বরের ন্যায় শ্রেষ্ঠ বরই বা কি আছে?॥ ১।১।২২

অনুধ্যানঃ নচিকেতা আত্মপ্রত্যয়শীল, স্থিরবুদ্ধি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাহারও কথায় সঙ্কল্পচ্যুত হইবার মতন চঞ্চলচিত্ত নহেন তাই যমরাজের কথায় নচিকেতা বিভ্রান্ত না হইয়া যথা তত্ত্ব অবগত হইবার জন্য যমরাজের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যেন বলিতে লাগিলেন, "হে যমরাজ! আপনি নিজে বলিতেছেন এই আত্মতত্ত্ব সহজগম্য নহে। অতএব এ আত্মতত্ত্বের উপদেষ্টা আপনি ছাড়া আর কাহাকেই বা পাওয়া যাইবে? দুর্জ্ঞেয় তত্ত্বের দুর্লভ গুরু আপনি। অতএব, আপনি ছাড়া আর কাহার নিকট এই তত্ত্ব সম্বন্ধে উপদেশ শুনিতে পাইব? প্রশ্নটিও তো সহজ নহে। দুর্লভ গুরুর পক্ষেই সম্ভব। কাজেই এ সম্বন্ধে আপনিই আমাকে উপদেশ করুন" ॥ ১।১ ২২

শতায়ুষঃ পুত্রপৌত্রান্ বৃণীষ্ব
বহূন্ হস্তিহিরণ্যমশ্বান্।
ভূমের্মহদায়তনং বৃণীষ্ব
স্বয়ঞ্চ জীব শরদো যাবদিচ্ছসি ॥ ১।১।২৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয় ঃ (যমরাজ পুনরায় বলিলেন—হে নচিকেতা!) শতায়ুষঃ (শতবর্ষজীবি) পুত্রপৌত্রান্ (পুত্র ও পৌত্রসকল) বৃণীষ্ব (যাচ্ঞা কর) বহূন্ পশূন্ (অনেক গবাদি পশু) হস্তিহিরণ্যম্ (হস্তী ও স্বর্ণাদি বিত্ত) অশ্বান্ (অশ্বসমূহ) ভূমেঃ (পৃথিবীর) মহৎ (বিস্তীর্ণ) আয়তনম্ (সাম্রাজ্য) বৃণীষ্ব (প্রার্থনা কর) চ (এবং) [তুমি] শরদঃ (বহু বৎসর) জীব (জীবনধারণ কর) যাবৎ (যত বৎসর) ইচ্ছসি (ইচ্ছা কর) ॥ ১।১।২৩

অনুবাদ ঃ যম বলিলেন—হে নচিকেতা! তুমি শত-বর্ষজীবি পুত্র ও পৌত্রসকল প্রার্থনা কর এবং বহু গবাদি পশু, হস্তি, অশ্ব, স্বর্ণ ও পৃথিবীতে বিশাল রাজ্য প্রার্থনা কর। অধিকন্তু তুমি নিজেও যত বৎসর জীবিত থাকিতে চাও, ততকালই জীবিত থাক ॥ ১।১।২৩

অনুধ্যান ঃ দেহের ভোগই বড় আকর্ষণ। ভোগের জন্য প্রয়োজন স্ত্রী, পুত্র, আত্মীয় স্বজন ও বিশাল সাম্রাজ্য এবং ভোগ্য অর্থ বিত্ত, পশুসমূহ। ভোগের জন্য দীর্ঘ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন অবশ্যই কাম্য। আবার আত্মীয় স্বজন স্বল্পকাল জীবিত হইলে তাহাও দুঃখেরই কারণ হইয়া থাকে। তাই শতবর্ষজীবি পুত্র ও পৌত্র লাভের জন্য নচিকেতাকে যমরাজ প্রলুব্ধ করিতে চেষ্টা করিলেন। কিন্তু নচিকেতা যথার্থ জিজ্ঞাসু, আত্মতত্ত্ব জানিবার জন্য উদগ্র আশাশীল। কাজেই জাগতিক ভোগ্য বিষয়ের প্রতি তাঁহার কোন আকর্ষণই নাই। হাঁ, যমরাজ তাঁহাকে যতদিন ইচ্ছা বাঁচিয়া থাকিবার বরও দিতে চাহিলেন। এই ইচ্ছারও একটা সীমা অবশ্যই থাকিবে। সসীম মানুষের ইচ্ছাও সসীম হইবে। সাধারণতঃ মানুষ মরিতে চায় না, দীর্ঘজীবি হইতে চায়। কথায় বলে যতদিন বাঁচি, ততদিন শিখি। এই দীর্ঘ জীবনে কেবল সুখই ভোগ হইবে না। দুঃখও ভোগ হইবে। দুঃখ প্রাপ্তির অভিজ্ঞতাও দীর্ঘই হইবে। কাজেই দীর্ঘ জীবন যাপনের সার্থকতা কি? জীবনের আসল সার্থকতা দুঃখের হাত হইতে চিরকালের জন্য পরিত্রাণ পাওয়া, কিন্তু ভোগ্য বিষয়সমূহ যত না সুখ প্রদান

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে, ততোধিক দুঃখই বহন করিয়া আনে। আত্মতত্ত্ব দুঃখনিবৃত্তিরই উপায়। ভোগ্য বিষয় সমূহের মধ্যে স্বর্গীয় অপ্সরাগণই সর্বাপেক্ষা কাম্য। বস্তুতঃ ইহারা মর্ত্ত্যলোক-বাসীর কখনও আয়ত্তাধীন হইতে পারে না। এমন যে দুর্লভ মনুষ্যগণের দুষ্প্রাপ্য স্বর্গের অপ্সরাগণ তাহাও নচিকেতাকে ইচ্ছানুযায়ী ভোগ করিতে যমরাজ দিতে প্রস্তুত। অর্থাৎ যে সকল দৈবভোগ মনুষ্যের প্রাপ্য নহে, নচিকেতা ইচ্ছা করিলে যমরাজের প্রসাদে তাহাও লাভ হইতে পারেন। ভোগ্য বিষয় সমূহের চূড়ান্ত প্রলোভন নচিকেতার সম্মুখে ধরা হইল। মনে রাখিতে হইবে সাধকগণের পক্ষে এই সকল প্রলোভনই পতনের কারণ হইয়া থাকে। এক কথায় ভোগ্য বিষয় সমূহই যোগবিঘ্ন। তাই সহজেই নচিকেতার ন্যায় যথার্থ তত্ত্বজিজ্ঞাসু কি কখনও দুঃখের হেতুভূত ইন্দ্রিয়ভোগ্য বিষয় সমূহের প্রলোভনে মোহিত হইতে পারে? পারে না যে পরবর্ত্তী মন্ত্রে নচিকেতার উত্তর হইতেই তাহা দেখিতে পাইব॥ ১।১।২৩-২৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust Funding by MoE-IKS

এতত্তুল্যং যদি মন্যসে বরং বৃণীষ্ব
বিত্তং চিরজীবিকাঞ্চ।
মহাভূমৌ নচিকেতস্ত্বমেধি
কামানাং ত্বা কামভাজং করোমি॥ ১।১।২৪

অন্বয়ঃ যদি (যদি) এতৎ-তুল্যম্ (এই র[...] [অন্য] বরম্ (বর) মন্যসে (পাইতে ইচ্ছা কর) [[...] তাহাও] বৃণীষ্ব (প্রার্থনা কর) [অধিকন্তু] বিত্তম্ ([...] রত্ন) চিরজীবিকাং (দীর্ঘকালস্থায়ী জীবন) [পা[...] ইচ্ছা কর, তাহাও প্রার্থনা কর] নচিকেতঃ (হে[...] কেতা!) ত্বম্ (তুমি) মহাভূমৌ (বিশাল ভূখণ্ডে[...] [রাজা] এধি (হও) ত্বা (তোমাকে) কামানাং (কা[...] বস্তু সমূহের) কামভাজম্ (কামভোগে সমর্থ) ক[...] (করিতেছি) [অর্থাৎ ভোগ্য বিষয়সমূহ যাহাতে[...] ভোগ করিতে পার, সেই সামর্থ্যও তোমাকে প্র[...] করিতেছি] ॥ ১।১।২৪

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদঃ যদি ইহার তুল্য অপর কোন বর লইতে ছা কর, তবে তাহাও প্রার্থনা কর। ধন, রত্ন এবং র্ঘকাল স্থায়ী জীবনও প্রার্থনা করিতে পার। হে চিকেতা! তুমি বিশাল ভূখণ্ডের অধিপতি হও। আমি তামাকে ভোগ্যবস্তুসমূহ যথেচ্ছভোগের সামর্থ্যও প্রদান রিব ॥ ১।১।২৪

যে যে কামা দুর্লভা মর্ত্যলোকে
সর্বান্ কামাংশ্ছন্দতঃ প্রার্থয়স্ব।
মা রামাঃ সরথাঃ সতূর্যা
নহীদৃশা লম্ভনীয়া মনুষ্যৈঃ।
আভির্মৎপ্রত্তাভিঃ পরিচারয়স্ব
নচিকেতো মরণং মাঽনুপ্রাক্ষীঃ ॥ ১।১।২৫

অন্বয়ঃ মর্ত্যলোকে (পৃথিবীতে) যে যে কামাঃ র্লভাঃ (যে যে কাম্যবস্তু দুর্লভ) [সেই] সর্বান্ কামান্ কাম্যবস্তু সকল) ছন্দতঃ (ইচ্ছানুসারে) প্রার্থয়স্ব (প্রার্থনা

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর) ইমাঃ (এই সকল) রামাঃ (সুখপ্রদায়িনী অপ্সরাগণ) সরথাঃ (রথারূঢ়া) সতূর্য্যাঃ (বাদ্যযন্ত্রধা ঈদৃশাঃ (এইরূপ রমণীবৃন্দ) মনুষ্যৈঃ (মানুষের) লভ্য ন হি (অবশ্যই প্রাপ্য নহে) মৎপ্রত্তাভিঃ (আমা প্রদত্ত) আভিঃ (ইহাদের দ্বারা) পরিচারয়স্ব (প করাও, অর্থাৎ নিজের ইচ্ছামত তাহাদের সেবা গ্রহণ নচিকেতঃ (হে নচিকেতা!) মরণম্ (মৃত্যুবিষয়ে—অ তত্ত্ব বিষয়ে) মা অনুপ্রাক্ষীঃ (প্রশ্ন করিও না) ॥ ১।১।

অনুবাদঃ পৃথিবীতে যে সকল দুষ্প্রাপ্য কা আছে তৎসমস্তই ইচ্ছামত প্রার্থনা কর। রথারূঢ়া যন্ত্রধারিণী সুখপ্রদায়িনী এই যে স্বর্গীয় অপ্সরাগণ তো সম্মুখে অবস্থিতা, যাহারা মনুষ্যের কখনই আয় হইতে পারে না, মৎপ্রদত্ত ইহাদিগের নিকট হইতে ইচ্ছামত সেবা গ্রহণ কর; কিন্তু হে নচিকেতা! বিষয়ে অর্থাৎ আত্মতত্ত্ব বিষয়ে প্রশ্ন করিও না ॥ ১।১।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্বোভাবা মর্ত্যস্য যদন্তকৈতৎ
সর্বেন্দ্রিয়াণাং জরয়ন্তি তেজঃ।
অপি সর্বং জীবিতমল্পমেব
তবৈব বাহাস্তব নৃত্যগীতে ॥ ১।১।২৬

অন্বয়ঃ (নচিকেতা বলিলেন) অন্তক (হে যম-রাজ!) [আপনার কথিত ভোগ্য বিষয়সমূহ] শ্বঃ ভাবাঃ (কাল পর্য্যন্ত থাকিবে কিনা অনিশ্চিত—ক্ষণস্থায়ী) মর্ত্যস্য (মানুষের) সর্বেন্দ্রিয়াণাং (সকল ইন্দ্রিয়ের) যৎ এতৎ তেজঃ (এই যে শক্তি) [তাহা] জরয়ন্তি (জীর্ণ করে অর্থাৎ আপনার বর্ণিত ভোগ্য বিষয় সকলের ভোগের দ্বারা মনুষ্যের ইন্দ্রিয়শক্তি জীর্ণ হয়) অপি (অধিকন্তু) সর্বম্ (সকল) জীবিতম্ এব (জীবনই) অল্পম্ (অল্পক্ষণস্থায়ী) [অতএব] বাহাঃ (রথাদি) তব এব (আপনারই থাকুক) [এবং] নৃত্য-গীতে (নৃত্য ও গীত) তব (আপনারই থাকুক) ॥ ১।১।২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদঃ নচিকেতা বলিলেন, "হে যমরা[জ]! আপনার বর্ণিত ভোগ্য বিষয়সমূহ কল্য পর্য্যন্ত থাকি[বে] কিনা তাহার ঠিক কি? উহারা মানুষের ইন্দ্রিয় সকলে[র] শক্তি ক্ষয় করে। অধিকন্তু মানুষমাত্রেরই জীবন ক্ষণস্থায়ী। অতএব, আপনার প্রদত্ত রথাদি এবং নৃত্যগীতও আপনার থাকুক, আমি চাহিনা॥ ১।১।২৬

ন বিত্তেন তর্পণীয়ো মনুষ্যো
লপ্স্যামহে বিত্তমদ্রাক্ষ্ম চেৎ ত্বা।
জীবিষ্যামো যাবদীশিষ্যসি ত্বং
বরস্তু মে বরণীয়ঃ স এব॥ ১।১।২৭

অন্বয়ঃ মনুষ্যঃ (মানুষ) বিত্তেন (বিত্তের দ্বারা) তর্পণীয়ঃ ন (কখনও তৃপ্ত হইতে পারে না) ত্বা (আপনার) চেৎ (যখন) অদ্রাক্ষ্ম (দর্শন পাইলাম) [তখন] বিত্তম্ (বিত্ত) লপ্স্যামহে (পাইবই) [আর] ত্বম্ (আপনি) যাবৎ (যতকাল) ঈশিষ্যসি (যমরাজার পদে বর্ত্তমা[ন]

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকিয়া পাপপুণ্যের ফলবিধান করিবেন) [ততদিন তো আপনার দর্শনের সৌভাগ্যেই] জীবিষ্যামঃ (জীবিত থাকিব) তু (কিন্তু) সঃ (সেই) [পূর্বোক্ত] বরঃ এব (বরই) মে (আমার) বরণীয়ঃ (প্রার্থনীয়, অর্থাৎ সেই বরই চাই) ॥ ১।১।২৭

অনুবাদ ঃ মানুষ কখনো বিত্তের দ্বারা তৃপ্ত হয় না। আপনার দর্শনের ফলে বিত্ত লাভ তো হইবেই। আর আপনি যতদিন যমপদে বর্তমান, ততদিন আমি জীবিতও থাকিব। (অতএব, এতৎসমস্তের জন্য প্রার্থনার কি-ই বা দরকার)। আমি কিন্তু আমার পূর্বোক্ত বরই চাই ॥ ১।১।২৭

অজীর্যতামমৃতানামুপেত্য
জীর্যন্ মর্ত্যঃ ক্বধঃস্থঃ প্রজানন্ ।
অভিধ্যায়ন্ বর্ণরতিপ্রমোদান্
অতিদীর্ঘে জীবিতে কো রমেত ॥ ১।১।২৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ কু-অধঃ-স্থঃ [আকাশের] (অধোভাগে পৃথিবীতে অবস্থিত) কঃ (কোন্) জীর্যন্ মর্ত্যঃ (জরা-মরণশীল মনুষ্য) অজীর্যতাম্ অমৃতানাম্ (জরামরণহীন [দেবগণের] উপ-ইত্য (সমীপস্থ হইয়া) প্রজানন্ (বিশেষ ভাবে জানিয়া, অর্থাৎ এতদপেক্ষাও উৎকৃষ্ট প্রয়োজন সিদ্ধ হইতে পারে এ বিষয়ে নিশ্চিত হইয়াও) বর্ণরতি-প্রমোদান্ (রূপ ও প্রণয় জাত সুখের) অভিধ্যায়ন্ (বিনশ্বরত্ব নিশ্চয় জানিয়াও) অতিদীর্ঘে জীবিতে (দীর্ঘ জীবনে রমেত (আনন্দানুভব করিবে ?) ॥ ১।১।২৮

অনুবাদঃ (আকাশের) অধোভাগে পৃথিবীস্থ জরা-মরণশীল কোন্ মনুষ্য অজর অমর দেবতাগণের সমীপস্থ হইয়া, তাঁহাদের কৃপায় উৎকৃষ্টতর বস্তু লাভ হইতে পারে জানিয়াও, রূপ ও প্রণয়জাত সুখের বিনশ্বরতা বিষয়ে স্থির-নিশ্চয় হইয়াও দীর্ঘকাল জীবন যাপনে আনন্দ অনুভব করিবে ? ১।১।২৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্মিন্নিদং বিচিকিৎসন্তি মৃত্যো
যৎ সাম্পরায়ে মহতি ব্রূহি নস্তৎ।
যোঽয়ং বরো গূঢ়মনুপ্রবিষ্টো
নান্যং তস্মান্নচিকেতা বৃণীতে ॥ ১।১।২৯

অন্বয়ঃ মৃত্যো (হে যম!) সাম্পরায়ে (পরলোক সম্বন্ধে) যস্মিন্ (যে) ইদম্ (ইহা) ['আছে' কি 'নাই' এইরূপ] বিচিকিৎসন্তি (সংশয় করিয়া থাকে) যৎ (যাহা) মহতি (মহৎ) তৎ (তাহা) নঃ (আমাদিগকে) ব্রূহি (বলুন) [শ্রুতি স্বয়ং বলিতেছেন] অয়ম্ (এই) যঃ (যে) বর (বর) গূঢ়ং অনুপ্রবিষ্টঃ (যাহা দুর্জ্ঞেয় ও অচিন্ত্যনীয়) নচিকেতাঃ (নচিকেতা) তস্মাৎ (তাহা ছাড়া) অন্যং (অন্য) [বর] ন বৃণীতে (প্রার্থনা করে না) ॥ ১।১।২৯

অনুবাদঃ হে যমরাজ! মৃত্যুর পর লোকের আত্মা 'থাকে' কি 'থাকে না' লোকের মনে এই যে সংশয়, —সেই আত্মতত্ত্ব একান্ত প্রয়োজনীয় ও মুক্তিপ্রদ, তাহাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদিগকে বলুন। এই আত্মতত্ত্ব সম্বন্ধীয় বর অচিন্ত্য ও অতি গূঢ়, নচিকেতা তাহা ছাড়া অন্য বর প্রার্থনা ক না ॥ ১।১।২৯

অনুধ্যান ঃ ভোগ্য বিষয় সমূহ যে ক্ষণস্থায়ী —আ থাকিলেও কাল থাকে না, ইহার সত্যতা কে না জানে চোখের সম্মুখে ইহার প্রমাণ অহরহ বিদ্যমান, তবুও সম্বন্ধে আমাদের মোহনিদ্রা ভাঙ্গে কই ? যাঁহার এই মো নিদ্রা ভঙ্গ হইয়াছে, তিনি আর এই ভোগ্য বিষয়ের প্র আকৃষ্ট হন না এবং তাহা পাইবার জন্যও আকা করেন না। নচিকেতা এমনই জাগ্রতবিবেক। কা ধর্ম্মরাজ তাঁহাকে প্রলোভনের পরাকাষ্ঠা দেখাইলেও, তি প্রলুব্ধ হইলেন না। হইবেন-ই বা কেন ? সত্যজিজ্ঞ মিথ্যা প্রলোভনে প্রলোভিত হয় কি ? ভোগে তৃ প্রাপ্তিতে পর্য্যাপ্ততা এই জগতে কোথাও আছে কি তাই মহাভারতকার বলিয়াছেন—

যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
নালমেকস্য তৎ সর্বমিতি পশ্যন্ ন মুহ্যতি ॥
(উঃ পঃ ৩৯।

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—পৃথিবীতে যত ধান্য, যব, হিরণ্য, পশু, ধন ও স্ত্রী আছে সে সমস্ত একজনেরও আশা পূর্ণ করিতে পারে না। ইহা দেখিয়া পণ্ডিত ব্যক্তি এতৎ সমস্তে মোহিত হন না।

কাজেই ভোগে তৃপ্তি কোথায়? ভোগে ভোগাকাঙ্ক্ষা বাড়িয়াই চলে—'হবিষা কৃষ্ণবর্ত্মে'ব ভূয়ঃ এবাভিবর্দ্ধতে', প্রজ্বলিত হুতাশনে ঘৃতসেক নির্বাপণের হেতু না হইয়া, অধিকভাবে প্রজ্বলনেরই কারণ হইয়া থাকে।

ইহা তো গেল ভোগাকাঙ্ক্ষার ক্রমবর্দ্ধমানতার কথা। অন্যদিকে আবার ইহার বিষম পরিণামও দৃষ্ট হইয়া থাকে। ভোগে ইন্দ্রিয়বৃত্তির শক্তি হ্রাস পায়। ইন্দ্রিয়সকল জীর্ণ হইয়া স্ব স্ব কার্য্য সাধনে অপারগ হয়। ভোগের এই পরিণাম বড়ই দুঃখদায়ী। গীতায় বীরবর অর্জ্জুন বলিতেছেন—

ন হি প্রপশ্যামি মমাহপনুত্থাদ্
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ (গীতা—২।৮)

—পৃথিবীতে নিষ্কণ্টক এবং সর্ববিধ ভোগযুক্ত রাজ এমন কি দেবতাদিগের উপর আধিপত্য প্রাপ্ত হইলে আমার ইন্দ্রিয় সকলের তেজোনাশক এই শোককে বিদূরি করিতে পারে এমন আমি কিছু দেখিতে পাইতেছি না।

নচিকেতার বক্তব্যও মূলতঃ তাহাই, অর্থাৎ ভোগে তৃপ্তি বা সুখ কোনটাই নাই। অতএব যে রহস্য উদ্‌ঘাটনে, অর্থাৎ যাহা জানিলে, মানুষের সর্ব্বাধিক আশা বাসনা প্রাপ্ত হইতে পারে, 'যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ'। গীঃ ৬।২২—যাহা পাইলে আর কিছু পাইবার বাকী থাকে না, তৃতীয় বরে নচিকেতা তাহার প্রার্থনা করিলেন ॥ ১।১।২৬-২৯

প্রথম অধ্যায়ের প্রথম বল্লী সমাপ্ত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম অধ্যায়

দ্বিতীয় বল্লী

অন্যচ্ছ্রেয়োঽন্যদুতৈব প্রেয়-
স্তে উভে নানার্থে পুরুষং সিনীতঃ।
তয়োঃ শ্রেয় আদদানস্য সাধু ভবতি
হীয়তেঽর্থাদ্ য উ প্রেয়ো বৃণীতে ॥ ১।২।১

অন্বয় ঃ [যম প্রলোভন দ্বারা নচিকেতাকে বিচলিত করিতে না পারিয়া এইবার তত্ত্বজ্ঞান সম্বন্ধে উপদেশ করিতে প্রবৃত্ত হইলেন] [যম বলিলেন] শ্রেয়ঃ (নিশ্রেয়স) অন্যং (পৃথক অর্থাৎ শ্রেয় প্রেয় অপেক্ষা পৃথক) উত (আর) প্রেয়ঃ (প্রিয় ভোগ্য বিষয় সামগ্রী হইতে) [বিভিন্ন] নানা-অর্থে (বিভিন্ন প্রয়োজনে) তে উভে (তাহারা উভয়ে) পুরুষং (মনুষ্যকে) সিনীতঃ (প্রভাবিত করে) তয়োঃ (তাহাদের মধ্যে, অর্থাৎ 'শ্রেয়' ও 'প্রেয়'

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই দুইটির মধ্যে) শ্রেয়ঃ আদদানস্য (যিনি শ্রেয়
অবলম্বন করেন) [তাঁহার] সাধু ভবতি (মঙ্গল
যঃ (যিনি) প্রেয়ঃ উ (প্রেয়কেই) বৃণীতে (বরণ করে
[তিনি] অর্থাৎ হীয়তে (পুরুষার্থ হইতে বি
হয়েন)॥ ১।২।১

অনুবাদ ঃ (যম বলিলেন)—শ্রেয় এবং প্রেয়
এক নহে—ভিন্ন প্রকার। উভয় ভাবনাই জীবকে প্র
বিত করে অর্থাৎ বদ্ধ করে। শ্রেয়কামী ব্যক্তি ক
লাভ করেন, আর প্রেয়কামী ব্যক্তি পরমার্থচ্যুত হ
দুঃখভাগী হয়েন ॥ ১।২।১

অনুধ্যান ঃ শ্রেয় অর্থ-কল্যাণ। ভগবানই সর্বকল্যা
কল্যাণ। অতএব কল্যাণ-কামীর কাম্য ভগবান। শ্রেয়
ভগবল্লাভার্থী। প্রেয় অর্থ প্রিয়। ইন্দ্রিয়ের বিষয়স
আমাদের নিকট প্রিয় বলিয়া অনুভূত হয়। ইন্দ্রিয়
বিষয় শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ। যাহা ইন্দ্রিয়ের প্রতি
—দুঃখদায়ী, তাহা প্রিয় হয় না। ইন্দ্রিয়ানুকূল রূপরস

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

য় প্রিয় হইয়া থাকে। কিন্তু প্রেয়ত্বের মূলে যে রূপরসাদি ল তাহারা স্থায়ী বস্তু নহে—সদাই পরিবর্ত্তনশীল—এখন রহিয়াছে, তাহারা এখন থাকিলেও পরক্ষণে থাকে না। তদ্ধেতু তজ্জনিত যে সুখ তাহাও স্থায়ী হয় না, বিচ্ছেদে দুঃখ উপজাত হয়। তাই তায় ভগবান বলিয়াছেন—ইন্দ্রিয়জ সুখ অগ্রে, অর্থাৎ র মিলনে প্রথমে অমৃতোপম বলিয়া অনুভূত হইলেও, প্রবিচ্ছেদে (অর্থাৎ পরিণামে) দুঃখপ্রদ ও বিষবৎ বলিয়াই অনুভূত হয়—'পরিণামে বিষমিব'। তাহা হইলেই দেখা যাইতেছে যে শ্রেয় ও প্রেয়ের ফল এক নহে—বিভিন্ন। শ্রেয় এবং প্রেয় উভয় ভাবনাই আমাদিগকে প্রভাবিত করে, অর্থাৎ উভয়বিধ চিন্তাই আমাদিগকে পাইয়া বসে। তাহাকেই মন্ত্রে বন্ধনার্থে বলা হইয়াছে। সেই প্রভাব কল্যাণকর এবং অকল্যাণকরও হইতে পারে। শ্রেয় চিন্তার প্রভাব কল্যাণ বহন করিয়া আনে। আবার প্রেয় চিন্তার প্রভাব আমাদিগকে দুঃখকূপে নিক্ষেপ করে।° শ্রেয়ার্থী ও প্রেয়ার্থীর ফল বিভিন্ন—কল্যাণ ও অকল্যাণ ॥ ১।২।১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেত-
স্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভি প্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্ বৃণীতে ॥ ১।২।

অন্বয় ঃ শ্রেয়ঃ চ প্রেয়ঃ চ (শ্রেয় এবং প্রেয়) ম[নুষ্যম্] এতঃ (মানুষের নিকট উপস্থিত হয়) ধীরঃ (জ্ঞানীব্য[ক্তি] তৌ (উভয়ের—শ্রেয় ও প্রেয়র) সম্পরীত্য (সম্যক্ আ[লো]চনা করিয়া) বিবিনক্তি (পার্থক্য অবধারণ করেন) [ধীরঃ] (জ্ঞানীব্যক্তি) প্রেয়সঃ (প্রিয় হইতে) শ্রেয়ঃ হি অভি-বৃ[ণীতে] (শ্রেয়কে উত্তম জানিয়া তাহাকেই বরণ করেন) [মন্দঃ] (অজ্ঞানব্যক্তি) যোগক্ষেমাৎ (অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি [ও] তৎরক্ষণার্থ) প্রেয়ঃ বৃণীতে (প্রিয় বস্তু বরণ করে) ॥ ১।

অনুবাদ ঃ শ্রেয় এবং প্রেয় উভয়ই মনুষ্যের নি[কট] উপস্থিত হয়। জ্ঞানীব্যক্তি প্রেয় অপেক্ষা শ্রেয়কেই উ[ত্তম] জানিয়া তাহাকেই বরণ করেন। আর অজ্ঞান[ব্যক্তি]

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগক্ষেম অর্থাৎ আপাতমনোরম ভোগ্যবিষয় এবং এতৎ সমস্তের রক্ষণাবেক্ষণরূপ প্রেয়কেই বরণ করেন ॥ ১।২।২

অনুধ্যান ঃ কল্যাণের যাহা হেতুভূত, অর্থাৎ শ্রেয়, আবার অকল্যাণের যাহা কারণ, ইন্দ্রিয়ারাম ভোগ্যবস্তু-সমূহ, উভয়ই মনুষ্যের নিকট উপস্থিত হয়, কিন্তু আমাদের সংস্কার অনুযায়ী তন্মধ্য হইতে একটিকে আমরা বাছিয়া লই, যাহা শ্রেয়ও হইতে পারে, প্রেয়ও হইতে পারে। এই বাছিয়া লওয়ার মূল কথা হইল—'যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ'—যে ব্যক্তি যে প্রকার শ্রদ্ধাযুক্ত, সে ব্যক্তি সেইরূপই, অর্থাৎ তদ্রূপ সংস্কারবিশিষ্টই হন। কাজেই তাঁহার গ্রহণ এবং বর্জ্জনও তদ্রূপই হইয়া থাকে ॥ ১।২।২

স ত্বং প্রিয়ান্ প্রিয়রূপাংশ্চ কামা-
নভিধ্যায়ন্নচিকেতোঽত্যস্রাক্ষীঃ।
নৈতাং সৃঙ্কাং বিত্তময়ীমবাপ্তো
যস্যাং মজ্জন্তি বহবো মনুষ্যাঃ ॥১।২।৩

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয় ঃ নচিকেতঃ (হে নচিকেতা !) সঃ ত্ব
(সে-ই তুমি মৎকর্ত্তৃক বারংবার প্রলোভিত হইয়াও
প্রিয়ান্ (স্ত্রীপুত্রাদি) প্রিয়রূপান্ চ (আপাতমনোর
অপ্সরা প্রভৃতি) কামান্ (ভোগ্যবস্তু সমূহের) অভিধ্যায়
(অনিত্যতা ও অসারতার বিষয় চিন্তা করিয়া) অত্যস্রাক্ষী
(ত্যাগ করিয়াছ) এতাম্ (এই) বিত্তময়ীম্ সৃঙ্কাং (ধনা
ঐশ্বর্য্যবহুল পন্থা) যস্যাম্ (যাহা অবলম্বন করতঃ) বহ
মনুষ্যাঃ (বহুলোক) মজ্জন্তি (দুঃখসাগরে নিমজ্জি
হইয়াছে) [তুমি তাহা] ন অবাপ্তঃ (সেই পথ অবলম্ব
কর নাই) ॥ ১।২।৩

অনুবাদ ঃ হে নচিকেতা ! আমি তোমাকে বারংবা
প্রলোভিত করিলেও স্ত্রীপুত্রাদি প্রিয়বস্তু এবং মনোর
অপ্সরাদি ভোগ্যবস্তু সমূহের অনিত্যতা ও অসারত্ব বিবেচ
করিয়া তুমি তৎসমস্ত ত্যাগ করিয়াছ। ধনাদি ঐশ্বর্য্যবহ
যে পন্থা অবলম্বন করিয়া বহুলোক দুঃখসাগরে নিমজ্জি
হইয়াছে সেই পথ তুমি অবলম্বন কর নাই ॥ ১।২।৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দূরমেতে বিপরীতে বিষূচী
অবিদ্যা যা চ বিদ্যেতি জ্ঞাতা।
বিদ্যাভীপ্সিনং নচিকেতসং মন্যে
ন ত্বা কামা বহবোঽলোলুপন্ত॥ ১।২।৪

অন্বয়ঃ যা চ বিদ্যা (এবং যাহা বিদ্যা—মোক্ষ-প্রাপিকা) [এবং] যা অবিদ্যা (যাহা অবিদ্যা) এতে (এই দুইটিই) দূরম্ (অতিশয়) বিপরীতে (এক হইতে অন্য ভিন্ন) [এবং] বিষূচী (ভিন্নফলপ্রদ, ভিন্নপথাবলম্বী) নচিকেতসম্ (হে নচিকেতা! তোমাকে) বিদ্যাভীপ্সিনম্ (যথার্থ বিদ্যার্থী—মোক্ষার্থী) মন্যে (মনে করি) [কারণ] ত্বা (তোমাকে) বহবঃ (বহু) কামাঃ (কাম্য বিষয়—ভোগ্য বিষয় সকল) ন অলোলুপন্ত (তোমাকে প্রলুব্ধ করিতে পারে নাই—কল্যাণমার্গ হইতে বিচ্যুত করিতে পারে নাই)॥ ১।২।৪

অনুবাদঃ যাহা অবিদ্যা এবং যাহা বিদ্যা বলিয়া

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্যাত, তাহারা পরস্পর বিভিন্ন এবং বিভিন্ন পথাবলম্বী অর্থাৎ ভিন্নফলপ্রদ। হে নচিকেতা! আমি তোমাকে যথার্থ বিদ্যার্থী—মোক্ষার্থী বলিয়া মনে করি, কারণ মৎ-প্রদত্ত বহু ইন্দ্রিয়ারাম ভোগ্য বিষয়সমূহ তোমাকে প্রলুব্ধ করিতে পারে নাই ॥ ১।২।৪

অনুধ্যানঃ ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহে যে চিত্তের বিমুখতা—তাহাই জ্ঞানের লক্ষণ—'ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যম্' জ্ঞানীর ভোগ্যবিষয়ের প্রতি এই বৈরাগ্যের কারণ, জ্ঞানী জানেন এতৎ সমস্তের ভোগফল—'পরিণামে বিষমিব' কাজেই নচিকেতা প্রেয় যাহা ভোগ্য বিষয় এবং শ্রেয় যাহা বিষয়াতীত—মোক্ষপ্রদ, উভয়ের বিচার পূর্বক শ্রেয়কে বরণ করিয়া লইয়াছেন। ধর্ম্মরাজ যম তাঁহার এই নির্লোভতা এবং তাঁহাকে যথার্থ বিদ্যাভিলাষী—মোক্ষার্থী দেখিয়া প্রীত হইলেন। বিদ্যা এবং অবিদ্যা যাহা শ্রেয় এবং প্রেয় বলিয়া অভিহিত, তৎসম্বন্ধে নচিকেতা বিচারবিমূঢ় হন নাই; যথার্থ সত্যই তাঁহার নির্ম্মল চিত্তে প্রতিভাসিত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওয়ায় তিনি অবিদ্যামূলক ভোগ্য বিষয়সমূহ সহজেই পরিত্যাগ করিতে পারিয়াছেন। বিদ্যার্থীর প্রথম ও শ্রেষ্ঠ লক্ষণ হইল বিষয়-বৈরাগ্য। ইহাই জীবনের দৈবীসম্পদ্। নচিকেতা এই দৈবীসম্পদের অধিকারী, তাই গুরু ধর্ম্মরাজ এখানে তাঁহার প্রশংসা করিয়া বলিতেছেন, "হে নচিকেতা! তুমি যথার্থই বিদ্যাভিলাষী।" অনুরূপ বাক্য একদিন শ্রীভগবানের মুখেও উচ্চারিত হইয়াছিল প্রিয়শিষ্য অর্জ্জুনকে উপলক্ষ করিয়া। সেদিনও বিদ্যাদান উপলক্ষেই গীতোপদেশকালে এই কথাই বলা হইয়াছিল, "হে অর্জ্জুন! তুমি দৈবীসম্পদ্ লইয়া জন্মগ্রহণ করিয়াছ। অতএব তোমার শোক করিবার কোন কারণ নাই—'মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব' (গীতা—১৬।৫)। এখানে শ্রীভগবানের বাক্যের ভাবার্থ হইল,—হে অর্জ্জুন! আমি যে উপদেশ অর্থাৎ বিদ্যা তোমাকে দান করিতেছি তাহা ধারণ করিবার ক্ষমতা তোমার আছে—তুমি যথার্থই অধিকারী। যমরাজের মূল বক্তব্যও তাহাই॥ ১।২।৩-৪ ;

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিত্থায়ামন্তরে বর্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
দন্দ্রম্যমাণাঃ পরিযন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ ॥ ১।২।৫

অন্বয় : [যাঁহারা] অবিদ্যায়াম্ অন্তরে (অবি
মধ্যে) বর্ত্তমানাঃ (অবস্থিত) [হইয়া] স্বয়ম্ (নি
নিজেকে) ধীরাঃ (বুদ্ধিমান) [বলিয়া] পণ্ডিতম্
মানাঃ (পণ্ডিত বলিয়া মনে করেন) [সেই সকল]
(বিবেকহীন ব্যক্তি) দন্দ্রম্যমাণাঃ (দুঃখকর বিষয়ে
পথ অবলম্বন করিয়া) পরিযন্তি (পরিভ্রমণ করে)
(যদ্রূপ) অন্ধেন এব (অন্ধেরই দ্বারা) নীয়মানাঃ (পরিচা
হইয়া) অন্ধাঃ (অন্ধগণ) [ভ্রমণ করেন অর্থাৎ অ
কুপথে ঘুরিয়া মরেন] ॥ ১।২।৫

অনুবাদ : যাঁহারা জ্ঞানহীন, অর্থাৎ অবিদ্যাতে
হইয়াও আপনাদিগকে বুদ্ধিমান এবং পণ্ডিত বলিয়া

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন, সেই সকল মূঢ়ব্যক্তি দুঃখকর বিষয়ভোগ্য পথ অবলম্বন করিয়া অন্ধ কর্ত্তৃক পরিচালিত অন্ধের ন্যায় অবস্থা প্রাপ্ত হয়েন ॥ ১।২।৫

অনুধ্যান ঃ কে না নিজেকে পণ্ডিত মনে করেন ? বিদ্যা থাকুক আর নাই থাকুক, 'আমি অবিদ্বান কিসে' এইভাব অহঙ্কারজাত। তাই অজ্ঞান বা অবিদ্যাগ্রস্ত ব্যক্তিরাই নিজের পাণ্ডিত্য এবং শ্রেষ্ঠত্ব খ্যাপনে তৎপর হইয়া সরলবুদ্ধি মনুষ্যকে বিভ্রান্ত করিয়া থাকেন। বিভ্রান্তির ফল দুঃখজনকই হয়। এখানেও অন্ধ কর্ত্তৃক পরিচালিত অন্ধের দৃষ্টান্তের দ্বারা তাহাই বলা হইয়াছে ॥১।২।৫

ন সাম্পরায়ঃ প্রতিভাতি বালং
প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্।
অয়ং লোকো নাস্তি পর ইতি মানী
পুনঃ পুনর্বশমাপদ্যতে মে ॥ ১।২।৬

অন্বয় ঃ সাম্পরায়ঃ (পরলোকের চিন্তা) বালম্

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(বালকের ন্যায় অজ্ঞ) প্রমাদ্যন্তম্ (অনাবিষ্ট) বিত্তমোহেন (ধনমোহে) মূঢ়ম্ (অজ্ঞানসমাচ্ছন্নের) প্র (নিকট) ন ভাতি (প্রতিভাত হয় না) অয়ম্ লোকঃ (দৃশ্যমান ভোগ্য লোকই) মানী (বুদ্ধিযুক্ত মানুষ) পুনঃ (বারংবার) মে (আমার) বশম্ আপদ্যতে (বশী হয়—আমার অধীনতাপ্রাপ্ত হয়)॥ ১।২।৬

অনুবাদ: ধনমোহে মূঢ় অনাবিষ্ট বালকের অজ্ঞজনের নিকট পরলোকতত্ত্ব প্রতিভাত হয় না, লোকই আছে পরলোক নাই এইরূপ বুদ্ধিযুক্ত হইয়া পুনঃ পুনঃ আমার বশীভূত হয়, অর্থাৎ জন্মমৃত্যুর যন্ত্রণা করিয়া থাকে॥ ১।২।৬

অনুধ্যান: 'ইহলোকই সত্য পরলোক মিথ্যা' শুধু অজ্ঞজনেরই ভাবনা নহে—নাস্তিকেরও ভাব নাস্তিক ভগবৎ অস্তিত্বে বিশ্বাসহীন। ভগবান যখন তখন পরলোকে দুষ্কর্মের জন্য শাস্তিদাতাও কেহ অতএব 'যেন তেন প্রকারেণ' ইহলোকের ভোগ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপভোগ কর। এইরূপ চিন্তার ফল কিন্তু বড় বিষম। সমস্ত ন্যায়, নীতি, সততা, সত্যতা, সকলের মূলে কুঠারাঘাত ইহার মূল কথা। কর্ম্মমাত্রই ফলপ্রসূ। যেমন কর্ম্ম তেমন ফল। পুণ্যকর্ম্মে সুখ, পাপকর্ম্মে দুঃখ। দুঃখভোগ পরলোকে নরকাদিতে যেমন হয়, তেমনি ইহলোকে স্থূলদেহেও হইয়া থাকে। স্থূলদেহে এই ভোগের জন্যই পুনঃ পুনঃ জন্ম মরণ—'যাবজ্জননং তাবন্মরণম্'। পরলোক সম্বন্ধে বুদ্ধির এই বিভ্রান্তির মূলে সত্যচিন্তার অভাব, বালকের ন্যায় চিন্তাহীনতা বা মূঢ়তা। তাহারও গভীরে রহিয়াছে বিত্তমোহ বা স্বজন-মোহ। এই মোহযবনিকা সত্যজ্ঞানকে অন্তরাল করিয়া রাখে। মোহের মূলে আসক্তি। তাই ভগবান গীতায় বলিয়াছেন—

'তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর' (৩।১৯)

—'অতএব বিষয়ের প্রতি অনাসক্তচিত্ত হইয়া সর্বদা শাস্ত্রবিহিত কর্ম্মের অনুষ্ঠান কর।' এই যে মোহমুক্তির

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপায় তাহাই হইল যমের অধীনতা হইতে পরিত্রাণের —'অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ' (গীতা ৩।১৯)—অনাসক্তচিত্ত পুরুষ কর্ম্ম করিয়া পরম শ্রেয় করিয়া থাকেন॥ ১।২।৬

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ
শৃন্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্যো বক্তা কুশলোঽস্য লব্ধা
আশ্চর্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ॥১।২।৭

অন্বয়ঃ যঃ (আত্মা) বহুভিঃ (অনেকের পক্ষে) শ্রবণায় অপি (শ্রবণের সুযোগও) ন লভ্যঃ (লাভ না) [আবার] শৃণ্বন্তঃ অপি (শ্রবণ করিয়াও) (অনেকে) ন বিদ্যুঃ (জানিতে পারেন না) [অতঃ] অস্য (আত্মার) বক্তা (উপদেষ্টা) আশ্চর্য্যঃ (দুর্ল কুশলঃ (নিপুণ ব্যক্তিই) [অস্য] (ইহাকে—আত্মা লব্ধা (লাভ করিতে পারেন) কুশল-অনুশিষ্টঃ (

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্য কর্তৃক উপদিষ্ট) [হইয়া] আশ্চর্য্যঃ (ক্বচিৎ কেহ) জ্ঞাতা (জানিতে পারেন) ॥ ১।২।৭

অনুবাদ ঃ আত্মতত্ত্ব সম্বন্ধে অনেকে শুনিবার সুযোগই পান না। আবার কেহ কেহ আত্মা সম্বন্ধে শ্রবণ করিয়াও আত্মার স্বরূপ সম্বন্ধে ধারণা করিতে পারেন না। আত্মার বক্তাও দুর্লভ। নিপুণ আচার্য্যই আত্মাকে জানিতে পারেন। নিপুণ আচার্য্য কর্তৃক উপদিষ্ট হইয়া যিনি আত্ম-জ্ঞান লাভ করেন সেইরূপ ব্যক্তিও বিরল ॥ ১।২।৭

অনুধ্যান ঃ ভগবৎ-প্রসঙ্গ বড়ই দুর্লভ। দুর্লভ এই জন্য যে ইন্দ্রিয়ারাম সাধারণ মানুষ আমরা ইন্দ্রিয়ভোগ্য বিষয় নিয়াই মাতিয়া আছি, কিন্তু ভগবৎ-প্রসঙ্গ বিষয়-ভোগে বীতস্পৃহ না হইলে ভাল লাগে না। সেইরূপ মানুষ আর কয়জন ? কাজেই ভগবৎ-প্রসঙ্গ—আত্মতত্ত্বের আলোচনা ক্বচিৎ কখনো কেহ করিয়া থাকেন। সেই দুর্লভ আলোচনাও ইন্দ্রিয়পরায়ণ মানুষের ভাল লাগে না। সেই সব কথা কানের ভিতর দিয়া মরমে প্রবেশ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে না। চিত্ত যে তাহা ধারণ করিতে পারে না, তা
মূলে চিত্তের অশুদ্ধি। ভোগবাসনা—বিষয়াসক্তিই চি
অশুদ্ধি বা মল। শ্রুতি নিজেই বলিয়াছেন আমাদের ইন্দ্রি
গুলিকে বহির্মুখ করিয়া ভগবান সৃষ্টি করিয়াছেন। ব
মুখীন অর্থ—রূপ, রস, শব্দ, গন্ধ, স্পর্শ ইন্দ্রিয়ের এই বি
সমূহের প্রতি উন্মুখতা, যার পরিণামফল দুঃখপ্রদ। উপ
সদ্‌গুরুর আশ্রয়। তত্ত্বদর্শী গুরু কর্তৃক উপদিষ্ট হইয়া
বিষয় যে বিষ, অতএব 'বিষয়ান্ বিষবৎ ত্যজ' এই বু
জাগ্রত হয়। গুরুশক্তির প্রভাবে তখন ত্যাগের সামর্থ
জন্মিয়া থাকে। এইরূপ শক্তিসম্পন্ন গুরু দুর্লভ। শ্রু
বলেন—যাঁকে তুমি গুরুত্বে বরণ করিবে, তিনি হইবে
'শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং'। গুরু ব্রহ্মজ্ঞ এবং শাস্ত্রজ্ঞ হওয়া চাই
এইরূপ গুরুর উপদেশ গ্রহণে সমর্থ শিষ্যের লক্ষণ
'শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্'। শ্রদ্ধার মূলে থাকিবে বি
—বিনয়নম্র ব্যবহারই গুরুকে উন্মুখ করে শিষ্য
বিদ্যাদানে। গুরুর উপদেশ গ্রহণ-সামর্থ্য গুরুর কৃ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রসাদেই সম্ভব। বিদ্যালাভ দাবিদাওয়ার ব্যাপার নহে। আদর্শ শিষ্য বীরবর অর্জ্জুন আদর্শ গুরু বিশ্বগুরু শ্রীকৃষ্ণকে তাই বলিতেছেন—

মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো।
যোগেশ্বর ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্॥
(গীতা—১১।৪)

—হে প্রভু! তুমি যদি আমাকে তোমার ঐ রূপ দেখিবার যোগ্য মনে কর, তবে হে যোগেশ্বর! তোমার ঐ অবিনাশী নিজরূপ আমাকে প্রদর্শন করাও। উপযুক্ত গুরু কর্ত্তৃক এই-রূপ উপযুক্ত শিষ্য উপদেশ প্রাপ্ত হইলেই বিদ্যা ফলবতী হয়॥ ১।২।৭

ন নরেণাবরেণ প্রোক্ত এষ
সুবিজ্ঞেয়ো বহুধা চিন্ত্যমানঃ।
অনন্যপ্রোক্তে গতিরত্র নাস্তি
অণীয়ান্ হ্যতর্ক্যমণুপ্রমাণাৎ॥ ১।২।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয় ঃ অবরেণ (আত্মজ্ঞানহীন—প্রাকৃতবুদ্ধি) নরেণ (মনুষ্যকর্তৃক) প্রোক্ত (উপদিষ্ট হইয়া) এষঃ (এই আত্মা) সুবিজ্ঞেয়ঃ ন (উত্তমরূপে জ্ঞাত হওয়া যায় না) [কারণ ইনি] বহুধা চিন্ত্যমানঃ (বহুরূপে চিন্তার বিষয়ীভূত হন) অনন্যপ্রোক্তে (আত্মজ্ঞ আচার্য্য কর্তৃক উপদিষ্ট হইলে) অত্র (এই আত্মবিষয়ে) গতিঃ ন অস্তি (মনের সংশয়াত্মক চাঞ্চল্য থাকে না, অর্থাৎ আত্মার অস্তিত্ব নাস্তিত্ব সম্বন্ধে চিত্তের দোদুল্যমানতা বিষয়ে স্থিরবুদ্ধি লাভ হইয়া থাকে) অণুপ্রমাণাৎ (বুদ্ধিসহায়ে তাঁহাকে সূক্ষ্ম বলিয়া প্রমাণ করিলেও, আত্মা তদপেক্ষা) অণীয়ান্ (সূক্ষ্মতর বলিয়া প্রমাণিত হইবার যোগ্য) হি (অতএব) [আত্মা] অতর্ক্যম্ (তর্কাতীত, সাধারণ বিচারবুদ্ধির বিষয়ীভূত নহে) ॥ ১।২।৮

অনুবাদ ঃ প্রাকৃতবুদ্ধি মনুষ্য কর্তৃক উপদিষ্ট হইয়া আত্মাকে অবগত হওয়া যায় না। তিনি বহুরূপে ব্যাখ্যাত হইয়াছেন। একমাত্র ব্রহ্মজ্ঞ আচার্য্যের উপদেশেই তাঁহাকে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাভ করা যায়, অর্থাৎ তাঁহার অস্তিত্ব অনস্তিত্ব সম্বন্ধে নিশ্চিতবুদ্ধি হওয়া যায়। এই আত্মতত্ত্ব সূক্ষ্ম হইতে সূক্ষ্ম। তর্কের দ্বারা ইহা নিরূপিত হয় না—ইনি তর্কাতীত ॥১।২।৮

অনুধ্যান ঃ আত্মতত্ত্ব বড় দুর্জ্ঞেয়। এ সম্বন্ধে সাধারণ মানুষ বা প্রাকৃত মনুষ্য কত জল্পনা কল্পনাই না করিয়া থাকে। কাজেই এ সম্বন্ধে স্থির নিশ্চয় হওয়া বড়ই কঠিন। একমাত্র আত্মজ্ঞ গুরুর উপদেশেই তাঁহাকে জানা যায়। অন্যথায় সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম এই আত্মতত্ত্ব প্রাকৃত মনুষ্যের দ্বারা বহুরূপে কল্পিত হইয়া কিছুতেই লাভ করা যায় না। স্থূল বিষয়ই যুক্তি তর্কের আয়ত্তাধীন, কিন্তু যাহা রূপাতীত গুণাতীত, তাঁহার সম্বন্ধে সিদ্ধান্ত কোন তর্ক বিচার দ্বারাই সম্ভব নহে, কারণ তিনি তর্কাতীত। জ্ঞানী, তত্ত্বদর্শী গুরু কর্তৃক উপদেশ প্রাপ্তিই তাঁহাকে পাইবার একমাত্র উপায়। তাই গীতায় ভগবান বলিয়াছেন—"উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ" (৪।৩৪)—তত্ত্বদর্শী জ্ঞানিগণ তোমাকে ইহা (আত্মতত্ত্ব) উপদেশ করিবেন ॥ ১।২।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৈষা তর্কেণ মতিরাপনেয়া
প্রোক্তাঽন্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠ।
যাং ত্বমাপঃ সত্যধৃতির্বতাসি
ত্বাদৃঙ্‌ নো ভূয়ান্নচিকেতঃ প্রষ্টা ॥ ১।২।৯

অন্বয়ঃ প্রেষ্ঠ (হে প্রিয়তম!) যাম্ (যে আত্মতত্ত্ব) ত্বম্ (তুমি) আপঃ (প্রাপ্ত হইয়াছ) এষা মতিঃ (এই আত্মজ্ঞান) তর্কেণ ন আপনেয়া (তর্কের দ্বারা লাভ করা যায় না) অন্যেন এব (অন্য কর্ত্তৃক অর্থাৎ ব্রহ্মজ্ঞ সদ্‌গুরু কর্ত্তৃক উপদিষ্ট হইলেই) [তাঁহাকে] সুজ্ঞানায় (যথার্থরূপে জানা যায়) নচিকেতঃ (হে নচিকেতা) সত্যধৃতিঃ বত অসি (বস্তুতঃই পরমার্থ লাভের সঙ্কল্পে তুমি নিশ্চয়ই দৃঢ়সঙ্কল্প) নঃ (আমাদের নিকট) প্রষ্টা (জিজ্ঞাসু) ত্বাদৃক্ ভূয়াৎ (তোমার ন্যায় সর্বদাই উপস্থিত হউক)॥ ১।২।৯

অনুবাদঃ হে প্রিয়তম! তোমার যে আত্মতত্ত্ব

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্বন্ধে জ্ঞান হইয়াছে তাহা তর্কের দ্বারা লভ্য নহে। তার্কিক হইতে ভিন্ন কোন জ্ঞানী আচার্য্য কর্তৃক উপদিষ্ট হইলেই তাঁহার সাক্ষাৎকার হয়। হে নচিকেতা! যথার্থই তুমি জ্ঞান লাভ করিয়াছ। তোমার ন্যায় জিজ্ঞাসু শিষ্য যেন আমাদের নিকট সততই উপস্থিত হয় ॥ ১।২।৯

অনুধ্যান ঃ সদ্বুদ্ধি, অর্থাৎ অবিষয়িনী বুদ্ধি তর্ক-সাপেক্ষ নহে। তর্ক যথার্থ দর্শনের অন্তরায়ই হইয়া থাকে। জ্ঞানীর ভগবদ্দর্শন—দর্শনেরই ফল, কেবল মাত্র বিচার বিশ্লেষণের সিদ্ধান্ত নহে। তুমি সেই জ্ঞান লাভ করিয়াছ। তাই জ্ঞান-প্রদাতা আমাদের নিকট তোমার ন্যায় জিজ্ঞাসু শিষ্য অতিশয় প্রিয়। এইরূপ জ্ঞানার্থী শিষ্য যেন সততই আমাদের নিকট উপস্থিত হয় ॥ ১।২।৯

জানাম্যহং শেবধিরিত্যনিত্যম্
ন হ্যধ্রুবৈঃ প্রাপ্যতে হি ধ্রুবং তৎ।
ততো ময়া নাচিকেতশ্চিতোঽগ্নি-
রনিত্যৈর্দ্রব্যৈঃ প্রাপ্তবানস্মি নিত্যম্ ॥
১।২।১০

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ শেবধিঃ (কর্ম্মফলরূপ নিধি) অনি(অনিত্য) ইতি (ইহা) অহং জানামি (আমি জানি তৎ (সেই ব্রহ্ম) ধ্রুবম্ হি (নিশ্চয়ই নিত্যবস্তু) অধ্রু(অনিত্য বস্তুর দ্বারা) ন হি প্রাপ্যতে (পাওয়া যায় ইহা নিশ্চিত) ততঃ (তাহা হইলেও) ময়া (আমার দ্বারা নাচিকেতঃ অগ্নিঃ (নাচিকেত অগ্নি নামক যজ্ঞ) চি(অনুষ্ঠিত হইয়াছে) [এবং] অনিত্যৈঃ দ্রব্যৈঃ (যজ্ঞে উপকরণরূপ অনিত্য দ্রব্যদ্বারা, অর্থাৎ নিষ্কামভাবে য সম্পাদনের দ্বারা) নিত্যং (নিত্যবস্তু—অমৃতত্ব) প্রাপ্তব অস্মি (প্রাপ্ত হইয়াছি) ॥ ১।২।১০

অনুবাদঃ কর্ম্মফল অনিত্য ইহা আমি জানি অনিত্য বস্তুর দ্বারা নিত্যবস্তু প্রাপ্ত হওয়া যায় না ই নিশ্চিত। তাহা হইলেও আমি অনিত্য বস্তু নাচিকে অগ্নি চয়ন করিয়াছি, এবং নিষ্কামভাবে যজ্ঞ সম্পাদনে দ্বারা নিত্য বস্তু ব্রহ্মকে প্রাপ্ত হইয়াছি ॥ ১।২।১০

অনুধ্যানঃ যম বলিতেছেন—কর্ম্মফল অনিত্য

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সসীম কর্ম্মের দ্বারা অসীম কর্ম্মফল লাভ হইতে পারে না। কিন্তু সেই সসীম কর্ম্ম অসীম ফলদানে সমর্থ হয় যদি সেই কর্ম্ম ভগবৎপ্রীত্যর্থে সাধিত হয়। তাই ভগবৎ প্রাপ্তির উপায় স্বরূপ যে কর্ম্ম, তাহা যদি ব্রহ্মার্পিত হয়, তবেই তাহা নিত্যফল—অমৃতপদ লাভের কারণ হইয়া থাকে। কর্ম্মহীন জীবন যাপন সম্ভব নয়—'ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ' (গীতা—৩।৫)। এই কর্ম্ম যেমন বন্ধনের কারণ, তেমনি আবার ইহা মুক্তিরও হেতুভূত হইতে পারে যদি তাহা যজ্ঞার্থে কৃত হয়—'যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ'। যজ্ঞ অর্থ ভগবৎপ্রীত্যর্থে অর্পণ। আর কর্ম্মে ভগবৎকর্তৃত্ব স্থাপনই ব্রহ্মে কর্ম্মার্পণ। এইভাবে কর্ম্ম করিয়া পূর্বকালে জনকাদি ঋষিগণও পরমা সিদ্ধি লাভ করিয়াছিলেন—'কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ'॥ মন্ত্রে আছে নাচিকেত অগ্নি চয়নের দ্বারাই যম নিত্যপদ লাভ করিয়াছেন। ইহার অর্থ এই যজ্ঞ কোন-রূপ কামনা দ্বারা কৃত হয় নাই। যজ্ঞরূপ কর্ম্ম, যজ্ঞফল,

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞের কর্ত্তা, তৎসমস্তকেই ব্রহ্মরূপে ভাবনা করিয়া যজ্ঞ কৃত হয়, তাহা নিত্যপদ—অমৃতফল প্রাপ্তির হেতু হইয়া থাকে। এইরূপ ভাবে কর্ম্ম করিবার কৌশলই গী[তায়] উক্ত হইয়াছে, যথা—

ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥ [৪।২৪]

—যজ্ঞেতে অর্পণরূপ যে কর্ম্ম তাহা ব্রহ্ম। হবিস্থানীয় [দ্রব্য] ব্রহ্ম, অগ্নিও ব্রহ্ম এবং হবন ক্রিয়ার যিনি কর্ত্তা তিনি[ও] ব্রহ্ম। এইরূপ ভাবনার দ্বারা যে যজ্ঞ কৃত হয়, তা[হা] ব্রহ্মযজ্ঞই—ব্রহ্মযজ্ঞের ফল ব্রহ্মপ্রাপ্তি ॥ ১।২।১০

কামস্যাপ্তিং জগতঃ প্রতিষ্ঠাং
ক্রতোরনন্ত্যমভয়স্য পারম্।
স্তোমমহদুরুগায়ং প্রতিষ্ঠাং
দৃষ্ট্বা ধৃত্যা ধীরো নচিকেতোঽত্যস্রাক্ষীঃ ॥
১।২।১[১]

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ নচিকেতঃ (হে নচিকেতা!) কামস্য (কামনার, বাসনার) [অভিলষিত দ্রব্য] আপ্তিঃ (প্রাপ্তি) জগতঃ প্রতিষ্ঠাম্ (জগতের আশ্রয়) ক্রতোঃ অনন্ত্যম্ (যজ্ঞের অনন্তফল) অভয়স্য পারম্ (অভয়ের স্থান) স্তোমম্ মহৎ (স্তবনীয় ও মহত্বপূর্ণ) উরুগায়ং (দীর্ঘকাল স্থায়ী—হিরণ্যগর্ভপদ) প্রতিষ্ঠাম্ (অবস্থিতিকে) ধৃত্যা (ধৈর্য্য সহকারে) দৃষ্ট্বা (বিচার করিয়া) ধীরঃ (স্থিতবুদ্ধি হওতঃ) [এতৎ সমস্তই] অত্যস্রাক্ষীঃ (বর্জ্জন করিয়াছ)॥ ১।২।১১

অনুবাদঃ হে নচিকেতা! তুমি কাম্য বিষয়ের চরম প্রাপ্তি, জগতের আশ্রয়, যজ্ঞের অনন্ত ফল, স্তবনীয় ও মহৎ হিরণ্যগর্ভপদে প্রতিষ্ঠা, এতৎ সমস্তই তুমি ধৈর্য্য সহকারে বিচার পূর্বক স্থিতবুদ্ধি হওতঃ ত্যাগ করিয়াছ॥ ১।২।১১

অনুধ্যানঃ ইহলোকে এবং পরলোকে যত কিছু কাম্য বস্তু আছে, যাহা পাইবার জন্য মনুষ্যমাত্রই সদাকাল

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছুক হইয়া রহিয়াছে। তৎসমস্তই নচিকেতাকে দিবা জন্য যমরাজ প্রস্তুত, কিন্তু নচিকেতা যথার্থই আত্মজিজ্ঞা যে আত্মতত্ত্ব অবগত হইলে জগতে প্রাপনীয় আর কিছু থাকে না—'যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং তত (গীতা—৬।২২)। কাজেই যমরাজ দ্বারা প্রলোভিত হইয়া ভোগ্য বিষয় গ্রহণে নচিকেতা উন্মুখ হন নাই, কার তিনি জানেন এই জগৎ এবং জাগতিক বস্তুসমূহ অনিত্য এবং দুঃখপ্রদ—'অনিত্যমসুখং লোকম্'। শুধু কি তাহাই? এতৎ সমস্তের প্রাপ্তির শেষফল বিষবৎ —

বিষয়েন্দ্রিয়সংযোগাদ্ যত্তদগ্রেঽমৃতোপমম্।
পরিণামে বিষমিব তৎ সুখং রাজসং স্মৃতম্॥

[গীতা—১৮।৩৮]

—ইন্দ্রিয়ের সহিত ভোগ্য বিষয়ের যোগ হইলে যে সুখ উৎপন্ন হয়, যাহা অগ্রে অমৃতের ন্যায় বোধ হয়, কিন্তু পরিণামে বিষের ন্যায় দুঃখদায়ী হয়, সেই সুখকে রাজস সুখ বলা যায়॥ ১।২।১১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং দুর্দর্শং গূঢ়মনুপ্রবিষ্টং
গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণম্।
অধ্যাত্মযোগাধিগমেন দেবং
মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি॥ ১।২।১২

অন্বয়ঃ [হে নচিকেতা!] তং (সেই) দুর্দ্দশং (দুর্লভ-দর্শন) গূঢ়ং (প্রচ্ছন্ন) অনুপ্রবিষ্টম্ (অন্তর্য্যামীরূপে সকলের মধ্যে প্রবিষ্ট) গহ্বরেষ্ঠং (দুর্গমস্থান) গুহাহিতম্ (হৃদয়-গুহায় অবস্থিত) পুরাণং (সনাতন) দেবম্ (স্বপ্রকাশ ব্রহ্মকে) অধ্যাত্মযোগাধিগমেন (আত্মবিষয়ক সমাধি-দ্বারা) মত্বা (অনুভব করিয়া) ধীরঃ (জ্ঞানী ব্যক্তি) হর্ষশোকৌ জহাতি (হর্ষ ও শোকের অতীত হন)॥ ১।২।১২

অনুবাদঃ দুর্লভ-দর্শন দুর্গমস্থান হৃদয়-গুহায় স্থিত এবং সৃষ্টির সর্বত্র অনুস্যূত যে আত্মাকে অতি কষ্টে জানা যায়, জ্ঞানীব্যক্তি সেই সনাতন স্বপ্রকাশ ব্রহ্মকে নিদিধ্যাসন সহায়ে অবগত হইয়া সুখদুঃখের অতীত হয়েন॥
১।২।১২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ ব্রহ্ম আনন্দস্বরূপ—'আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ' [তৈঃ উঃ—৩।৬]—[ভৃগু] আনন্দই ব্রহ্ম ইহা জানিলেন। এই জানা মানে দর্শন। তিনি সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, তাই দুর্জ্ঞেয়—'সূক্ষ্মত্বাত্তদবিজ্ঞেয়ং' [গীতা-১৩।১৫] সৃষ্টি যখন এক ব্রহ্মেরই বহুরূপে প্রকাশ, তবে তিনি কোথায় নাই? তিনি নিজেই তো বলিয়াছেন—'ময়া ততমিদং সর্বম্' [গীতা—৯।৪]—আমিই সর্বত্র ব্যাপ্ত হইয়া আছি। অতএব সকলের হৃদয়গুহায়ও তিনি বিরাজমান। সাধনার প্রারম্ভে তাঁহার সর্বব্যাপিত্বের ধারণা করা সুকঠিন। কোন বিশেষ স্থান হইতে সেই ধারণার সুরু করিতে হয়। সিদ্ধিতে তাহা সর্বত্র বিস্তার লাভ করে। সেই বিশেষ স্থান হৃদয়গুহা। সেখানে প্রথম দর্শন করিলে, তাহাই অবশেষে সর্বত্র দর্শন হইয়া থাকে। দর্শনের উপায় নিদিধ্যাসন। বৈরাগ্য ও অভ্যাস সহায়ে নিদিধ্যাসন সার্থকতায় পৌঁছে। জ্ঞানী ব্যক্তি এইরূপে তাঁহাকে জানিয়া সর্বপ্রকার সুখদুঃখের অতীত হয়েন অর্থাৎ সুখদুঃখের ভয়

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকে না—'আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কদাচন ইতি।' [তৈঃ উঃ ২।৪]—আনন্দস্বরূপ ব্রহ্মকে জানিলে, আর কখনো ভয়ের কারণ থাকে না ॥ ১।২।১২

এতচ্ছ্রুত্বা সম্পরিগৃহ্য মর্ত্যঃ
প্রবৃহ্য ধর্ম্যমণুমেতমাপ্য।
স মোদতে মোদনীয়ং হি লব্ধ্বা
বিবৃতং সদ্ম নচিকেতসং মন্যে ॥ ১।২।১৩

অন্বয় : মর্ত্ত্যঃ (মনুষ্য) এতৎ ধর্ম্মং (এই ধর্ম্মোপদেশ অর্থাৎ আত্মতত্ত্ব) শ্রুত্বা (আচার্য্য সমীপে শ্রবণ করিয়া) সম্পরিগৃহ্য (সম্যক্‌রূপে গ্রহণ করতঃ) প্রবৃহ্য (তত্ত্বতঃ বিচার করিয়া) এতম্ (এই) অণুম্ (সূক্ষ্ম অর্থাৎ সূক্ষ্ম আত্মতত্ত্ব) আপ্য (অনুভব করিয়া থাকেন) সঃ (সেই) মোদনীয়ং (সেই আনন্দস্বরূপ পরব্রহ্মকে) লব্ধ্বা (প্রাপ্ত হইয়া) মোদতে হি (আনন্দেই নিমগ্ন হন)। নচিকেতসম্ (নচিকেতার নিকট) সদ্ম (পরমধাম) বিবৃতম্ (উন্মুক্তদ্বার) মন্যে (মনে করি)॥ ১।২।১৩

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ মনুষ্য এই ধর্ম্মোপদেশ অর্থাৎ আত্মত আচার্য্য সমীপে শ্রবণ করিয়া বিশেষ বিচার পূর্ব্বক সম্য রূপে গ্রহণ করতঃ এই সূক্ষ্ম আত্মতত্ত্ব অনুভব করি থাকেন, আনন্দস্বরূপ সেই পরব্রহ্মকে প্রাপ্ত হইয়া মাত্র আনন্দেই নিমগ্ন হন। নচিকেতার নিকট ব্রহ্মদ্বার—পর ধামের দ্বার উন্মুক্তই রহিয়াছে বলিয়া মনে করি ॥ ১।২।১৩

অনুধ্যান ঃ ধর্ম্মোপদেশ তথা আত্মতত্ত্ব গুরুর নিক শ্রবণ করিতে হয়। বিদ্যা গুরুমুখী। শ্রুত্যন্তরে উ আছে গুরুমুখ হইতে শ্রবণ করিলেই বিদ্যা ফলবতী হয় বক্ষ্যমাণ মন্ত্রে তাই বলা হইয়াছে। গুরুমুখ হইতে আত্ম তত্ত্ব শ্রবণ করিয়া মনন ও নিদিধ্যাসন সহায়ে তাঁহা অবগত হওয়া যায়। তিনি আনন্দস্বরূপ। তাঁহাকে জা অর্থ তাঁহার সহিত অভিন্নতা বোধে প্রতিষ্ঠিত হওয়া অতএব আনন্দস্বরূপের সঙ্গে একীভূত হইলে, সাধক আনন্দস্বরূপই হইয়া থাকেন—'লব্ধ্বানন্দী ভবতি [তৈঃ উঃ ২।৭]। ইহাই সাধনার সিদ্ধি—পরমপুরুষার্থ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নচিকেতা এই সিদ্ধি লাভের উপযুক্ত পাত্র। তাই ধর্ম্ম-রাজ বলিতেছেন নচিকেতার নিকট পরমধামে প্রবেশের দ্বার উন্মুক্ত রহিয়াছে ॥ ১।২।১৩

অন্যত্র ধর্মাদন্যত্রাধর্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ।
অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যত্তৎ পশ্যসি তদ্বদ ॥ ১।২।১৪

অন্বয়ঃ [নচিকেতা বলিলেন] ধর্ম্মাৎ অন্যত্র (ধর্ম্ম হইতে অতীত) অধর্ম্মাৎ অন্যত্র (অধর্ম্ম হইতেও অতীত) চ (তথা) অস্মাৎ কৃতাকৃতাৎ (কার্য্য ও কারণরূপ এই জগৎ হইতেও অতীত) চ [এবং] ভূতাৎ ভব্যাৎ (ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান হইতেও) অন্যত্র (পৃথক্) যৎ তৎ (যে বস্তু) পশ্যসি (তুমি জান) তৎ (তাহা) বদ (বল)॥ ১।২।১৪

অনুবাদঃ নচিকেতা বলিলেন, "ধর্ম্ম ও অধর্ম্ম হইতেও অতীত, এই কার্য্য এবং কারণরূপ জগৎ হইতে ভিন্ন এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান হইতেও পৃথক যে

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তু অর্থাৎ পরমেশ্বরকে অবগত আছেন, তৎসম্বন্ধে আমাকে বলুন ॥” ১।২।১৪

অনুধ্যান ঃ এখানে জিজ্ঞাসা ব্রহ্ম সম্বন্ধে। ব্রহ্ম অনির্বচনীয়। ইহার অর্থ এই নয় যে ব্রহ্ম সম্বন্ধে কিছুই বলা যায় না। বলা যায় নিশ্চয়ই তবে যতটুকু বা যাহাই বলা যাক না কেন তাহা পর্য্যাপ্ত নহে। ভাল মন্দ, ন্যায় অন্যায় স্থুল সূক্ষ্ম, কোন কিছুই তাঁহাকে বাদ দিয়া নাই—সর্বত্রই তিনি রহিয়াছেন। কিন্তু সকলের মধ্যেই তাঁহার স্বরূপ-সত্তা পর্য্যবসিত হইয়া যায় নাই। সকলের মধ্যে থাকিয়াও সকলের অতীতরূপেও যে তিনি থাকেন, কালের মধ্যে থাকিয়াও যে কালাতীত তিনি—তাহাই এখানে বলা হইয়াছে। স্মৃতি প্রমাণেও তাহা দৃষ্ট হয়—‘যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ’ [গীতা—১৫।১৮]—যেহেতু আমি ক্ষরস্বভাব জগৎকে অতিক্রম করিয়া আছি এবং অক্ষরস্বভাব জীব হইতেই উত্তম, ইত্যাদি। এই বিচিত্র ব্রহ্মস্বরূপ অবগত হইবার জন্য নচিকেতার জিজ্ঞাসা।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজ যম এই তত্ত্ব অবগত আছেন তাই নচিকেতা তাঁহার নিকট জিজ্ঞাসু ॥ ১।২।১৪

সর্বে বেদা যৎপদমামনন্তি
 তপাংসি সর্বাণি চ যদ্ বদন্তি।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
 তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ॥
১।২।১৫

অন্বয়ঃ [যম বলিলেন] সর্বে বেদাঃ (সকল বেদ) যৎ (যাঁহাকে) পদম্ (গন্তব্যস্থল) আমনন্তি (বলিয়া থাকেন) চ (এবং) সর্বাণি (সকল) তপাংসি (তপস্যা) যৎ বদন্তি (যাহা তাঁহার প্রাপ্তির উপায়স্বরূপ বলা হয়) যৎ (যাঁহাকে) ইচ্ছন্তঃ (পাইবার ইচ্ছা করিয়া) ব্রহ্মচর্য্যং চরন্তি (ব্রহ্মচর্য্যব্রত পালন করা হয়) তে (তোমায়) তৎ পদং (সেই অভিলষিত বস্তু সম্বন্ধে) সংগ্রহেণ (সংক্ষেপে) ব্রবীমি (বলিতেছি) এতৎ (ইহা) ওঁ ইতি (ওঁ শব্দবাচ্য—ওঁকার) ॥ ১।২।১৫

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ যম বলিলেন, "সমস্ত বেদ যাঁহাকে এ প্রাপ্তব্য বস্তু বলিয়া প্রতিপাদন করেন, সমস্ত ত যাঁহাকে পাইবার সহায় এবং যাঁহাকে পাইবার লাষ করিয়া লোক সকল ব্রহ্মচর্য্যব্রত পালন করেন, হইল 'ওঙ্কার', ব্রহ্মশব্দের বাচ্য—প্রতীক ॥ ১।২।১৫

অনুধ্যান ঃ ব্রহ্মই প্রাপ্তব্য, পরমপুরুষার্থ ; শ্রুতা উক্ত আছে—'আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো নি সিতব্যো' (বৃঃ উঃ ২।৪।৫)—আত্মা বা ব্রহ্মই দ্রষ্ট দর্শনীয়, শ্রোতব্য অর্থাৎ আত্মতত্ত্ব ব্যতিরেকে অন্য বি শ্রবণীয় নহে, গুরুমুখে এই আত্মতত্ত্বই শুনিতে হই শ্রবণ ও কথন বিষয়ে শ্রুতির নির্দ্দেশ হইল—

'তমেবৈকং জানথ আত্মানম্‌
অন্যা বাচো বিমুঞ্চথামৃতস্যৈষ সেতুঃ ।'
(মুঃ উঃ ২।২।৫)

—সেই অদ্বিতীয় আত্মাকেই অবগত হও। তাঁহ পাইতে হইলে ব্রহ্মকথা ছাড়া আর সমস্ত কথাই

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে হইবে—'আন্ কথা না বলিবে'। ইহাই ব্রহ্মপ্রাপ্তির উপায়।

ওঁকার এই ব্রহ্মের প্রতীক বা বাচ্য। এই ওঁকারেই সমস্ত বেদ বিধৃত রহিয়াছে। বেদ ব্রহ্মপ্রতিপাদক। অতএব ব্রহ্মবীজ এই ওঁকার। ওঁকার সাধনে ব্রহ্মবীজ স্ফুরিত হইয়া ব্রহ্মস্বরূপ পর ও অপর ব্রহ্ম, জগৎ ও জগদতীতরূপে সাধকের নিকট প্রতিভাত হয়। যতকিছু যাগ, যজ্ঞ, তপস্যা সমস্তই ব্রহ্মপ্রাপ্তির উপায়॥ ১।২।১৫

এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্ম এতদ্ধ্যেবাক্ষরং পরম্।
এতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বা যো যদিচ্ছতি তস্য তৎ॥
১।২।১৬

অন্বয়: হি (অতএব) এতৎ (এই) অক্ষরং (অক্ষর) ব্রহ্ম এব (ব্রহ্মই) অপর-ব্রহ্ম (কার্য্যব্রহ্ম) হি (অতএব) এতৎ অক্ষরং (এই অক্ষরই—ওঁকারই) পরম্ এব (পরব্রহ্মই) এতৎ অক্ষরং জ্ঞাত্বা (পরব্রহ্মস্বরূপ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই অক্ষরকে জানিয়া) যঃ (যিনি) যৎ (যাহা) ই
(ইচ্ছা করেন) তস্য (তাঁহার) তৎ হি (তাহাই
থাকে, অর্থাৎ তিনি তাহাই পাইয়া থাকেন)॥ ১।২।১৬

অনুবাদ ঃ অতএব এই ওঁকারই স্বরূপতঃ অপর ও পরব্রহ্ম। এই ওঁকারকে ব্রহ্মরূপে জানিয়া যিনি ইচ্ছা করেন, তাহাই প্রাপ্ত হয়েন ॥ ১।১।১৬

অনুধ্যান ঃ 'ওঁ" এই শব্দটি ব্রহ্মবাচক। বা বাচক অভিন্ন। কাজেই ওঁকার উপাসনা ব্রহ্মোপাসনা নামান্তর। ব্রহ্ম পর এবং অপর উভয়াত্মক। এই উ রূপে পরব্রহ্মের উপাসনাই—ওঁকার উপাসনাই ব্রহ্মো সনা। এই উপাসনায় সিদ্ধ সাধক যাহা ইচ্ছা ক তাহাই হয়েন এবং যাহা অভিলাষ করেন তাহাই প্র হয়েন। শ্রুত্যন্তরে উক্ত আছে—'স স্বরাড়্ ভব 'তস্য সর্ব্বেষু লোকেষু কামাচারো ভবতি'।—তিনি স্ব সম্পূর্ণ স্বাধীন হয়েন অর্থাৎ অন্যনিরপেক্ষ তিনি কার্য্যই করিতে পারেন এবং তাঁহার গতিও অবাধমান হয় ॥ ১।২।১৬

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতদালম্বনং শ্রেষ্ঠমেতদালম্বনং পরম্ ।
এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে ॥ ১।২।১৭

অন্বয়ঃ এতৎ (এই ওঁকারই) শ্রেষ্ঠং আলম্বনং (ব্রহ্মপ্রাপ্তির শ্রেষ্ঠ উপায়) এতৎ পরম্ আলম্বনম্ (ইহাই পরব্রহ্মপ্রাপ্তির শ্রেষ্ঠ উপায়) এতৎ আলম্বনং জ্ঞাত্বা (এই ওঁকারকে জানিয়া) ব্রহ্মলোকে মহীয়তে (ব্রহ্মভূত হইয়া মহিমান্বিত হয়েন) ॥ ১।২।১৭

অনুবাদঃ এই ওঁকারই কার্য্যব্রহ্ম লাভের শ্রেষ্ঠ উপায়, তথা পরব্রহ্ম লাভেরও শ্রেষ্ঠ উপায়। এই ওঁকার-তত্ত্ব অবগত হইলে ব্রহ্মবিৎ হওতঃ সকলের পূজনীয় হইয়া থাকেন ॥ ১।২।১৭

অনুধ্যানঃ সর্ব্বাতীতরূপেই তিনি পরব্রহ্মরূপে কথিত হয়েন। সর্ব্বানুগরূপে তাঁহাকে জানাই ব্রহ্মসাধনার পরাকাষ্ঠা। তাঁহাকে জানিবার বা লাভের উপায় হইল ওঁকার। তিনি 'মহতো মহীয়ান্'। তাঁহাকে জানা অর্থ তাঁহার সহিত অভিন্নরূপে স্থিতি। মহতের সঙ্গগুণে জীবও

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহীয়ান অর্থাৎ সকলের পূজনীয় হইয়া থাকে। কথা বলে—'কুসুমের সহ কীট সুরশিরে যায়'॥ ১।২।১৭

ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চি-
ন্নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে॥ ১।২।১৮

অন্বয়ঃ বিপশ্চিৎ (নিত্য জ্ঞানস্বরূপ আত্মা) ন জায়তে (জন্মান না) বা ন ম্রিয়তে (কিংবা মরেনও না) অয়ম্ (এই আত্মা) কুতঃ চিৎ (কোন কিছু হইতে) ন (হন নাই, জন্মান নাই) ন কঃ চিৎ বভূব (এই আত্মা হইতেও কোন কিছু জন্মায় নাই) অয়ম্ (এই আত্মা) অজঃ (জন্মরহিত) নিত্যঃ (চিরস্থায়ী) শাশ্বতঃ (ক্ষয়রহিত) পুরাণঃ (পুরাতন) শরীরে হন্যমানে (শরীর নিহত হইলেও) ন হন্যতে (এই আত্মা হত হন না)॥ ১।২।১৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ চৈতন্যস্বরূপ আত্মা অর্থাৎ ব্রহ্ম জন্মানও না, মরেনও না। ইনি অন্য কিছু হইতেই জন্মান নাই এবং ইহা হইতেও কিছু উদ্ভূত হয় নাই। এই আত্মা জন্মহীন, নিত্য ও শাশ্বত পুরাণ। দেহ বিনাশে তাঁহার বিনাশ হয় না॥ ১।২।১৮

অনুধ্যান ঃ ব্রহ্ম অনাদি ও সর্বব্যাপী নিত্যবস্তু। অতএব তাঁহার জন্মমৃত্যু প্রসঙ্গ হইতে পারে না। এই আত্মা দ্বিতীয় বস্তু নিরপেক্ষভাবে সদাকাল বিরাজমান। অতএব ইহা অন্য কোন কিছু হইতে উৎপন্ন হন নাই এবং ইহা হইতেও যে কিছু উৎপন্ন হইয়াছে তাহাও নহে। ইহার অর্থ আত্মা নিঃসঙ্গ বস্তু। এই স্বরূপ অবস্থানকে উপলক্ষ করিয়াই তাহা হইতে কিছু জন্মায় নাই বলা হইয়াছে। সংসর্গ হইতেই দোষগুণ জাত হইয়া থাকে। যাহা অসংসর্গ—কোন কিছুর দ্বারাই স্পৃষ্ট নহে, তিনি কি করিয়া কোন কিছুর উৎপত্তির কারণ হইতে পারেন? তাই সাংখ্যকার বলিয়াছেন—'অসঙ্গোঽয়ং পুরুষঃ'—আত্মা

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসঙ্গ। গীতায়ও ভগবান্ বলিয়াছেন—'আমার জন্ম ক
সবই দিব্য'। এই 'দিব্য' অর্থ সাধারণ জন্ম ও কর্ম্ম—
প্রারব্ধবশে হইয়া থাকে আত্মার সম্বন্ধে তাহা তদ্রূপ নহে
সৃষ্টিতো তাঁহারই ইচ্ছায়; কিন্তু সৃষ্টির ফলে তাঁহার অ
ভাব নাই বলিয়া তিনি সৃষ্টি করিয়াও সৃষ্টিকার্য্যে লি
হন না অর্থাৎ তিনি অস্রষ্টা॥ ১।২।১৮

হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে।
১।২।১

অন্বয়ঃ চেৎ (যদি) হন্তা (হননকারী) হ
(হনন করিতে) মন্যতে (মনে করে) হতঃ (হত ব্যক্তি
চেৎ (যদি) হতম্ মন্যতে (আত্মাকে হত মনে করে
[তাহা হইলে] তৌ উভৌ (তাহারা উভয়ে) ন বি
নীতঃ (আত্মতত্ত্ব অবগত নহে) অয়ম্ আত্মা (এই আ
ন হন্তি (কাহাকেও বধ করেন না) ন হন্যতে (
নিজেও হত হন না)॥ ১।২।১৯

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ : হত্যাকারী যদি মনে করে আত্মাকে হনন করিব, আর হত ব্যক্তি যদি মনে করে আমি হত হইয়াছি, তবে উভয়েই আত্মতত্ত্ব বিষয়ে অজ্ঞ ॥ ১।২।১৯

অনুধ্যান : আত্মার নিত্যত্ব জ্ঞানহীন ব্যক্তি অবগত নহে। তাই তাহারা আত্মার জন্ম মৃত্যু প্রসঙ্গ বলিয়া থাকেন। নিত্য আত্মার আবার জন্ম হইবে কোথা হইতে? তাঁহার সর্বব্যাপিত্বও জন্মমৃত্যু প্রসঙ্গের বাধক। অতএব আত্মা যে স্থূলদৃষ্টি বহির্ভূত বস্তু তাহা তো সর্বশাস্ত্রেই কথিত আছে ॥ ১।২।২৯

অণোরণীয়ান্ মহতো মহীয়ান্
আত্মাঽস্য জন্তোর্নিহিতো গুহায়াম্।
তমক্রতুঃ পশ্যতি বীতশোকো
ধাতুপ্রসাদান্মহিমানমাত্মনঃ॥ ১।২।২০

অন্বয় : অণোঃ (অতি সূক্ষ্ম বস্তু হইতেও) [আত্মা] অণীয়ান্ (সূক্ষ্মতর) মহতঃ (মহৎ অর্থাৎ সর্বাপেক্ষা বৃহৎ

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তু হইতেও) মহীয়ান্ (বৃহত্তর) আত্মা (আত্মা) অস্য জন্তোঃ (এই জীবের) গুহায়াম্ (হৃদয়-গুহায়) নিহিতঃ (অবস্থিত আছেন) অক্রতুঃ (নিষ্কাম ব্যক্তি) ধাতুপ্রসাদাৎ (ভগবৎকৃপায়) আত্মনঃ (আত্মার) তম্ (সেই) মহিমানম্ (মহিমা) পশ্যতি (দর্শন করেন) [দর্শন করিয়া] বীতশোকঃ (শোকাতীত হয়েন) ॥ ১।২।২০

অনুবাদ ঃ সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর এবং বৃহৎ হইতেও বৃহত্তর এই আত্মা প্রত্যেক জীবের হৃদয়-গুহায় অবস্থিত। ভগবৎকৃপাতেই নিষ্কাম ব্যক্তি তাঁহার মহিমা অবগত হইয়া বিগতশোক হয়েন ॥ ১।২।২০

অনুধ্যান ঃ ব্রহ্ম বা পরমাত্মা ভূমা। ভূমা অর্থাৎ সর্বাপেক্ষা বৃহৎ। অতএব জাগতিক যে কোন বৃহৎ বস্তু হইতে তিনি বৃহৎ। তিনি যে শুধু বৃহৎ তাহা নহে, তিনি সূক্ষ্মও। জাগতিক সর্বাপেক্ষা সূক্ষ্ম বস্তুতেও তিনি অনুস্যূত রহিয়াছেন। এই সকল বস্তু দৃশ্যমান। এই সকল দৃশ্যমান বস্তু অপেক্ষাও আমাদের কল্পনার পরাকাষ্ঠায় যে সূক্ষ্মবস্তু

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রহিয়াছে, তাহা অপেক্ষাও তিনি সূক্ষ্ম। তিনি সর্ব্বব্যাপী। অতএব তিনি প্রত্যেক জীবের হৃদয়-গুহায়ও অবস্থিত। জীব মাত্রেই ত্রিতাপে তাপিত—রোগ, শোক, জরা, মৃত্যুর ভয়ে সন্ত্রস্ত। কি করিয়া এতৎ সমস্তের হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যায়, ইহাই সমস্যা—জীবন-জিজ্ঞাসা। এই প্রশ্ন লইয়াই একদা নারদ উপনিষদের ঋষি সনৎকুমারের নিকট উপস্থিত হইয়া বলিয়াছিলেন, "ভগবন! আমি সমুদয় শাস্ত্র অধ্যয়ন করিয়া কেবল মন্ত্রবিৎই হইয়াছি, আত্মবিৎ হই নাই। আচার্য্য মুখে শুনিয়াছি—'আত্মবিৎই শোক-সাগর উত্তীর্ণ হইয়া থাকেন—'তরতি শোকং আত্মবিৎ' [ছাঃ উঃ ৭।১।৩]। অতএব আমাকে শোক-সাগরের পরপারে লইয়া যাউন।" তদুত্তরে ঋষি সনৎকুমার যাহা বলিয়াছিলেন তাহাই 'ভূমাবিদ্যা'—'মহতো মহীয়ানে'র কথা, বক্ষ্যমাণ মন্ত্রের মূল বক্তব্য। তাঁহাকে জানিবার ক্রম—প্রথমেই চিত্তশুদ্ধি। চিত্তশুদ্ধির উপায় নিষ্কাম কর্ম্ম। শুদ্ধচিত্তে গুরুর উপদেশরূপ বীজ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপ্ত হইলে, তাহা ফলবতী হয়। জীব যে গুরুর আশ্রয় লাভ করে তাহা গুরুকৃপা তথা ভগবৎ-কৃপারই ফল। আত্মদর্শনে যে সর্ব্বপ্রকার শোকমোহের অতীত অবস্থা লাভ হয়, তাহা কর্ম্মসাধ্য নহে—কৃপাসাপেক্ষ —তাঁহার কৃপায় তাঁর হয় দরশন'॥ ১।২।২০

আসীনো দূরং ব্রজতি শয়ানো যাতি সর্বতঃ।
কস্তং মদামদং দেবং মদন্যো জ্ঞাতুমর্হতি॥ ১।২।২১

অন্বয়ঃ আসীনঃ (উপবিষ্ট হইয়া) দূরং ব্রজতি (দূরে গমন করেন) শয়ানঃ (শয়ন করিয়াও) সর্ব্বতঃ যাতি (সর্বত্র যান) তম্ (সেই) মদ-অমদং (হর্ষযুক্ত ও হর্ষহীন) দেবং (দেবতাকে—স্বপ্রকাশ আত্মাকে) মৎ-অন্যঃ (আমি ছাড়া) কঃ (কে) জ্ঞাতুম্ অর্হতি (জানিতে সক্ষম হয়?)॥ ১।২।২১

অনুবাদঃ আত্মা উপবিষ্ট থাকিয়াও দূরগামী। শায়িত থাকিয়াও সর্বত্র গমন করেন। হর্ষবিষাদযুক্ত স্বপ্রকাশ আত্মাকে আমি ছাড়া কে জানিতে পারে? ১।২।২১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ আত্মা অচিন্ত্যশক্তি। অতএব আমাদের কোন্ বিচারবুদ্ধি ইহার ইয়ত্তা করিবে? সর্ব্বশক্তিমান তাঁহার পক্ষে সম্ভব অসম্ভবের বিচার প্রসঙ্গ ব্যর্থ। তিনি এটা পারেন, ওটা পারেন না, এই যদি হয় আমাদের বিচার সিদ্ধান্ত, তাহা হইলে তাঁহার সর্ব্বশক্তিমত্তার অর্থই হয় না। সমস্ত বিরুদ্ধ-ধর্ম্মের সমাবেশ তাহাতেই সম্ভব। ইহাই তো তাঁহার সর্ব্বশক্তিমত্তা। কাজেই তিনি যে উপবিষ্ট থাকিয়াও সর্ব্বত্র বিচরণ করেন, তাহাতে আশ্চর্য্য হইবার হইবার কি আছে? তিনি হর্ষযুক্ত। স্বরূপতঃ তিনি আনন্দময়, অতএব সদাহর্ষযুক্ত। তিনি হর্ষহীন। যেমন আনন্দস্বরূপ, তেমনি আনন্দাতীতও তিনি, সেইরূপ সদাহর্ষযুক্ত হইয়াও তিনি হর্ষকে অতিক্রম করিয়া বিরাজমান আছেন—এই অর্থেই তিনি হর্ষহীন। এই উভয় অবস্থাই যুগপৎ—হর্ষান্বিত এবং হর্ষাতীত। স্বরূপে তিনি আনন্দময়, অতএব আনন্দহীন অবস্থা তাঁহার নাই। যখন তিনি সর্ব্বাতীত সেই অবস্থায় বুদ্ধির অগ্রাহ্যরূপে

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাকে আনন্দাতীতও বলা যাইতে পারে। এই অর্থে তাঁহাকে এখানে আনন্দাতীত বলা হইয়াছে। এরূ আশ্চর্য্যস্বরূপ আত্মা সাধারণ বুদ্ধির গ্রাহ্য নহে। বেদ বেদোজ্জ্বলা বুদ্ধিই তাঁহাকে জানিতে পারে। ধর্ম্মরাজ সেই অধিকারে অধিকারী। তাই তিনি তাঁহাকে জানি আত্মজ্ঞ। মন্ত্রে এই কথাই বলা হইয়াছে—'এইরূপ অধি কারী ভিন্ন কে তাঁহাকে জানিতে পারে?' ১।২।২১

অশরীরং শরীরেষ্বনবস্থেষ্ববস্থিতম্।
মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি॥
১।২।২

অন্বয়ঃ শরীরেষু (ভিন্ন ভিন্ন শরীরে থাকিয়াও অশরীরম্ (শরীর-বিহীন) অনবস্থেষু (অনিত্য বস্তু সমূহে মধ্যে) অবস্থিতম্ (তিনি অবস্থিত) [এইরূপ] মহান্ত (বিরাট), বিভুম্ (সর্বব্যাপী) আত্মানম্ (আত্মাকে) ম (জানিয়া অর্থাৎ আমিও তদঙ্গীভূত এইরূপ জানিয়া) ধী

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ধীমান্, জ্ঞানী) ন শোচতি (শোক করেন না, অর্থাৎ শোকাতীত হয়েন)॥ ১।২।২২

অনুবাদ: আত্মা বিভিন্ন দেহে অশরীরীরূপে, অনিত্য বস্তুতে নিত্যরূপে বর্তমান। সেই বৃহৎ, সর্বব্যাপী আত্মাকে জানিয়া ধীর ব্যক্তি শোকাতীত হয়েন॥ ১।২।২২

অনুধ্যান: আত্মা সৃষ্টির সর্ব্বত্র অনুস্যূত রহিয়াছেন —অতএব প্রতি দেহেই তাঁহার অবস্থিতি স্বীকার্য্য। কিন্তু সর্ব্ব বিষয়েই তিনি নির্লিপ্ত—"পদ্মপত্রমিবাম্ভসা"—পদ্ম-পত্রে যেমন জল স্পৃষ্ট হয় না তদ্বৎ। কাজেই প্রতিদেহে অবস্থান করিয়াও তিনি অশরীরী। সৃষ্ট বস্তুসকল সদা পরিবর্ত্তনশীল। কিন্তু তিনি নিত্য। পরিবর্ত্তনশীল বস্তুর মধ্যস্থ হইয়াও অলিপ্ততা নিবন্ধন—তাঁহার কোন পরিবর্ত্তন—পরিবর্দ্ধন হয় না। বস্তুধর্ম্ম তাঁহার উপর কোন প্রভাব বিস্তার করিতে পারে না। বস্তুধর্ম্ম সীমিত, তাই তাহার পরিবর্ত্তন পরিবর্দ্ধন সম্ভব। কিন্তু অসীম যিনি, স্থান কালের অতীত যিনি, তাঁর আর পরিবর্ত্তন

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিবর্দ্ধন হইবে কি করিয়া? তাই গীতায় ভগবান আত্মার সম্বন্ধে বলিতে যাইয়া বলিয়াছেন—'নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ'। (২।২৪)। তিনি নিত্য, সর্ব্বব্যাপী, স্থির, অচল এবং সনাতন। আশ্চর্য্যবৎ তাঁহার এই স্বরূপ। এই ভাবে তাঁহাকে জানিয়াই শোকাভিভূত মানুষ শোকাতীত হইতে পারেন ॥ ১।২।২২

নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্ ॥ ১।২।২৩

অন্বয়ঃ অয়ম্ আত্মা (এই আত্মা) প্রবচনেন (জ্ঞানী ব্যক্তির অপূর্ব্ব ভাষণের দ্বারা) ন লভ্যঃ (প্রাপ্ত হওয়া যায় না) ন মেধয়া (বুদ্ধির দ্বারাও নহে) বহুনা শ্রুতেন ন (বহু শাস্ত্র অধ্যয়ন দ্বারাও নহে) এষঃ (এই আত্মা) যম্ এব (যাঁহাকে) বৃণুতে (বরণ করেন, কৃপা করেন)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেন (তাঁহার দ্বারাই) [আত্মা] লভ্যঃ (লাভ হয়) [এবং] তস্য (সেই কৃপাধন্য ব্যক্তির নিকটেই) এষঃ আত্মা (এই আত্মা) স্বাম্ (স্বীয়) তনূম্ (স্বরূপ) বিবৃণুতে (প্রকাশ করেন)॥ ১।২।২৩

অনুবাদঃ এই আত্মা জ্ঞানীব্যক্তির অপূর্ব্ব ভাষণের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না। বুদ্ধির দ্বারাও নহে। এবং বহু শাস্ত্র অধ্যয়ন করিয়াও তাঁহাকে লাভ করা যায় না। এই আত্মা যাঁহাকে কৃপা করেন, তিনিই তাঁহাকে প্রাপ্ত হন। কৃপাধন্য সাধকের নিকটই তিনি স্বীয় স্বরূপ প্রকাশ করেন॥ ১।২।২৩

অনুধ্যানঃ ভগবদ্দর্শনই অমৃতের পুত্র মনুষ্যের পরমপুরুষার্থ। এই পুরুষার্থ সাধনের উপায় কিন্তু বিদ্যা, মেধা, পাণ্ডিত্যপূর্ণ ভাষণ শ্রবণ এবং বহু শাস্ত্রের অধ্যয়ন নহে। কারণ তিনি কর্ম্মসাধ্য অর্থাৎ কোন কর্ম্মের ফলেই লভ্য নহেন। কর্ম্ম যেমন সসীম, কর্ম্মফলও তেমনি সীমিত। কাজেই সসীম কর্ম্মের ফল অসীম অর্থাৎ ভূমাপ্রাপ্তি হইবে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি করিয়া ? তবে কি সীমিতশক্তি সসীম মানুষের পক্ষে তিনি একান্তই অলভ্য ? না, তাহা নহে। তাঁহার কৃপায় তাঁহাকে পাওয়া যায়। তিনি যাঁহাকে কৃপা করেন,— তাঁহার নিকটই স্বীয় স্বরূপ প্রকাশ করেন। তিনি যে স্বপ্রকাশ—অর্থাৎ কৃপাসাপেক্ষ এই প্রকাশ। গীতায়ও শ্রীভগবানের অনুরূপ বাক্যই দেখিতে পাওয়া যায়—

নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া।
শক্য এবংবিধো দ্রষ্টুং……॥

—বেদ অধ্যয়ন, দান এবং যজ্ঞের দ্বারা আমাকে দেখা যায় না॥ ১।২।২৩

নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ।
নাশান্তমানসো বাঽপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়াৎ॥
১।২।২৪

অন্বয়ঃ দুশ্চরিতাৎ (শাস্ত্রনিষিদ্ধ কর্ম্ম অর্থাৎ অন্যায় কর্ম্ম হইতে), [যিনি] অবিরতঃ (নিবৃত্ত নহেন) অশান্তঃ (বিষয় ভোগে যিনি চঞ্চলচিত্ত অর্থাৎ অসংযতেন্দ্রিয়)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসমাহিতঃ (যাহার বুদ্ধি ইষ্টনিষ্ঠ নহে) বা অপি (অথবা) অশান্তমানসঃ (অস্থিরচিত্ত ব্যক্তি) এনম্ (এই আত্মাকে) [কেবল] প্রজ্ঞানেন (বুদ্ধি সহায়ে) ন আপ্নুয়াৎ (লাভ করিতে পারে না) ॥ ১।২।২৪

অনুবাদ : অন্যায় কর্ম্ম হইতে অনিবৃত্ত, অসংযতেন্দ্রিয়, ইষ্টনিষ্ঠাহীন অথবা অস্থির-মন ব্যক্তি কেবল মাত্র বুদ্ধির সহায়ে এই আত্মাকে লাভ করিতে পারে না ॥ ১।২।২৪

অনুধ্যান : পূর্ব্বে আমরা বলিয়াছি, তিনি স্বপ্রকাশ। প্রকাশের প্রতিফলন তো স্বচ্ছ বস্তুতেই হইয়া থাকে।

স্বচ্ছ দর্পণেই সুন্দর মুখ অথবা বস্তুসকল প্রতিবিম্বিত হইয়া থাকে। মলিন দর্শনেও বস্তুর ছায়া পতিত হয় বটে কিন্তু তাহা প্রতিবিম্বিত হয় না। ঠিক তেমনি চিত্ত-দর্পণ মার্জ্জিত হইয়া স্বচ্ছ না হইলে তাহাতে স্বপ্রকাশ আত্মা প্রতিবিম্বিত হয় না অর্থাৎ আত্মসাক্ষাৎকার হয় না। অতএব অসংযতেন্দ্রিয় ব্যক্তি যত বড় বুদ্ধিমানই হউক না

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেন, আত্মদর্শন—ভগবৎ-দর্শন তাহার পক্ষে কখনো স... নহে। ভগবৎ তথা আত্মদর্শনার্থীর চাই চিত্তশুদ্ধি। চি... শুদ্ধি তপস্যার ফল। তপস্যা ত্রিবিধ—শারীরিক, মানসি... ও বাচিক। গীতায় ত্রিবিধ তপস্যার স্বরূপ বর্ণিত হইয়া... যথা :

দেব-দ্বিজ-গুরু-প্রাজ্ঞ-পূজনং শৌচমার্জ্জবম্।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে ॥ ১৭।১...
অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতং চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনং চৈব বাঙ্ময়ং তপ উচ্যতে ॥ ১৫
মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে ॥ ১৬

—দেবতা, ব্রাহ্মণ, গুরু ও জ্ঞানীদিগের পূজা, শৌচাচা... সরলতা, ব্রহ্মচর্য্য এবং অহিংসাকে শারীরিক তপস্... বলে।

অনুদ্বেগকর বাক্য, সত্য, প্রিয় ও হিতজনক বাক্য এব... বেদপাঠকে বাক্যময় তপস্যা বলে।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনের প্রসন্নতা, অক্রূরতা, মৌন, আত্মসংযম ও ভাবশুদ্ধি এই সকল তপস্যাকেই মানসিক তপস্যা বলে।

এই ত্রিবিধ তপস্যাই আত্মশুদ্ধির উপায় ॥ ১।২।২৪

যস্য ব্রহ্ম চ ক্ষত্রং চ উভে ভবত ওদনঃ।
মৃত্যুর্যস্যোপসেচনং ক ইত্থা বেদ যত্র সঃ ॥ ১।২।২৫

অন্বয়ঃ যস্য (যে পরমাত্মা পরমেশ্বরের) ব্রহ্ম চ ক্ষত্রঃ চ উভে (ব্রাহ্মণ এবং ক্ষত্রিয় উভয়ই) ওদনঃ (ভোজ্য বস্তু, অন্নস্বরূপ) ভবতঃ (হয়) মৃত্যুঃ যস্য:[এবং] (মৃত্যু যাঁহার) উপসেচনম্ (ব্যঞ্জনস্বরূপ) সঃ যত্র (সেই পরমেশ্বর কোথায়) এবং ইত্থা (কি প্রকার তাহা সঠিক) কঃ বেদ (কে জানে ?) ॥ ১।২।২৫

অনুবাদঃ যে পরমাত্মা পরমেশ্বরের ব্রাহ্মণ ও ক্ষত্রিয় উভয়ই ভোজ্য অন্নস্বরূপ, এবং মৃত্যু সেই অন্নের ব্যঞ্জনস্বরূপ, সেই পরমেশ্বর কোথায় অবস্থিত এবং তাহার স্বরূপই বা কিরূপ তাহা কই বা জানে ? ১।২।২৫

CC-0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ ব্রহ্ম শুধু সৃষ্টিকর্ত্তাই নহেন, লয়কর্ত্তাও তিনি। সূত্রকারও বলিয়াছেন—'জন্মাদ্যস্য যতঃ' (ব্রঃ সূঃ ১।১।২)—যাহা হইতে সৃষ্টি স্থিতি লয় সাধিত হয়। ব্রাহ্মণ ক্ষত্রিয় বলাতে সকল জীবকেই বুঝাইতেছে। শ্রেষ্ঠের সঙ্গে নিকৃষ্ট সর্বদাই অন্বিত আছে এই অর্থেই সকল। সর্ববিধ্বংসী মৃত্যুরও কাল তিনি। এইরূপ যে শক্তিমান পরমেশ্বর তাঁহার অবস্থিতিস্থান এবং তাঁহার স্বরূপ সাধারণ মানুষ অবগত হইতে পারে না। মায়াবদ্ধ জীব 'অমায়িক' পরমেশ্বরকে কি করিয়া জানিবে? তবে জানা যায় তাঁহার শরণাপন্ন হইলে। তিনি নিজেই বলিয়াছেন—'মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে' (গীতা—৭।১৪) যাহারা আমার আশ্রয় গ্রহণ করে, কেবল তাহারাই এই মায়াকে অতিক্রম করিতে পারে॥ ১।২।২৫

প্রথম অধ্যায় দ্বিতীয় বল্লী সমাপ্ত।

— ——

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রথম অধ্যায়

তৃতীয় বল্লী

ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে
গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্ধে।
ছায়াতপৌ ব্রহ্মবিদো বদন্তি
পঞ্চাগ্নয়ো যে চ ত্রিণাচিকেতাঃ॥ ১।৩।১

অন্বয়ঃ সুকৃতস্য লোকে (শুভকর্ম্মের ফলস্বরূপ মনুষ্য শরীরে) পরমে পরার্ধে (পরব্রহ্মের শ্রেষ্ঠ নিবাসস্থানে—হৃদয়াকাশে) গুহাং প্রবিষ্টৌ (বুদ্ধিরূপ গুহায় সংগোপিত) ঋতং পিবন্তৌ (সত্যের পানকর্ত্তারূপে) [দুইজন রহিয়াছেন—জীবাত্মা ও পরমাত্মা] ছায়া-আতপৌ (আলো ও অন্ধকারের ন্যায় পরস্পর ভিন্ন) ব্রহ্মবিদঃ বদন্তি (ব্রহ্মজ্ঞরা বলিয়া থাকেন) চ যে (এবং যাঁহারা) ত্রিণাচিকেতাঃ (তিনবার নাচিকেত অগ্নি চয়ন করিয়াছেন) [এবং] পঞ্চাগ্নয়ঃ (গৃহস্থগণ) [ঐরূপই বলেন]॥ ১।৩।১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ: শুভকর্মফললব্ধ মনুষ্য শরীরে পরমেশ্বরের উত্তম বাসস্থানে (হৃদয়াকাশে) বুদ্ধিরূপ গুহায় সত্যো-পানকর্ত্তা দুইজন—জীবাত্মা ও পরমাত্মা—সংগোপিত রহিয়াছেন। আলো ও আঁধারের ন্যায় ইঁহারা পরস্পর ভিন্ন। ব্রহ্মজ্ঞ ত্রিণাচিকেত অগ্নি চয়নকারী এবং গৃহস্থগণ ঐরূপই বলিয়া থাকেন॥ ১।৩।১

অনুধ্যান: পরমাত্মাই জীবাত্মারূপে বুদ্ধিরূপ গুহায় নিহিত রহিয়াছেন। উভয়েই কর্ম্মফল-ভোক্তা। পরমাত্মাই জীবাত্মারূপে ভোক্তা—এই অর্থেই এখানে উভয়কে ভোক্তা বলা হইয়াছে। স্বরূপতঃ উভয় অভিন্ন হইলেও আপাতদৃষ্টিতে তাঁহারা আলো ও অন্ধকারের ন্যায় ভিন্ন বলিয়া প্রতীয়মান হয়। ইহাই ব্রহ্মজ্ঞদিগের অভিমত। গৃহস্থগণ এবং নাচিকেত-অগ্নি চয়নকারীরাও এই মত পোষণ করেন। জীব অণু। ঈশ্বর বিভু। অতএব উভয়ে ভিন্ন। কিন্তু জীবের অণুত্ব পরমেশ্বরের বিভুত্বেরই অঙ্গীভূত; কাজেই ভিন্ন হইয়াও অভিন্ন। ইহাই জীব

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও ব্রহ্মের স্বরূপ-সম্বন্ধ। এইরূপে তাঁহাকে জানা-ই যথার্থ জানা। শ্রুত্যন্তরেও উক্ত আছে—

উদ্গীতমেতৎ পরমন্তু ব্রহ্ম
তস্মিংস্ত্রয়ং সুপ্রতিষ্ঠাঽক্ষরঞ্চ।
অত্রান্তরং ব্রহ্মবিদো বিদিত্বা
লীনা ব্রহ্মণি তৎপরা যোনিমুক্তাঃ [শ্বেঃ উঃ ১।৭]

—এই পরব্রহ্মই বেদান্তে বর্ণিত (উদ্গীত) হইয়াছেন, যাহাতে তিনটি (জগৎ, জীব ও ঈশ্বর এই ত্রিতয়) সু-প্রতিষ্ঠিত রহিয়াছেন। এবং তিনি অক্ষররূপেও বর্ত্তমান আছেন। ব্রহ্মবিদ্ ব্রহ্মের এই সকল ভেদ জ্ঞাত হইয়া তাহাতে লীন হয়েন এবং পুনঃ পুনঃ জন্মমরণ প্রভৃতি যন্ত্রণা হইতে মুক্তিলাভ করেন ॥ ১।৩।১

যঃ সেতুরীজানানামক্ষরং ব্রহ্ম যৎ পরম্।
অভয়ং তিতীর্ষতাং পারং নাচিকেতং শকেমহি ॥
১।৩।২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয় : ঈজানানাম্ (যজ্ঞকারিগণের) যঃ সে
(সংসার-সাগর পারের সেতুস্বরূপ) নাচিকেতম্ (নাচি
অগ্নিকে) [এবং] পারং তিতীর্ষতাম্ (সংসার-সমুদ্র
হইবার ইচ্ছার্থীর) যৎ অভয়ম্ (যে ভয়রহিত প
[তাহা] অক্ষরম্ (অবিনাশী) পরম্ ব্রহ্ম (পুরুষোত্তমে
শকেমহি (জানিতে সক্ষম হইয়াছি) ॥ ১।৩।২

অনুবাদ : যজ্ঞকারিগণের দুঃখ-সাগর উত্তীর্ণ হই
সেতুস্বরূপ যে নাচিকেত অগ্নি এবং সংসার-সাগরের ভয়
পারে গমনেচ্ছু ব্যক্তির আশ্রয়স্বরূপ যে পরব্রহ্ম,
উভয়কে আমি জানিতে সক্ষম হইয়াছি ॥ ১।৩।২

অনুধ্যান : ধর্ম্মরাজ যম আত্মতত্ত্ব তথা ব্রহ্মতত্ত্বে
উপদেষ্টা। এখানে নচিকেতাকে তিনি তত্ত্বের সহি
তত্ত্বলাভের উপায়ও উপদেশ করিতেছেন। উপদে
করিতে যাইয়া বলিলেন, "হে নচিকেতা! পরম অভয়
ব্রহ্মতত্ত্ব এবং তাহা লাভের উপায় আমি অবগত আছি
তাহাই তোমাকে বলিতেছি। গৃহীর পক্ষে নাচিকেত-অ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন্যনই সেই উপায় আর গৃহত্যাগী সন্ন্যাসীর পক্ষে নিদি-ধ্যাসনই উপায়। যাহারা গৃহী অথবা সন্ন্যাসী, দুঃখ-সাগরের পরপারে অভয়পদ পরব্রহ্ম লাভে ইচ্ছুক তাঁহা-দিগকে এই উভয় পন্থার যে কোন একটি অবলম্বন করিতে হইবে। এইরূপ পন্থা অবলম্বনে সিদ্ধ সাধক যে পরমার্থ লাভে কৃতকৃতার্থ হইয়া থাকেন তাহার ফলশ্রুতি নিম্ন-লিখিত শ্রুতিবাক্যে দৃষ্ট হয়—

বেদাহমেতং পুরুষং মহান্তম্
আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি
নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ (শ্বেঃ উঃ ৩।৮)

—স্বপ্রকাশ অজ্ঞানের পরপারস্থিত সর্বব্যাপী সেই পুরুষকে আমি জানিয়াছি। তাঁহাকে জানিলেই মৃত্যুকে অতিক্রম করা যায়। ইহা ছাড়া পরমার্থলাভের আর কোন পথ নাই ॥ ১।৩।২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু।
বুদ্ধিং তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ॥ ১।৩

অন্বয় : আত্মানং (জীবাত্মাকে) রথিনম্ (রথস্বামী বলিয়া জানিবে) তু (আরও) শরীরম্ (শ কেই) রথম্ এব (রথ বলিয়াই) [জানিবে] তু বু (কিন্তু বুদ্ধিকে) সারথিম্ বিদ্ধি (রথচালক ব জানিবে) চ (এবং) মনঃ প্রগ্রহম্ এব (মনকে ল লাগাম বলিয়াই জানিবে)॥ ১।৩।৩

অনুবাদ : জীবাত্মাকে রথস্বামী, শরীরকেই র বুদ্ধিকে রথচালক এবং মনকে লাগাম বলিয়াই জানিবে।
১।৩

ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্।
আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্মনীষিণঃ॥
১।৩।

অন্বয় : মনীষিণঃ (মনীষিগণ) ইন্দ্রিয়াণি (ইন্দ্রি

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমূহকে) হয়ান্ (অশ্ব) আহুঃ (বলিয়া থাকেন) তেষু (ইন্দ্রিয়ের) বিষয়ান্ (ভোগ্যবিষয়সমূহ) গোচরান্ (ইন্দ্রিয়ের গমনপথ) আত্মা-ইন্দ্রিয়-মনঃ-যুক্তম্ (ইন্দ্রিয় ও মন-যুক্ত আত্মাকে) [বিবেকিগণ] ভোক্তা ইতি (ভোগকর্ত্তারূপ) আহুঃ (বলেন) ॥ ১।৩।৪

অনুবাদ : জ্ঞানিগণ ইন্দ্রিয়গণকে অশ্ব, ইন্দ্রিয়ের বিষয়কে সেই অশ্বের গমন পথ এবং শরীর, ইন্দ্রিয় ও মন-যুক্ত জীবাত্মাকে ভোক্তা বলেন ॥ ১।৩ ৪

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যযুক্তেন মনসা সদা ।
তস্যেন্দ্রিয়াণ্যবশ্যানি দুষ্টাশ্বা ইব সারথেঃ ॥ ১।৩।৫

অন্বয় : যঃ (যে বুদ্ধিরূপ সারথি) অবিজ্ঞানবান্ ভবতি (বিবেকহীন হয়) অযুক্তেন মনসা (অবশীকৃত চিত্তের সহিত) সদা (সতত) [মিলিত থাকে] তস্য (তাহার) ইন্দ্রিরাণি (ইন্দ্রিয় সকল) সারথেঃ (সারথির) দুষ্টাঃ অশ্বাঃ ইব (দুষ্ট অশ্বের ন্যায়) অবশ্যানি (অবশীভূত হইয়া থাকে) ॥ ১।৩।৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু।
বুদ্ধিং তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ ॥ ১।৩।৩

অন্বয়ঃ আত্মানং (জীবাত্মাকে) রথিনম্ [বিদ্ধি] (রথস্বামী বলিয়া জানিবে) তু (আরও) শরীরম্ (শরীরকেই) রথম্ এব (রথ বলিয়াই) [জানিবে] তু বুদ্ধিং (কিন্তু বুদ্ধিকে) সারথিম্ বিদ্ধি (রথচালক বলিয়া জানিবে) চ (এবং) মনঃ প্রগ্রহম্ এব (মনকে বল্গা বা লাগাম বলিয়াই জানিবে) ॥ ১।৩।৩

অনুবাদঃ জীবাত্মাকে রথস্বামী, শরীরকেই রথ, বুদ্ধিকে রথচালক এবং মনকে লাগাম বলিয়াই জানিবে। ১।৩।৩

ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্।
আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্মনীষিণঃ ॥ ১।৩।৪

অন্বয়ঃ মনীষিণঃ (মনীষিগণ) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্ৰহকে) হয়ান্ (অশ্ব) আহুঃ (বলিয়া থাকেন) তেষু ইন্দ্রিয়ের) বিষয়ান্ (ভোগ্যবিষয়সমূহ) গোচরান্ (ইন্দ্রিয়ের গমনপথ) আত্মা-ইন্দ্রিয়-মনঃ-যুক্তম্ (ইন্দ্রিয় ও মনযুক্ত আত্মাকে) [বিবেকিগণ] ভোক্তা ইতি (ভোগকর্ত্তা রূপ) আহুঃ (বলেন) ॥ ১।৩।৪

অনুবাদ : জ্ঞানিগণ ইন্দ্রিয়গণকে অশ্ব, ইন্দ্রিয়ের বিষয়কে সেই অশ্বের গমন পথ এবং শরীর, ইন্দ্রিয় ও মনযুক্ত জীবাত্মাকে ভোক্তা বলেন ॥ ১।৩ ৪

স্ত্ববিজ্ঞানবান্ ভবত্যযুক্তেন মনসা সদা ।
স্যেন্দ্রিয়াণ্যবশ্যানি দুষ্টাশ্বা ইব সারথেঃ ॥ ১।৩।৫

অন্বয় : যঃ (যে বুদ্ধিরূপ সারথি) অবিজ্ঞানবান্ ভবতি (বিবেকহীন হয়) অযুক্তেন মনসা (অবশীকৃত চিত্তের সহিত) সদা (সতত) [মিলিত থাকে] তস্য (তাহার) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকল) সারথেঃ (সারথির) দুষ্টাঃ অশ্বাঃ ইব (দুষ্ট অশ্বের ন্যায়) অবশ্যানি (অবশীভূত হইয়া থাকে) ॥ ১।৩।৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ অসংযত মনের সহিত সর্বদা যুক্ত থাক যাহার বুদ্ধি বিবেকহীন, তাহারই ইন্দ্রিয়সকল সার দুষ্ট অশ্বের ন্যায় অবশীভূত হইয়া থাকে ॥ ১।৩।৫

যস্তু বিজ্ঞানবান্ ভবতি যুক্তেন মনসা সদা।
তস্যেন্দ্রিয়াণি বশ্যানি সদশ্বা ইব সারথেঃ ॥ ১।৩।৬

অন্বয় ঃ তু (পরন্তু) যঃ (যে বুদ্ধিরূপ সারথি) স (সর্বদা) যুক্তেন মনসা (সমাহিত মনের সহিত সং হইয়া) বিজ্ঞানবান্ ভবতি (বিবেকবান হন) ত (তাঁহার) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়সমূহ) সারথেঃ (সারথি সদশ্বাঃ ইব (সংযত শিক্ষিত অশ্বের ন্যায়) বশ্যানি (বশী হয়) ॥ ১।৩।৬

অনুবাদ ঃ কিন্তু যে বুদ্ধি সর্বদা সমাহিত চি সহিত যুক্ত থাকিয়া বিবেকবান, তাঁহার ইন্দ্রিয়গণ সার শিক্ষিত অশ্বের ন্যায় সর্বদা বশীভূত ॥ ১।৩।৬

অনুধ্যান ঃ দেহরথের রথী জীবাত্মা। রথের চা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সারথি—বুদ্ধিই এখানে সারথি ; আর মন লাগাম যদ্বারা গতিপথ নিয়মন করা হয়। এই রথের বাহক অশ্ব হইল ইন্দ্রিয়গণ ; ইন্দ্রিয়গণের বিষয় শব্দ স্পর্শ রূপ রসাদি সেই অশ্বের গমনপথ। শরীর, ইন্দ্রিয় ও মনসংযুক্ত জীবাত্মাই ভোক্তা—কর্ম্মফল ভোগ করিয়া থাকে—'পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্ (গীতা-১৩।২১)—'পুরুষ প্রকৃতির সহিত যুক্ত হইয়া প্রকৃতিসম্ভূত গুণসকল ভোগ করিয়া থাকেন।' মন যদি অসংযত হয়, তাহার সঙ্গে যুক্ত বুদ্ধি হয় বিবেকহীন। বিবেকহীনেরই ইন্দ্রিয়সকল অবশীভূত,—অশিক্ষিত অশ্বের ন্যায় উন্মার্গগামী। আর যে বুদ্ধি সংযতচিত্তের সহিত সংযুক্ত, তিনিই জাগ্রতবিবেক। এইরূপ জ্ঞানবান ব্যক্তির ইন্দ্রিয়সকল সতত বশীভূত—সুশিক্ষিত অশ্বের ন্যায় সুপথগামী। পরমপুরুষার্থলাভে ইন্দ্রিয়সংযমই শ্রেষ্ঠ উপায়। উপরোক্ত মন্ত্রসমূহের মূল-কথা ইন্দ্রিয়সংযম। তাহার ফলশ্রুতি গীতায় এইরূপ দৃষ্ট হয়—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ॥

—যাঁহার ইন্দ্রিয়-সমুদয় বশীভূত হইয়াছে, শীত, সুখ, দুঃখ এবং মান, অপমান বিষয়ে যাঁহার চিত্ত বি হয় না, পরমাত্মা এইরূপ প্রশান্তচিত্ত পুরুষের ধারণাযোগ্য হইয়া থাকেন ॥ ১.৩।৩-৬

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যমনস্কঃ সদাঽশুচিঃ।
ন স তৎপদমাপ্নোতি সংসারং চাধিগচ্ছতি ॥ ১

অন্বয়ঃ যঃ তু (যে বুদ্ধিরূপ সারথি) সদা (স অমনস্কঃ (অসংযতমনা) অবিজ্ঞানবান্ (বিবে অশুচিঃ (অপবিত্র, ভোগ্যবিষয়ে আসক্ত) ভবতি ([সেই বুদ্ধির সহায়ে] সঃ (রথী) তৎ পদম্ (বি পরমপদ) ন আপ্নোতি (প্রাপ্ত হয় না) চ (অধি সংসারং (সংসারগতি—জন্মমৃত্যুরূপ প্রবাহ) অধিগ (প্রাপ্ত হয়)॥ ১।৩।৭

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ যে বুদ্ধি সর্বদা অসংযত মনের সহিত যুক্ত, অবিবেকী ও ইন্দ্রিয়পরতন্ত্র, সেই বুদ্ধিরূপ সারথি মুক্তিপদ প্রাপ্ত হয় না—জন্মমরণরূপ সংসারগতি লাভ করে ॥

১।৩।৭

অনুধ্যান : অসংযত ইন্দ্রিয়সকল তৎ তৎ বিষয়ের প্রতি ধাবিত হইলে পরিণামে বুদ্ধিনাশপূর্বক যে দুঃখময় ফল উৎপাদন করে, গীতাবাক্যেও তাহা দেখিতে পাওয়া যায়—

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽ-
ভিজায়তে ॥
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥
(২।৬২-৬৩)

—যে পুরুষ (ভোগ্য) বিষয় সকলের ধ্যান করেন, তাঁহার ঐ বিষয়েতে আসক্তি উপজাত হয়, আসক্তি হইতে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(ঐ বিষয়লাভের নিমিত্ত) কাম (কামনা) জন্মে, কা
(প্রতিহত হইলে তাহা) হইতে ক্রোধ উৎপন্ন হয়। ৬
ক্রোধ হইতে সম্মোহ (কার্য্যাকার্য্যে বিবেকহীনতা) এ
সম্মোহ হইতে স্মৃতিভ্রম উপস্থিত হয় (কর্ত্তব্যাকর্ত্তব্যে
বিস্মৃতি জন্মে), স্মৃতিভ্রম হইলে বুদ্ধির বিলুপ্তি ঘটে, বুদ্ধি
লোপ হইলে পুরুষ বিনষ্ট হয় (তাঁহার সমস্ত স্বার্থ বিনাশ
প্রাপ্ত হয়)। ৬৩ ॥ (১।৩।৭)

যস্তু বিজ্ঞানবান্ ভবতি সমনস্কঃ সদা শুচিঃ।
স তু তৎ পদমাপ্নোতি যস্মাদ্ভূয়ো ন জায়তে ॥১।৩

অন্বয় ঃ তু যঃ সদা (পরন্তু যিনি সর্বদা) বিজ্ঞানবা
(বিবেকশীল বুদ্ধির সহিত সংযুক্ত) সমনস্কঃ (সংযতচি
সদা শুচিঃ (সর্বদা পবিত্র, শুদ্ধচিত্ত) সঃ তু (তিনি
তৎপদম্ (সেই পরমপদ) আপ্নোতি (প্রাপ্ত হন) য
(যাহা হইতে) [চ্যুত হইয়া] ভূয়ঃ (পুনরায়) ন জায়
(জন্ম গ্রহণ করেন না) ॥ ১।৩।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ যে বুদ্ধিরূপ সারথি বিবেকবান, সংযতমনা ও সদা পবিত্র, তিনিই জন্মমৃত্যু-নিবর্তক পরমপদ লাভ করেন ॥ ১।৩।৮

অনুধ্যান ঃ সংযতেন্দ্রিয় পুরুষই বিবেকবান, সুসমাহিতচিত্ত এবং নির্মলবুদ্ধি। এইরূপ পুরুষ জন্মমৃত্যুকে নাশ করিয়া বিষ্ণুর পরমপদ লাভ করেন। গীতাবাক্যেও তাহার প্রতিধ্বনি দেখিতে পাওয়া যায়—

নির্মাণমোহা জিতসঙ্গদোষা
অধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ।
দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈ-
র্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥ (১৫।৫)

—যিনি বিগতমোহ এবং ধনপুত্রাদির প্রতি অনাসক্ত, আত্মজ্ঞানে নিত্যপ্রতিষ্ঠিত, কামনাহীন, সুখদুঃখাদি দ্বন্দ্বে অবিচলিত এবং অবিদ্যাবিরহিত, তিনি সেই অব্যয় বিষ্ণু-পদ প্রাপ্ত হয়েন ॥ ১।৩।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিজ্ঞানসারথির্যস্তু মনঃপ্রগ্রহবান্ নরঃ।
সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্॥
১।৩।

অন্বয়ঃ যঃ তু (এবং যে) নরঃ (মনুষ্য) বিজ্ঞান-সারথিঃ (বিবেকবুদ্ধিরূপ সারথিসম্পন্ন) মনঃ-প্রগ্রহবান্ (মনরূপ বল্গা যাঁহার অধীন) সঃ (তিনি) অধ্বনঃ (সংসার-মার্গের) পারম্ (পরপার) [পৌঁছিয়া] বিষ্ণোঃ (সর্বব্যাপী ভগবানের) তৎ পরমং পদম্ (সেই পরম পদ) আপ্নোতি (প্রাপ্ত হয়েন)॥ ১।৩।৯

অনুবাদঃ বিবেকশীল বুদ্ধি যাঁহার সারথি, লাগাম-স্বরূপ মন যাঁহার বশীভূত, তিনিই সংসারমার্গের অতীত সর্বব্যাপী বিষ্ণুর পরমপদ লাভ করেন॥ ১।৩।৯

অনুধ্যানঃ প্রাপ্তব্য একমাত্র তিনি যিনি বিষ্ণু সর্বব্যাপী। প্রাপ্তির উপায় আত্মসংযম, সমাহিতচিত্ততা এইরূপ ধৃতব্রত পুরুষই হয় কৃতকৃতার্থ পরমার্থলাভে গীতায়ও ভগবান এই সংযমনকেই পরমপদ প্রাপ্তি

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপায় বলিয়া বর্ণন করিয়াছেন। মোক্ষার্থী হইবেন সর্বেন্দ্রিয়ের অধিরাজরূপে প্রজ্ঞাশীল। তাঁহার পরমপদ-প্রাপ্তির নিত্যতা সর্বত্রই ঘোষিত হইয়াছে—

যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ॥

(গীতা ৫।২৮)

—ইন্দ্রিয়, মন এবং বুদ্ধিকে সংযত করিয়া, ইচ্ছা, ভয় ও ক্রোধকে পরিবর্জনপূর্ব্বক সর্ব্বদা আত্মাতে মনসংযোগ করতঃ যে পুরুষ অবস্থান করেন, তিনি সর্বকালেই (দেহে অথবা দেহান্তে) মুক্তই ॥ ১।৩।৯

ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ॥ ১।৩।১০

অন্বয়ঃ ইন্দ্রিয়েভ্যঃ হি (ইন্দ্রিয়সকল হইতে নিশ্চয়ই) অর্থাঃ (বিষয় সকল) পরাঃ (শ্রেষ্ঠ, বলবান) অর্থেভ্যঃ চ (এবং বিষয়সমূহ হইতে) মনঃ (মন) পরম্

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(বলবান, শ্রেষ্ঠ) মনসঃ তু (মন হইতে কিন্তু) বুদ্ধি (বুদ্ধি) পরা (শ্রেষ্ঠ) বুদ্ধেঃ (বুদ্ধি হইতে) মহান্ আত্মা (হিরণ্যগর্ভ) পরঃ (শ্রেষ্ঠ)॥ ১।৩।১০

অনুবাদঃ ইন্দ্রিয় হইতে বিষয়, বিষয় হইতে মন, মন হইতে বুদ্ধি শ্রেষ্ঠ এবং বুদ্ধি হইতে হিরণ্যগর্ভ শ্রেষ্ঠ। ১।৩।১০

মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ।
পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ॥ ১।৩।১১

অন্বয়ঃ মহতঃ (মহত্তত্ত্ব হইতে) অব্যক্তং (প্রধান প্রকৃতি) পরং (শ্রেষ্ঠ) অব্যক্তাৎ (প্রকৃতি হইতে) পুরুষঃ পরঃ (ঈশ্বর শ্রেষ্ঠ) পুরুষাৎ (পুরুষ হইতে—ঈশ্বর হইতে) পরম্ ন কিঞ্চিৎ (আর শ্রেষ্ঠ কিছুই নাই) সা কাষ্ঠা (এই পুরুষই সর্বশ্রেষ্ঠ) [এবং] সা পরা গতিঃ (তিনিই শেষ গন্তব্যস্থল)॥ ১।৩।১১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ হিরণ্যগর্ভ হইতে অব্যক্ত—প্রকৃতি শ্রেষ্ঠ। প্রকৃতি হইতে পুরুষ—পরমাত্মা পরমেশ্বর শ্রেষ্ঠ। পরমেশ্বর অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই, তিনিই সকলের শ্রেষ্ঠ এবং (জীবের) শেষ গন্তব্যস্থল ॥ ১।৩।১১

অনুধ্যান ঃ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ ইহারা ইন্দ্রিয়ের বিষয়। ইন্দ্রিয়—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্। বিষয়-সমূহ এই সকল ইন্দ্রিয়কে আকর্ষণ করে; এই ক্ষেত্রে ইহারা বলবান। অতএব ইন্দ্রিয় অপেক্ষা বিষয় শ্রেষ্ঠ বলা হইয়াছে। মন বিষয় হইতে ইন্দ্রিয়কে নিবৃত্ত করিতে পারে, এই জন্য মনকে বিষয় হইতে শ্রেষ্ঠ বলা হইল। মনেরও চালক বুদ্ধি, অতএব মন হইতে বুদ্ধি শ্রেষ্ঠ। জাগতিক সমস্ত জীবের যাবতীয় বুদ্ধির সমষ্টিযুক্ত যে চৈতন্যশক্তি তাহাই হিরণ্যগর্ভ অথবা বুদ্ধিতত্ত্ব। অতএব ব্যষ্টিবুদ্ধি অপেক্ষা বুদ্ধিতত্ত্ব শ্রেষ্ঠ। এই বুদ্ধিতত্ত্ব বা মহত্তত্ত্ব প্রকৃতিসম্ভূত অর্থাৎ প্রকৃতি বা প্রধান হইতেই উপজাত হয়। এই প্রধানেরও উৎপত্তি ও লয়স্থান

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমাত্মা পরমেশ্বর। অতএব ইহা অপেক্ষা পরমাত্মা পর-মেশ্বর শ্রেষ্ঠ। এই পরমাত্মা পরমেশ্বর যেমন অব্যক্তে তেমনি ব্যক্ত জগৎকে অতিক্রম করিয়াও বিরাজমান। তাঁহাতেই সকল এবং সকলেতেই তিনি বর্ত্তমান। অধি-কন্তু তিনি উভয়ের অতীতরূপেও স্ব-স্বরূপে অবস্থিত। কাজেই এই সর্বাধার ঈশ্বর হইতে আর কে শ্রেষ্ঠ হইতে পারেন? জীবের পরাগতি—শেষ গন্তব্যস্থল এই পর-মেশ্বরই। তাঁহাকে প্রাপ্ত হইয়া জীবের সংসারগতি নিবৃত্ত হয়। তখন জীব 'স্বরাট্' হয়েন—'সঃ স্বরাড়্ ভবতি'। ১।৩।১০-১১

এষ সর্বেষু ভূতেষু গূঢ় আত্মা ন প্রকাশতে।
দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভিঃ ॥ ১।৩।১

অন্বয়ঃ এষঃ (এই পরম পুরুষ) সর্ব্বেষু ভূতে (সমস্ত ভূতবর্গে) গূঢ়ঃ (সংগোপিত রহিয়াছেন) [সুতরাং এই] আত্মা ন প্রকাশতে (পরমাত্মা কাহারো নিক

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশিত হন না) তু (কিন্তু) অগ্র্যয়া সূক্ষ্ময়া বুদ্ধ্যা (একাগ্র সূক্ষ্ম বুদ্ধির সহায়ে) সূক্ষ্মদর্শিভিঃ (সূক্ষ্মবস্তু দর্শনে পারদর্শী ব্যক্তিগণ কর্তৃক) দৃশ্যতে (দৃষ্ট হন) ॥ ১।৩।১২

অনুবাদ ঃ এই পরমপুরুষ সমস্ত ভূতবর্গে সংগোপিত রহিয়াছেন। অতএব তিনি অপ্রকাশমান। কিন্তু সূক্ষ্মদর্শী ব্যক্তিগণ নির্মল ও একাগ্র বুদ্ধির দ্বারা তাঁহাকে দর্শন করিয়া থাকেন ॥ ১।৩।১২

অনুধ্যান ঃ পরমাত্মা পরমেশ্বর সর্বব্যাপী—'ততমিদং সর্বম্', কিন্তু ইন্দ্রিয়গ্রাহ্য নহেন। নহেন এইজন্য যে তিনি যোগমায়ার দ্বারা নিজেকে আবৃত করিয়া রাখিয়াছেন। এই আবরণ অজ্ঞানী অপসরণ করিতে পারে না। তাই তাহারা তাঁহার স্বরূপদর্শনে অসমর্থ—

নাহং প্রকাশঃ সর্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥
(গীতা ৭।২৫)

—ভগবান বলিতেছেন—'আমি যোগমায়ার দ্বারা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচ্ছাদিত হইয়া আছি। অতএব আমার প্রকৃত স্বরূপ সকলের নিকট প্রকাশিত হয় না। মায়া-মোহিত লোকসকল আমার জন্মরহিত, অক্ষর, অনাদি রূপ জানিতে পারে না। শ্রুতি বলিয়াছেন—'এই আত্মাই দ্রষ্টব্য'—এই আত্মাকেই জানিতে হইবে। অতএব তিনি দৃষ্ট হইবার যোগ্য। নির্মলবুদ্ধি সূক্ষ্মদর্শী এবং অনন্যচিত্ত পুরুষই তাঁহাকে জানিতে পারেন ॥ ১।৩।১২

যচ্ছেদ্ বাঙ্‌মনসী প্রাজ্ঞস্তদ্ যচ্ছেজ্‌জ্ঞান আত্মনি।
জ্ঞানমাত্মনি মহতি নিযচ্ছেৎ তদ্‌যচ্ছেচ্ছান্ত আত্মনি।
১।৩।১৩

অন্বয়ঃ প্রাজ্ঞঃ (বিবেকী ব্যক্তি) বাক্ (বাগেন্দ্রিয়কে) মনসি (মনে) যচ্ছেৎ (সংযত করিবেন) তৎ মনঃ (সেই মনকে) জ্ঞানে (প্রকাশস্বরূপ) আত্মনি (বুদ্ধিতে) যচ্ছেৎ (লয় করিবে) জ্ঞানম্ (বুদ্ধিকে) আত্মনি মহতি (মহান আত্মাতে অর্থাৎ মহত্তত্ত্বে) নি-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যচ্ছেৎ (সংযত করিবে) তৎ (উক্ত মহান আত্মাকে) শান্তে আত্মনি (শান্ত পরমাত্মায়) যচ্ছেৎ (লয় করিবে)॥ ১।৩।১৩

অনুবাদ : জ্ঞানী ব্যক্তি বাক্‌কে মনে, মনকে বুদ্ধিতে, বুদ্ধিকে কার্য্যব্রহ্মে, কার্য্যব্রহ্মকে শান্ত পরমাত্মায় লয় করিবেন ॥ ১।৩।১৩

অনুধ্যান : সৃষ্টির মূল উৎস ও লয়স্থান পরমাত্মা পরমেশ্বর। সৃষ্টিতে এক তিনিই বহুরূপে দৃশ্যমান। তাহা হইতে ভিন্নরূপে যে সৃষ্টির বৈচিত্র্য দর্শন তাহাই মিথ্যাদর্শন —অবিদ্যার কার্য্য। তৎসমস্তকে তদঙ্গীভূতরূপে দর্শনই সত্যদর্শন—'ময়ি সর্বমিদং প্রোতং' (গীতা—৭।৭)। এই দর্শনে সৃষ্টির সমস্ত বস্তুই তাঁহাতে বিধৃত রহিয়াছে বলিয়া দৃষ্ট হয়। এই দর্শনের ইঙ্গিত বক্ষ্যমাণ মন্ত্রে করা হইয়াছে। অর্থাৎ সবকিছু তাঁহাতেই বর্ত্তমান রহিয়াছে, তাহা হইতে পৃথকরূপে কোন কিছুরই অস্তিত্ব নাই ইহাই বুঝিতে হইবে॥ ১।৩।১৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উত্তিষ্ঠত জাগ্রত
প্রাপ্য বরান্ নিবোধত।
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥ ১।৩।১৪

অন্বয়ঃ [হে জীবগণ!] উত্তিষ্ঠত (ওঠ) জাগ্রত (জাগ, নিদ্রা ত্যাগ কর) বরান্ (শ্রেষ্ঠ আচার্য্যগণকে) প্রাপ্য (প্রাপ্ত হইয়া) [আত্মতত্ত্ব] নিবোধত (অবগত হও) ক্ষুরস্য (ক্ষুরের) নিশিতা (তীক্ষ্ণীকৃত) ধারা (অগ্রভাগের ন্যায়) তৎ পথঃ (তাঁহাকে লাভ করিবার উপায়) দুরত্যয়া (দুর্গম) কবয়ঃ (তত্ত্বদর্শিগণ) [এইরূপ] বদন্তি (বলেন)॥ ১।৩।১৪

অনুবাদ: হে জীবগণ! উঠ, জাগ; শ্রেষ্ঠ আচার্য্যগণের নিকট অর্থাৎ ব্রহ্মজ্ঞের নিকট যাইয়া আত্মতত্ত্ব অবগত হও। তত্ত্বদর্শিগণের মতে—ক্ষুরের তীক্ষ্ণধার অগ্রভাগ যেমন দুর্গম, তাঁহাকে লাভ করিবার পথও তেমনি দুর্গম। ১।৩।১৪

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ জীব মোহনিদ্রাগত। মোহ প্রিয়-সংস্পর্শে। মোহত্যাগ বিষয়বৈরাগ্যে সম্ভাবিত হয়। বৈরাগ্যই অভয়পদ প্রাপ্তির উপায়। জীবকে এখানে বৈরাগ্যবান হইতে বলা হইয়াছে। এই বৈরাগ্যের পথ বাহিয়াই তত্ত্বজ্ঞানী গন্তব্যস্থলে পৌঁছিতে পারেন। কিন্তু এই পথ কুসুমাস্তীর্ণ নহে, কণ্টকাবৃত—বড় দুর্গম। বন্ধুর এই পথে চলিবার নির্দ্দেশ দেন তত্ত্বদর্শী গুরু। অতএব মোক্ষাকাঙ্ক্ষী জীবের প্রথম ও প্রধান কর্ত্তব্য গুরুকরণ। গুরু হইবেন—'শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্' —বেদজ্ঞ ও ব্রহ্মজ্ঞ। পথের দুর্গমতা সর্বশাস্ত্রেই উক্ত হইয়াছে। কথায় বলে—'আমি লব না কি তব প্রসাদের ফুল কণ্টক আছে বলে?' অমৃতের সন্তান মানুষ পথের দুর্গমতাতে ভয় পাইবে কেন? তাহাকে অতিক্রম করিয়া পরম গন্তব্যস্থল বিষ্ণুপদে অবশ্যই পৌঁছিবে। বক্ষ্যমাণ মন্ত্রে তাহারই আবাহন॥ ১।৩।১৪

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অশব্দমস্পর্শমরূপমব্যয়ং
তথাঽরসং নিত্যমগন্ধবচ্চ যৎ।
অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং
নিচায্য তন্মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে॥ ১।৩।১৫

অন্বয়ঃ যৎ (যিনি) অশব্দম্ (শব্দহীন) অস্পর্শম্ (স্পর্শহীন) অরূপম্ (রূপহীন) অরসম্ (রসহীন) তথা অগন্ধবৎ চ (এবং গন্ধহীন) অব্যয়ম্ (ক্ষয়হীন) নিত্যম্ (শাশ্বত) অনাদি (আদিহীন) অনন্তম্ (অন্তহীন) মহতঃ পরম্ (হিরণ্যগর্ভ হইতে শ্রেষ্ঠ) ধ্রুবম্ (স্থির, অচঞ্চল) তৎ (সেই পরব্রহ্মকে) নিচায্য (অবগত হইয়া) মৃত্যুমুখাৎ (মৃত্যুমুখ হইতে) [সাধক] প্রমুচ্যতে (বিমুক্ত হন)॥ ১।৩।১৫

অনুবাদঃ যিনি শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধহীন, যিনি অক্ষয়, শাশ্বত, অনাদি, অনন্ত, যিনি হিরণ্যগর্ভ হইতেও শ্রেষ্ঠ এবং নিত্য, তাঁহাকে অবগত হইয়াই সাধক মৃত্যুর করাল গ্রাস হইতে মুক্ত হয়েন॥ ১।৩।১৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ পরমাত্মা পরমেশ্বর সর্বাশ্রয়, সর্বাধার। অতএব রূপ, রস, গন্ধাদি সব কিছুই তাঁহাতে বর্ত্তমান রহিয়াছে; কিন্তু তৎসমস্তেই তিনি আবদ্ধ নহেন, তাহাদিগকে অতিক্রম করিয়াও তিনি বর্ত্তমান। এই যে সর্বাতীত-রূপ তাহাকে লক্ষ্য করিয়াই 'অশব্দমস্পর্শমরূপমব্যয়ম্' প্রভৃতি বিশেষণ দ্বারা তাঁহাকে বিশেষিত করা হইয়াছে। পূর্ণতায় তিনি—সগুণ নির্গুণ উভয়ই। শ্রুতি, স্মৃতি, পুরাণ সর্বকালেই তাঁহার স্বরূপ বর্ণনায় তাঁহাকে সগুণ নির্গুণ উভয়রূপে দ্বিধাহীন ভাষায় ব্যক্ত করিয়াছেন। এইরূপে জানিলেই তত্ত্বতঃ তাঁহাকে জানা হয়। তাঁহাকে তত্ত্বতঃ জানিয়াই মৃত্যুঞ্জয়ী হওয়া যায়। মৃত্যুঞ্জয়ী অমৃতত্ব লাভে কৃতকৃতার্থ। তাঁহাকে তত্ত্বতঃ জানা অর্থ তাহার অঙ্গীভূতরূপে নিজেকে অবগত হওয়া। গীতায় ভগবান তাহাই বলিয়াছেন—'ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্' (১৮।৫৫)—জীব আমাকে তত্ত্বতঃ জানিয়া আমাতে প্রবিষ্ট হয়েন। এই 'প্রবেশের' অর্থ জীব-ব্রহ্মের অভেদ-সংস্থিতি ॥ ১।৩।১৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাচিকেতমুপাখ্যানং মৃত্যুপ্রোক্তং সনাতনম্।
উক্ত্বা শ্রুত্বা চ মেধাবী ব্রহ্মলোকে মহীয়তে॥
১।৩।১৬

অন্বয়ঃ মৃত্যুপ্রোক্তং (যমকথিত) সনাতনম্ (নিত্য) নাচিকেতম্ উপাখ্যানম্ (নচিকেতার উপাখ্যান) উক্ত্বা (বলিয়া) শ্রুত্বা চ (এবং শ্রবণ করিয়া) মেধাবী (জ্ঞানীব্যক্তি) ব্রহ্মলোকে (ব্রহ্ম লোকে) মহীয়তে (পূজিত হয়েন, মহীয়ান হয়েন) ১।৩।১৬

অনুবাদঃ যমকথিত সনাতন নচিকেতার উপাখ্যান বলিয়া এবং শ্রবণ করিয়া জ্ঞানীব্যক্তি ব্রহ্মলোকে পূজিত হয়েন॥ ১।৩।১৬

অনুধ্যানঃ বেদ অনাদি, নিত্য। তদঙ্গীভূত জ্ঞানভাগ উপনিষদ্‌ও তাই নিত্য। কঠোপনিষদুক্ত নচিকেতা উপাখ্যান এই জন্যই নিত্য বলা হইয়াছে। উপাখ্যানে যেমন আছে তথ্য, তেমনি আছে তত্ত্ব। তত্ত্বশ্রবণে মানুষ কৃতকৃতার্থ হয়, এইরূপ বলার অর্থ এই নয় যে শ্রবণ-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাত্রই কৃতকৃতার্থ হয়। শ্রবণের পর মনন ও নিদিধ্যাসন সহায়েই সাধক কৃতকৃতার্থ হইয়া ইহ ও পরলোকে মহীয়ান হইয়া থাকেন। শ্রুত্যন্তরেও এইরূপ উক্ত হইয়াছে—'আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো' (বৃঃ উঃ ২।৪।৫) ॥ ১।৩।১৬

য ইমং পরমং গুহ্যং শ্রাবয়েদ্ ব্রহ্মসংসদি।
প্রযতঃ শ্রাদ্ধকালে বা তদানন্ত্যায় কল্পতে
তদানন্ত্যায় কল্পত ইতি ॥ ১।৩।১৭

অন্বয়ঃ যঃ (যিনি) প্রযতঃ (শুদ্ধচিত্ত হইয়া) ইমম্ (এই) পরমং গুহ্যম্ (অতিশয় গোপনীয়) [আখ্যায়িকা] ব্রহ্মসংসদি (ব্রাহ্মণদের সভায়) বা (অথবা) শ্রাদ্ধকালে (শ্রাদ্ধকালে) শ্রাবয়েৎ (শ্রবণ করান) তৎ (তাহা অর্থাৎ সেই শ্রাবণ বা শ্রাদ্ধ) আনন্ত্যায় (অনন্তফল উৎপাদনে) কল্পতে (সমর্থ হয়) তৎ (সেই শ্রাবণ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা শ্রাদ্ধ) আনন্ত্যায় কল্পতে (অনন্তফল উৎপাদনে সমর্থ হয়) ॥ ১।৩।১৭

অনুবাদঃ শুদ্ধচিত্ত ব্যক্তি যদি এই অতিশয় গোপনীয় উপাখ্যান ব্রাহ্মণ-সভায় অথবা শ্রাদ্ধ-বাসরে কীর্ত্তন করেন, তবে ঐ কথা এবং শ্রাদ্ধকার্য্য অনন্ত ফল প্রদান করে—অনন্ত ফল প্রদান করে ॥ ১।৩।১৭

অনুধ্যানঃ শব্দ ব্রহ্ম। বেদ ব্রহ্মস্বরূপ। বেদের অন্তর্ভুক্ত এই উপাখ্যান ব্রহ্মপ্রতিপাদক। ব্রহ্মতত্ত্ব শ্রবণ মননের ফল অবশ্যম্ভাবী। সেই ফল কল্যাণপ্রদ, দীর্ঘকাল-স্থায়ী। এই উপাখ্যানের পাঠক এবং শ্রোতা উভয়েই সেই ফলভাগী হইয়া থাকে। ভাগবতে উক্ত আছে—

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৃংস্তৎপাদসলিলং যথা ॥
(১০।১।১৬)

—'গঙ্গাজল যেমন জনগণকে পবিত্র করে, বাসুদেবের কথাবিষয়ক প্রশ্ন, প্রশ্নকর্ত্তা, বক্তা ও শ্রোতা এই ত্রিবিধ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষকে পবিত্র করিয়া থাকে।' বাসুদেবের কথা ব্রহ্মকথা। অতএব ব্রহ্মকথা বলনে, শ্রবণে পরমমঙ্গল সাধন করে। তাই শ্রাদ্ধবাসরে ইহা পাঠের ব্যবস্থা। পাঠে লোকান্তর-বর্ত্তী আত্মার কল্যাণ হইয়া থাকে।

অধিকারীভেদ সর্ববিষয়েই সর্বপ্রথমে বিচার্য্য। ব্রহ্ম-কথা শুনিবার যে অধিকারী তাঁহাকেই তাহা বলিতে হইবে। বর্ণশ্রেষ্ঠ ব্রাহ্মণ শাস্ত্রনিষ্ণাত হইয়া দ্বিজত্ব প্রাপ্ত হন। অতএব এইরূপ ব্যক্তির নিকটই ব্রহ্মকথা আদরণীয় হইয়া থাকে এবং উপদিষ্ট সাধনে প্রবৃত্ত হইয়া যথানির্দ্দিষ্ট ফলভাগী হইয়া থাকেন। অনধিকারীর নিকট ব্রহ্মকথা উষর ভূমিতে বীজ বপনের ন্যায় বৃথাই হইয়া থাকে। তাই মন্ত্রে ব্রাহ্মণ-সভায় এই নচিকেতা উপাখ্যান পাঠের ব্যবস্থা দেখিতে পাই। কর্ষিত ভূমিতে বীজ উপ্ত হইলে যেমন বীজ অঙ্কুরিত হইয়া বৃক্ষরূপে অজস্র ফল প্রদান করে, তেমনি উপযুক্ত পাত্রে এই ব্রহ্মকথা অনন্তফল উৎপন্ন করে। ইহাই মন্ত্রের ফলশ্রুতি॥ ১।৩।১৭

১ম অধ্যায় তৃতীয় বল্লী সমাপ্ত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়

প্রথম বল্লী

পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূ-
স্তস্মাৎ পরাঙ্‌ পশ্যতি নান্তরাত্মন্।
কশ্চিদ্ধীরঃ প্রত্যগাত্মানমৈক্ষদ্
আবৃত্তচক্ষুরমৃতত্বমিচ্ছন্ ॥ ২।১।১

অন্বয় : স্বয়ম্ভুঃ (পরমেশ্বর) খানি (ইন্দ্রিয়গণকে) পরাঞ্চি (বহির্মুখী) [করিয়া] ব্যতৃণৎ (নির্মাণ করিয়াছেন) তস্মাৎ (তদ্ধেতু) পরাঙ্‌ (বহির্বিষয়) পশ্যতি (দেখে) অন্তরাত্মন্ ন (অন্তরাত্মাকে দেখে না) কশ্চিৎ ধীরঃ (কোন জ্ঞানীব্যক্তি) অমৃতত্বম্‌ ইচ্ছন্ (অমৃতত্বলাভে ইচ্ছা করিয়া) আবৃত্তচক্ষুঃ (বহির্বিষয় হইতে চক্ষুকে প্রতিনিবৃত্ত করিয়া) প্রত্যক্ আত্মানম্‌ (অন্তরাত্মাকে—স্বরূপকে) ঐক্ষৎ (দেখেন) ॥ ২।১।১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ : ভগবদ্বিধানেই জীবের ইন্দ্রিয়সকল বহির্মুখীন। তাই জীব আত্মদর্শী নহে, বাহ্যবিষয়দর্শী। মোক্ষাকাঙ্ক্ষী কোন কোন জ্ঞানী ব্যক্তি বিষয় দর্শন হইতে চক্ষুরিন্দ্রিয়কে প্রতিনিবৃত্ত করিয়া অন্তরাত্মা দর্শন করেন ॥

২।১।১

অনুধ্যান : ইন্দ্রিয়ের বিষয় রূপরসাদি। বিষয় সকল আমাদের ইন্দ্রিয়গণকে সর্বদাই আকর্ষণ করিতেছে। আমাদের দর্শন শ্রবণাদি ইন্দ্রিয় সকল তাহাতে আকৃষ্ট হইয়া বহির্দিকেই ছুটাছুটি করে। বহির্বিষয় এবং আত্মা বিলক্ষণ। আত্মা অন্তর্গূঢ়, হৃদয়-গুহায় নিহিত। কাজেই বহির্মুখী ইন্দ্রিয়গণ তাঁহাকে দেখিতে পায় না ; অথচ আত্মদর্শনই পরমপুরুষার্থ, জীবের পরম শান্তিতে সংস্থিতি। বহির্মুখীন ইন্দ্রিয়গণকে অন্তর্মুখীন করাই সাধনা। উপায় ? অভ্যাস ও বৈরাগ্য—'অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ' (যোঃ সূঃ—সা.পা. ১২ সূত্র)। স্মৃতিও বলেন—'অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেন চ গৃহ্যতে' (গীতা—৬।৩৫)—হে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৌন্তেয়! অভ্যাস এবং বৈরাগ্য দ্বারা ইহাকে (মনকে) বশীভূত করা যায়। অভ্যাস পুনঃ পুনঃ চেষ্টা। বৈরাগ্য বিষয়-বিমুখতা। ভোগ্য বিষয়ের প্রতি যে অনীহা, তাহা বৈরাগ্য। মুক্তি সাধনে যে তিনটি প্রয়োজন, তন্মধ্যে বৈরাগ্যই প্রধানতম। বৈরাগ্য, আত্মজ্ঞান এবং ভক্তি এই তিনটিই মুক্তির উপায়—

বৈরাগ্যমাত্মবোধো ভক্তিশ্চেতি ত্রয়ং গদিতম্।
মুক্তেঃ সাধনমাদৌ তত্র বিরাগো বিতৃষ্ণতা প্রোক্তা।
(প্রবোধ-সুধাকর) ॥ ২।১

পরাচঃ কামাননুযন্তি বালা-
স্তে মৃত্যোর্যন্তি বিততস্য পাশম্।
অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা
ধ্রুবমধ্রুবেষ্বিহ ন প্রার্থয়ন্তে ॥ ২।১।২

অন্বয়ঃ বালাঃ (অল্পবুদ্ধি ব্যক্তিগণ) পরাচঃ কামান্ (বহিঃস্থ কাম্য বিষয়সমূহের) অনুযন্তি (পশ্চাদ্ধাবিত হয়

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তে (তাহারা) বিততস্য (সর্বত্রাবস্থিত) মৃত্যোঃ (মৃত্যুর) পাশম্ (বন্ধন) যন্তি (প্রাপ্ত হয়); অথ (সুতরাং) ধীরাঃ (বিবেকিগণ, জ্ঞানিগণ) অধ্রুবেষু (অনিত্য বস্তু সমূহের মধ্যে) ধ্রুবম্ (নিত্য, অবিচলিত) অমৃতত্বম্ (অমৃতত্বকে) বিদিত্বা (জ্ঞাত হইয়া) ইহ (এই সংসারের) ন প্রার্থয়ন্তে (কোন কিছুই প্রার্থনা করেন না)॥ ২।১।২

অনুবাদঃ অল্পবুদ্ধি ব্যক্তিগণ বহিস্থিত কাম্য বস্তু-সকলের অনুসরণ করিয়া সর্ব্বব্যাপী মৃত্যুপাশে আবদ্ধ হয়, কিন্তু জ্ঞানী ব্যক্তি অনিত্য বস্তুসমূহের মধ্যে নিত্যবস্তু আত্মাকে অবগত হইয়া এই সংসারের কোন কিছুই কামনা করেন না॥ ২।১।২

অনুধ্যানঃ ভোগ্য বিষয়সমূহ অস্থায়ী—সদা পরিবর্তনশীল। কাজেই বিষয়ভোগের আনন্দ স্থায়ী হয় না। যাহা অস্থায়ী, তাহা স্থায়ী আনন্দ দিবে কি করিয়া? এই সকল অনিত্য বিষয় বিধৃত রহিয়াছে নিত্য, অচঞ্চল আত্মা দ্বারা। অবিদ্বান তদ্দর্শনে অসমর্থ, ফলে নিত্য-আনন্দ-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বঞ্চিত। জীবন আনন্দমূল। ভোগ্য বিষয়সমূহের ম
যে অস্থায়ী আনন্দ রহিয়াছে, নিত্যানন্দের খোঁজ না পাই
জীব তাহারই পিছনে ছুটিয়া চলে। এই আনন্দকে গীত
পরিণামে বিষ বলিয়াই বলা হইয়াছে—'পরিণামে বিষমি
বিষ মৃত্যুকে বহন করিয়া আনে। তাই শাস্ত্রান্তরে উক্ত
আছে—'বিষয়ান্ বিষবত্ত্যজ' (অষ্টাবক্র সংহিতা)
অনিত্য বস্তুর অন্তরালে যে নিত্যবস্তু রহিয়াছে—যা
নিত্যকাল স্থায়ী আনন্দপ্রদ—জ্ঞানিগণ সেই সূক্ষ্ম বস্তুর
অনুসন্ধানকারী। ফলে তাঁহারাই যথার্থ সত্যানুসন্ধিৎসু
গীতায়ও ভগবান বলিয়াছেন—'বিনশ্যৎস্ববিনশ্যন্তং
পশ্যতি স পশ্যতি' (১৩।২৭)—এই বিনাশশীল জাগতিক
পদার্থ সকলে অবিনাশীরূপে প্রতিষ্ঠিত পরমেশ্বরকে যি
দর্শন করেন, তাঁহার দর্শনই যথার্থ দর্শন ॥ ২।১।২

যেন রূপং রসং গন্ধং শব্দান্ স্পর্শাংশ্চ মৈথুনান্।
এতেনৈব বিজানাতি কিমত্র পরিশিষ্যতে।
এতদ্বৈ তৎ ॥ ২।১।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ যেন এতেন (যদ্দ্বারা, যাহার অনুগ্রহে) [মানুষ] রূপম্ রসম্ গন্ধম্ শব্দান্ স্পর্শান্ (রূপ, রস, গন্ধ, শব্দ ও স্পর্শ) মৈথুনান্ চ (এবং দেহের মিলনসুখ) বিজানাতি (বিশেষভাবে অনুভব করে) এতদ্বৈ তৎ [সেই বিজ্ঞাতা আত্মার] অত্র (এই জগতে) [অবিজ্ঞেয়] কিম্ পরিশিষ্যতে (কোন বস্তু বাকী আছে ?) ॥ ২।১।৩

অনুবাদঃ যে আত্মার সহায়ে অর্থাৎ যাঁহার শক্তিতে শক্তিমান হইয়া মানুষ রূপ রস গন্ধ শব্দ স্পর্শ এবং দেহের মিলন সুখ বিশেষভাবে অনুভব করে, সেই বিজ্ঞাতার এই জগতে অবিজ্ঞেয় এমন কি বস্তু থাকিতে পারে ? ২।১।৩

অনুধ্যানঃ তিনি সর্বময়, সর্বাধার, সর্বজ্ঞ, সর্বাত্মা। আব্রহ্মস্তম্ব তাঁহারই নিয়মনে চলিতেছে। অতএব সকলই তাঁহার অধীন। জীবাত্মাও তাঁহার অধীন। জীবরূপে যে তাঁহার শব্দাদি বিষয়ভোগ, তাহাও তাঁহারই শক্তিতে শক্তিমান হইয়া তিনি করেন। সর্ববিজ্ঞাতার আবার অবিজ্ঞেয় কি থাকিতে পারে ? কাজেই তিনি শরণ্য ও বরেণ্য—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্বমেকং শরণ্যং ত্বমেকং বরেণ্যং
ত্বমেকং জগৎকারণং বিশ্বরূপং।
ত্বমেকং জগৎকর্ত্তৃপাতৃপ্রহর্তৃ
ত্বমেকং পরং নিশ্চলং নির্বিকল্পম্॥

—হে প্রভু! এ জগতে তুমিই বরণীয় এবং একম আশ্রয়। তুমিই সমস্ত জগতের আদিকারণ—বিশ্ব তুমি। তোমার কর্ত্তৃত্বে জগতের সৃষ্টি-স্থিতি-লয় সা হইতেছে। সৃষ্টি এবং প্রলয়ের কর্ত্তা যেমন তুমি, স্থি রূপা পালনকর্ত্তাও তুমি, অথচ তুমি নিশ্চল—সব করিয়াও কিছুই কর না। কাজেই সর্বাপেক্ষা বর তুমি॥ ২।১।৩

স্বপ্নান্তং জাগরিতান্তং চোভৌ যেনানুপশ্যতি।
মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি॥ ২।

অন্বয়ঃ স্বপ্নান্তম্ (স্বপ্নমধ্যস্থ বস্তু) জাগরিত-
চ (এবং জাগ্রত অবস্থার মধ্যস্থ বস্তু) উভৌ (উভয়কে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[লোকে] যেন (যে আত্মার সহায়ে) অনুপশ্যতি (দর্শন করেন) [সেই] মহান্তম্ (মহান) বিভুং (বিভু) আত্মানম্ (আত্মাকে) মত্বা (অবগত হইয়া) ধীরঃ (ধীমান) ন শোচতি (শোকাতীত হয়েন)॥ ২।১।৪

অনুবাদ ঃ যাঁহার দ্বারা (অর্থাৎ যে আত্মার সহায়ে) লোকে স্বপ্ন ও জাগরণ এই উভয় অবস্থার মধ্যস্থ বিষয় সকল দর্শন করেন, সেই মহৎ সর্বব্যাপী আত্মাকে জানিয়া জ্ঞানীব্যক্তি শোকাতীত হয়েন॥ ২।১।৪

অনুধ্যান ঃ তিনিই সর্ববিধ কার্য্যের এবং কার্য্যফল ভোগের বিধাতা। জাগ্রত অবস্থা কিংবা নিদ্রিতাবস্থায়ও আমরা যাহা কিছু দেখি তাহাও তাঁহারই নিয়মনে হইয়া থাকে। তিনিই কর্ত্তা, ভোক্তা ও অনুমন্তা—'উপদ্রষ্টাঽনুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।' (গীতা-১৩।২২)। অতএব জ্ঞাতব্য তিনিই। কর্ত্তাই তো শরণ্য। তাঁহার শরণাপন্ন হইলেই জীব সর্ব্ববিধ ভয় হইতে পরিত্রাণ পায়, এই মহান শরণ্যের দর্শনে জীব সর্ব্ববিধ শোকতাপ রহিত হইয়া কৃতকৃতার্থ হয়েন॥ ২।১।৪

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

য ইমং মধ্বদং বেদ আত্মানং জীবমন্তিকাৎ।
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে।
এতদ্বৈ তৎ ॥ ২।১।

অন্বয় ঃ যঃ (যিনি) ইমম্ (এই) মধু-অদম্ (কর্ম্ম-ফলভোগী) জীবম্ আত্মানম্ (জীবাত্মাকে) ভূত-ভব্যস্য (অতীত ও ভবিষ্যতের) ঈশানম্ (নিয়মন কর্ত্তারূপে) অন্তিকাৎ (নিকটে, অভিন্নরূপে) বেদ (জানেন) ততঃ (তাহা জানিয়া) ন বিজুগুপ্সতে (কাহাকেও ঘৃণা করেন না) এতদ্বৈ তৎ (ইনিই সেই আত্মা) ॥ ২।১।৫

অনুবাদ ঃ কর্ম্মফল ভোক্তা জীবের এবং ভূত ভবিষ্যতের নিয়ামক পরমাত্মাকে যিনি আপনা হইতে অভিন্নরূপে জানেন, ফলে তিনি আর কাহাকেও ঘৃণা করেন না। ইনিই সেই আত্মা ॥ ২।১।৫

অনুধ্যান ঃ সাধনার সিদ্ধিতে জীব হয় স্বস্থ—স্বরূপে স্থিত, অর্থাৎ পরমাত্মার সহিত অভিন্নরূপে সংস্থিতির বোধে জাগ্রত। এ অবস্থায় আপনা হইতে ভিন্ন যখন

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছুই নাই, তখন সেই অভিন্নদর্শীর নিকট ঘৃণ্য আর কে? সর্বনিয়ন্তা, ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান ত্রিকালের যিনি অধিপতি, নিয়মনকর্ত্তা, তাঁহাকে সর্ব্বস্ব—আধার ও আধেয়রূপে জানিয়া হয় কৃতকৃতার্থ। তখন সর্ব্বরূপে তিনিই দৃষ্ট হন—

স্থাবর জঙ্গম দেখে, না দেখে তার মূর্ত্তি।
যাহা যাহা নেত্র পড়ে, তাহা ইষ্ট স্ফূর্ত্তি॥

(চৈঃ চঃ)

গীতাও বলেন—

যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি॥

(৬।৩০)

যে পুরুষ আমাকে সর্ব্বত্র এবং সমস্ত জগৎকে আমাতে প্রতিষ্ঠিত দর্শন করেন, তাঁহার নিকট আমি অদৃশ্য থাকি না, তিনিও কদাপি আমার দৃষ্টির বহির্ভূত হয়েন না॥

২।১।৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যঃ পূর্বং তপসো জাতমদ্ভ্যঃ পূর্বমজায়ত।
গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তং যো ভূতেভির্ব্যপশ্যত।
এতদ্বৈ তৎ ॥ ২।১।৬

অন্বয়ঃ যঃ (যিনি) অদ্ভ্যঃ পূর্বম্ (জলাদি পঞ্চভূতের পূর্বে) তপসঃ (জ্ঞানময় ব্রহ্ম হইতে) অজায়ত (উৎপন্ন হইয়াছিলেন) [এবং যিনি] গুহাম্ (হৃদয়-গুহায়) প্রবিশ্য (প্রবিষ্ট হইয়া) ভূতেভিঃ (পঞ্চভূতের সহিত) তিষ্ঠন্তম্ (বর্তমান আছেন) পূর্বং জাতম্ (প্রথম উৎপন্ন হিরণ্যগর্ভকে) যঃ (যে সাধক) ব্যপশ্যত (দর্শন করেন) এতৎ বৈ তৎ (ইনিই সেই আত্মা) ॥ ২।১।৬

অনুবাদঃ যিনি জলাদি পঞ্চভূতের পূর্বে ব্রহ্ম হইতে উৎপন্ন, যিনি সকল প্রাণীর হৃদয়-গুহায় প্রবিষ্ট আছেন, সেই হিরণ্যগর্ভকে দর্শনকারী ব্যক্তি পূর্বোক্ত ব্রহ্মকেই দর্শন করেন ॥ ২।১।৬

অনুধ্যানঃ সৃষ্টির প্রথম পুরুষ হিরণ্যগর্ভ। ব্রহ্মের তপস্যা হইতে ইনি জাত—"স তপোঽতপ্যত।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপস্তপ্ত্বা। ইদং সর্বমসৃজত……তৎ সৃষ্ট্বা তদেবানু-প্রাবিশৎ।" (তৈঃ উঃ ২।৬)—"তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া দৃশ্য যাহা কিছু আছে, সমস্ত সৃষ্টি করিলেন। সৃষ্টি করিয়া তাহাতে অনুপ্রবিষ্ট হইলেন।" এই প্রবেশ প্রত্যেকের হৃদয় গুহায় প্রবেশ। হিরণ্যগর্ভকে দর্শনই সাধনায় যে পৌরুষ তাহার অবসান। এই দর্শনের পর পরব্রহ্মদর্শনের জন্য আর কোন সাধনার প্রয়োজন হয় না, স্বতঃই তাহা হইয়া থাকে। কাজেই হিরণ্যগর্ভ বা কার্য্যব্রহ্মকে দর্শনই পরম্পরাক্রমে ব্রহ্মদর্শনের উপায়। কার্য্যব্রহ্ম দর্শন হইলে ব্রহ্মদর্শনের আর বাকী থাকে না। এই ভক্তের চক্ষুতে তিনি ভগবদ্দর্শনে কৃতার্থ বলিয়া মনে করি, মন্ত্রের আশয়ও এইরূপ ॥ ২।১।৬

যা প্রাণেন সম্ভবত্যদিতির্দেবতাময়ী।
গুহাং প্রবিশ্য তিষ্ঠন্তীং যা ভূতেভির্ব্যজায়ত।
এতদ্বৈ তৎ ॥ ২।১।৭

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ যা দেবতাময়ী (যিনি সর্ব্বদেবাত্মিকা) প্রাণেন সম্ভবতি (হিরণ্যগর্ভরূপে জাত হন) যা (যিনি) ভূতেভিঃ (সমস্ত ভূতবর্গের সহিত) ব্যজায়ত (উৎপন্ন হইয়াছেন) [এবং যিনি] অদিতিঃ (জীবাত্মারূপে) গুহাং (হৃদয়-গুহায়) প্রবিশ্য (প্রবেশ করিয়া) তিষ্ঠন্তীং (বর্তমান আছেন) [তাঁহাকে যিনি দর্শন করেন তিনি] এতদ্বৈ (ব্রহ্মকেই দর্শন করেন) ॥ ২।১।৭

অনুবাদঃ যিনি সর্বদেবাত্মিকা হিরণ্যগর্ভরূপে জাত, যিনি সমস্ত ভূতবর্গের সহিত উৎপন্ন, যিনি জীবাত্মারূপে হৃদয়-গুহায় প্রবিষ্ট, তাঁহাকে যিনি দর্শন করেন তিনি ব্রহ্মকেই দর্শন করেন ॥ ২।১।৭

অনুধ্যানঃ সৃষ্টির প্রথম প্রকাশ হিরণ্যগর্ভ। স... জীবের সমষ্টিভূত এবং ব্যষ্টিজীবের হৃদয়-গুহায় প্র... তাঁহার দর্শন আর পরব্রহ্মের দর্শন একই, কারণ জীব... তিনিই সমষ্টি এবং ব্যষ্টিভাবে সর্বত্র বিরাজমান। জীব... যে পরমাত্মাই—এই দর্শনই ব্রহ্মদর্শন বা পূর্ণদর্শ...

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবাত্মারূপে যে তিনিই সর্বত্র বিরাজমান গীতাবাক্যেও তাহা দৃষ্ট হইয়া থাকে—'জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যাতে জগৎ' (৭।৫)—হে মহাবাহো! জীবরূপে আমারই পরাপ্রকৃতি এই জগৎকে ধারণ করিয়া আছে, অর্থাৎ আমিই জীবরূপে এই জগতের ধারয়িতা ॥ ২।১।৭

অরণ্যোর্নিহিতো জাতবেদা
গর্ভ ইব সুভৃতো গর্ভিণীভিঃ।
দিবে দিব ঈড্যো জাগৃবদ্ভি-
র্হবিষ্মদ্ভির্মনুষ্যেভিরগ্নিঃ।
এতদ্বৈ তৎ ॥ ২।১।৮

অন্বয়ঃ অরণ্যোঃ (অরণি কাষ্ঠদ্বয়ের মধ্যে) নিহিতঃ (অবস্থিত) জাতবেদাঃ (অগ্নি) গর্ভিণীভিঃ (গর্ভিণীগণ দ্বারা) সুভৃতঃ (সুরক্ষিত) গর্ভঃ ইব (গর্ভের ন্যায়) জাগৃবদ্ভিঃ (জাগরণশীল, ভগবন্মুখী) মনুষ্যেভিঃ (মনুষ্যগণ [এবং] হবিষ্মদ্ভিঃ (যজ্ঞকারিগণ দ্বারা) দিবে দিবে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(প্রত্যহ) ঈড্যঃ (পূজনীয়) [যে] অগ্নিঃ (যে অগ্নি) এতদ্বৈতৎ (তাহাই ব্রহ্ম) ॥ ২।১।৮

অনুবাদঃ গর্ভিণীগণ কর্ত্তৃক উত্তমরূপে রক্ষিত গর্ভের ন্যায় যে অগ্নি অরণি কাষ্ঠদ্বয়ের মধ্যে অবস্থিত, ভগবৎপরায়ণ মনুষ্য এবং যজ্ঞকারিগণ দ্বারা প্রত্যহ পূজিত হন যে অগ্নি, ইনিই সেই ব্রহ্ম ॥ ২।১।৮

অনুধ্যানঃ সৃষ্টির উপাদান ও নিমিত্ত কারণ ব্রহ্মই। অতএব জগৎ এবং ভিন্ন ভিন্ন রূপে উপাস্য দেবগণ ব্রহ্ম ছাড়া আর কিছুই নহে। জাগতিক সমস্তই ব্রহ্মেরই রূপ—'যাহা যাহা নেত্র পড়ে তাহা কৃষ্ণ স্ফুরে'। সর্বভূতে ব্রহ্মাত্মকতার শিক্ষাই শ্রুতিপ্রদর্শিত যথার্থ শিক্ষা। শ্রুত্যন্তরেও উক্ত আছে—

এক এব হি ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ।
(অমৃতবিন্দু উঃ ১২)

একই আত্মা জীবে জীবে অবস্থিত। একেরই যে বহুরূপ তাহাই যথার্থ দর্শন। অজ্ঞ ব্যক্তি তাহা বুঝিতে না

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া তাহার বহুত্বই সত্য মনে করে। বক্ষ্যমাণ শ্রুতি প্রত্যেক উপাস্যরূপে যে ব্রহ্মই উপাসিত হন তাহাই বলিতেছেন ॥ ২।১।৮

যতশ্চোদেতি সূর্যোঽস্তং যত্র চ গচ্ছতি।
তং দেবাঃ সর্বে অর্পিতাস্তদু নাত্যেতি কশ্চন।
এতদ্বৈ তৎ ॥ ২।১।৯

অন্বয়ঃ যতঃ (যাঁহা হইতে) সূর্য্যঃ উদেতি (সূর্য্য উদিত হন) যত্র চ (এবং যাঁহাতে) অস্তং গচ্ছতি (অস্তমিত হন) সর্বে দেবাঃ (সমস্ত দেববৃন্দ) তং (তাঁহাতেই) অর্পিতাঃ (সন্নিবিষ্ট আছেন) তৎ (তাঁহাকে) কঃ চন (কেহই) ন উ অত্যেতি (অতিক্রম করিতে পারেন না) এতদ্বৈ তৎ (ইনিই সেই ব্রহ্ম)॥ ২।১।৯

অনুবাদঃ যাঁহা হইতে সূর্য্য উদিত হন এবং যাঁহাতে অস্তগমন করেন, তাঁহাতেই সমস্ত দেবগণ সন্নিবিষ্ট আছেন। তাঁহাকে কেহই অতিক্রম করিতে পারেন না। ইনিই সেই ব্রহ্ম ॥ ২।১।৯

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান : দৃশ্য, অদৃশ্য, চন্দ্র ও সূর্য্য সব কিছুরই উদয় এবং লয়স্থান ব্রহ্ম। দেবতারাও এই ব্রহ্মেরই অতি অংশস্বরূপ। অতএব, যাঁহাতে সব কিছু বিধৃত রহিয়াছে, সকলের মূলাধার যিনি, তাঁহা অপেক্ষা শ্রেষ্ঠ আর কে হইতে পারে? ভূমা তিনি। অনতিক্রমনীয় তো বটেই। ভূমার মধ্যে দ্বিতীয়ের স্থান কোথায়? কাজেই তাঁহাকে আর কে অতিক্রম করিবে। স্মৃতি—'বাসুদেব সর্ব্বমিতি' সমস্ত বাসুদেব। শ্রুতি—

সর্ব্বভূতাধিবাসং যদ্ ভূতেষু চ বসত্যপি।
সর্ব্বানুগ্রাহকত্বেন তদস্ম্যহং বাসুদেবস্তদস্ম্যহং
বাসুদেব ইতি॥
(অমৃতবিন্দু উঃ ২২)

—যে ব্রহ্ম সকলকে অনুগ্রহ করিবার নিমিত্ত স্বয়ং নিখিল স্থাবর জঙ্গম প্রাণীর আবাসস্থলস্বরূপ হইয়াও সর্বভূতে বাস করেন, আমি বাসুদেব, সেই ব্রহ্ম ॥ ২।১।৯

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদেবেহ তদমুত্র যদমুত্র তদন্বিহ।
মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ॥
২।১।১০

অন্বয়ঃ যৎ এব ইহ (যাহাই এখানে) তৎ অমুত্র তাহাই সেখানে, অর্থাৎ পরলোকে) যৎ অমুত্র (যাহা ঐখানে) তৎ অনু ইহ (তাহাই এখানে) সঃ মৃত্যোঃ (সে-ই মৃত্যু হইতে) মৃত্যুম্ (মৃত্যুকে) আপ্নোতি (প্রাপ্ত হয়) যঃ (যে) ইহ (এই জগতে) নানা ইব (পরব্রহ্মভিন্ন নানারূপ) পশ্যতি (দর্শন করে) ॥ ২।১।১০

অনুবাদঃ যিনি এখানে অর্থাৎ ইহলোকে, তিনিই সেখানে অর্থাৎ পরলোকেও। যিনি সেখানে, তিনিই এখানে। যিনি জাগতিক বহুবিধ রূপকে ব্রহ্মভিন্ন বলিয়া দর্শন করেন, তিনি পুনঃ পুনঃ মৃত্যুর অধীন হয়েন ॥ ২।১।১০

অনুধ্যানঃ ইহ ও পরলোকে সর্ব্বত্রই এক ব্রহ্মই বিরাজমান। যাঁহার ব্রহ্মসাধনা ইহলোকে সিদ্ধিপ্রাপ্ত হইল না, পরলোকে তাঁহার পক্ষে ব্রহ্মপ্রাপ্তি সম্ভব নয়।

৬

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহলোকে যিনি ব্রহ্মলাভে কৃতকৃতার্থ, পরলোকে তিনিও ব্রহ্মেই বাস করেন। অতএব ইহকাল যার ব্যর্থ, পরকালও তার ব্যর্থ। পরকালে যদি কেহ ব্রহ্মে সংস্থিত হইয়া থাকেন, বুঝিতে হইবে ইহকালেও তিনি তদ্রূপই হইয়াছিলেন। সর্বত্রাবস্থিত এই ব্রহ্মানুভূতি ব্যতীত জন্মমৃত্যুর দ্বার রুদ্ধ হয় না। ব্রহ্মভিন্ন যে জাগতিক রূপসমূহের বহুরূপে দর্শন তাহা পুনঃ পুনঃ মৃত্যুকেই আবাহন করে। সর্বত্র আত্মদর্শন তথা ভগবৎজ্ঞানের ফল ভগবান স্বয়ং বলিয়াছেন—

ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ॥
(গীতা-১৪।২)

এই জ্ঞান—সর্বত্রাবস্থিত ব্রহ্মজ্ঞান লাভে জীব আমার সধর্ম্মী হয়, ফলে সৃষ্টিতে পুনর্জ্জন্ম হয় না এবং প্রলয়কালেও (মুক্ত জীব) বিনাশের ভয়ে ব্যথিত হয় না।

দেহ অনিত্য, পরিবর্ত্তনশীল। কালাধীন এই দেহ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—আজ অথবা কাল ধ্বংস হইবেই। দেহাত্মবাদী তথা দেহসর্বস্ব মানুষ দেহের ধ্বংস ভাবনায় সদা ভীত ও সন্ত্রস্ত। কিন্তু যিনি জানেন, 'আমি দেহমাত্রই নহি, দেহাতীরিক্ত আত্মস্বরূপ, দেহের বিনাশে তাঁহার ভয়ভীতির অবকাশ কোথায়? অতএব মৃত্যুঞ্জয়ের মহামন্ত্র 'আমি ব্রহ্ম, চিদানন্দস্বরূপ'—ব্রহ্মাহং চিদানন্দরূপোঽহম্' ॥ ২।১।১০

মনসৈবেদমাপ্তব্যং নেহ নানাঽস্তি কিঞ্চন।
মৃত্যোঃ স মৃত্যুং গচ্ছতি য ইহ নানেব পশ্যতি ॥
২।১।১১

অন্বয়ঃ মনসা এব (মনের দ্বারাই) ইদম্ (এই ব্রহ্মকে) আপ্তব্যম্ (পাইতে হইবে) ইহ (এই ব্রহ্মে) কিঞ্চন (কোনই) নানা (ভেদ) ন অস্তি (নাই) যঃ (যে) ইহ (ইহার মধ্যে এই ব্রহ্মে) নানা ইব পশ্যতি (ভেদ দর্শন করে) সঃ (সে) মৃত্যোঃ মৃত্যুং গচ্ছতি (পুনঃ পুনঃ মৃত্যুর অধীন হয়) ॥ ২।১।১১

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ মনের দ্বারাই ব্রহ্মকে পাওয়া যায়। ব্রহ্মে ভেদ—নানাত্ব নাই। যে ইহার মধ্যে ভেদ দর্শন করে, সে পুনঃ পুনঃ মৃত্যুর অধীন হয়॥ ২।১।১১

অনুধ্যান ঃ মনের দুই অবস্থা—শুদ্ধ ও অশুদ্ধ। কামনা-বাসনা-পীড়িত মন অশুদ্ধ। বাসনাহীন মন শুদ্ধ—"মনো হি দ্বিবিধং প্রোক্তং শুদ্ধং চাশুদ্ধমেব চ, অশুদ্ধং কামসঙ্কল্পং শুদ্ধং কামবিবর্জ্জিতম্॥" (ব্রহ্মবিন্দু উঃ ১।১) মন্ত্রে বলা হইয়াছে মন দ্বারাই ব্রহ্ম লব্ধব্য। সেই মন বিশুদ্ধ মন। ব্রহ্মপ্রাপ্তিই মোক্ষ। তাই শ্রুতি বলিতেছেন—

মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ।
বন্ধায় বিষয়াসক্তং মুক্তং নির্ব্বিষয়ং স্মৃতম্॥
(ঐ—১।২)

—মনই মানবগণের বন্ধের ও মুক্তির কারণ। বিষয়াসক্ত মন বন্ধনের হেতুভূত। বিষয়নির্লিপ্ত অর্থাৎ শুদ্ধ মন, ব্রহ্মলাভের উপায়। শুদ্ধ মনেই তাঁহাকে জানা যায় ইহাই মন্ত্রের আশয়। জ্ঞাতব্য তিনি এক, অখণ্ড। দৃশ্যমান বহু

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রূপ একেরই বৈচিত্র্য-দর্শন। এক থাকিয়াও বহু হইয়াছেন, ইহাই ব্রহ্মের সর্বশক্তিমত্তা। যিনি ব্রহ্মভিন্ন জগতের বহুত্ব দর্শন করেন, তিনি মিথ্যাদর্শী। মিথ্যাদর্শন জন্মমৃত্যুর দ্বার রোধ করিতে পারে না। তাই শ্রুতি বলিতেছেন—এইরূপ অসম্যক্‌দর্শী পুরুষ পুনঃ পুনঃ মৃত্যুর অধীন হইয়া থাকে ॥ ২।১।১১

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি তিষ্ঠতি।
ঈশানো ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে।
এতদ্বৈ তৎ ॥ ২।১।১২

অন্বয়ঃ অঙ্গুষ্ঠমাত্রঃ (অঙ্গুষ্ঠ পরিমাণ) পুরুষঃ (পুরুষ) আত্মনি মধ্যে (শরীরের মধ্যে) তিষ্ঠতি (স্থিত আছেন) ভূতভব্যস্য (অতীত ও ভবিষ্যতের) ঈশানঃ (নিয়ন্তা) ততঃ (এইরূপ জানিয়া) [কেহ] ন বিজুগুপ্সতে (অন্যের প্রতি বিদ্বেষভাবযুক্ত হন না বা কাহাকেও ঘৃণা করেন না) এতদ্বৈ তৎ (ইনিই সেই ব্রহ্ম) ॥ ২।১।১২

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ : অঙ্গুষ্ঠ পরিমাণ যে পুরুষ শরীরের মধ্যে স্থিত আছেন, তিনি অতীত ও ভবিষ্যতের নিয়ন্তা। তাহাকে জ্ঞাত হইলে আর কেহই ঘৃণ্য বা দ্বেষ্য থাকে না। ইনিই সেই ব্রহ্ম ॥ ২।১।১২

অনুধ্যান : জগৎ সৃষ্টি করিয়া তিনি তাহাতে প্রবেশ করিলেন—'তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ' (তৈঃ উঃ ২।৬) অসীম তিনি সসীম হইলেন—অসীম থাকিয়াই সসীম হইলেন। তাঁহার অসীমত্ব ও সসীমত্ব যুগপৎ। সসীম মনের বিষয়ীভূত হইবার জন্যই, অর্থাৎ সাধকের নিকট নিজেকে সহজলভ্য করিবার জন্যই তাঁহার এই সসীমত্ব। অসীমের ধ্যান বড়ই ক্লেশকর—

ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে॥
(গীতা ১২।৫)

—অব্যক্তে আসক্তচিত্ত পুরুষের সিদ্ধিপ্রাপ্তির বিষয়ে অধিকতর ক্লেশ হইয়া থাকে ; কারণ অব্যক্তে চিত্তের স্থির-গতি দেহধারীদিগের লাভ করা অতি ক্লেশকর।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরীর মধ্যস্থিত হৃদয়গুহায় তাঁহার ধ্যান সহজসাধ্য হিসাবেই বলা হইয়াছে। সসীমরূপে তাঁহার উপাসনা অসীমেরই সেতুস্বরূপ। প্রাপ্তিতে তিনি শুধু হৃদয়-গুহায়ই থাকেন না, সর্ব্বতোব্যাপ্তরূপে তখন তাঁহার অনুভূতি। সিদ্ধির ইহাই ফলশ্রুতি। সাধক নিজেও তখন তদঙ্গীভূত। কাজেই তিনি ঘৃণা বা দ্বেষ করিবেন আর কাহাকে ?

২।১।১২

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো জ্যোতিরিবাধূমকঃ।
ঈশানো ভূতভব্যস্য স এবাদ্য স উ শ্বঃ।
এতদ্বৈ তৎ॥ ২।১।১৩

অন্বয় ঃ অঙ্গুষ্ঠমাত্রঃ (অঙ্গুষ্ঠপরিমাণ) পুরুষঃ (পুরুষ) অধূমকঃ (নির্ধূম) জ্যোতিঃ ইব (জ্যোতির ন্যায়) [সঃ] ভূতভব্যস্য ঈশানঃ (তিনি অতীত ও ভবিষ্যতের প্রভু) সঃ এব অদ্য (তিনিই বর্ত্তমানে বিরাজমান) সঃ উ (তিনিই আবার) শ্বঃ (আগামীকল্যও অর্থাৎ ভবিষ্যতেও) [বর্তমান থাকিবেন] এতদ্বৈ তৎ (তিনিই সেই ব্রহ্ম) ॥ ২।১।১৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ : নির্ধূম জ্যোতির ন্যায় প্রকাশিত অঙ্গুষ্ঠ-পরিমাণ পুরুষই অতীত ও ভবিষ্যতের নিয়ন্তা। ইনি আজও আছেন, কালও থাকিবেন ॥ ২।১।১৩

অনুধ্যান : ব্রহ্ম জ্যোতিস্বরূপ, নির্ধূম পাবকস্বরূপ স্বপ্রকাশ। অতীত ও ভবিষ্যতের নিয়ন্তা তিনি স্বরূপতঃ ভূমা হইয়াও অঙ্গুষ্ঠ পরিমাণরূপে দেহমধ্যে অবস্থিত আছেন। শুধু মনুষ্য দেহে নহে, ক্ষুদ্র বৃহৎ সমস্ত বস্তুতেই তিনি অনুস্যূত রহিয়াছেন। তবে দেহমধ্যস্থ হৃদয়-গুহায় তাঁহার ধ্যানই শ্রেষ্ঠ। তিনি কালাধীন নহেন, কালাতীত কাজেই তিনি অতীতে যেমন ছিলেন, বর্ত্তমানেও যেমন আছেন, ভবিষ্যতেও তেমনি থাকিবেন। ইনিই নচিকেতা জিজ্ঞাসিত ব্রহ্ম। সর্ববিধ্বংসী কালেরও তিনি নিয়ন্তা। এই কালও তাহা হইতে উদ্ভূত—'মত্তঃ সর্বং প্রবর্ত্ততে' (গীতা—১০।৮)—আমা হইতেই সবকিছু উৎপন্ন হইয়া থাকে ॥ ২।১।১৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথোদকং দুর্গে বৃষ্টং পর্বতেষু বিধাবতি।
এবং ধর্মান্ পৃথক্ পশ্যংস্তানেবানুবিধাবতি॥ ২।১।১৪

অন্বয়ঃ যথা (যেরূপ) দুর্গে (দুর্গম উচ্চ ভূমিতে) বৃষ্টম্ উদকম্ (বর্ষিত জলধারা) পর্ব্বতেষু বিধাবতি (পার্বত্য প্রদেশে বিভিন্ন ধারায় প্রবাহিত হয়) এবং (এইরূপে) ধর্ম্মান্ (গুণসকল) পৃথক্ পশ্যন্ (আত্মা হইতে পৃথকরূপে দর্শন করিয়া) তান্ এব অনু (সেই গুণসকলের পশ্চাতে) বিধাবতি (ধাবিত হয়)॥ ২।১।১৪

অনুবাদঃ দুর্গম উচ্চভূমিতে বর্ষিত বৃষ্টিধারা যেমন (নিম্নস্থ) পার্ব্বত্য প্রদেশসমূহে ছড়াইয়া পড়ে, তদ্রূপ যে ব্যক্তি গুণসমূহকে আত্মা হইতে পৃথকরূপে দেখে, সে সেই সকল গুণসমূহেরই অনুসরণ করে॥ ২।১।১৪

অনুধ্যানঃ উচ্চভূমিতে বর্ষিত জলধারা স্থিতিলাভ করে না, গড়াইয়া যায়—ছড়াইয়া পড়ে। সেইরূপ অনাত্ম-দর্শী পুরুষ গুণসমূহের বহুত্বকেই সত্য বলিয়া ধারণা করে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—এইরূপ মিথ্যাধারণার ফলে সে গুণসমূহেরই অনুবর্ত্তন করে। ফলে পুনঃ পুনঃ জন্মমৃত্যুর অধীন হইয়া থাকে। আত্মাই দ্রষ্টব্য, শ্রোতব্য, মন্তব্য, নিদিধ্যাসিতব্য। এই উপাস্য আত্মাকে বাদ দিয়া পরিবর্ত্তনশীল গুণসকলের অনুবর্ত্তন করিয়া ঐরূপ দর্শনকারী জীবও অনাত্মস্বরূপ গুণসমূহের ন্যায় পরিবর্ত্তনশীল হয়েন, অর্থাৎ নিরন্তর জন্মমৃত্যুর পথ বাহিয়া চলিয়া থাকেন। মূল কথা হইল উৎসের জল যেমন বহুধারায় নিজেকে ব্যর্থ করে, তেমনি বহুত্বদর্শীও একস্থ আত্মাকে দর্শন করিতে না পাইয়া ইহ ও পরকালে ব্যর্থ জীবনই যাপন করেন। একত্বের অর্থাৎ একের দর্শন ব্রহ্মদর্শন। ব্রহ্মভিন্নরূপে যে বহুত্বের দর্শন তাহা মিথ্যাদর্শন —এইরূপ দর্শনকারীর জীবনও ব্যর্থই হইয়া থাকে। গীতায় ভগবান বলিয়াছেন—

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্॥
(২।৪১)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—ঈশ্বরনিষ্ঠ বুদ্ধি এক এবং নিশ্চয়াত্মিকা, কারণ লক্ষ্যীতব্য বিষয় একই। আর যাহাদের বুদ্ধি এক ঈশ্বরনিষ্ঠ নহে—হুমুখী, তাহাদের বুদ্ধি বহুরূপে আকৃষ্ট হইয়া বহুদিকে প্রধাবিত হয়—লক্ষ্যহীন তাহাদের গতি। লক্ষ্য একমাত্র পরমাত্মা পরমেশ্বর ; লক্ষ্যহীন বিষয়মুখী। বিষয় বিষবৎ। অতএব বুদ্ধির বিভিন্নমুখীনতা আত্মদর্শনের তথা ব্রহ্মদর্শনের অন্তরায় হইয়া থাকে। ব্যর্থতাই সেই দর্শনের ফল ॥ ২।১।১৪

যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি।
এবং মুনের্বিজানত আত্মা ভবতি গৌতম ॥ ২।১।১৫

অন্বয়ঃ গৌতম (হে গৌতমবংশীয় নচিকেতা!) যথা (যেরূপ) শুদ্ধম্ (নির্মল] উদকম্ (জল) শুদ্ধে (নির্মল জলে) আসিক্তং (প্রক্ষিপ্ত হইলে) তাদৃক্ এব ভবতি (তদ্রূপই হইয়া যায়) [সেই প্রকার] বিজানতঃ (একত্ব-দর্শী) মুনেঃ (মুনির) আত্মা (আত্মা) এবং ভবতি (এই-রূপই অর্থাৎ ব্রহ্মের সহিত অভিন্নই হইয়া যান) ॥ ২।১।১৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ : হে গৌতম! নির্মল জল নির্মল জলের সহিত মিশ্রিত হইলে যেমন একই হইয়া যায়, তেমনি সর্বত্র একত্বদর্শী অর্থাৎ যিনি একমাত্র আত্মাকেই জানেন, তিনিও আত্মস্বরূপে অর্থাৎ ব্রহ্মের সহিত অভিন্নরূপে স্থিত হয়েন ॥ ২।১।১৫

অনুধ্যান : শুদ্ধ জল শুদ্ধ জলে মিশিলে তাহার আর পৃথক অস্তিত্ব থাকে না বা দৃষ্ট হয় না। যিনি আত্মদর্শী অর্থাৎ সর্বাত্মতায় একাত্মতা দর্শন করেন, তিনিও স্বরূপস্থ হইয়া তদঙ্গীভূতই হয়েন,—'অহং ব্রহ্মাস্মি' এই অবস্থা লাভ করিয়া কৃতকৃতার্থ হয়েন ॥ ২।১।১৫

দ্বিতীয় অধ্যায়ে প্রথম বল্লী সমাপ্ত

———

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়
দ্বিতীয় বল্লী

পুরমেকাদশদ্বারমজস্যাবক্রচেতসঃ।
অনুষ্ঠায় ন শোচতি বিমুক্তশ্চ বিমুচ্যতে।
এতদ্বৈ তৎ ॥ ২।২।১

অন্বয় ঃ অজস্য (জন্ম-রহিত) অবক্রচেতসঃ (নিত্য চৈতন্যস্বরূপ) [পুরুষের] একাদশদ্বারম্ (একাদশ দ্বারযুক্ত) পুরম্ (নগর) [আছে] [সেই পুরুষকে] অনুষ্ঠায় (ধ্যান করিয়া) [সাধক] ন শোচতি (শোকাতীত হয়েন) বিমুক্তঃ চ (এবং কামাদির বন্ধন হইতে মুক্ত হইয়া) বিমুচ্যতে (জন্মমরণ পাশ ছেদন করেন) এতদ্বৈ তৎ (ইনিই নচিকেতা জিজ্ঞাসিত সেই আত্মা) ॥ ২।২।১

অনুবাদ ঃ জন্মরহিত নিত্য চৈতন্যস্বরূপ আত্মার একাদশ দ্বারযুক্ত একটি নগর আছে। এই নগরস্বামীর ধ্যান

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া সাধক বীতশোক, কর্ম্মপাশহীন এবং সংসারবন্ধন মুক্ত হন। ইনিই নচিকেতা জিজ্ঞাসিত সেই আত্মা॥

২।২।১

অনুধ্যান: দেহ একটি পুরীস্বরূপ। তাহার ১১শটি দ্বার আছে—ব্রহ্মরন্ধ্র, দুইচক্ষু, দুইকর্ণ, দুই নাসিকা, মুখ, নাভি, পায়ু ও উপস্থ। এই ১১শ দ্বারযুক্ত পুরীতে যিনি বাস করেন, তিনিই পুরুষ—'পুরী শেতে ইতি পুরুষঃ'—পরমাত্মা পরমেশ্বর। তিনি নিত্যচৈতন্য, নিত্য একরূপ, তাঁহার ক্ষয় ব্যয় নাই—তিনি অব্যয়। তাঁহাকে ধ্যান করিয়াই জীব কাম ক্রোধাদির পাশ ছেদন করিয়া বীত-শোক হন এবং সংসার বন্ধন হইতে মুক্ত হওতঃ ইহ ও পর-কালে ব্রহ্মপ্রাপ্তিরূপ মোক্ষলাভ করিয়া থাকেন—

কামক্রোধবিযুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্॥

(গীতা-৫।২৬)

—কামক্রোধরহিত, সংযতচিত্ত ও আত্মজ্ঞ যতিগণ উভয়ত্র

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(জীবিতকালে এবং মৃত্যুর পরে—উভয় অবস্থাতেই) মোক্ষেতেই অবস্থিত থাকেন ॥ ২।২।১

হংসঃ শুচিষদ্বসুরন্তরিক্ষসদ্-
হোতা বেদিষদতিথির্দুরোণসৎ।
নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা
ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ ॥ ২।২।২

অন্বয়ঃ [এই আত্মা] হংস (সর্বগ সূর্য্যরূপে) শুচিষৎ (দ্যুলোকে অবস্থিত) বসুঃ (বায়ুরূপে) অন্তরিক্ষসৎ (অন্তরিক্ষে অবস্থিত) হোতা (অগ্নিরূপে) বেদিষৎ (পৃথিবীতে অবস্থিত) অতিথিঃ দুরোণসৎ (গৃহাগত অতিথিরূপে) নৃষৎ (মনুষ্য মধ্যে আত্মারূপে) বরসৎ (দেবগণের মধ্যে স্থিত) ঋতসৎ (সত্যে প্রতিষ্ঠিত) ব্যোমসৎ (আকাশে স্থিত) অব্জাঃ (শঙ্খাদিরূপে জলে জাত) গোজাঃ (ব্রীহিযবাদিরূপে পৃথিবীতে উৎপন্ন) ঋতজাঃ (যজ্ঞাঙ্গরূপে উদ্ভূত) অদ্রিজাঃ (পর্ব্বত হইতে নদীরূপে উৎপন্ন) [তিনি] ঋতং

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(পারমার্থিকরূপে স্থিত) [এবং] বৃহৎ (সর্বকারণের কারণ রূপে মহান) ॥ ২।২।২

অনুবাদঃ এই আত্মা সর্বত্র সূর্য্যরূপে দ্যুলোকে অবস্থিত, বায়ুরূপে অন্তরীক্ষে, অগ্নিরূপে পৃথিবীতে, গৃহাগত অতিথিরূপে, মনুষ্যমধ্যে আত্মারূপে, দেবগণের মধ্যস্থ, সত্যে স্থিত, আকাশে স্থিত, শঙ্খাদিরূপে জলে জাত, ব্রীহি যবাদি-রূপে পৃথিবীতে উৎপন্ন, যজ্ঞাঙ্গরূপে উদ্ভূত, পর্বত হইতে উৎপন্ন নদীরূপে, পারমার্থিক সত্যরূপে এবং সর্বকারণের কারণরূপে মহান ॥ ২।২।২

অনুধ্যানঃ সৃষ্টির:নিমিত্ত ও উপাদান কারণ যখন ব্রহ্মই, তখন ব্রহ্মভিন্ন আর কোন বস্তুই বা জগতে আছে? তাহাই বিশেষ বিশেষরূপে মন্ত্রে বর্ণিত হইয়াছে, অর্থাৎ 'সর্বং খল্বিদং ব্রহ্ম'। ব্রহ্মই সর্বব্যাপী—সর্বানুগ ও সর্বাতিগ যুগপৎ ॥ ২।২।২

উর্ধ্বং প্রাণমুন্নয়ত্যপানং প্রত্যগস্যতি।
মধ্যে বামনমাসীনং বিশ্বে দেবা উপাসতে ॥ ২।২।৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয় : [যে আত্মা] প্রাণম্ (প্রাণবায়ুকে) উর্ধ্বম্ উন্নয়তি (উর্ধ্বদিকে চালিত করে) অপানম্ (অপান বায়ুকে) প্রত্যক্ (নিম্নদিকে) অস্যতি (ক্ষেপণ করেন) মধ্যে (হৃদয় মধ্যে) আসীনং (অবস্থিত) বামনং (ভজনীয়) ব্রহ্মকে] বিশ্বে দেবাঃ (সকল দেবতাগণ) উপাসতে (উপাসনা করেন) ॥ ২।২।৩

অনুবাদ ঃ যে আত্মা প্রাণবায়ুকে উর্দ্ধগামী, অপান-বায়ুকে নিম্নগামী করেন, হৃদয়পদ্মস্থিত পূজনীয় সেই আত্মাকে ইন্দ্রিয়াধিষ্ঠিত সমস্ত দেবগণ উপাসনা করিয়া থাকেন ॥ ২।২।৩

অনুধ্যান : প্রাণ ও অপান বায়ুর যিনি উর্ধ্ব ও নিম্নে পরিচালক, তিনিই সকলের পূজনীয় ও ভজনীয়। ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবগণের উপাস্য এই পরমাত্মাকেই ইন্দ্রিয়গণ তাহাদের বিষয়—রূপরসগন্ধাদি অর্ঘ্যরূপে প্রদান করিয়া থাকেন, সৃষ্টিতে যেখানে যা কিছু হইতেছে তৎসমস্তই তাঁহার বিধানে তৎপ্রীত্যর্থেই হইয়া থাকে। কর্ম্ম, ক্রিয়া,

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্তা সবই যখন তিনি, তখন কর্ম্মফলও যে তাঁহাতেই অর্পিত হইবে তদ্বিষয়ে আর সন্দেহ কি থাকিতে পারে? তাইতো কবি বলিয়াছেন—

কর্তা কর্ম্ম ক্রিয়ারূপে তুমি মূলাধার।
কর্ম্মফল তুমি ভিন্ন কোথা যাবে আর॥ ২।২।৩

অস্য বিস্রংসমানস্য শরীরস্থস্য দেহিনঃ।
দেহাদ্বিমুচ্যমানস্য কিমত্র পরিশিষ্যতে।
এতদ্বৈ তৎ॥ ২।২।৪

অন্বয়ঃ অস্য (এই) শরীরস্থস্য (শরীরে অবস্থিত) দেহিনঃ (দেহী, আত্মা) বিস্রংসমানস্য (দেহের সঙ্গে নিঃসঙ্গ আত্মা) দেহাৎ বিমুচ্যমানস্য (দেহ ত্যাগ করিলে) অত্র (এই দেহে) কিম্ পরিশিষ্যতে (কি অবশিষ্ট থাকে?) এতদ্বৈত তৎ (ইনিই নচিকেতা জিজ্ঞাসিত সেই আত্মা)। ২।২।৪

অনুবাদঃ এই দেহাধিষ্ঠিত নিঃসঙ্গ আত্মা দেহত্যাগ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রিলে দেহে আর কি অবশিষ্ট থাকে? ইনিই নচিকেতা-জ্ঞাসিত সেই আত্মা ॥ ২।২।৪

অনুধ্যান: পুরুষ অর্থাৎ আত্মা, দেহে থাকিয়াও লিপ্ত—'অসঙ্গোঽয়ং পুরুষ ইতি' (সাংখ্যদর্শন—১।১৫ সূত্র)। এই আত্মা যখন দেহ ত্যাগ করিয়া চলিয়া যান, তখন দেহ জড়পদার্থ। কাজেই দেহাত্মবাদীর দেহসর্বস্বতা অজ্ঞজনের বিজ্ঞতা প্রকাশ ছাড়া আর কি? আত্মাহীন দেহ কাহারও প্রীতি উৎপাদন করিতে পারে কি? দেহীর দেহ তো বিনাশশীল,—অনিত্য। এই বিনাশশীল দেহ দ্বারা কতটুকু আনন্দই বা পাওয়া যাইতে পারে? পাওয়ার চেষ্টা যেমন বৃথা তেমনি তাহা অজ্ঞজনোচিত কার্য্য ছাড়া আর কিছুই নহে। তাই আচার্য্য শঙ্কর বলেন—

আত্মানাত্মবিবেকো নো দেহস্য চ বিনাশিতাজ্ঞানম্।
এবং সতি স্বমায়ুঃ প্রাজ্ঞৈরপি নীয়তে মিথ্যা ॥ ১৫ ॥
(প্রবোধ-সুধাকর)

আত্মা এবং অনাত্মবস্তুর পার্থক্য জ্ঞানের সঙ্গে দেহের

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষণভঙ্গুরত্ব জ্ঞান যদি না হয়, তাহা হইলে পণ্ডিত ব্যক্তিগণের শাস্ত্রালোচনা বৃথা আয়ুক্ষয় ছাড়া আর কিছুই নহে। ২।২।৪

ন প্রাণেন নাপানেন মর্ত্ত্যো জীবতি কশ্চন।
ইতরেণ তু জীবন্তি যস্মিন্নেতাবুপাশ্রিতৌ ॥ ২।২।৫

অন্বয়ঃ ন প্রাণেন (না প্রাণবায়ুর দ্বারা) ন অপানেন (না অপান বায়ুর দ্বারা) কঃ চন (কোনও) মর্ত্ত্যঃ (প্রাণী) জীবতি (জীবন ধারণ করে); তু (কিন্তু) যস্মিন্ (যাহাতে) এতৌ (এই প্রাণ ও অপান বায়ু উভয়ই) উপাশ্রিতৌ (আশ্রিত আছে) [সেই] ইতরেণ (প্রাণ ও অপান বায়ু ব্যতিরিক্ত আত্মার দ্বারা) জীবন্তি (ইহারা জীবিত থাকে) ॥ ২।২।৫

অনুবাদঃ কেহই প্রাণবায়ু ও অপান বায়ুদ্বারা জীবিত থাকে না। উভয়ের আশ্রয়ীভূত পরমাত্মাই সকল প্রাণীর জীবন ধারণের হেতুস্বরূপ ॥ ২।২।৫

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ স্থূল দৃষ্টিতে প্রাণ অপান বায়ুকেই জীবন ধারণের কারণস্বরূপ বলিয়া মনে হয় কিন্তু যথার্থতঃ ইহারা মূল কারণ নহে। সকল কারণের কারণ একজন রহিয়াছেন। তিনিই পরমাত্মা পরমেশ্বর—সর্বনিয়ন্তা। অতএব প্রাণ অপান বায়ুর নিয়মন-কর্ত্তাও তিনি। অতএব, জীবের সর্ববিধ অবস্থার প্রভু তিনি ছাড়া আর কেহ নহেন। জীবন ধারণ যেমন তাঁহারই ইচ্ছায়, মৃত্যুও তাঁহারই ইচ্ছায় হইয়া থাকে। ভগবান নিজেই বলিয়াছেন—

প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্
(গীতা-৯।১৮)

—আমিই এই জগতের সৃষ্টিকর্ত্তা, প্রলয়কর্ত্তা, পালনকর্ত্তা, প্রলয়স্থান এবং অবিনাশী বীজস্বরূপ ॥ ২।২।৫

হন্ত ত ইদং প্রবক্ষ্যামি গুহ্যং ব্রহ্ম সনাতনম্।
যথা চ মরণং প্রাপ্য আত্মা ভবতি গৌতম ॥ ২।২।৬

অন্বয় ঃ গৌতম (হে নচিকেতা) হন্ত (এক্ষণে) তে (তোমাকে) ইদম্ (এই) গুহ্যম্ (গোপনীয়) সনা-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তনম্ (নিত্য) ব্রহ্ম (ব্রহ্ম সম্বন্ধে) প্রবক্ষ্যামি (বলিব) চ (এবং) মরণং প্রাপ্য (মৃত্যুর পর) আত্মা যথা ভবতি (আত্মার যেরূপ গতি হইয়া থাকে) [তাহাও বলিব]॥

২।২।৬

অনুবাদ : হে গৌতম! এখানে তোমাকে গুহ্য সনাতন ব্রহ্মের বিষয় এবং দেহান্তে আত্মার যেরূপ গতি হয় তাহা বলিব॥ ২।২।৬

অনুধ্যান : এক্ষণে ব্রহ্মের স্বরূপ সম্বন্ধে উপদেশ করিবেন ইহাই ধর্মরাজ যম নচিকেতাকে বলিলেন। ব্রহ্মস্বরূপ অবগত হইলে দেহান্তে জীবের কিরূপ গতি হয় এবং ব্রহ্মস্বরূপ অবগত না হইয়া দেহান্ত হইলে জীব কিরূপ অবস্থা প্রাপ্ত হয় এই উভয় বিষয়েই বলিবেন বলিয়া নচিকেতাকে আশ্বস্ত করিলেন, কারণ ইহাই ছিল নচিকেতার প্রশ্ন। দেহান্তে আত্মার অস্তিত্ব এবং নাস্তিত্ব সম্বন্ধে লোকের মনে যে সন্দেহ দেখা দেয়, সে সম্বন্ধে সদুত্তরই নচিকেতা ধর্মরাজ যমের নিকট প্রার্থনা করিয়াছিলেন॥ ২।২।৬

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোনিমন্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
স্থাণুমন্যেঽনুসংযন্তি যথাকর্ম যথাশ্রুতম্॥ ২।২।৭

অন্বয়ঃ যথাকর্ম্ম (কর্ম্মানুযায়ী) যথাশ্রুতং (চিন্তানুযায়ী বা ভাবানুযায়ী) অন্যে দেহিনঃ (কোন কোন দেহধারী জীব) [দেহান্তে] শরীরত্বায় (দেহ ধারণের জন্য) যোনিম্ প্রপদ্যন্তে (মাতৃগর্ভে প্রবিষ্ট হয়) অন্যে (অপর কেহ কেহ) স্থাণুং অনুসংযন্তি (স্থাবরত্ব প্রাপ্ত হয়)॥ ২।২।৭

অনুবাদঃ কর্মফলানুযায়ী এবং স্বীয় চিত্তের ভাবনানুরূপ দেহ ধারণের জন্য দেহধারী জীব দেহান্তে মাতৃগর্ভে প্রবেশ করে। অপর কেহ কেহ স্থাবরত্ব প্রাপ্ত হয়॥ ২।২।৭

অনুধ্যানঃ সৃষ্ট জগতে শ্রেষ্ঠ জীব মানুষ। অন্য জীব অপেক্ষা তাহার শ্রেষ্ঠত্ব এইজন্যই যে ধর্মাধর্ম, ন্যায় অন্যায়, পাপপুণ্য বিচারে সে সমর্থ। মানুষ ভিন্ন অন্য জীবের সে বিচার-শক্তি নাই। ভগবান মানুষকে এই বিচার-শক্তি দেওয়া সত্ত্বেও যাহারা ইহার অপব্যবহার করে, অর্থাৎ শ্রেয়র

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পথ ছাড়িয়া প্রেয়র পথে চলে, পুণ্যের পথ ছাড়িয়া পাপপথ-চারী হয়, তাহারা পুনঃ পুনঃ জন্মমৃত্যুর অধীন হইয়া দুর্বিসহ ক্লেশ ভোগ করে। এই ভোগ ইহ পরকালে উভয়ত্রই হইয়া থাকে। ইহকালে ভোগের জন্য দেহান্তে পুনরায় মাতৃগর্ভে প্রবেশ করিতে হয়। কর্ম একান্ত পাপজনক হইলে অজ্ঞানাবৃত হইয়া স্থাবরত্ব প্রাপ্ত হয়। মনুষ্য জন্ম, পশু জন্ম বা স্থাবরত্ব প্রাপ্তি সবই কর্মের ফল। কর্ম ভাবানুযায়ী হইয়া থাকে। তাই বলা হয়—'যেমন ভাব তেমন লাভ'। ব্রহ্মপ্রাপ্তি যদিও সাক্ষাৎ সম্বন্ধে কর্মের ফল নহে, তথাপি পরম্পরাক্রমে কর্ম ব্রহ্মপ্রাপ্তির হেতুস্বরূপ হয়। তিনি কর্মসাধ্য নহেন ঠিকই। স্বপ্রকাশ তিনি। তাঁহাকে আর প্রকাশ করিবে কে? তবে শুদ্ধ চিত্তে তিনি প্রতিভাত হন। কর্ম চিত্তশুদ্ধিরই উপায়। তাই কর্মফলে তিনি লভ্য এ কথা বলা হইয়া থাকে। ভগবৎ প্রাপ্তির উপায়-স্বরূপ পূজা, অর্চনা, ধ্যান ধারণাদিও তো কর্মই। গীতায় ভগবান বলিয়াছেন—

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varar

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পূরুষঃ'
(৩।১৯)

—অনাসক্তভাবে কর্ম করিয়া পুরুষ পরম শ্রেয়ঃ লাভ করিয়া থাকেন। অন্যথায়, অর্থাৎ কর্ম যদি নিষ্কাম বা ভগবৎ-প্রীত্যর্থে কৃত না হয়, তাহা হইলে তাহার ফল কি তাহাও গীতায় উক্ত হইয়াছে—

'যজ্ঞার্থাৎ কর্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্মবন্ধনঃ'
(গীতা-৩।৯)

—ভগবৎ আরাধনার (সেবার) নিমিত্ত না করিয়া অন্য অভিপ্রায়ে কর্ম করিলে ঐ কর্মের দ্বারা লোক বন্ধনপ্রাপ্ত হয় ॥ ২।২।৭

য এষ সুপ্তেষু জাগর্তি কামং কামং পুরুষো
নির্মিমাণঃ।
তদেব শুক্রং তদ্‌ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্বে তদু নাত্যেতি কশ্চন।
এতদ্বৈ তৎ ॥ ২।২।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ যঃ এষঃ পুরুষঃ (এই যে পুরুষ) [যিনি] সুপ্তেষু জাগর্ত্তি (নিদ্রিত প্রাণীদের মধ্যে জাগরিত থাকেন) কামং কামং (কামনাবাসনার বীজ বপন করেন) তৎ এব শুক্রম্ (তিনি শুভ্র—জ্যোতিস্বরূপ) তৎ ব্রহ্ম (তিনিই ব্রহ্ম) তৎ এব অমৃতম্ উচ্যতে (তাঁহাকেই অমৃত বলা হয়) তস্মিন্ (তাঁহাতে) সর্বে লোকাঃ (পৃথিবী প্রভৃতির সকল লোক) শ্রিতাঃ (তাঁহার আশ্রয়ে স্থিত আছেন) কঃ চন (কেহই) তৎ উ (তাঁহাকে কেহই) ন অত্যেতি (অতিক্রম করিতে সক্ষম হয় না)। এতদ্বৈ তৎ (ইনিই সেই ব্রহ্ম)। ২।২।৮

অনুবাদঃ এই যে পুরুষ যিনি নিদ্রিত প্রাণীদের মধ্যে জাগ্রত থাকেন এবং সকল প্রাণীর মধ্যে কামনা বাসনার বীজ বপন করেন,—তিনি শুভ্র—জ্যোতি-স্বরূপ। তিনিই ব্রহ্ম। তাঁহাকেই অমৃত বলা হয়। তাহাতে সকল লোক স্থিত আছে। কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারে না। ইনিই নচিকেতা-জিজ্ঞাসিত সেই ব্রহ্ম॥ ২।২।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ পুরুষ তিন গুণের দাস। গুণস্থ হইয়াই পুরুষ ভোক্তা—বদ্ধাবস্থা প্রাপ্ত হয়। সর্ব্বজীবের চালক পরমাত্মা পরমেশ্বর। তিনিই জীবের সর্ব্বকর্ম সর্বচিন্তার নিয়ন্তা। তিনি চিৎ-শক্তিযুক্ত, সদা জাগ্রত। গুণাশ্রিত জীব নিদ্রিত হইলে সর্ব্ববিধ কর্ম হইতে বিরত হয়েন, কিন্তু সর্ব্ববিধ কর্মের নিয়ামক ব্রহ্ম সদাই জাগ্রত এবং সকল জীবের সকল কামনা বাসনাও তিনি নিয়মন করিয়া থাকেন। তিনি যে সকল জীবের নিয়ামক তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। অতএব, জীবের নিদ্রিত অবস্থাতেও ব্রহ্মই তাহার অন্তঃকরণে কর্মের বীজ বপন করিয়া থাকেন। কর্তা হিসাবে তিনি সততই কর্ম করিয়া যাইতেছেন। কর্মে তাঁহার বিরতি নাই। স্বরূপতঃ তিনি অমৃত। সমস্ত লোক তাঁহাতেই স্থিত। জীব অল্পজ্ঞ, অল্পশক্তি। কাজেই সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান ঈশ্বরকে জীব অতিক্রম করিতে পারে না। ইনিই সর্ব্বজীবের ধারক ও বাহক, অতএব অনতিক্রমণীয় ॥ ২।২।৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥ ২।২।৯

অন্বয়ঃ যথা (যেরূপ) একঃ অগ্নিঃ (একই অগ্নি) ভুবনম্ প্রবিষ্টঃ (পৃথিবীতে প্রবেশ করিয়া) রূপং রূপং প্রতিরূপঃ (দাহ্যবস্তুর আকার অনুযায়ী তৎ তৎ রূপবিশিষ্ট) বভূব (হয়) [সেইরূপ] একঃ (অদ্বিতীয়) সর্ব্ব-ভূত-অন্তঃ-আত্মা (সর্বভূতের অন্তরে প্রবিষ্ট পরমাত্মাও) তথা (তদ্রূপ) রূপং রূপং প্রতিরূপঃ (ভিন্ন ভিন্ন জীবদেহের আকৃতি অনুযায়ী) [হইয়াছেন] বহিঃ চ (এবং বাহিরেও) [রহিয়াছেন] ॥ ২।২।৯

অনুবাদঃ একই অগ্নি যেমন পৃথিবীতে প্রবেশ করিয়া দাহ্যবস্তুর রূপভেদে পৃথক পৃথক রূপ ধারণ করেন, সেইরূপ সর্বান্তর্যামী অদ্বিতীয় আত্মাও জীবদেহে প্রবিষ্ট হইয়া তদ্রূপ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

াকারবিশিষ্ট হন। সর্ব্বদেহে অবস্থিত হইয়াও সকলের তীতরূপে ইনি বর্ত্তমান আছেন॥ ২।২।৯

বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥২।২।১০

অন্বয়ঃ যথা (যেরূপ) একঃ বায়ুঃ (একই বায়ু) ভুবনং প্রবিষ্টঃ (ভুবনে প্রবিষ্ট হইয়া তদন্তর্গত জীবদেহ প্রবেশ করিয়া) রূপং রূপং প্রতিরূপঃ বভূব (তদাকারে াকারিত হন) তথা (সেইরূপ) একঃ (অদ্বিতীয়) সর্ব-ভূত-অন্তঃ-আত্মা (সর্বভূতান্তর্যামী আত্মা) রূপং রূপং প্রতিরূপঃ (তৎ তৎ রূপবিশিষ্ট হন) বহিঃ চ (এবং তদতীতরূপেও) [বর্ত্তমান আছেন]॥ ২।২।১০

অনুবাদঃ একই বায়ু যেমন পৃথিবীতে প্রবিষ্ট হইয়া বস্তুভেদে তদ্রূপতা প্রাপ্ত হন, তেমনি সর্ব্বভূতের অন্তর্যামী

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাও ভূতবর্গে প্রবিষ্ট হইয়া তৎ তৎ রূপ পরিগ্রহ করেন এবং তদতীতরূপেও বর্তমান থাকেন ॥ ২।২।১০

সূর্যো যথা সর্বলোকস্য চক্ষু-
র্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ।
একস্তথা সর্বভূতান্তরাত্মা
ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ ॥ ২।২।১১

অন্বয়ঃ যথা (যেরূপ) সর্বলোকস্য চক্ষুঃ সূর্যঃ (সকল লোকের দর্শনের হেতুভূত হইয়াও অর্থাৎ দর্শনের কারণ হইয়াও) চাক্ষুষৈঃ ব্যহ্যদোষৈঃ ন লিপ্যতে (চক্ষুরিন্দ্রিয়দৃষ্ট বাহ্য মলিন বা অশুচি বস্তুর দ্বারা যেমন লিপ্ত হয় না) তথা (সেইরূপ) একঃ (অদ্বিতীয়) সর্বভূতান্তরাত্মা (সর্বান্তর্যামী আত্মা) লোকদুঃখেন ন লিপ্যতে (জাগতিক দুঃখে লিপ্ত হন না) [কারণ তিনি] বাহ্যঃ (তদতীতরূপে বর্তমান আছেন) ॥ ২।২।১১

অনুবাদ ঃ সর্ব্বলোকের চক্ষু-স্বরূপ সূর্য্য যেমন চক্ষুগ্রাহ্য

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[গ্র]াহ অশুচি বস্তুর সহিত লিপ্ত হন না, তেমনি নিখিল [জ]গতের আত্মা এক হইয়াও জাগতিক দুঃখে লিপ্ত হন না, [ক]ারণ তিনি এ সকলের অতীতরূপেও বর্তমান ॥ ২।২।১১

অনুধ্যান : এক তিনি বহু হইলেন। বহু হইবার [স]ঙ্কল্প হইতেই জীব-জগৎ-সমন্বিত বৈচিত্র্যময় বিশ্ব বিরচিত। [স]ঙ্কল্প, যথা—'সোঽকাময়ত—বহু স্যাং প্রজায়েয়েতি' (তৈঃ উঃ ২।৬)। অতএব জাগতিক প্রতি রূপে রূপে তিনি [রূ]পায়িত হইয়াছেন। এই রূপভেদে তাঁহার একত্বের হানি [ঘ]টে নাই; কারণ তিনি এক থাকিয়াই বহু হইয়াছেন। একত্ব এবং বহুত্ব তাঁহার স্বরূপান্তর্গত—স্বধর্ম। স্বরূপ বা স্বভাবের কখনও রূপান্তর হয় না। এক তিনিই যে বহু [হ]ইয়াছেন তাহা শ্রুত্যন্তরেও উল্লিখিত দেখা যায়, যথা—

তদেতৎ সত্যম্।—
যথা সুদীপ্তাৎ পাবকাদ্বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।
তথাঽক্ষরাৎ বিবিধাঃ সোম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপিযন্তি ॥ (মুঃ উঃ ২।১।১)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—সেই অক্ষর ব্রহ্মই একমাত্র সত্য। প্রজ্বলিত অগ্নি হইতে যেমন অগ্নির সমধর্মী সহস্র সহস্র অগ্নিকণা নির্গত হয়, তদ্রূপ হে সৌম্য! অক্ষর ব্রহ্ম হইতে বহুবিধ জীব উৎপন্ন হইয়া থাকে এবং তাহাদের লয়স্থানও এই ব্রহ্মই।

অগ্নি ও বায়ুর দৃষ্টান্ত দ্বারা বস্তুভেদে তাঁহাদের বিভিন্ন রূপের কথা বলিয়া এক আত্মার বহুরূপত্ব প্রদর্শন করা হইয়াছে। প্রশ্ন হইতে পারে ব্রহ্ম যে জাগতিক বস্তুসমূহে প্রবিষ্ট হইলেন, তাহাতে বস্তুধর্মের দ্বারা তিনি দুষ্ট হন কি না? উত্তর—না, হন না; কারণ তিনি নির্লেপ। তিনি তো প্রতিটি বস্তুতেই পর্য্যবসিত হইয়া যান নাই,—যি তদতীতরূপেও বর্তমান থাকেন, যাহা বস্তুধর্মের আয়ত্তাধীন নহে। ইহাই ১১নং মন্ত্রে স্পষ্টীকৃত করা হইয়াছে। চক্ষু ভাল মন্দ, 'সু' 'কু' অনেক দৃশ্যই দেখিয়া থাকে। চক্ষুর দর্শনের মূলে সূর্য্য। অপবিত্র বস্তু দর্শনে সূর্য্য অপবিত্র হন না। জাগতিক সর্ববিধ বস্তুর অন্তর্য্যামীরূপে বিরাজিত থাকিয়াও সেই পরমাত্মা তৎ তৎ বস্তুর দোষগুণের দ্বারা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্পৃষ্ট হন না, পদ্মপত্র যেমন জলস্পৃষ্ট হয় না—'পদ্মপত্র-মিবাম্ভসা'—তিনিও তদ্রূপ বস্তুধর্মরহিত অসঙ্গ ॥ ২।২।৯-১১

একো বশী সর্বভূতান্তরাত্মা
একং রূপং বহুধা যঃ করোতি।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥২।২।১২

অন্বয়ঃ একঃ বশী (যিনি অদ্বিতীয় ও সকলের নিয়ন্তা) সর্বভূতান্তরাত্মা (সর্বভূতান্তর্যামী) [এবং] যঃ (যিনি) একম্ রূপম্ (স্বীয় একমাত্র রূপকেই) বহুধা করোতি (বহুরূপে সৃষ্টি করেন) তং (তাঁহাকে) যে (যে সকল) ধীরাঃ (জ্ঞানিগণ) আত্মস্থম্ (আত্মস্থ বা আত্মাতে) অনুপশ্যন্তি (দর্শন করেন, উপলব্ধি করেন) তেষাম্ (তাঁহাদেরই) শাশ্বতং সুখম্ (নিত্যানন্দ) [লাভ হইয়া থাকে] ন ইতরেষাম্ (অপরের নহে) ॥ ২।২।১২

অনুবাদঃ যিনি এক, সকলের নিয়ন্তা এবং সর্বভূতের

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তরাত্মা, যিনি সৃষ্টিতে নিজেকে বহুরূপে বিস্তার করিয়াছেন, তাঁহাকে যে সকল জ্ঞানী ব্যক্তি স্বীয় আত্মাতে দর্শন করেন, তাঁহারা শাশ্বত সুখের অধিকারী হন—অন্যেরা হন না ॥ ২।২।১২

অনুধ্যানঃ তিনিই যে বহুরূপে নিজেকে বিস্তার করিয়া জগৎ সৃষ্টি করিয়াছেন, শ্রুতি স্মৃতি পুরাণের সিদ্ধান্ত ইহাই। সৃষ্টির কর্তাও তিনি, কর্মও তিনি। অতএব সৃষ্টি ও স্রষ্টা অভিন্ন। তিনিই সৃষ্টির একমাত্র নিয়মনকর্তা, সর্বান্তর্যামী, সকলের প্রভু, আনন্দস্বরূপ, এই পরমাত্মা পরমেশ্বরের দর্শনেই সর্ববিধ বন্ধন বিচ্ছিন্ন এবং সর্ববিধ দুঃখের নিবৃত্তি হইয়া থাকে। ভগবদ্দর্শন আর ভগবৎপ্রাপ্তি একই কথা। প্রাপ্ত বস্তুর ধর্ম্ম প্রাপ্তা লাভ করেন। অর্থাৎ বস্তুর স্বধর্ম্ম তাঁহাতেও বর্ত্তাইয়া থাকে। ব্রহ্ম আনন্দস্বরূপ—'আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ' (তৈঃ উঃ ৩।৬)। আনন্দস্বরূপ ব্রহ্মকে প্রাপ্ত হইয়া জীবও আনন্দস্বরূপই হইয়া থাকেন। যাঁহারা ব্রহ্মের একত্ব ও বহুত্ব এবং জগদতীতরূপ অবগত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইয়া তদঙ্গীভূত হয়েন, তাঁহারাই নিত্যানন্দ লাভে কৃত-
তার্থ হন। যাঁহাদের অনুভব অন্যরূপ, অর্থাৎ ব্রহ্মের স্বরূপ
হারা অবগত হইতে পারেন নাই, তাঁহাদের পক্ষে এইরূপ
ানন্দের অধিকারী হওয়া সম্ভব নহে ॥ ২।২।১২

নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্ ॥২।২।১৩

অন্বয়ঃ অনিত্যানাম্ (অনিত্য বস্তুসমূহের মধ্যে)
যিনি] নিত্যঃ (নিত্য, শাশ্বত) চেতনানাম্ (সচেতন
ীবগণের) চেতনঃ (চৈতন্যশক্তি) যঃ (যে) একঃ
অদ্বিতীয়) বহূনাং কামান্ (বহুব্যক্তির কাম্য বস্তু সমূহ,
র্থাৎ কার্য্যফল) বিদধাতি (বিধান করেন) তম্
(তাঁহাকে) যে ধীরাঃ (যে জ্ঞানিগণ, বিবেকী ব্যক্তিগণ)
আত্মস্থম্ অনুপশ্যন্তি (স্বীয় আত্মাতে দর্শন করেন) তেষাম্

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শাশ্বতীঃ শান্তিঃ (তাঁহাদেরই নিত্যকালস্থায়ী আনন্দলাভ হইয়া থাকে) ন ইতরেষাম্ (অন্যের নহে) ॥ ২।২।১৩

অনুবাদঃ অনিত্য বস্তুসমূহের মধ্যে যিনি নিত্য, চেতনদিগের অর্থাৎ প্রাণীদিগের মধ্যে যিনি চৈতন্যস্বরূপ, যিনি অদ্বিতীয় হইয়াও সর্বজীবের কর্মফল বিধান করেন, তাঁহাকে জ্ঞানিগণ স্বীয় আত্মাতে দর্শন করিয়াই নিত্য শাশ্বত আনন্দের অধিকারী হন—অন্যেরা হন না ॥ ২।২।১৩

অনুধ্যানঃ জাগতিক বস্তুসমূহ পরিবর্ত্তনশীল। এই পরিবর্তনের মধ্যে অপরিবর্তনীয় একজন আছেন। পরিবর্তন অর্থ অনিত্য। অপরিবর্তনীয় অর্থ নিত্য। পরমাত্মা পরমেশ্বরই একমাত্র নিত্যবস্তু। তিনি সর্বান্তর্যামীরূপে জীবে জীবে এবং প্রাণহীন বস্তুতেও অনুস্যূত রহিয়াছেন। অতএব তিনি সর্বব্যাপী। জীব ও প্রাণহীন বস্তুর মধ্যে যেমন তিনি আছেন, আবার তাহাদের বাহিরেও আছেন —'বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ' (গীতা-১৩।১৫)। তিনি সমস্ত জীবের বহির্দ্দেশে এবং অন্তরেও অবস্থিত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছেন, স্থাবর জঙ্গম সমস্তই তিনি। অর্থাৎ জাগতিক স্থূল সূক্ষ্ম সমস্ত বস্তুর অন্তরে ও বাহিরে একমাত্র তিনিই রহিয়াছেন।

তিনিই একমাত্র কর্তা। তাঁহার বিধানেই সব কিছুই —সৃষ্টি স্থিতি লয়—সংঘটিত হইতেছে। জীবের কর্মফল-প্রদাতাও তিনি—জীব কর্ম করিতে পারে বটে, কিন্তু ফল তাহার আয়ত্তাধীন নহে। এই যে সর্বকর্তা পরমাত্মা পরমেশ্বর তাঁহাকে স্বীয় আত্মায় দর্শন করিয়াই জীব নিত্যকাল স্থায়ী আনন্দের অধিকারী হইয়া থাকেন। প্রথমে তাঁহাকে হৃদয় গুহায় দর্শন করিলে পরে তিনি সর্বত্র সকলের মধ্যে দৃষ্ট হইয়া থাকেন—এইরূপ দর্শনের ফলেই হয় জীবন মধুময়। দৃষ্টিতেও তখন মধু। যাহা কিছু দৃষ্ট হয় তাহাই মধুময় বলিয়া অনুভব হয়। তদ্বিপরীত দর্শনে জীবন দুঃখের আগর,—অশান্তির দাবদাহে জীবন হয় অসহনীয়। তাই যে দৃষ্টি সহায়ে সর্বত্র একমাত্র তাঁহাকেই দেখা যায়, যার ফলে লাভ হয় মধুদৃষ্টি, জ্ঞানিগণের একমাত্র কাম্য সেই জীবন ॥ ২।২।১৩

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদেতমিতি মন্যন্তেঽনির্দেশ্যং পরমং সুখম্।
কথং নু তদ্‌বিজানীয়াং কিমু ভাতি বিভাতি বা॥
২।২।১৪

অন্বয়ঃ তৎ (সেই) অনির্দ্দেশ্যম্ (অবাঙ্‌মনসোগোচর) পরমং (সর্বশ্রেষ্ঠ) সুখম্ (সুখকে) এতৎ ইতি (প্রত্যক্ষ বলিয়া) [ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিরা অথবা যোগিগণ] মন্যন্তে (অনুভব করেন) তৎ (সেই আনন্দস্বরূপকে) কথং নু (কি প্রকারে) বিজানীয়াম্ (জানিতে পারিব?) কিম্ উ [তিনি] (তিনি কি) ভাতি (স্বপ্রকাশ?) বিভাতি বা (অথবা অন্যের দ্বারা প্রকাশমান)॥ ২।২।১৪

অনুবাদঃ যোগিগণ যাঁহাকে প্রত্যক্ষরূপে দর্শন করিয়া অনির্বচনীয় পরম সুখ লাভ করেন, সেই আনন্দস্বরূপকে আমি কিরূপে জানিতে পারিব। তিনি কি স্বপ্রকাশ অথবা অন্যের দ্বারা প্রকাশমান? ২।২।১৪

অনুধ্যানঃ দর্শনীয় তিনি দৃষ্ট হন। যোগিগণ প্রত্যক্ষ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাবে তাঁহাকে দর্শন করিয়া থাকেন। দর্শনের জন্য প্রয়োজন দর্শনেন্দ্রিয়ের। যোগিগণের সেই দর্শনেন্দ্রিয় পরমানন্দস্বরূপ পরমাত্মাকে দর্শন করিয়া হয় কৃতকৃতার্থ। সাধক বলিতেছেন,—"যোগিগণলভ্য সেই পরমবস্তুকে আমি কি করিয়া লাভ করিতে পারিব?" তিনি যে সহজলভ্য নহে, দুশ্চর তপস্যার ফলেই তাঁহার দর্শন হয়, সাধকের উক্তি তাহাই বুঝাইতেছে। দুর্লভ তিনি নিশ্চয়ই। সেই দুর্লভই হন সুলভ শ্রেষ্ঠ যোগী তথা পরম ভক্তের নিকট। পরম ভক্তই শ্রেষ্ঠ যোগী। গীতায় ভগবানও তাই বলিয়াছেন—

যোগিনামপি সর্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥
(৬।৪৭)

অসম্যক্‌দর্শী সাধকের মনে এক প্রশ্ন—ভগবান কি স্বপ্রকাশ অথবা অন্যের শক্তিতে প্রকাশিত হন? প্রশ্নের উত্তর পরবর্তী মন্ত্রে দৃষ্ট হইবে॥ ২।২।১৪

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন তত্র সূর্যো ভাতি ন চন্দ্রতারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তমনুভাতি সর্বং
তস্য ভাসা সর্বমিদং বিভাতি॥ ২।২।১৫

অন্বয়ঃ ন তত্র সূর্য্যঃ ভাতি (সূর্য্য তাঁহাকে অর্থাৎ ব্রহ্মকে প্রকাশ করেন না) ন চন্দ্র-তারকং (চন্দ্র এবং তারকাও প্রকাশ করেন না) ইমাঃ (এই সকল) বিদ্যুতঃ (বিদ্যুৎসমূহ) ন ভান্তি (প্রকাশ করে না) অয়ম্ অগ্নিঃ কুতঃ? (এই অগ্নি আর কি করিয়া তাঁহাকে প্রকাশ করিবে?) তম্ এব ভান্তম্ (তিনি প্রকাশিত হইলেই) সর্বম্ অনুভাতি (সব কিছু প্রকাশ পায়) তস্য (তাঁহার—ব্রহ্মের) ভাসা (জ্যোতিদ্বারা) ইদম্ সর্বম্ (এই সমস্তই) বিভাতি (প্রকাশ পায়)॥ ২।২।১৫

অনুবাদঃ এই ব্রহ্ম সূর্য্য দ্বারা প্রকাশিত হন না। ইঁহাকে চন্দ্র, তারকা ও বিদ্যুৎ প্রকাশ করিতে পারে না;

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই অগ্নি কিরূপে তাঁহাকে প্রকাশ করিবে? তাঁহার প্রকাশেই সকল বস্তু প্রকাশিত হয়,—তাঁহার দীপ্তিতেই সকল বস্তু দীপ্ত হয়॥ ২।২।১৫

অনুধ্যান ঃ সকল কারণের কারণ পরমেশ্বর। সকল শক্তির শক্তি পরমেশ্বর। সকল দীপ্তির দীপ্তিও পরমেশ্বর। যাঁহার অস্তিত্বে জীব-জগতের অস্তিত্ব, তাঁহার প্রকাশ, দীপ্তি এবং অস্তিত্ব আবার কোন দ্বিতীয় কারণের উপর নির্ভরশীল? তিনি যেমন স্বপ্রকাশ স্বয়ম্ভু, তেমনি সকলের প্রকাশকর্ত্তাও তিনি। জ্যোতিষ্কসকল তাহার দীপ্তিতেই দীপ্তিমান। সূর্য্যালোকেই যেমন সূর্য্য দৃষ্ট হইয়া থাকে, তেমনি তাঁহার আলোকেই জগতের সবকিছু প্রকাশমান। গীতায়ও ভগবান বলিয়াছেন—

যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলম্।
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্॥
(১৫।১২)

—আদিত্যে, চন্দ্রে এবং অগ্নিতে যে তেজ বিদ্যমান আছে, যাহা নিখিল জগৎকে প্রকাশিত করিতেছে, উহাকে আমারই তেজ বলিয়া জানিবে॥ ২।২।১৫

দ্বিতীয় অধ্যায় ২য় বল্লী সমাপ্ত।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়
তৃতীয় বল্লী

ঊর্ধ্বমূলোঽবাক্‌শাখ এষোঽশ্বত্থঃ সনাতনঃ।
তদেব শুক্রং তদ্‌ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্বে তদু নাত্যেতি কশ্চন।
এতদ্বৈ তৎ ॥ ২।৩।১

অন্বয় ঃ এষঃ (এই) সনাতনঃ (অনাদি) [সংসাররূপ] অশ্বত্থঃ (অশ্বত্থ বৃক্ষ) ঊর্ধ্বমূলঃ (ঊর্ধ্ব মূল অর্থাৎ সর্বাতীত পরমব্রহ্ম বা বিষ্ণুপদ হইতে উদ্ভুত) অবাক্‌শাখঃ (শাখাসমূহ নিম্নাভিমুখী) তৎ এব (তাহাই অর্থাৎ সেই মূলই) শুক্রম্ (শুদ্ধ, জ্যোতির্ময়) তৎ ব্রহ্ম (তাহাই ব্রহ্ম) তৎ এব অমৃতম্ (তাহাই অমৃত) [বলিয়া] উচ্যতে (উক্ত হয়, কথিত) তস্মিন্ (তাঁহাতে—সেই ব্রহ্মে)

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্বে লোকাঃ (সমস্ত লোকসমূহ) শ্রিতাঃ (আশ্রিত আছে) তৎ উ (তাঁহাকেই) কঃ চন (কেহই) ন অত্যেতি (অতিক্রম করিতে পারে না) এতদ্বৈ তৎ (ইহাই সেই নচিকেতা-জিজ্ঞাসিত ব্রহ্ম) ॥ ২।৩।১

অনুবাদ ঃ এই সংসাররূপ অনাদি অশ্বত্থবৃক্ষের মূল ঊর্ধ্ব দিকে এবং শাখা নিম্নদিকে। এই মূলই শুভ্রজ্যোতি, ইহাই ব্রহ্ম এবং ইঁহাই অমৃত বলিয়া উক্ত হয়। সমস্ত লোক ইহাতেই আশ্রিত। কেহই ইহাকে অতিক্রম করিতে পারে না। ইনিই সেই আত্মা—ব্রহ্ম ॥ ২।৩।১

অনুধ্যান ঃ সংসারকে এখানে অশ্বত্থ বৃক্ষের সহিত তুলনা করা হইয়াছে। অশ্বত্থ বৃক্ষ যেমন দৃঢ়মূল, সংসারও তেমনি অনাদি, অবিনাশী। অনাদি বলার অর্থ এই যে এই সৃষ্টি যে কবে আরম্ভ হইয়াছে তাহা নিরূপণ করা যায় না। সৃষ্টির পর ধ্বংস, আবার সৃষ্টি। কাজেই ধ্বংসেও সৃষ্টির বীজ নিহিত থাকে। এই দিক দিয়া বিচার করিয়াই সংসারকে অনাদি এবং সনাতন বলা হয়। অতএব সংসা-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রের যে একদা বিনাশ নাই তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে। যাহা হইতে কোন কিছু উদ্ভূত বা জাত হয়, তাহাই তাহার মূল। এই সংসার পরব্রহ্ম হইতে উদ্ভূত। তাই সংসারের মূল উর্ধ্বে বলা হইয়াছে। উর্ধ্ব অর্থ সর্বাতীত। যাঁহা সকলের অতীত—সকলকে অতিক্রম করিয়া বর্ত্তমান, তাঁহাকে উর্ধ্ব ছাড়া আর কি বলা যাইতে পারে? এই সংসার-বৃক্ষের শাখা এবং পত্রাদি নিম্নদিকে অবস্থিত, অর্থাৎ জাগতিক বস্তুসমূহ কখনই ব্রহ্মকে অতিক্রম করিতে পারে না। কাজেই তাঁহাকে নিম্নস্থ বলা হয়। জাগতিক বস্তুসমূহকেই সংসার-বৃক্ষের শাখাদি বলা হইয়াছে। সংসার-বৃক্ষের মূল শুভ্র, জ্যোতির্ময়। ব্রহ্ম জ্যোতির্ময়, কাজেই সংসার-বৃক্ষের মূল জ্যোতির্ময়। বৃক্ষের আশ্রয়স্থল মূল। এই সংসারেরও মূল পরব্রহ্ম। তাঁহাকে কেহই অতিক্রম করিতে পারে না, কারণ তিনি সর্বাতীত। ইনিই নচিকেতা-জিজ্ঞাসিত আত্মা তথা ব্রহ্ম॥ ২।৩।১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদিদং কিঞ্চ জগৎ সর্বং প্রাণ এজতি নিঃসৃতম্।
মহদ্ভয়ং বজ্রমুদ্যতং য এতদ্বিদুরমৃতাস্তে
ভবন্তি ॥ ২।৩।২

অন্বয়ঃ ইদং (এই) যৎ কিম্ চ (যাহা কিছু) জগৎ (গমনশীল বস্তু) সর্বম্ (তৎসমস্তই) প্রাণে (ব্রহ্মসত্তায় সত্তাবান হইয়াই) নিঃসৃতম্ (নির্গত হওয়তঃ) এজতি (স্পন্দিত হয়, অর্থাৎ প্রাণবান হয়) [সেই ব্রহ্ম] উদ্যতং বজ্রম্ (উদ্যত বজ্রের ন্যায়) মহৎ ভয়ম্ (অতি ভয়ানক) যে (যাঁহারা) এতৎ বিদুঃ (এই ব্রহ্মকে জানেন) তে (তাঁহারা) অমৃতাঃ ভবন্তি (অমর হয়েন) ॥ ২।৩।২

অনুবাদঃ চরাচর সকল বস্তু প্রাণরূপ ব্রহ্ম হইতে নিঃসৃত হইয়া স্পন্দিত হইতেছে। ইনি উদ্যত বজ্রস্বরূপ অতি ভয়ানক। ইহাকে যাঁহারা জানেন তাঁহারা অমর হন ॥ ২।৩।২

অনুধ্যানঃ সৃষ্ট অর্থাৎ এই বৈচিত্র্যময় সংসার ব্রহ্ম

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেই উদ্ভূত এবং ব্রহ্মশক্তিতেই ইহার জীবসকল প্রাণবান। ব্রহ্ম কোমল কঠোরের সমাহার। এখানে তাঁহার কঠোররূপের কথাই বলা হইয়াছে—ভীষণ হইতেও ভীষণ, সর্ববিধ্বংসি বজ্র অপেক্ষাও ভয়প্রদ। ব্রহ্মের কোমলতা এবং কঠোরতা—এই উভয়রূপতার জ্ঞানই যথার্থ জ্ঞান; এইরূপে তাঁহাকে জানিয়াই মৃত্যুঞ্জয়ী হওয়া যায়, অর্থাৎ জীব অমরত্ব প্রাপ্ত হয়।

সর্বাপেক্ষা ভীষণ কাল। এই কাল বা মৃত্যুকে সকলেই ভয়ানক হইতেও ভয়ানক মনে করেন। তিনি যে ভয়ানক তাহা তিনি নিজেই বলিয়াছেন—

'কালোঽস্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো' (গীতা-১১।৩২)

—ভগবান বলিলেন, লোক সকলকে ধ্বংস করিবার নিমিত্ত উৎকটভাবে বৃদ্ধিপ্রাপ্ত কাল বলিয়া আমাকে অবগত হও।

তাহার কোমল ও কঠোর যে দ্বিরূপতার কথা পূর্বে উক্ত হইয়াছে তাহারও প্রতিধ্বনি গীতাবাক্যে দৃষ্ট হয়—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'হে অর্জ্জুন! আমি অমৃত, আমিই মৃত্যুস্বরূপ'—অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ' (৯।১৯) ॥ ২।৩।২

ভয়াদস্যাগ্নিস্তপতি ভয়াত্তপতি সূর্যঃ।
ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ ॥ ২।৩।৩

অন্বয়ঃ অস্য (এই ভয়ানক পরমেশ্বরের) ভয়াৎ (ভয়ে) অগ্নিঃ তপতি (অগ্নি তাপ দেন) ভয়াৎ সূর্য্যঃ তপতি (ভয়ে সূর্য্য কিরণ দান করেন) ভয়াৎ ইন্দ্রঃ চ বায়ুঃ চ (ভয়ে ইন্দ্র এবং বায়ু) [এবং] পঞ্চমঃ মৃত্যুঃ (পঞ্চমস্থানীয় যম) ধাবতি (স্ব স্ব কর্মে প্রবৃত্ত হন)॥ ২।৩।৩

অনুবাদঃ ইহারই ভয়ে অগ্নি তাপ দেন, সূর্য্য কিরণ দান করেন। ইঁহারই ভয়ে ইন্দ্র, বায়ু ও পঞ্চমস্থানীয় যম স্ব স্ব কার্য্যে প্রবৃত্ত হন ॥ ২।৩।৩

অনুধ্যানঃ শাসনের মূলে থাকিবে কল্যাণ-ইচ্ছা। শাসন বাহ্য দৃষ্টিতে কঠোর বলিয়া মনে হয়, কিন্তু কল্যাণই

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যার মূল, সেখানে শাসনের আপাতপ্রতীয়মান কঠোরতা যথার্থ অর্থে কঠোরতা নহে। এই সৃষ্টির পূর্ণতা সম্পাদনের জন্য যে সব বিধি-বিধান সৃষ্ট হইয়াছে এবং সেই সব বিধি-বিধানের নিয়ামক যাঁহারা তাঁহাদের সুষ্ঠুভাবে কার্য্য সম্পাদনের নিমিত্ত সর্বলোক-পাতা পরমেশ্বরের শাসনের প্রয়োজন আছে। মন্ত্রে সেই কথাই বলা হইয়াছে। অগ্নি ও সূর্য্য যে তাপ ও কিরণ দান করেন সৃষ্টিরক্ষার্থে তাহার প্রয়োজন আছে। ইন্দ্র, বায়ু ও যমের কর্মও জগৎ-কল্যাণার্থেই বিহিত হইয়া থাকে। অতএব ইঁহারা যাহাতে স্বধর্ম ত্যাগ করিয়া সৃষ্টির নিয়ম শৃঙ্খলা উল্লঙ্ঘন না করেন, তজ্জন্যই ভীষণরূপী ভগবানের কঠোর শাসন ॥ ২।৩।৩

ইহ চেদশকদ্ বোদ্ধুং প্রাক্ শরীরস্য বিস্রসঃ।
ততঃ সর্গেষু লোকেষু শরীরত্বায় কল্পতে ॥ ২।৩।৪

অন্বয়ঃ চেৎ (যদি) ইহ (এই জন্মে) শরীরস্য (দেহের) বিস্রসঃ (পতনের পূর্বে) [ব্রহ্মকে] বোদ্ধুং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অশকৎ (জানিতে পারে) [তাহা হইলে সংসার বন্ধন হইতে মুক্ত হয়] [আর যদি জানিতে না পারে] ততঃ (সেই অজ্ঞানতা হেতু) সর্গেষু লোকেষু (পৃথিবী প্রভৃতি লোকসমূহে) শরীরত্বায় কল্পতে (দেহধারণ করে) ॥ ২।৩।৪

অনুবাদঃ যদি দেহত্যাগের পূর্বে আত্মজ্ঞান লাভ হয়, তাহা হইলেই মুক্তি লাভ হয়। নতুবা ব্রহ্মবিষয়ে অজ্ঞানতা হেতু পৃথিব্যাদি লোকসমূহে দেহধারণ করিতে হয় ॥ ২।৩।৪

অনুধ্যানঃ মনুষ্যদেহ দুর্লভ। এই দুর্লভত্ব অর্থে ইহার একটা বিশেষত্বও রহিয়াছে। সেই বিশেষত্ব হইল— একমাত্র মনুষ্য দেহেই, আর কোন দেহে নহে, ভগবৎপ্রাপ্তি সম্ভব হইয়া থাকে। এই দেহে থাকিয়াই যাঁহাদের ব্রহ্মজ্ঞান লাভ হয়, তাঁহারা মুক্ত হয়েন—তাঁহাদের সংসার-বন্ধন কাটিয়া যায়। কিন্তু যাহারা এই দুর্লভ মনুষ্যদেহ দ্বারা ভগবৎপ্রাপ্তিরূপ সার্থকতা লাভ করিতে পারে না, তাহাদিগকে মনুষ্যাদি নানা লোকে জন্মগ্রহণ করিয়া কর্ম-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফল ভোগ করিতে হয়। অতএব, এই মনুষ্যদেহ প্রাপ্ত হইয়া ভগবৎ-লাভের চেষ্টায় বিরত হইলে তাহা পরম দুঃখেরই কারণ হইয়া থাকে, তাই ভগবান বলিয়াছেন—

অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্।

(গীতা-৯।৩৩)

—এই দুঃখময় অনিত্য সংসারকে প্রাপ্ত হইয়া আমার ভজনে প্রবৃত্ত হও ॥ ২।৩।৪

যথাদর্শে তথাত্মনি যথা স্বপ্নে তথা পিতৃলোকে।
যথাপ্সু পরীব দদৃশে তথা গন্ধর্বলোকে।
ছায়াতপয়োরিব ব্রহ্মলোকে ॥ ২।৩।৫

অন্বয়ঃ আদর্শে (দর্পণে অর্থাৎ নির্ম্মল দর্পণে) যথা (যদ্রূপ) [স্বীয় মুখ সুস্পষ্ট দৃষ্ট হয়] আত্মনি (শুদ্ধচিত্তে) তথা (তদ্রূপ) [আত্মদর্শন হয়] স্বপ্নে (স্বপ্নকালে) যথা (যদ্রূপ) [অস্পষ্ট দর্শন হয়] পিতৃলোকে (পিতৃলোকে) তথা (তদ্রূপ) [অস্পষ্ট আত্মদর্শন হয়] অপ্সু (জলে)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথা (যদ্রূপ) [সর্বাবয়ব স্পষ্ট দর্শন হয় না] গন্ধর্বলোকে (গন্ধর্বলোকে) তথা (তদ্রূপ) [অস্পষ্টভাবে] পরিদদৃশে ইব (দর্শন করে) ব্রহ্মলোকে (ব্রহ্মলোকে) ছায়া-আতপয়োঃ ইব (আলোক ও ছায়ার ন্যায়) [বিলক্ষণ রূপে দর্শন হয়] ॥ ২।৩।৫

অনুবাদ ঃ নির্মল দর্পণে যেরূপ স্বীয় মুখ সুস্পষ্টরূপে দৃষ্ট হয়, শুদ্ধ বুদ্ধিতেও আত্মা তদ্রূপ দৃষ্ট হয়। পিতৃলোকে স্বপ্নে দৃষ্ট বস্তুর ন্যায় আত্মা অস্পষ্টরূপে দৃষ্ট হয়। জলে যেরূপ অস্পষ্ট দর্শন হয় গন্ধর্বলোকেও তদ্রূপ দৃষ্ট হয়। ব্রহ্মলোকে ছায়া ও রৌদ্রের ন্যায় অত্যন্ত বিলক্ষণরূপে আত্মদর্শন হয় ॥ ২।৩।৫

অনুধ্যান ঃ ব্রহ্মদর্শনই পরমপুরুষার্থ। ব্রহ্মলভ্য মনুষ্যদেহে—এখানেই। অন্যান্য লোক ব্রহ্মদর্শনের উপযুক্ত স্থান নহে। স্বর্গাদিলোকে ব্রহ্মদর্শন যথার্থরূপে হয় না—একটা অস্পষ্ট দর্শন, যাহা সম্যক্ দর্শন নহে, তদ্রূপই হইয়া থাকে। সর্ববিধ লোকের মধ্যে ব্রহ্মলোকই শ্রেষ্ঠ। এই

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মলোক অর্থ কার্য্যব্রহ্ম বা হিরণ্যগর্ভ। কার্য্যব্রহ্মপ্রাপ্তিতেও পূর্ণরূপে ব্রহ্মপ্রাপ্তি হয় না—সেখানেও দ্বৈতের আভাস থাকে। জীব ও ব্রহ্ম যে বিলক্ষণ বুদ্ধি তখন ততটুকু মাত্রই গ্রহণ করিতে পারে। তদবস্থায় উভয়ের স্বরূপ অনুভবগম্য হয় না। জীব-ব্রহ্মের একত্ব অর্থাৎ অভিন্নত্বই যথার্থ স্বরূপ-দর্শন। তাহার সাধনপীঠ এই দেহ এবং এই লোক ॥ ২।৩।৫

ইন্দ্রিয়াণাং পৃথগ্ভাবমুদয়াস্তময়ৌ চ যৎ।
পৃথগুৎপদ্যমানানাং মত্বা ধীরো ন শোচতি ॥ ২।৩।৬

অন্বয়ঃ পৃথক্ (ভিন্নরূপে) উৎপদ্যমানানাম্ ইন্দ্রিয়াণাম্ (উৎপন্ন ইন্দ্রিয়সকল) যৎ পৃথক্ ভাবম্ (আত্মা হইতে যে পৃথকভাবে স্থিতি) উদয়-অস্তময়ৌ চ (এবং তাহাদের উৎপত্তি ও লয়) মত্বা (জানিয়া) ধীরঃ (পণ্ডিত ব্যক্তি, জ্ঞানী ব্যক্তি) ন শোচতি (শোক করেন না) ॥ ২।৩।৬

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদঃ বিভিন্নরূপে উৎপন্ন ইন্দ্রিয়সমূহ যে আত্মা হইতে বিলক্ষণ-স্বভাব ইহা এবং তাহাদের উৎপত্তি ও লয়ের কারণ জানিয়া জ্ঞানী ব্যক্তি শোকাতীত হয়েন ॥ ২।৩।৬

অনুধ্যানঃ ভোগপরায়ণ মানুষ ইন্দ্রিয়কেই যথা-সর্বস্ব মনে করেন, কারণ ইন্দ্রিয় অবলম্বনেই বিষয়-ভোগ হইয়া থাকে। আত্মা কিন্তু অসঙ্গ, ইন্দ্রিয়ের সঙ্গে তাহার কোন যোগ নাই। ইন্দ্রিয় তদধীন। তাঁহার নিয়মন ছাড়া ইন্দ্রিয়সকলের ভোগ-সামর্থ্য নাই। ইন্দ্রিয়-সকলের যেমন আছে উৎপত্তি, তেমনি আছে লয়। ইন্দ্রিয়সকল হইতে বিলক্ষণ যে আত্মা, প্রতি জীবে প্রবিষ্ট হইয়া যে জীবাত্মা নামে অভিহিত, স্বরূপতঃ তাঁহারও উৎপত্তি ও লয় নাই। আত্মার অবিনাশত্ব, অজত্ব এবং ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহের ক্ষণস্থায়িত্ব অবগত হইয়া ভগবৎপরায়ণ হইলেই শোকাতীত হওয়া যায়—

'ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি' (গীতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮।৫৪) ভগবৎপরায়ণ প্রসন্নাত্মা ব্যক্তি শোকও করেন না, কিছু আকাঙ্ক্ষাও করেন না ॥ ২।৩।৬

ইন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ মনসঃ সত্ত্বমুত্তমম্ ।
সত্ত্বাদধি মহানাত্মা মহতোঽব্যক্তমুত্তমম্ ॥ ২।৩।৭

অন্বয় ঃ ইন্দ্রিয়েভ্যঃ (ইন্দ্রিয়সকল হইতে) মনঃ পরম্ (মন শ্রেষ্ঠ) মনসঃ (মন হইতে) সত্ত্বম্ (বুদ্ধি) উত্তমম্ (শ্রেষ্ঠ) সত্ত্বাৎ (বুদ্ধি হইতে) মহান্ আত্মা (কার্য্যব্রহ্ম) অধি (শ্রেষ্ঠ) মহতঃ (কার্য্যব্রহ্ম হইতে) অব্যক্তম্ (প্রকৃতি) উত্তমম্ (শ্রেষ্ঠ) ॥ ২।৩।৭

অনুবাদ ঃ ইন্দ্রিয় হইতে মন, মন হইতে বুদ্ধি, বুদ্ধি হইতে কার্য্যব্রহ্ম বা হিরণ্যগর্ভ, কার্য্যব্রহ্ম হইতে প্রকৃতি শ্রেষ্ঠ ॥ ২।৩।৭

অনুধ্যান ঃ স্থূলসৃষ্টির মূল প্রকৃতি—অব্যক্ত। সৃষ্টির প্রথম প্রকাশ হিরণ্যগর্ভ। কাজেই হিরণ্যগর্ভ এবং তদধীনস্থ সব কিছুরই অধিক প্রকৃতি। কিন্তু ইহাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্ত্বের পরাকাষ্ঠা নহে। পরবর্তী মন্ত্রে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ কে, শ্রেষ্ঠতত্ত্ব কি তাহাই বলা হইয়াছে ॥ ২।৩।৭

অব্যক্তাত্তু পরঃ পুরুষো ব্যাপকোঽলিঙ্গ এব চ।
যং জ্ঞাত্বা মুচ্যতে জন্তুরমৃতত্বঞ্চ গচ্ছতি ॥ ২।৩।৮

অন্বয়ঃ অব্যক্তাৎ তু (কিন্তু অব্যক্ত হইতে) পুরুষঃ (পরমাত্মা) পরঃ (শ্রেষ্ঠ) [এই পুরুষ] ব্যাপকঃ (সর্ব-ব্যাপী) চ (এবং) অলিঙ্গঃ এব (অনির্দ্দেশ্য নিশ্চয়ই) যং (যাঁহাকে) জ্ঞাত্বা (জানিয়া) জন্তুঃ (প্রাণী) মুচ্যতে (সংসার-বন্ধন মুক্ত হয়) চ (এবং) অমৃতত্বম্ গচ্ছতি (অমরত্ব প্রাপ্ত হয়) ॥ ২।৩।৮

অনুবাদঃ অব্যক্ত হইতে সর্বব্যাপী অনির্দ্দেশ্য পুরুষ, অর্থাৎ পরমাত্মা শ্রেষ্ঠ। তাঁহাকে জানিয়া জীব মুক্ত হন, অমৃত হন ॥ ২।৩।৮

অনুধ্যানঃ পরমাত্মা পরমেশ্বর অলিঙ্গ অর্থাৎ জাগতিক কোন কিছুর সাহায্যেই তাঁহাকে জানা বা

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বোঝা যায় না। অতএব, তিনি অনির্দ্দেশ্য বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। সৃষ্টিমূল তিনি, তাঁহা হইতেই সমস্ত উদ্ভুত। লয়স্থানও তিনি—'প্রভবঃ প্রলয়স্থানম্'। এইরূপ যিনি সর্বকারণের কারণ, আব্রহ্মস্তম্ব সকলের আশ্রয়স্বরূপ, ও সংসার-বন্ধনের মুক্তিস্বরূপ এবং অমৃতস্বরূপ, তাঁহাকে জানিয়াই যে অমৃত হওয়া যায়, গীতাবাক্যেও তাহা দৃষ্ট হয়—

ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ।
শাশ্বতস্য চ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্য চ॥
(১৪।২৭)

—আমি হিরণ্যগর্ভেরও আশ্রয়। অব্যয় এবং অমৃত-স্বরূপ (পঞ্চবিংশতি তত্ত্বাত্মক যে পুরুষ সেই) পুরুষেরও আমি আশ্রয়স্থান। মোক্ষপ্রাপ্তির উপায় যে সনাতন ধর্ম এবং ঐকান্তিক দুঃখনিবৃত্তি পূর্বক অব্যক্ত আনন্দ প্রাপ্তিরূপ যে মোক্ষ তাঁহারও আশ্রয় আমি॥ ২।৩।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন সন্দৃশে তিষ্ঠতি রূপমস্য
ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনম্।
হৃদা মনীষা মনসাভিক্লৃপ্তো
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ২।৩।৯

অন্বয়ঃ অস্য (ইহার, আত্মার) রূপম্ (স্বরূপ) সন্দৃশে ন তিষ্ঠতি (দর্শনযোগ্য হয় না) কশ্চন (কেহই) এনম্ (এই আত্মাকে) চক্ষুষা (চর্ম্মচক্ষুদ্বারা) ন পশ্যতি (দেখিতে পায় না) [পরন্তু] মনীষা (বিকল্পহীন, একনিষ্ঠ) হৃদা (হৃদয়স্থিত বুদ্ধিদ্বারা) মনসা (মননের সাহায্যে) [আত্মা] অভিক্লৃপ্তঃ (দৃষ্ট হন, প্রকাশিত হন) যে (যাঁহারা) এনম্ (এই আত্মাকে) বিদুঃ (জানেন) তে অমৃতাঃ ভবন্তি (তাঁহারা অমর হয়েন)॥
২।৩।৯

অনুবাদঃ আত্মস্বরূপ প্রত্যক্ষের বিষয়ীভূত নহেন। কেহই ইহাকে চর্ম্মচক্ষুর দ্বারা দেখিতে পান না; পরন্তু

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একনিষ্ঠ হৃদয়স্থ বুদ্ধির মননের দ্বারা সেই আত্মা প্রকাশিত হন। যাঁহারা তাঁহাকে জানেন, তাঁহারা অমর হয়েন॥ ২।৩।৯

অনুধ্যান ঃ আত্মস্বরূপ স্থূল ইন্দ্রিয়গ্রাহ্য নহেন। কাজেই চর্ম্মচক্ষু তাঁহাকে দেখিতে পায় না। তবে কি তিনি চিরদিনই অজ্ঞাত ও অদর্শনের বিষয়ীভূত? না, তাহাও নহে। একনিষ্ঠ বুদ্ধি, অর্থাৎ বিষয়-বিমুখ বুদ্ধি যখন একমাত্র তাঁহারই স্মরণ মনন দ্বারা বিশুদ্ধ হয়, তখনই স্বপ্রকাশ সেই আত্মা প্রকাশিত হয়েন। এই প্রকাশের মূল কথা চিত্তশুদ্ধি—কামনা বাসনারূপ কলুষ কালিমা চিত্তদর্পণ হইতে মুছিয়া ফেলা। তাঁহার দর্শন সর্বসিদ্ধিপ্রদ—জরামরণশীল সদা ভীত সন্ত্রস্ত মানবকে অমরত্ব দান করে, নির্ভয় করে। শ্রুত্যন্তরেও এইরূপ উক্ত আছে—

সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
সম্যগ্‌জ্ঞানেন ব্রহ্মচর্য্যেণ নিত্যম্‌।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্রো
যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ
[মুঃ উঃ ৩।১।৫]

-জোতির্ম্ময় শুদ্ধ অপাপবিদ্ধ আত্মা শরীর মধ্যে রাজিত। সত্য, তপস্যা, সম্যক্ জ্ঞান ও ব্রহ্মচর্য্য ব্রত ালনের দ্বারা শুদ্ধচিত্ত যতিগণই তাঁহাকে দর্শন করেন॥ ২।৩।৯

দা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ।
ুদ্ধিশ্চ ন বিচেষ্টতে তামাহুঃ পরমাং গতিম্॥ ২।৩।১০

অন্বয়ঃ যদা (যখন) মনসা সহ (মনের সহিত) ঞ্চজ্ঞানানি (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়) অবতিষ্ঠন্তে (অন্তর্মুখীন হইয়া অবস্থান করে, অর্থাৎ ইন্দ্রিয়সকল ইন্দ্রিয়ের বিষয়ের প্রতি ধাবিত হয় না) বুদ্ধিঃ চ (এবং বুদ্ধিও) ন বিচেষ্টতে স্বীয় কার্য্যে ব্যাপৃত হয় না, অর্থাৎ অসৎ বিষয়ে আকৃষ্ট য় না) তাম্ (ঐ অবস্থাকেই) [বিদ্বান] পরমাম্ গতিম্ াহুঃ (পরমা গতি—শ্রেষ্ঠ গতি, বলিয়া থাকেন)॥ ২।৩।১০

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদ ঃ যে অবস্থায় মন সহ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় বিষয়ভোগে প্রত্যাবৃত হইয়া অবস্থান করে এবং বুদ্ধিও স্বকার্য্য সাধনে বিরত থাকে, জ্ঞানিগণ সেই অবস্থাকেই উত্তম, শ্রেষ্ঠ গতি বলিয়া থাকেন ॥ ২।৩।১০

অনুধ্যান ঃ সকল ইন্দ্রিয়ের রাজা মন। মনের নিয়ন্তা বুদ্ধি। ইন্দ্রিয়সকল মনের সহিত বিষয়ভোগে অসম্পৃক্ত হইয়া যখন স্থিরভাবে অবস্থান করে এবং বুদ্ধিও যখন বিষয় সম্পর্ক ত্যাগ করতঃ ভগবন্নিষ্ঠ হয়, সেই যে একরস অবস্থা—দ্বন্দ্বহীন অবস্থা, তাহাকেই জ্ঞানিগণ পরমা গতি বলিয়া থাকেন। সর্বত্রই দ্বন্দ্ব। এই দ্বন্দ্বের মূলে কামনা বাসনা ও বিষয়ভোগের স্পৃহা। ভোগ্য বিষয়সমূহ পাওয়া এবং না-পাওয়ারই দ্বন্দ্ব। এই দ্বন্দ্ব হইতে পরিত্রাণ পাইলেই মন সমতা প্রাপ্ত হয়। সর্বপ্রকার বিক্ষেপশূন্য এই সমতাবস্থাই ব্রহ্মপ্রাপ্তি অবস্থা—

ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্‌ ব্রহ্মণি তে স্থিতাঃ ॥

(গীতা-৫।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসারজয়ী পুরুষের মনই সমতা প্রাপ্ত হয়। ব্রহ্ম সর্বপ্রকার দোষশূন্য, নির্মল এবং সকলেই সমভাবে অবস্থিত আছেন। অতএব সাম্যভাবে স্থিত পুরুষগণ ব্রহ্মেতেই বাস করেন। আলোচ্য মন্ত্রে ইহাকেই পরমগতি বলা হইয়াছে ॥ ২।৩।১০

তাং যোগমিতি মন্যন্তে স্থিরামিন্দ্রিয়ধারণাম্।
অপ্রমত্তস্তদা ভবতি যোগো হি প্রভবাপ্যয়ৌ ॥
২।৩।১১

অন্বয়ঃ স্থিরাম্ ইন্দ্রিয়ধারণাম্ (বাহ্য ও অন্তরেন্দ্রিয়সকলকে নিশ্চলভাবে ধারণ করারূপ যে অবস্থা) তাম্ (তাহাকেই) [জ্ঞানিগণ] যোগম্ ইতি (যোগ) মন্যন্তে (মনে করেন) হি (কারণ) তদা (ঐ সময়) অপ্রমত্তঃ ভবতি (সাধক প্রমাদহীন হইয়া থাকেন) যোগঃ (যোগ) প্রভব-অপ্যয়ৌ (উৎপত্তি ও বিনাশশীল) ॥ ২।৩।১১

অনুবাদঃ অন্তর-ইন্দ্রিয় ও বাহ্য-ইন্দ্রিয়কে অচল-

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাবে ধারণ-অবস্থাকেই জ্ঞানিগণ যোগ বলিয়া থাকেন। কারণ ঐ সময় সাধক প্রমাদহীন হইয়া থাকেন। যোগের উৎপত্তি ও বিনাশ আছে॥ ২।৩।১১

অনুধ্যান ঃ 'যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ' (পাতঞ্জল—সমাধিপাদ ২য় সূত্র)—চিত্তবৃত্তির নিরোধই যোগ। এখানে অন্তরেন্দ্রিয় ও বহিরিন্দ্রিয়ের স্ব স্ব বিষয় হইতে প্রত্যাবৃত হইয়া নিশ্চল ভাবে যে অবস্থিতি—তাহাকেই যোগ বলে। গীতায়ও অনুরূপ বাক্য দেখিতে পাই—'সমত্বং যোগ উচ্যতে' (২।৪৮)—সর্বাবস্থায় মনের যে শান্ত ও সমাহিত ভাব তাহাই যোগ। সর্বপ্রকার বিরুদ্ধ অবস্থার মধ্যে মনে যে ভগবন্নিষ্ঠা এক কথায় তাহাকেই যোগ বলা যাইতে পারে। ঐ অবস্থাপ্রাপ্ত যোগীর চিত্ত প্রশান্ত ও সমাধিনিষ্ঠ হয়। এই যোগের সাধনক্রম গীতায় বলা হইয়াছে—

আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে॥ (৬।৩)

—যোগাবস্থালাভেচ্ছু মননশীল পুরুষের পক্ষে (নিষ্কাম)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্মকেই ঐ অবস্থালাভ-বিষয়ে কারণ বলা যায় এবং যিনি যোগ অবলম্বন করিয়া তাহাতে প্রতিষ্ঠিত হইয়াছেন, তাঁহার ঐ অবস্থায় নিশ্চিত অবস্থিতির পক্ষে শম অর্থাৎ চিত্তের বিক্ষেপশূন্য সমাধিতে স্থিতিই কারণ বলিয়া উক্ত হয়।

এতদ্দ্বারা লব্ধ অবস্থা এইরূপ—

'যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥'

(গীতা-৬।২২)

'তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্ ।'

(ঐ-৬।২৩)

'যে অবস্থায় অত্যন্ত দুঃখে পতিত হইলেও বিচলিত হয় না, তাহাকেই দুঃখ বিনাশক যোগ বলিয়া জানিবে।' এই যোগে প্রতিষ্ঠিত না হওয়া পর্য্যন্ত প্রথম অবস্থায় চ্যুত ও বিচ্যুত হওয়ার সম্ভাবনা থাকিয়াই যায়। অতএব একাগ্র-চিত্তে গুরুনির্দ্দেশিত পথে চলিয়া ভগবানের সহিত একাত্মতায় অভিন্নরূপে স্থিতিই সত্যিকারের যোগ নামে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিহিত হইবার যোগ্য। মন্ত্রের অভিপ্রায় হইল সর্বপ্রকার বাধাবিঘ্ন অপসারিত করিয়া আত্মতত্ত্বে সর্বতোভাবে প্রবিষ্ট হওয়া ॥ ২।৩।১১

নৈব বাচা ন মনসা প্রাপ্তুং শক্যো ন চক্ষুষা।
অস্তীতি ব্রুবতোঽন্যত্র কথং তদুপলভ্যতে ॥ ২।৩।১২

অন্বয়ঃ বাচা (বাক্যের দ্বারা) প্রাপ্তুং ন এব শক্যঃ [তাঁহাকে] (পাওয়া সম্ভব নহে) [এবং] মনসা ন (মনের দ্বারাও নহে) চক্ষুষা ন (চক্ষুর দ্বারাও নহে) অস্তি ইতি (পরমাত্মা আছেন এইরূপ) ব্রুবতঃ (যিনি বলেন) অন্যত্র (তাঁহা হইতে ভিন্ন বুদ্ধি যাহারা) [তাহারা কি প্রকারে] তৎ (ঐ ব্রহ্ম) উপলভ্যতে (উপলব্ধি করিতে পারেন?) ॥ ২।৩।১২

অনুবাদঃ তাঁহাকে বাক্য, মন ও চক্ষু দ্বারা পাওয়া যায় না। যাঁহারা ভগবদ্বিশ্বাসী তাঁহাদের বাক্য হইতে যাঁহারা ভিন্নমত অর্থাৎ নাস্তিকগণ কি প্রকারে তাঁহাকে পাইতে পারে? ২।৩।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান ঃ পরমাত্মা পরমেশ্বর সম্বন্ধে ভগবদ্‌বিশ্বাসী ব্যক্তিগণ ব্যতিরেকে যাহারা অবিশ্বাসী, অর্থাৎ নাস্তিক, তাঁহারা কি করিয়া তাঁহাকে পাইতে পারে? প্রাপ্তির মূলে রহিয়াছে শ্রদ্ধা ও বিশ্বাস। ভগবান বলিয়াছেন—'শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্'—শ্রদ্ধাশীল ব্যক্তিই ভগবদ্‌জ্ঞান—তথা পরমাত্মা পরমেশ্বরকে লাভ করেন। 'জ্ঞান' শব্দ এখানে ভগবৎজ্ঞান বুঝিতে হইবে। অতএব যাঁহারা ভগবৎ-অস্তিত্ব সম্বন্ধে সন্দিহান, তাহারা কি করিয়া ভগবৎ-জ্ঞান লাভ করিবে? তাই উক্ত হইয়া থাকে—'বিশ্বাসে মিলয়ে কৃষ্ণ তর্কে বহু দূর'। কৃষ্ণপ্রাপ্তির উপায় যেমন শ্রদ্ধা বলিয়াছি তেমনি একমাত্র বিশ্বাস দ্বারাই তাঁহাকে লাভ করা যায়। বিশ্বাসহীন ব্যক্তিগণ নষ্টবুদ্ধি। নষ্টবুদ্ধি ব্যক্তিগণ সম্বন্ধে গীতায় এইরূপ উক্ত আছে—'বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি'—বুদ্ধিনাশ হইলে তাহার আর বিনাশের বাকী কি? ২।৩।১২

৮

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্তীত্যেবোপলব্ধব্যস্তত্ত্বভাবেন চোভয়োঃ।
অস্তীত্যেবোপলব্ধস্য তত্ত্বভাবঃ প্রসীদতি ॥ ২।৩।১৩

অন্বয়ঃ অস্তি ইতি (তিনি আছেন এইভাবে) উপলব্ধব্যঃ (উপলব্ধি করিতে হইবে) তত্ত্বভাবেন চ (এবং নির্বিশেষভাবেও) [উপলব্ধি করিতে হইবে] উভয়োঃ (সোপাধিক ও নিরুপাধিক) [ভাবেও অনুভব করিতে হইবে] অস্তি (সবিশেষরূপে—বিশ্বরূপে) [এবং] তত্ত্বভাবঃ (নিরুপাধিকভাবে) [অনুভব করিলেই] প্রসীদতি (সাধকের নিকট যথার্থ তত্ত্ব প্রকাশিত হয় ॥ ২।৩।১৩

অনুবাদঃ 'আত্মা আছেন' এইরূপে তাঁহাকে উপলব্ধি করিতে হইবে। তত্ত্বভাবে অর্থাৎ নির্বিশেষভাবেও তাঁহাকে উপলব্ধি করিতে হইবে। তাঁহার সোপাধিক এবং নিরুপাধিক উভয় ভাবই জানিতে হইবে। প্রথমে সোপাধিক বিশ্বরূপ উপলব্ধি হইলে পরে নিরুপাধিক চিন্মাত্ররূপও প্রকাশিত হয় ॥ ২।৩।১৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুধ্যান : তিনি শুধু চিন্মাত্র নির্বিশেষরূপই নহেন। তাঁহার সোপাধিক বিশ্বরূপও আছে। অতএব উভয়রূপেই তিনি জ্ঞাতব্য। ইহার মধ্যে কোন অবস্থান্তর নাই। সিদ্ধাবস্থায় উভয় রূপই যুগপৎ উপলব্ধি হইয়া থাকে। নিরুপাধিক রূপ অর্থ বিশ্বরূপের অতীত স্বরূপ। সেখানে বিশ্বরূপ মিথ্যা নহে—তাঁহার বর্ত্তমানতা নাস্তি হইয়া যায় না। তিনি সর্বতোভাবেই বিশ্বরূপে আছেন, এই উপলব্ধি হইবার পর সিদ্ধ সাধক অনুভব করেন যে এই বিশ্বরূপেই তিনি পর্য্যবসিত হইয়া যান নাই—যেমন বিশ্বরূপে তিনি আছেন, তেমনি তিনি বিশ্বরূপকে অতিক্রম করিয়াও আছেন। এই উভয় রূপে জানা-ই যথার্থ জানা। ইহাই তাঁহার স্বরূপ উপলব্ধি। তাঁহার এই উভয়রূপত্বের কথা ভগবান নিজমুখেই গীতায় বলিয়াছেন—

ময়া ততমিদং সর্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ॥

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥

(৯।৪-৫)

—অব্যক্তরূপী আমার দ্বারা এই সমস্ত জগৎ পরিব্যাপ্ত। চরাচর সমস্ত ভূত আমাতে অবস্থিত আছে, কিন্তু আমি তাহাদিগের মধ্যে আবদ্ধ নহি (ইহাদিগকে অতিক্রম করিয়াও বর্তমান আছি) ॥ ৪ ॥

আমার ঈশ্বরভাব দেখ (আমার স্বরূপ সর্বপ্রকারে আশ্চর্যময়; ভূতসকল আমাতে প্রতিষ্ঠিত বলিয়াছি); কিন্তু আমার স্বীয় মূলরূপে ভূতসকলও বর্তমান নাই (আমি তাহাদিগকে অতিক্রম করিয়া আছি,—আমি ভূতগ্রামে আবদ্ধ নহি); পরন্তু এইরূপ হইয়াও ভূতসকলকে আমিই উৎপন্ন ও বর্দ্ধিত করিতেছি, কিন্তু ভূতসকলে আমি অবস্থিতি করি না (অর্থাৎ আবদ্ধ নহি) ॥ ৫ ॥

২।৩।১৩

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদা সর্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ॥ ২।৩।১৪

অন্বয়ঃ যে কামাঃ (যে সকল কামনা) অস্য হৃদি (এই মানুষের হৃদয়ে) শ্রিতাঃ (আশ্রিত থাকে) যদা (যখন) সর্বে (সেই সকল) প্রমুচ্যন্তে (দূর হয়) অথ (তখন) মর্ত্ত্যঃ (মরণশীল মনুষ্য) অমৃতঃ ভবতি (অমর হয়েন) [এবং] অত্র (এই দেহেই, এই জীবনেই) ব্রহ্ম সমশ্নুতে (ব্রহ্মকে প্রাপ্ত হয়েন)॥ ২।৩।১৪

অনুবাদঃ মানুষের হৃদয়স্থিত কামনা বাসনা বিনষ্ট হইলে মরণশীল মানুষও অমৃতত্ব লাভ করে এবং এই দেহেই ব্রহ্মানন্দ উপভোগ করে ॥ ২।৩।১৪

অনুধ্যানঃ কামনারূপেই সকাম কর্ম্ম মুক্তির অন্তরায় ও বন্ধনের হেতুভূত। কামনা অনন্ত। কয়টাকে তৃপ্ত করিবে? এ যেন রক্তবীজের বংশধর—মরিয়াও মরে না। ফলে কামনা বাসনা আমাদিগকে দুঃখসাগরের

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতল-তলে ডুবাইয়া চুবাইয়া মারে। হৃদয়স্থ এই কামনা বাসনাকে দূরীভূত করিতে পারিলেই মরণশীল মানুষ অমৃতত্ব লাভে কৃতকৃতার্থ হয়। কঠিন এ সাধনা। তবুও এ সাধনায় এই জীবনেই সিদ্ধিলাভ হইয়া থাকে। হয় যে—সে কথাই মন্ত্রের শেষ দিকে বলা হইয়াছে—'অত্র ব্রহ্ম সমশ্নুতে'—এই জীবনেই ব্রহ্মানন্দ উপভোগ করেন। সর্বোপনিষদের সার গীতায়ও ইহার প্রতিধ্বনি দৃষ্ট হয়—

কামক্রোধবিযুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্॥

(৫।২৬)

—কামক্রোধরহিত, সংযতচিত্ত ও আত্মজ্ঞ যতিগণ উভয়ত্র (জীবিতকালে এবং মৃত্যুর পরে—উভয় অবস্থাতেই) মোক্ষেতেই অবস্থিত থাকেন॥ ২।৩।১৪

যদা সর্বে প্রভিদ্যন্তে হৃদয়স্যেহ গ্রন্থয়ঃ।
অথ মর্ত্যোঽমৃতো ভবত্যেতাবদ্ধ্যনুশাসনম্॥

২।৩।১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্বয়ঃ যদা (যখন) হৃদয়স্য (হৃদয়ের) সর্বে (সকল) গ্রন্থয়ঃ (বন্ধন-রজ্জু) প্রভিদ্যন্তে (ছিন্ন হয়, বিনষ্ট হয়) অথ (তখন) মর্ত্যঃ (মরণশীল মানুষ) অমৃতঃ ভবতি (অমর হয়) এতাবৎ হি (ইহাই) [শাস্ত্রের] অনুশাসনম্ (উপদেশ)॥ ২।৩।১৫

অনুবাদঃ ইহলোকে যখন হৃদয়গ্রন্থি সকল ছিন্ন হয়, তখন মরণধর্মী মানুষই অমর হয়,—শাস্ত্র এইরূপই বলিয়া থাকেন ॥ ২।৩।১৫

শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্য-
স্তাসাং মূর্ধানমভিনিঃসৃতৈকা।
তয়োর্ধ্বমায়ন্নমৃতত্বমেতি
বিষঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি ॥ ২।৩।১৬

অন্বয়ঃ হৃদয়স্য (হৃদয়ের) শতম্ চ (একশত) একা চ (এবং একটি) নাড্যঃ (নাড়ী) [আছে] তাসাম্ (তাহাদের মধ্যে) একা (একটি) [সুষুম্নানাম্নী নাড়ী]

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূর্দ্ধানম্ (ব্রহ্মরন্ধ্র ভেদ করিয়া) অভিনিঃসৃতা (নির্গত হইয়াছে) [অন্তকালে] তয়া (তাহাদ্বারা) ঊর্ধ্বম্ আয়ন্ (ঊর্ধ্বে গমন করিলে) অমৃতত্বম্ এতি (মোক্ষ প্রাপ্ত হন) অন্যাঃ [নাড্যঃ] (অন্য নাড়ীসমূহ) [দ্বারা] উৎক্রমণে (উৎক্রমণ হইলে) বিষ্বঙ্ (অন্য গতি অর্থাৎ সংসারগতি) ভবন্তি (হয়)॥ ২।৩।১৬

অনুবাদঃ হৃদয়ে একশত একটি নাড়ী আছে। তন্মধ্যে একটি ব্রহ্মরন্ধ্র ভেদ করিয়া ঊর্ধ্বদিকে প্রসারিত। দেহান্তে এই নাড়ী অবলম্বনে উৎক্রমণ করিলে, অমৃতত্ব লাভ হয় এবং অন্যান্য নাড়ী অবলম্বনে উৎক্রমণ হইলে সংসারগতি প্রাপ্ত হয়॥ ২।৩।১৬

অনুধ্যানঃ দেহান্তে জীবাত্মার উৎক্রমণ হয়। সেই উৎক্রমণ যদি সুষুম্নানাড়ী অবলম্বনে ব্রহ্মরন্ধ্র ভেদ করিয়া হয়, তবেই তাহাতে অমৃতত্ব লাভ হয়। অর্থাৎ জন্মমরণ দ্বার রুদ্ধ হয়। অন্যথায় পুনঃ পুনঃ জন্মমৃত্যুর ক্লেশ ভোগ করিতে হয়। এই সংসারগতি নিবারণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্যই বেদান্তোক্ত সাধন এখানে যমরাজ নচিকেতাকে বলিলেন ॥ ২।৩।১৬

অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা
সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ।
তং স্বাচ্ছরীরাৎ প্রবৃহেন্মুঞ্জাদিবেষীকাং ধৈর্যেণ।
তং বিদ্যাচ্ছুক্রমমৃতং তং বিদ্যাচ্ছুক্রমমৃতমিতি ॥
২।৩।১৭

অন্বয় ঃ অঙ্গুষ্ঠমাত্রঃ (অঙ্গুষ্ঠপরিমাণ) অন্তরাত্মা (অন্তর্যামী) পুরুষঃ (পুরুষ) সদা (সর্বদা) জনানাম্ হৃদয়ে (মনুষ্য-হৃদয়ে) সন্নিবিষ্টঃ (অবস্থিত আছেন)। তং (তাঁহাকে) স্বাৎ শরীরাৎ (স্বীয় শরীর হইতে) ধৈর্যেন (ধৈর্যসহকারে) প্রবৃহেৎ (পৃথক্ করিবে) মুঞ্জাৎ (মুঞ্জনামক তৃণ হইতে) ইষীকাং ইব (শীষের ন্যায়) তং (তাঁহাকে) শুক্রম্ (শুদ্ধ, অপাপবিদ্ধ) অমৃতম্ (অমৃত) বিদ্যাৎ (জানিবে) তম্ বিদ্যাৎ শুক্রম্ অমৃতম্ ইতি (অধ্যায়ের পরিসমাপ্তিসূচক দ্বিরুক্তি) ॥ ২।৩।১৭

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুবাদঃ অঙ্গুষ্ঠপরিমাণ অন্তর্যামী পুরুষ সর্বদা মানব-হৃদয়ে সন্নিবিষ্ট আছেন। মুঞ্জ ঘাস হইতে শীষ গ্রহণের ন্যায় তাঁহাকে স্বীয় দেহ হইতে ধৈর্যসহকারে পৃথক করিবে। এইরূপ পৃথকীভূত আত্মাকে শুদ্ধ অপাপবিদ্ধ অমৃতস্বরূপ ব্রহ্ম বলিয়া জানিবে"॥ ২।৩।১৭

দেহাত্মবাদীরা যে বলেন, দেহ ছাড়া আত্মার অস্তিত্ব নাই, এই মন্ত্রে তাহারই খণ্ডন করা হইয়াছে। সর্ব প্রমাণের প্রমাণ শ্রুতি আত্মার অস্তিত্ব এখানে ঘোষণা করিয়াছেন। শ্রুতিবাক্য অমোঘ, কারণ ইহা অনুমান এবং মিথ্যা জল্পনার ফল নহে। ইহা অপরোক্ষ অনুভূতি তথা সাক্ষাৎ দর্শনের ফল। এই আত্মা প্রত্যেকের—প্রত্যেক জীবের হৃদয়েই অবস্থিত আছে হৃদয়স্থ এই আত্মা অঙ্গুষ্ঠ পরিমাণ। পদ্মপত্রে জলের ন্যায় এই আত্মা শরীরে অবস্থিত হইয়াও অসঙ্গ। ধৈর্যসহকারে সাধন অবলম্বনে এই আত্মা যে দেহ হইতে পৃথক তাহা অনুভব হইয়া থাকে। এইরূপ পৃথকীভূত আত্মাই শুদ্ধ অপাপবিদ্ধ এবং অমৃতস্বরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া জানিবে। এইরূপ জানা-ই জানার পরাকাষ্ঠা—অমৃতত্বে প্রতিষ্ঠা ॥ ২।৩।১৭

মৃত্যুপ্রোক্তাং নচিকেতোঽথ লব্ধ্বা
বিদ্যামেতাং যোগবিধিং চ কৃৎস্নম্।
ব্রহ্মপ্রাপ্তো বিরজোঽভূদ্বিমৃত্যু-
রন্যোঽপ্যেবং যো বিদধ্যাত্মমেব ॥ ২।৩১৮

অন্বয়ঃ অথ (অনন্তর) মৃত্যুপ্রোক্তাম্ (যমরাজ কথিত) এতাম্ বিদ্যাম্ (এই ব্রহ্মবিদ্যা) চ (এবং) কৃৎস্নং যোগবিধিম্ (সম্পূর্ণ যোগবিধি) লব্ধ্বা (লাভ করিয়া) নচিকেতা (নচিকেতা) ব্রহ্মপ্রাপ্তঃ (ব্রহ্মকে পাইয়া) বিরজঃ (নির্মল) বিমৃত্যুঃ (অমর) অভূৎ (হইয়াছিলেন) অন্যঃ যঃ (অন্যও যিনি) এবম্ (এইপ্রকার) অধ্যাত্মম্ (আত্মবিদ্যা) বিৎ (জানেন) তিনিও] অপি এবম (তদ্রূপই হন) ॥ ২।৩।১৮

অনুবাদ: যমরাজ-কথিত এই ব্রহ্মবিদ্যা এবং পূর্ণ যোগবিধি লাভ করিয়া নচিকেতা নির্মল ও অমৃত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছিলেন। যে কহ এই আত্মতত্ত্ব অবগত হন, তিনি
তদ্রূপই হন ॥ ২।৩।১৮

অনুধ্যান ঃ বিধি অর্থ যদ্দ্বারা ভগ
সহিত যুক্ত হওয়া —অভিন্নরূপে স্থিত হওয়া
তদুপায়। যমরাজ কর্তৃক উপদিষ্ট হইয়া
তদনুযায়ী সাধন করতঃ কর্মপাশ ও মৃত্যুপাশ হই
হইয়া অমৃতস্বরূপ ব্রহ্মকে প্রাপ্ত হইয়া অমৃতই
অন্য যে-কেহ, আধ্যাত্মিক সাধনার পথে
অনুসরণ করিবেন, তিনিও তদ্রূপই
আত্মতত্ত্ব নচিকেতার জিজ্ঞাসা ছিল তা
সার ব্রহ্মবিদ্যা। ব্রহ্মবিদ্যাই মানব জীবনের
অতএব অন্বেষিতব্য। তাই বৃহদারণ্যক শ্রুতি বলেন,—
'আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ'
(বৃঃ উঃ ২।৪।৫) (হে প্রিয়ে মৈত্রেয়ী) আত্মাই দ্রষ্টব্য,
শ্রোতব্য, মন্তব্য ও নিশ্চিতরূপে ধ্যেয় ॥ ২।৩।১৮

ওঁ তৎ সৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

gitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-I

Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, V

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

itization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-

Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, V

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থকারের নিত্য পাঠ্য অমূল্য গ্রন্থরাজি

১। সহস্রশ্লোকী ভাগবত (তৃতীয় খণ্ড)
মূল্য—১'০০ টা.

২। মাতৃদর্শন—চণ্ডীর সুপ্রসিদ্ধ চারিটি স্তুতির পদ্যানুবাদ
মূল্য—'৫০ প.

৩। ঈশ-কেন-কঠ (অনুবাদসহ) মূল্য—'৫০ প.

৪। নারদীয় ভক্তিসূত্র মূল্য—'৫০ প.

৫। শাণ্ডিল্য ভক্তিসূত্র মূল্য—'৫০ প.

৬। শ্রীশ্রীসন্তদাসবাবাজী মহারাজের অপ্রকাশিত পত্রাবলী
মূল্য—'৭৫ প.

৭। ঈশোপনিষৎ অন্বয়, অনুবাদ ও ব্যাখ্যাসহ
মূল্য —'৫০ প.

৮। কেনোপনিষৎ অন্বয়, অনুবাদ ও ব্যাখ্যাসহ
মূল্য—'৭৫ প.

৯। শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (১ম খণ্ড)
মূল্য—১'০০ টা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana